অবশ্য এই লোভাই যে ইতিহাসের ধারা সত্য এবং স্বাভাবিকও বটে। দেশীয় পুঁজিবাদীদের হইতে উহার প্রয়োজনও আছে। বিদেশী পুঁজিবাদীদের অন্যায় সুবিধা ও সুযোগের সহিত আঁটিয়া উঠিতে না পারিলে স্বদেশ-প্রেমের লোভাই উদ্দীপনার দিতে হয়, স্বদেশী-দের অর্থ-সাহায্য করিতে হয়, স্বরাজের জন্য আন্দোলন দেশ করিতে হয়। সুযোগ পেলে বিদেশী পুঁজিবাদীরা এদেশের শিল্পক্ষেত্রে ইহাদের সহিত আর আঁটিয়া উঠিতে পারিবে বলিয়া সম্ভবতঃ ভরসা পাইতেছে না। অন্য পক্ষে "স্বাধীন ভারতে" পুঁজিবাদের কোন্ রূপ হইবে তাহাদের ভারতীয় পুঁজিবাদীরাও সম্ভবতঃ সন্দিহান। সুতরাং এখন একটা অবস্থার উদ্ভব হওয়া বিচিত্র নয় যাহার ফলে ভারতের ঔপনিবেশিক সংগ্রাম, বাজার অধিকার ও মূলধন বিনিয়োগ সম্পর্কে ভারতীয় ও ইউরোপীয় বণিক-দের মধ্যে একটা আপোষ-মীমাংসা হইয়া ভারতীয় স্বরাজের ভিত্তি তাহারাই উপর প্রতিষ্ঠিত হইবে। অবশ্য লেজ-শিখের পুরাতন্ত্রিক-ঠাকুর পার্শ্বে দাঁড়াইয়া দর্শক হিসাবে তবু আমরা দুটিকের ইহা আশা করা যায় না। আমাদের বলে রাখিতে হইবে। সেইজন্যই গোলমাল। মিলনের মিলিয়া আসল ব্যবস্থা হয়। অতদূর সম্ভবপর তাহা এখন অনুমান করা কঠিন। তবে তিনের মধ্যে সামরিক ব্যবস্থাই চলুক, আর প্রতিযোগিতামূলক ব্যবস্থাই চলুক, শিল্পীয় বিপ্লবের প্রথম পর্যায় অবশ্য ও পল্লী-বাসীদের পক্ষে প্রতিকূল এবং আমাদের সমাজিক জীবন ও সংস্কৃতির পরিপন্থী, ইহা আমরা দেশের বর্তমান দুর্গতি ও বিদেশের ঐতিহাসিক নজির হইতে ভালরূপেই অবগত আছি। পাশ্চাত্য জগতের নিজ প্রদেশের নিজের বিরা স্বাধীন জাতিসমূহের যে প্রগতি আমরা দেখিতে পাই তাহা ও সর্বসাধারণ নহে, এবং ও অবশ্যম্ভাবী এমন নৈতিকই শ্রেণী-বিদ্বেষ ও জাতি-বিদ্বেষের বীজাণু তাহা বিশ্বের প্রথম পরিণামে বহুদের জন্য চিহ্নিত হইয়া রহিয়াছে। পরাধীন জাতির নিজ-প্রদেশের আহরণের অধিকতর প্রতিকূলতা হইতে আমা এবং বর্ধিত। তাহা হইতে পল্লী-সমাজ ও পল্লী-জীবনের অনেক আশাপ্রদ কথা উদ্ভিত হইয়াছে, তাহা রোগিক অবস্থেষ্য (planned parish) ভিন্ন আর কিছু হইতে পারে না। ফলে যেখানে স্বাভাবিক নিয়মে শিল্পবিপ্লবের সহিত কৃষক-শ্রমিকের গাঢ়-বাঁধন সম্পর্ক, সেখানে এই পরাধীনতার প্রকৃতির পরিবর্তন সাধন ভূমিষার উপযুক্ত সাধ্য কাহারো নাই। সেই কারণেই আমরা তাহা জীবনে ভবনো জাতীয় জীবনরূপে গ্রহণ করিতে পারি না। তবে পল্লীসংগঠনী হিসাবে "আমাদের" জীবন বলিয়া গণ্য করিতে পারি।

অর্থনীতি আলোচনায় অনেক দূর চলিয়া আসিয়াছি। মূল বিষয়ে এখন প্রত্যাবর্তন করা যাক। সুযোগের জীবন করিবার উদ্দেশ্য সরকারী অধিকারী তাহারা তিন দিকে দৃষ্টি রাখিয়া অগ্রসর হইতেছেন—লড়াইয়ের three pronged advance-এর মতন। প্রথমতঃ, উহাদের মধ্যে এক দল আন্তর্জাতিক বাণিজ্য পরিচালনা ও তাহার ফেরা-পাওনা মিটাইবার সমস্যা সমাধানের জন্য আন্তর্জাতিক ব্যাঙ্ক-দির গঠন নির্দেশ আছ-নিয়োগ করিয়াছেন। এই ব্যাঙ্ক ও সরঞ্জাম-বিরোধী সমস্যার বিশ্লেষণে এখনো আমেরিকা উহাদের নিজ নিজ ব্যাঙ্ক ও ইউনিটাস ব্যাঙ্ক সম্বন্ধে এখনো একমত হইতে পারেন নাই। দুইটিই পরিচালক হইয়া মূলধন প্রত্যয় গৃহীত হইয়াছে বর্তমান বর্তমান সমস্যাটি সমাধান নিয়াছেন। দ্বিতীয়তঃ, দুনিয়া সম্পূর্কে মূল্যমান মেনেমূলের জন্যে রাষ্ট্রিয় ও সামাজিক আদর্শানুযায়ী দল পরিচালনা অর্থনৈতিক, বাণিজ্যিক ও সাম্রাজ্যিক ব্যাপারে-গুলোরও ব্যাপক চলিয়াছে: কে পৃথিবীর কোন্ মূল প্রদেশে কোন্ কোন্ বিষয়গুলি ও কখন পাইবে, কাহার কর্তৃত্বাধীনে কোন্ মালু-পত্র ও জল-পথ থাকিবে তাহার ফুলফেরা চিন্তা চলিয়াছে। 'ভালমানুষি লড়া ভাল' মনে করিয়া বলিয়া থাকিবার লোক ইঁহারা নহেন। ইঁহারা কাজের লোক, তাই যুদ্ধ শেষ হইবার পূর্বেই কাজ অগ্রসর করিয়া রাখিতেছেন। তৃতীয়তঃ, নিজ নিজ দেশের আভ্যন্তরীণ সর্বসাধারণ উন্নতির পরিকল্পনা। এই পরি-কল্পনার প্রথম ও প্রধান কথাই হইল দেশের আপামর-সাধারণের নিম্ন, আয়ু ও জীবন-যাত্রা স্তরের (standard of living-এর) আরো উন্নতকর ও ব্যাপক ব্যবস্থা করা। পথ ও পৌছিল, বেকার ও দুঃস্থ, প্রসূতি ও শিশু, প্রত্যেকের জন্য এমন সুযোগসাধন করা হইবে যাহাতে মানবের প্রথম পক্ষ 'অভাব' সে সব দেশের কোন অধিবাসীকে আর ভাবনা করিতে না পারে। Freedom from want and higher standard of living are being guaranteed to all citizens." তবু তাই নয়, প্রত্যেকের জন্য অতি সহজলভ্য পূর্তি-বিলাস, প্রত্যেক পল্লীকুরে সহায় করিয়া সমবয়স, সকলের জন্য উপযুক্ত বাসগৃহ, স্কুল ও সন্তান-দেশের সর্বত্র যাতায়াতের সুবিধার জন্য পথঘাট ও যানবাহনের ব্যবস্থা, এই সকল পরিকল্পনার অন্তর্গত। ইহাই হইল আধুনিক ভীম। নিজনিজের ভীম যেখানে চলিয়াছে সেখানে,—তাহাকে আধুনিক ভীম বলিয়া কেহ মনে করিয়া ভুল করে না।

আমরা জীবন অনেক কিছু পাইয়াছে এবং লড়াই করিয়াছে তাহা তখন করিবার জন্য এবং সুযোগ পরে আরো কিছু পাইবার জন্য। সেই "কিছু"র মধ্যে আমাদের সুযোগের পরিকল্পনা এবং সেই পরিকল্পনার সার্থকতার সৌধোদয়ে। কিন্তু এই প্রেমের আগত ভিন দেশী বাসনাতী জীবনে কিছুই পায় নাই, লড়াইও আমরা সবার নাই, সঞ্চিত আমাদের ইচ্ছায় হইবে না। আমরা আমাদের দুর্দিন সাময়িকের আমলে আমাদের জন্য পরিকল্পনা —বিশ্বের লড়াই উপেক্ষিত হইয়া পড়িয়া আছে। আমাদের লড়াই অনিশ্চয়-মুনিশ্চয়ের বিরুদ্ধে লড়াই, সুখ ও উপবাসের মধ্যে লড়াই, সেন-উপজাতীয় ব্যাধি ও মহামারীর প্রতি-রোধ করিবার লড়াই। আমাদের অন্ন নাই, বস্ত্র নাই, বাসোপযোগী ঘর নাই, পানীয় জল নাই, আলো নাই, ওষধ নাই, এক কথায় মানুষের মত বাঁচিবার জন্য কিছুই আমাদের নাই। এই সব অভাব বিরুদ্ধে আমাদের লড়িতে হইবে, কিন্তু সেই লড়াই আমরা আজ করিয়া শুরু করিতেই পারিব না। শুরু হইবে কি করিয়া? এই দুরবস্থার মধ্যেও প্রভুদের লড়াই এক জীবনে দুইবার লড়িতে হইল। সুতরাং এখন যে, ভীম ইতিহাস পালা-আরম্ভ হইয়াছে তাহা অন্যের পক্ষে যেমন সুযোগের পরিকল্পনা, আমাদের পক্ষে ঠিকই তেমনি প্রকৃত-পূর্ব পরিকল্পনা। কারণ আমাদের নিজের লড়াই সম্পূর্ণ ঐতিহাসিক অন্যদের এই লড়াইয়ের ফল হইতে যেটুকু পাওয়া সম্ভব আমাদের নিজেদের সেই লড়াই শুরু করিতে হইবে। তাহার জন্য যেমন যেমন প্রয়োজন হইবে না যেমন প্রয়োজন হইবে আনুষঙ্গিক সমিতি ও কর্মপদ্ধতির। কারণ প্রাথমিক সব কাজই পড়িয়া রহিয়াছে, তাহার জন্য পূর্ব প্রস্তুতি পরিচালনার বিশেষ আবশ্যক নাই। আবশ্যক শুধু দৃষ্টিভঙ্গীর পরিবর্তন, আর এই-জন্য যাহা বলিলাম, ইচ্ছা ও কর্মপদ্ধতির। অর্থের অভাবও এই লড়াইয়ের জন্য আমাদের হইতে পারে না। এত অর্থ ও ঐশ্বর্য অন্যের লড়াইয়ের অগ্নি-হবনে ঢালিতে পারিয়াছি, আর আমাদের সুখ, স্বাস্থ্য, শক্তি ও ঐশ্বর্য বৃদ্ধির জন্য আমাদের অর্থের অভাব হইবে? অর্থাভাবের এই অজুহাতে আমরা চির পঙ্গু হইয়া রহিয়া আছি। কিন্তু অন্যের জন্য আমরা কি পর্যন্ত দিতে পারি তাহার পরিচয় আজ ভাল করিয়া পাইয়াছি। অর্থের অভাবের অজুহাত আর আমরা তুলিতে প্রস্তুত নই।

প্রস্তুত নই, এখনই বা কি করিয়া বলি? লড়াই ও রাজনৈতিক পরিস্থিতি ও এই দেশের মুক্তিকামী মানুষের উপর নির্ভর করিতেছে। তবে আমার শেষ বক্তব্য এই যে, স্বাধীন বা পরাধীন, কংগ্রেসিই, কংগ্রেসি, মহাসভাই বা গান্ধীজীই, যাহারই হউ না কেন, আমরা আমাদের প্রকৃত লড়াই কোন্ দিকে এবং তাহার পরিকল্পনা কিরূপ হইবে তাহাসম্বন্ধে ভুলেই যেন ভ্রান্ত পথে পরিচালিত না হই। আমরা একথা যেন না ভুলি যে, আমাদের পরিকল্পনা হইবে—মুক্তিকামী মনে, প্রাণ-মূল এবং আমরা শুরু হইবে সহর হইতে নয়, পল্লী হইতে; আমার ভিত্তি হইবে সার্বজনীন শিক্ষা ও স্বাস্থ্য এবং তাহার প্রথম পর্যায়ের হইবে কৃষির উন্নতি ও কুটীর-শিল্পের পুনরুজ্জী-বন। অর্থের অভাব হইলে আমাদের যেন জানিয়া পাঠায়। আমরা কুড়াবো ও আমার করিয়া নিয়া সেই অভাব পূরণ করিয়া দিব জানিব, অন্য উপায়ের ধরিবও না। সর্ব-শেষ বক্তব্য এই—

The plan to be national should be "first and foremost a plan *for Distributing income, so as to put first things first*—money for bread for all at all times, before there is money for cake for any body.". "It is not so much to cut our coat according to our cloth, as in the old adage, but to see that there is some covering for all."

জাতীয় শিল্প ও সংরক্ষণ-নীতি

[শ্রীদেবপ্রসাদ ঘোষ, এম-এ]

যুদ্ধারম্ভের দিন যতই ঘনাইয়া আসিতেছে ততই দেশের মধ্যে আশঙ্কা হইতেছে যুদ্ধান্তে দেশের শিল্প-বাণিজ্যের অবস্থা না জানি কিরূপ দাঁড়ায়। বর্তমানে যুদ্ধের আওতায় অনেক শিল্পের সুযোগ ঘটিয়াছে এবং নূতন নূতন দিকে শিল্প-গঠনও কিছু কিছু হইয়াছে বা হইতেছে। কিন্তু দেশের শিল্পোন্নতির যে ক্রমবর্ধমান সুনির্দিষ্ট কর্মনীতি অনুসারে হইতেছে বা সে বিষয়ে সন্দেহের অবকাশ নাই। যুদ্ধ-প্রয়োজনে সরকারী আওতায় যতটুকু শিল্পগঠন ঘটিয়াছে, দেশের ভবিষ্যৎ অর্থনৈতিক ভিত্তি সুদৃঢ় করার উদ্দেশ্যে যতটুকু শিল্পগঠন তাহাদের আওতায় হয় নাই বা হইতেছে না। ভারত সরকারের যুদ্ধকালীন শিল্প ও বাণিজ্য-নীতি এ বিষয়ে যে সহায়ক হয় নাই তাহা বলা বাহুল্য। আজ তাই যুদ্ধান্তর কালের অবস্থার কথা ভাবিয়া আশঙ্কা জাগিতেছে : যুদ্ধ-সময়ে শিল্প-প্রগতি যতটুকু হইয়াছে তাহা যুদ্ধের পরবর্তীকালে অক্ষুণ্ণ থাকিবে কি এবং মুক্ত আন্তর্জাতিক প্রতিযোগিতা শিল্প-বাণিজ্য ক্ষেত্রে তীব্রভাবে আত্মপ্রকাশ করিবে তখন সরকারী শিল্প-বাণিজ্য-নীতি দেশের শিল্পগুলিকে রক্ষা করিবার জন্য অগ্রসর হইবে কি ? যুদ্ধ-সময়ের এবং যুদ্ধের পূর্ববর্তী কালের অভিজ্ঞতা হইতে মনে হয় যে এই আশঙ্কা সম্পূর্ণ অমূলক নয়।

সোজাসুজিভাবে দেখিতে গেলে একথা বলা চলে যে, ভারত সরকার শিল্প প্রসারের জন্য কোনরূপ ব্যাপক কর্মনীতি এ-পর্যন্ত অনুসরণ করেন নাই। ১৯২৩ সন হইতে যে Discriminating Protection বা বিশেষ-মূলক সংরক্ষণ-নীতি গ্রহণ করা হইয়াছে তাহার দ্বারা বহু সংখ্যক শিল্প প্রতিষ্ঠিতও হয় নাই এবং প্রয়োজনের অনুপাতে সম্প্রসারিতও হয় নাই। বর্তমান যুদ্ধ আরম্ভ হইবার পর হইতে আন্তর্জাতিক প্রতিযোগিতা মুলতুবী এবং যুদ্ধ-প্রয়োজন এবং আত্মরক্ষার জন্য নূতন নূতন শিল্প-গঠনের আবশ্যক হইল, তখনও সরকারী কর্মনীতি নূতন ভিত্তিতে গড়িয়া উঠিতে পারে নাই। ভারত সরকার শুধু কিছু কিছু শিল্প-বিস্তারের সহায়তার জন্য আয়োজন-উদ্যোগ করিয়াছেন এবং একান্ত যুদ্ধ-প্রয়োজনের জন্য কিছু কিছু যুদ্ধ-শিল্পের প্রসার ব্যতীত আর কিছুই করিতে সমর্থ হন নাই। জনসাধারণের আগ্রহের মূলে নূতন নূতন শিল্পের অবস্থা যুদ্ধাবসানে কি দাঁড়াইবে এ বিষয়ে ভারত সরকার অবশ্য আশ্বাস দিয়াছেন যে, যুদ্ধের পর এই সব শিল্প যাহাতে অসংরক্ষিত না হয় সে জন্য উপযুক্ত সহায়তার ব্যবস্থা করা হইবে ; বৈদেশিক প্রতিযোগিতার বিরুদ্ধে সংরক্ষণ-শুল্ক প্রবর্তনসহায়তার আশ্বাস করা হইবে ; কিন্তু এই সহায়তার সুযোগ পাইতে হইলে শিল্পগুলিকে সুপরিচালিত করিতে হইবে। "Provided they are run on sound lines"—এই সর্তের তাৎপর্য যদি সেই সুপরিচিত Discriminating Protectionই হয় তাহা হইলে ভারতীয় শিল্পের ভবিষ্যৎ যে খুব উজ্জ্বল নয় তাহা বলা যাইতে পারে। তাই যুদ্ধান্তে সরকারী শিল্প-নীতি কোন্ পথে অগ্রসর হইবে তাহা লইয়া জনসাধারণ ও ব্যবসায়ী মহলে জল্পনা-কল্পনা এবং আলোচনাদি উদ্বেগের সৃষ্টি করা স্বাভাবিক।

সম্প্রতি ডাঃ জন্ মাথাই (Dr. J. Mathai)—যিনি Tariff Board-এর সভাপতি হিসাবে অনেকদিন সরকারী সংরক্ষণ-নীতির সহিত সংশ্লিষ্ট ছিলেন—"Tariffs and Industry" নামে ছোট একখানি পুস্তকে এই সম্বন্ধে বিস্তৃত আলোচনা করিয়াছেন। ডাঃ জন্ মাথাই-এর বক্তব্য-বিষয় ও দৃষ্টিভঙ্গী এই বক্তব্যগুলি হইতে অনেকটা বুঝা যাইবে :—

"If the foregoing estimate is correct, the assistance which Indian Industries will require from the State will be direct assistance in such essential matters as finance for capital requirements, scientific research, transport education and public health rather than the kind of indirect assistance which protective tariffs afford. Tariff assistance has its uses under certain conditions, but it serves no purpose and may prove worse than useless if the conditions required for efficient and successful operation of industries are lacking. The chief abuse to which a protective policy is liable is that the immediate relief which it affords is apt to make both the Government and industrialists oblivious to the fundamental factors which determine the growth of virile and healthy industries. From this point of view it is fortunate that in the years which lie immediately ahead, Indian Industries, freed from the fear of uneconomic competition from abroad, will be in a position to direct their attention to the vital question of internal reorganisation. In the accomplishment of this task, the State will necessarily have to play a very important part. But the State will not fulfil its part as it ought to unless it learns to think in large and more constructive terms of its responsibilities and to quicken the pace of its activities. Protection by tariffs is a matter which even the stalest bureaucracy can handle with apparent success. But the internal reconstruction necessary for a vigorous, forward-looking policy and industrial development will call for energy and vision such as only a National Government responsible to the people and sensitive to their aspirations can possess."

ডাঃ জন মাথাইর প্রধান বক্তিগত বিষয় হইল :—(ক) ভারতের অগ্রগামী শিল্প-প্রগতির জন্য জাতীয় গবর্নমেণ্টের প্রতিষ্ঠা একান্ত প্রয়োজনীয় ; (খ) যুদ্ধোত্তর-অবস্থাবহিত-সময়ে ভারতীয় শিল্প-প্রগতি অব্যাহত রাখার জন্য সংরক্ষণ-নীতির তেমন প্রয়োজন হইবে না এবং (গ) ভারতীয় শিল্পের আশুপ্রয়োজনীয় সাহায্যদান করিতে হইবে। প্রথম বিষয়টী দেশের মূলতঃ রাজনৈতিক সমস্যার সহিত সম্পর্কিত হইলেও একটী জাতির সর্বাঙ্গীণ উন্নতিসাধন করিতে হইলে জাতীয় গবর্নমেণ্টের একান্ত প্রয়োজন। দ্বিতীয়তঃ ভারতের বর্তমান সংরক্ষণপ্রণালীর বিরুদ্ধে একটী বিশেষ অভিযোগ এই যে, উহার সহিত ভারতবাসীদের যথার্থ ঘনিষ্ঠতা-ভিত্তিতে যোগসূত্র নাই। দেশের কতিপয় বিশিষ্ট ব্যবসায়ী ও অর্থনীতিবিদ্ যে পঞ্চবার্ষিক পরিকল্পনা (15 year's plan) দেশের সম্মুখে উপস্থাপিত করিয়াছেন তাহাতেও এই বিষয়টীর উপর জোর দেওয়া হইয়াছে। ইহা যে খুবই যুক্তিসঙ্গত হইয়াছে তাহাতে সন্দেহ নাই। বর্তমান প্রবন্ধ রাজনৈতিক সমস্যার সহিত সম্পর্কিত নয় ; তাহাই যুদ্ধান্তে শিল্প-সংরক্ষণ-নীতি সম্বন্ধে ডাঃ মাথাই যাহা বলিয়াছেন তাহা আলোচনা করা যাইতে পারে। যুদ্ধের পরে সংরক্ষণ-নীতির যেরূপ প্রয়োজন হইবে বা সে সম্বন্ধে তিনি এই কারণগুলি উল্লেখ করিয়াছেন :—

(ক) যেহেতু যুদ্ধের অব্যবহিত পরে অধিকাংশ দেশের পক্ষে ভারতে পণ্য আমদানী করা সম্ভব হইবে না এবং তাহাদের ক্রোড়োপরি অবস্থানের জন্য বিদেশ হইতে পণ্য আদি সম্ভবে আশিতে পারিবে না, তাহাদের শিল্পগুলি তেমন বেশী বৈদেশিক প্রতিযোগিতার সম্মুখীন হইবে না।

(খ) যুদ্ধের পর ভারতের পক্ষে বেশী প্রয়োজন হইবে বিদেশ হইতে যন্ত্রপাতি ও শিল্প-প্রসারের সহায়ক অন্যান্য আমদানী

করা; যেহেতু এই সব দ্রব্যাদি না আমিয়ে পারিলে শিল্প-প্রসারে অসেকাংশে ব্যাঘাত হইবে, ভারতের পক্ষে এই সব দ্রব্যের উপর সংরক্ষণ-শুল্ক স্থাপন করা যুক্তিসঙ্গত হইবে না।

(খ) যুদ্ধান্তে আন্তর্জাতিক মুদ্রানীতি বিনিয়ন্ত্রণের ফলে সব পরিবর্তনের কথা এখন শোনা যাইতেছে তাহাতে মনে হয় যে প্রত্যেক দেশের আমদানী ও রপ্তানী-বাণিজ্য সম পরিমাণে বাড়িবার জন্য চেষ্টা চলিবে। যেহেতু ভারতের উদ্বৃত্ত ট্রার্লিং সংস্থান অনেক বেশী থাকিবে সেইজন্য হয়ত ভারতকে বিদেশ হইতে তাহার বিনিময়ে ক্রমশঃ অনেক পণ্য গ্রহণ করিতে হইবে; ফলে সংরক্ষণ-শুল্ক স্থাপনের সুযোগ সীমাবদ্ধ হইতে পারে।

(গ) বিভিন্ন দেশের মধ্যে শুল্ক হ্রাস করিয়া বাণিজ্যের সহজ পথ যাহাতে সুগম না হয় সেজন্য ইতিপূর্বেই অনেক মহলে ঔপনিবেশিক বাণিজ্য-যুক্তির পরিকল্পনা করা হইয়াছে। ভারতবর্ষের পক্ষে এইরূপ মতবাদের বিরুদ্ধে মতামত ব্যক্ত করা সম্ভব হইবে তাহা বলা যায় না।

এই কারণগুলির বিচারে যে বিশেষ বিশেষ যুক্তি আছে তাহাতে সন্দেহ নাই। যুদ্ধের অব্যবহিত পরেই সংরক্ষণ-নীতির প্রয়োজন হয়তো না হইতে পারে, কিন্তু এমন একটি অবস্থার একদিন সৃষ্টি হইবে যখন ভারতের শিল্পপ্রসার অব্যাহত রাখিবার জন্য সংরক্ষণ-নীতির অনুসরণ ব্যতীত উপায় থাকিবে না। যুদ্ধের পরে বিদেশ হইতে শিল্পসাহায্য মঞ্জুরাদি ইত্যাদি আমদানী করিয়া যদি একটি যুক্তিসঙ্গত পরিকল্পনা অনুসারে কাজ আরম্ভ না করা হয় তবে ভারতের শিল্প-প্রসারের পথ কখনও সরল হইবে না, কারণ যুদ্ধের অবসানে ও শান্তি ভাটাইয়া আসার সঙ্গে সঙ্গে ভারতের বাজার দখল করিবার জন্য প্রচণ্ড সংঘর্ষ হইয়া উঠিবে। তাহাতে ভারতের পক্ষে শুধু যে অগ্রগামী শিল্প-প্রসারের জন্য একটি ব্যাপক পরিকল্পনা করিয়া তাকে লাগিয়ে হইবে তাহা নয়, শিল্প-সংগঠন ও প্রসারের বিভিন্ন ক্ষেত্রে সংরক্ষণ-নীতি যথাযোগ্যভাবে নিয়োজিত করিবার জন্যও উদ্যোগ ও আয়োজন করিতে হইবে।

সংরক্ষণ-নীতি বিদেশের কুপ্রভাব অর্জনের পক্ষে সম্পূর্ণ সহায়ক না হইতে পারে, কিন্তু প্রতিটি মানুষের দৈনন্দিন যেমন অনন্যায় আছে এমন একমাত্র সম্পর্ক, সেবা ও অনুরূপ মধ্য দিয়াই তাহার জীবন সফল ও সমৃদ্ধ হইয়া উঠে, তেমনি শিল্পের দৈনন্দিন ও বৈশেষিকের সমন্বয় সাধারণের প্রয়োজন। উপযুক্ত শাসন ও নিয়ন্ত্রণের আয়োজন থাকিলে প্রতিটি শিল্প প্রতিটি মানুষের মতই ক্রমে আত্মনির্ভর ও আত্মবিশ্বাসী হইয়া উঠিতে পারে। ভারতের নিয়োগশক্তি এখনও বৈদেশের অতিক্রম করে নাই; কাজেই সংরক্ষণ-নীতির প্রয়োজন তাহার পক্ষে শেষ হইয়া যায় নাই। Discriminating Protection-এর সীমাবদ্ধ প্রভাবেও ভারতের কতটা শিল্প কি পরিমাণে প্রসার লাভ করিয়াছে তাহা এই বিবরণ হইতে বুঝা যাইবে:—

	উৎপাদন	
	১৯৩৯-৪০	১৯৪৩-৪৪
ইস্পাত-শিল্প	১৩,১,০০০ টন	১০,৭৩,০০০ টন
বস্ত্র-শিল্প	১৭৭৫ কোটি গজ	৪০১৩ কোটি গজ
পাটকল-শিল্প	২৯,০০০ টন	১৫,৪৯,০০০ টন
দেশলাই-শিল্প	৮ লক্ষ গ্রোস্	২২০ লক্ষ গ্রোস্
কাগজ-শিল্প	২৪,০০০ টন	৭০,০০০ টন

বিভিন্ন প্রতিকূল অবস্থা সত্ত্বেও যদি এই ধরণের শিল্পের প্রসার একটা সম্ভব হইয়া থাকে, তবে আরও অনুকূল সংরক্ষণ-নীতি অনুসরণ করিলে যে ভারত শিল্প-প্রসারিতে ব্যাপক ও মহত্তর হইবে তাহাতে সন্দেহ নাই। কেহ কেহ সংরক্ষণ-নীতির বিরুদ্ধে এই যুক্তি দিয়া থাকেন যে, এই নীতির ফলে দেশের লোকের উপর করভার শুল্ক করা হয়। এই যুক্তির যে ভিত্তি নাই তাহা নয়, কিন্তু বর্তমানের সমস্যার কথাই শুধু আমরা কেন বড় করিয়া দেখিব? ভবিষ্যতে যে শিল্প-প্রসারের ফলে দেশের যৌবন ও আর্থনৈতিক সম্পূর্ণতা বৃদ্ধি পাইবে তাহাই কি সব চেয়ে বাঞ্ছনীয় নয়? বর্তমানে যদি আমরা বিদেশের দ্রব্য সস্তা দরে লাভ করিতে পারাই বেশী লাভ মনে করি তবে দেশের ভবিষ্যৎ উন্নতি কখনই সম্ভব হইতে পারে না।

এই সব বিবেচনা করিলে এই সিদ্ধান্তে পৌঁছান যায় যে, উপযুক্ত সংরক্ষণ-নীতিকে দেশের শিল্প-নীতির একটি বিশেষ অংশ হিসাবেই মনে করা উচিত। সংরক্ষিত শিল্প-গুলি যাহাতে সুপরিচালিত হয় এবং অনুরূপ ভবিষ্যতে আত্মনির্ভরশীল হইতে পারে সেজন্য অবশ্যই উপযুক্ত চেষ্টা ও আয়োজন করিতে হইবে। তাহা হইলে আন্তর্জাতিক বাণিজ্যের ধারাবিশেষ যদি একদিন উল্টাইয়া যায় এবং ভারতবর্ষকে এক ঔপনিবেশিক শিল্প-নীতি গ্রহণ করিতে হয়, তবে সেইদিন ভারতবর্ষের পক্ষে বৈদেশিক প্রতিযোগিতা রোধ করা অতি সহজসাধ্য হইয়া উঠিবে। সুতরাং যুদ্ধোত্তরকালে যে আমাদের শিল্প-নীতিকে সংরক্ষণ থাকিবে না এ কথা বলা ঠিক নয়।

কুমিল্লা ইউনিয়ন ব্যাঙ্ক লিঃ

রেজিঃ অফিস: ৫নং চার্চ ষ্ট্রীট, কলিঃ স্থাপিত—১৯২১

কার্য্যকরী তহবিল

৭,০০,০০,০০০৲

সাত কোটির উর্দ্ধে

কলিকাতা অফিস:—১১৫, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ৯৯এ, কর্ণওয়ালিশ ষ্ট্রীট, ১৩৯ বি, রসা রোড।

অপর শাখাসমূহ:

কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, ভৈরববাজার, নরসিংদী, চাঁদপুর, চট্টগ্রাম, সিরাজগঞ্জ, ঢাকা, নারায়ণগঞ্জ, নোয়াখালি, লোহাগাড়া, কক্সবাজার, বারাসতগঞ্জ, সিরাজগঞ্জ, নওগাঁ, পাবনা, পাটনা, রাজশাহী, পুরানবাজার, সিলেট।

অষ্ট্রেলিয়ান এজেন্টস:—ব্যাঙ্ক অব নিউ সাউথ ওয়েলস্, সিডনি
আমেরিকান এজেন্টস:—গ্যারান্টি ট্রাস্ট কোং অব নিউইয়র্ক
লণ্ডন এজেন্টস:—বারক্লেজ ব্যাঙ্ক লিমিটেড.

ম্যানেজিং ডিরেক্টর—ডাঃ এস বি বসু, এম-এ, পি-এইচ-ডি (ইকন) লণ্ডন, বার-এট-ল।

যুদ্ধোত্তর অর্থনীতিতে ভারতের স্থান

(শ্রীসত্যেন্দ্রনাথ মজুমদার)

পাঁচ বৎসর অতিবাহিত হইতে চলিল মহাযুদ্ধের অবসানের কোন চিহ্নই দেখা যাইতেছে না। যুদ্ধের সময় ইহাকালে সমরোপকরণ তৈরীর করিতেছে, যুদ্ধ সামরিক ক্ষেত্রে নিষ্ক্রিয়তার করিয়া দেখিতেছে। সমরসম্ভার তত্ত্ব বিভিন্ন বিভাগ, নর এবং নারী সকলেরই প্রয়োজন। ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক প্রয়োজনের সকল দাবী হাসাইয়া যুদ্ধের দাবী প্রবল। কি গণতন্ত্র, কি রাষ্ট্রীয়তন্ত্র, কি ঔপনিবেশিক সাম্রাজ্য, সর্বত্র সমরসম্ভারের গঠন ও পরিচালনা-পদ্ধতিতে কিছু তারতম্য থাকিলেও ব্যক্তি-স্বাধীনতা, সামরিকের অধিকার প্রায় সম্পূর্ণরূপে বিলুপ্ত হইয়াছে। রাষ্ট্রের মুষ্টি তাহাদের হাতে জাতির উপর দেশের উপর এত সর্বব্যাপী ক্ষমতা তাহারা কখনো পায় নাই। মহাযুদ্ধের প্রথম যুগের তুলনায় রাজনৈতিক ও সামাজিক প্রগতিমুখী আন্দোলনগুলি কতদূরে ব্যাহত হইতেছে। যুদ্ধায়োজনে যিনি উৎপাদন করা জাতীয় স্বার্থের প্রতিকূল, অন্যদিকে ক্ষমতার বিরোধে বিরুদ্ধতা অসহনীয়। এই মোটামুটি পরিস্থিতি সকল দেশের সাধারণ নিরপেক্ষ অংশই যুদ্ধোত্তর জগতকে স্পষ্টভাবে দেখিতে পাইতেছেন না। অবশ্য সকলের সম্বন্ধে সমানভাবে এ কথা বলা চলে না। ১৯৯৮-৩৯-এর আন্তর্জাতিক রাষ্ট্রীয় ও অর্থনৈতিক ঘটনা-সমাবেশগুলির সহিত যাঁহাদের সম্যক্ পরিচয় আছে এবং যাঁহারা এই যুদ্ধের মূল কারণগুলির সহিত সুপরিচিত তাঁহারা ধূলিসাৎ আজিকার বর্তমানের ধ্বংসাবশেষের পরবর্তী অবিচ্ছিন্ন সম্পর্কে নিরাশাবাদী নহেন। বর্তমান জগতের ঘটনাপ্রবাহকে গতানুগতিকতার দৃষ্টিতে না দেখিয়া যাঁহারা জনসাধারণের দিক হইতে দেখিতে অভ্যস্ত তাঁহাদের নিকটই আমরা ভবিষ্যতের ইঙ্গিতের প্রত্যাশা করিতে পারি।

ভারতে কয়েক বৎসর যুদ্ধ ও শান্তির লক্ষ্য লইয়া কথা কাটাকাটি, ফ্রেডারিক্স্ মিশন, কংগ্রেসের আপস প্রস্তাব, জাতীয় সেনাদলের বিনা বিচারে আটক এবং তাহার পরবর্তী দমন-নীতি এবং অন্যান্যগুলি অত্যাবশ্যকীয় বিস্তৃত আলোচনার প্রয়োজন নাই। এই সকল ঘটনার ভিত্তি মূর্তি এবং ভারতের নীতিতে অভিব্যক্তিকারী ব্রাহ্মণেতরের উপস্থিতি ও সংগ্রাম অসহযোগপ্রতিরোধের মনে কি প্রতিক্রিয়া সৃষ্টি করিয়াছে তাহারই সংক্ষেপে আলোচনা করিব।

স্বাধীনতাকামী অসহযোগ-প্রতিরোধের অধিকাংশই নৈরাশ্যজনক মনোবেদনায় বিচ্ছিন্ন হইয়া আছেন। লাঞ্ছিত-প্রবীণ মনোভাবের প্রতিক্রিয়ার ইহা। ধরিয়া লইয়াছেন যে, যুদ্ধোত্তর জগতে বৃটিশ সাম্রাজ্যবাদের প্রভুত্ব ও বন্ধন তাহাদের অধিকতর দাপিয়া বসিবে, তাহার উপর আসিবে এদেশ-বাসিদের মূলধনের অর্থনৈতিক প্রভুত্ব। আর একদল যাঁহারা এতকাল বৃটিশ কারেমী স্বার্থের উৎখাতীয়ে অত্যন্ত তাহাদের ভিন্নও অনেকটা ঐ প্রকার, তবে তাঁহারা বিরক্ত বা বিন্ন নহেন। রাজনৈতিক পরাধীনতার অবসান বৃটেনের আসরে বন্ধুত্ব-সুবিধা পাওয়া সম্ভব ইহাই তাঁহাদের লক্ষ্য। বর্তমানে এই দেশোক্ত শ্রেণীর কৌশলের প্রচারকার্য্য ও আন্দোলন দেশের চিন্তাকে কলুষিত করিতেছে। ইঁহাদের পৃষ্ঠপোষকতা করিতেছেন শাসকশ্রেণী। কেননা শাসকশ্রেণীও এই কল্পনায় বলগুল হইয়া আছেন যে, যুদ্ধাবসানে তাঁহারাই ভারতের নিরঙ্কুশ ভাগ্যবিধাতারূপে পুনর্বহালের সনদ পাইবে ও খুঁচি লইবেন। এই দুই দল মিলিয়া সাধারণ যুদ্ধোত্তর পরিস্থিতির প্রভুত্ব করিতেছেন। বড় বড় কমিটিতে বড় বড় মাথা একত্রিত হইয়াছে। ভারতীয় বণিকেরাও এই ব্যাপারে যোগ দিয়াছেন। তাঁহাদের সুবৃহৎ পরিকল্পনাই সংবাদপত্রে প্রকাশিত হইতেছে। শিল্প, বাণিজ্য, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা সমস্তই এই সকল পরিকল্পনার বিষয়বস্তু। কিন্তু ইহাতে পরিবর্তিত জগতের ভাবী মানুষের আশা-আকাঙ্ক্ষার কথা নাই—আছে, সমাজে কোন বৈপ্লবিক আমূল পরিবর্তন ঘটিতে পারে এমন কোন সম্ভাবনার কথা উল্লেখমাত্রের অবেশ পড়ে না। যুদ্ধ শেষ হইবামাত্র ইঁহারা ১৯৩৯ সালে ফিরিয়া গিয়া সনাতন পদ্ধতিতে গতানুগতিক কাজ করিবার জন্য প্রস্তুত হইয়া আছেন।

ভৌগোলিক সীমা-সম্বন্ধ আর্থিক পুণ্যশ্লোক আদান-প্রদান ও শুল্ক-নীতি, ব্যাঙ্কারদের হাতবদল, অতীত জগতের জাতীয় ও উপনিবেশিক গভর্নমেন্টের পরিচিত ঢাঁচ, সংরক্ষণশীল সরকার-মূলক দীর্ঘ জাতীয়তাবাদ যুদ্ধোত্তর জগতে থাকিবে না—থাকিতে পারে না বলিয়াই থাকিবে না। একচ্ছত্র সাম্রাজ্যবাদ নূতন মানব-সমাজ বহু পশ্চাতে ফেলিয়া অগ্রসর হইবে। প্রভু ও ভৃত্য, শোষক ও শোষিতের ব্যবধান রাশিয়ার মত সর্বত্র বিলুপ্ত না হইলেও তাহার তীব্রতা বহুলাংশে হ্রাস পাইবে। যাঁহারা মহার মতের মত লক্ষ কোটি সৈনিক যখন অস্ত্র ফেলিয়া সমাজে ফিরিয়া আসিবে, নিশ্চয়ই তাহারা বিনিদ্রচিত্তে চিন্তিতমনা, ক্ষেত্রমজুর ও কারখানা শ্রমিক হইয়া ফিরিবে না। অন্ত দিকে নব নব বৈজ্ঞানিক আবিষ্কারের কলকারখানা ও উৎপাদন-প্রণালীর ক্ষেত্রেও বদলাইয়া দিবে। মহাযুদ্ধের বন্ধনমুক্ত মানবের দীর্ঘদিনের অবরুদ্ধ আবেগ কায়েমী স্বার্থের দুর্গপ্রাচীর ধূলিসাৎ করিয়া দিবে। পৃথিবীর ইতিহাসে ঘোর দুঃখ এমনটি মহাযুদ্ধ পারিবারিক ও সামাজিক জীবন হইতে বিচ্ছিন্ন হইয়া বীরবাহু যায় নাই। অন্যান্য দেশের মত ভারতেও ইহাই ঘটিয়াছে। ভারতীয় যুবক মনুষ্যত্বের ইরোজ, মার্কিন, অস্ট্রেলিয়ান, ইটালীয়ান যুবকদের সহিত সমান মর্যাদার পাশাপাশি দাঁড়াইয়া যুদ্ধ করিতেছে। সোভিয়েট রাশিয়ার মেয়ে-বৌরা ইহাদের অভিভূত করিয়াছে। বিমানের অবতরণে ইহারা কেবল যুদ্ধের বিবরণই পাঠ করে না, সোভিয়েট রাশিয়ার সমাজ-ব্যবস্থাও ইহাদের চিন্তার উপর গভীর প্রভাব বিস্তার করিয়াছে।

বেসামরিক জনসাধারণের উপরও যুদ্ধের প্রতিক্রিয়া অল্প নহে। বৈজ্ঞানিক যীবনযাত্রা নিয়ন্ত্রণে অসামরিক শাসকগুলীর পশ্চাদ্ভূতা ও অক্ষমতার ফলে বাজনার একটা সমাজতান্ত্রিক মুক্তির সম্ভব হইল এবং সমাজের সর্বস্তরের মহলাধীর হইল তত্ত্ব শ্রেণ তত্ত্ব ক্ষতি। আজ দেশোদ্ধার পড়িয়া মানুষ ইহা সহ্য করিলেও কাল করিবে না। নাৎসী-পরাজয় ইয়োরোপ বা জাপ-অধিকৃত পূর্ব-এশিয়ার ভবিষ্যতে নর-নারীরা কি সহ্য করিয়াছে, তাহাদের মনোভাব কি, তাহা জানিবার সুযোগ না থাকিলেও তাহাদের ভাগ্য যে আমাদের অপেক্ষাও মন্দ, এ অনুমান করা যায়। অনুমান করা যায় শিক্ষিত ও কর্মিত মধ্যবিত্তরা সর্বপ্রথমই আমাদের মতই ভিন্ন করিয়াছে···আমাদের মতই সাম্রাজ্যে মুক্তির প্রতীক্ষা করিতেছে। অন্তত বর্তমান ও ভবিষ্যৎ জগতে আমরা নির্বান্ধব নহি। আমি পূর্বেই বলিয়াছি, গভর্নমেন্টগুলির দিক হইতে নহে, জনসাধারণের দিক হইতে চিন্তা করিলেই আমরা বুঝিতে পারিব চার্চিল-এমরী যেমন ইংলণ্ডের স্থায়ী ভাগ্যনিয়ন্তা নহেন, তেমনি ভারতেরও নহেন। আপসযোগ-নীতির প্রয়োজন শেষ হইয়াছে। বৃটিশ সাম্রাজ্য-নীতির সহিত অসহযোগ করিতে গিয়া আমরা যেন সমগ্র জগতের সহিত অসহযোগ করিতেছি। সেই কারণেই ভাবী স্বাধীন ও শক্তিপূর্ণ এবং আন্তর্জাতিক মৈত্রীর মধ্যে সুপ্রতিষ্ঠিত ভারত আমাদের দৃষ্টিতে প্রতিভাত হয় না। ভারতীয় সমাজের অন্তরেও যে বৈপ্লবিক পুনর্গঠন ঘুনিই হইবার প্রতীক্ষা করিতেছে ইহা আমরা বুঝি না বলিয়াই মূলত আদর্শ চিন্তা করিতে ভীত বা বিমুখ হই। অত্যন্ত ও প্রাচীন চিন্তাধারা, বিদেশীদের অভিরুচিমত থাকুক, বড় বড় শিল্পপতি ও ধনীরা পরিশীলিত অর্থ লইয়া অধিকতর নানাকার্যে ব্যস্ত থাকুক—মূলত ও নৈরাশ্যজনকভাবে তাহাদের সঙ্গের অধিকার লইয়া দীর্ঘশ্বাস ফেলুক, যুবক ভারত বিপ্লবাত্মকের সমষ্টি-কল্যাণের আদর্শে অনুপ্রাণিত হইয়া যুদ্ধোত্তর জগতে প্রবেশ করিবার জন্য প্রস্তুত হউক।

দৈনন্দিন জীবন ও ব্যাঙ্ক

আমাদের দৈনন্দিন জীবনে ব্যাঙ্ক একটা বড় স্থান অধিকার ক'রে রয়েছে। বর্ত্তমান জীবনযাত্রার সঙ্গে যারা পরিচয় রাখেন তাঁরা জীবনযাত্রার যদি তুলনা করি তবে দেখব অবশ্যকার জীবনযাত্রা আজকের জীবনযাত্রার তুলনায় কত বিভিন্ন, কত সহজ। আজ আমাদের সমস্ত কার্য্যকরী ও কর্ম্মব্যাপারে ঘিরে এক বিরাট বিভিন্নতার সৃষ্টি হয়েছে। এই বিভিন্নতার মূলে রয়েছে অসংখ্য এবং জোরালো কার্য্যকরী। ব্যাঙ্ক এই বিভিন্ন এবং জোরালো কার্য্যকরীকে অনেকখানি সহজ করে দেয়, কারণ অনেক কিছুই ব্যাঙ্কের উপর ভার দিলে নিশ্চিন্ত হওয়া যায়। বাড়ীভাড়া, দুধির মাসকাবারী, ডাক্তার, ওষুধ, জীবন-বীমার প্রিমিয়াম—বিলের উপহার দেওয়া—সব কিছুই ব্যাঙ্কের সাহায্যে সুসম্পন্ন করা যায়। সরকারী কর্ম্মচারীরা তাদের মাইনে পাওয়ার ভার ব্যাঙ্কের উপর দিয়ে নিশ্চিন্ত থাকতে পারেন। ব্যবসায়ীরা তাদের বিল আদায় করা নিয়ে আর মাথা ঘামান না, বিল করে ব্যাঙ্কে ডিস্কাউন্ট করে দিলে কোন ঝামেলা নেই। এক কথায় দৈনন্দিন জীবনযাত্রার লেনা-পাওনার হিসেব-নিকেশ ব্যাঙ্কের উপর দিয়ে জটিল কর্ম্মব্যাপারে অনেকখানি সরল করা নিশ্চয় সম্ভব। ত্রিপুরা মডার্ণ ব্যাঙ্ক গত সনের শুরু হতে বিশেষভাবে দেশের সেবা করে চলেছে। আপনার টাকাকড়ির হিসেব-নিকেশ ব্যাঙ্কের উপর ছেড়ে দিয়ে কোন কষ্ট হবে না। যদি ব্যাঙ্কের সঙ্গে আজ না খুলে করে থাকেন তবে আজই একটা একাউন্ট খুলে ফেলুন, কাজ করে কত নিশ্চিন্ত হওয়া যায়।

দি ত্রিপুরা মডার্ণ ব্যাঙ্ক লিঃ.

পৃষ্ঠপোষক :

ত্রিপুরাধিপতি শ্রীশ্রীযুত মহারাজা মাণিক্য বাহাদুর,
কে. সি. এস. আই।

ম্যানেজিং ডিরেক্টর :—শ্রীহরিদাস আচার্য্য

আমাদের শাখা :

কলিকাতা, আগরতলা, ঈসমপুর, কৈলাসহর, মৌলভীবাজার, বাইলাকান্দি, করিমগঞ্জ, ঢাকা, বদিরপুর, সুরী, মেহেরকোণা, শিলচর, আমতলা, ত্রিপুরা, সাব্রিমপুর, যশলদই, আগরতলা, উদয়পুর (আগরতলা আগার), বিলোনিয়া, প্রেমিয়াকুলি, খোয়াই, বিশালগড়, মহকুমলিং, শিলং, চট্টগ্রাম, নবদ্বীপ, কুমারিয়া, কৈলাসহর (শিলং)।

হেড অফিস—আগরতলা (ত্রিপুরা), হীড অফিস—আগরতলা
কলিকাতা অফিস—৩, ক্লাইভ ষ্ট্রীট

T. M. B. S 10/B

অনিশ্চিত ভবিষ্যত
ও
জীবন বীমা

বিজ্ঞানের নিত্য নূতন আবিষ্কার মানুষকে যেমনই আরাম দিচ্ছে। সাধনের উল্লাসের মানুষ আজকে অনেক সে অগ্রসরের। সভ্যতাকে নূতন করে সাজাবে অবশ্যকারী যে প্রতিযোগিতা চলেছে তার ফলাফল যদি মানুষ মাঝে মাঝে এক একটা আকস্মিক ধাক্কা খাচ্ছে। কত বড় যখন একজনের অন্ন সমস্ত বাঙলাদেশেরকারী এক ভীষণ দুর্ভিক্ষে ঘটেছিল তখন বাঙলাদেশের লোক সবচেয়ে বেশী করে উপলব্ধি করেছিল মানুষ কত অসহায়। লোকের আমলা সুইবার সঙ্গে সঙ্গে অনেকের মুখর মানুষ যখন হঠাৎ বন্যার প্রবল স্রোতে ভেসে গিয়েছিল তখন সেই বিরাট দুর্ঘিপাকের মধ্যে মানুষ মনে মনে কতখানি অসহায় বোধ করেছিল। আজ আমরা আবেকটা দুর্ঘটনা সমস্ত ভারতবর্ষের বুকে বোমাই সহরের উপর নিয়ে করেছে। বোমাইয়ের বিস্ফোরণ একটা অভাবনীয় আকস্মিক দুর্ঘটনা। কিন্তু যারা এই দুর্ঘটনার প্রাণ বিসর্জন করেছে, যাদীরিক ক্ষতি ভোগ করেছে, তারা দুর্ঘটনার কয়েক সেকেণ্ড, আগের সময় নিশ্চয় একান্ত নিশ্চিন্তে কালাতিপাত করছিল। মানুষ তার জন্য এতটুকু দুশ্চিন্তা নিয়ে আপনাদের ঘরে উঠেছে সন্ধ্যা, কিন্তু তাদের উপর তার কোন হাত নেই। তাদের নিয়ে খেলা না করে ভবিষ্যতকে প্রথম চিন্তার উপর প্রতিষ্ঠিত করাই সুবুদ্ধিমানের। আপনি কি আপনার ভবিষ্যত সম্বন্ধে নিশ্চিন্ত আছেন? যদি ভবিষ্যতের কোন সুখস্বাচ্ছন্দ্য আজও না ক'রে থাকেন তবে আজই ডোমিনিয়নের জীবন বীমা করুন। ডোমিনিয়নের পলিসি আপনাকে অনিশ্চয়তার হাত থেকে নিশ্চয়তার এনে দেবে।

ডোমিনিয়ন
ইন্‌সিওরেন্স কোং লিঃ

১৫, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

ভারতের চাষ ও চাষী : দুর্ভিক্ষ ও সুযোগসন্ধান পরিস্থিতি

[শ্রীবিমলেন্দু মিত্র]

'আর্থিক জগতের' গত সংখ্যায় 'অরাজিয়া-বাস্তবতা-অর্থনৈতিক অভিযান' নামে একটী প্রবন্ধে আমরা চেষ্টা করেছিলাম যে বাংলাদেশে ১৯৪০ সালে যে মন্বন্তর ঘটেছে তার ফল আগামী কালে কোথায় গিয়ে দাঁড়াবে। শুধু যে জন-সংখ্যার উপর তার প্রভাব পড়বে তাই নয়, বাংলাদেশের আভ্যন্তরীণ অর্থনৈতিক অবস্থা ও শ্রেণী-সংস্থানেরও বদল হবে। সে সময় বাংলার চাষীদের অবস্থা কি হবে সে সম্বন্ধে আলোচনা অবান্তর নয়। ঐ প্রবন্ধে আমরা চেষ্টা করেছিলাম যে, আন্তর্জাতিক এবং আভ্যন্তরীণ বিধি হতে এমন কতকগুলি আঘাত আসার সম্ভাবনা আছে যে তার ফল অনেক ক্ষেত্রে সাংঘাতিক না হলে চাষ ও চাষীর অবস্থার বিশেষ অবনতি ঘটা বিচিত্র নয়।

তার পর ঘটনাস্রোত আরও এগিয়েছে। পক্ষান্তরে মন্বন্তর হতে উদ্ভূত সমস্যাগুলি অবশ্য আমাদের নিকটতর অতীতের সমস্যা, কিন্তু ক্রমশঃ ক্রমশঃ দেখা যাচ্ছে যে যুদ্ধ যত শেষের দিকে এগিয়ে চলেছে ততই কতকগুলি সমস্যা নানা রূপরঙের ফুটে উঠেছে। খাদ্যসমস্যা তার অন্যতম সমস্যা। এখন দেশে দেশে যে খাদ্য-সমস্যা দেখা যাচ্ছে সেটা যে কেবল যুদ্ধকালীন ব্যাপার তাই নয়। যুদ্ধের পরও সমস্ত জগৎ-ব্যাপী খাদ্যসমস্যা জোর করার থাকবে এ আশঙ্কা অমূলক নয়। সেই সঙ্গে সঙ্গে জগতের বিভিন্ন দেশের মধ্যে বাণিজ্যিক সম্বন্ধও আলাদার সম্ভাবনা হয়েছে। সেক্ষেত্রে শিল্পপ্রধান দেশগুলির সঙ্গে কৃষিপ্রধান দেশগুলির কি সম্বন্ধ স্থাপিত হবে, জগতে খাদ্যদ্রব্য ও শীতবাসের লাহিদা কি রকম থাকবে, ভারতবর্ষ তার মধ্যে কি রকম সুবিধা পাবে, এসব সমস্যাগুলি এখন থেকেই ধীরে ধীরে পরিস্ফুট হচ্ছে। আর সেই সঙ্গে ভারতবর্ষের কৃষির অবস্থা কি হবে, আমাদের চাষবাস উন্নতির পথে না অবনতির পথে, জগতে খাদ্যদ্রব্যের ও শীতবাসের সরবরাহ করতে হলে সব চেয়ে আর্থিক সুবিধা কি উপায়ে পাওয়া যেতে পারে, এ সমস্ত আলোচনা আমাদের যুদ্ধোত্তর পরিকল্পনার মূল আলোচ্য বিষয় হওয়া উচিত। বিশেষ এসব প্রবন্ধের সমস্যাগুলির কথা মনে রেখে আমরা বর্তমানে কোন্ দিকে অগ্রসর হচ্ছি এবং আমাদের কোন্ পথে অগ্রসর হওয়া উচিত সেই সম্বন্ধে দুই একটী কথা এ প্রবন্ধে আলোচনা চেষ্টা করব।

সম্প্রতি বোম্বাই হতে ভারতীয় শিল্প-পতিরা ভারতবর্ষের যুদ্ধোত্তর পুনর্গঠন সম্বন্ধে যে পরিকল্পনা প্রকাশ করেছেন সে পরিকল্পনার মধ্যে তাঁরা বলেছেন যে, পরের বছরের জন্যে তাদের মাথাপিছু আয় দ্বিগুণ করাই তাঁদের উদ্দেশ্য। তা করতে হলে, তাঁদের মতে, কৃষিজাত দ্রব্যের পরিমাণ এখনকার চেয়ে কিঞ্চিদধিক দ্বিগুণ করতে হবে, আর শিল্পজাত জিনিষ এখনকার চেয়ে পাঁচ গুণ করতে হবে। তাঁদের বাসনা যে নিয়ের এই অঙ্কগুলি হওয়া সত্ত্বেও আমাদের দেশ কৃষি-প্রধানই থাকবে, তবে আমাদের অর্থনৈতিক জীবনে কৃষির উপর এখনকার নির্ভরতা কিছু কমবে। তা হলে মোট পরিবর্তন হিসাবটী এই রকম দাঁড়ায় :—

	১৯৩৯-৪০ সালে দেশের মোট পণ্যদ্রব্য		
	শীত আয় (কোটী টাকার হিসাব)	অর্থনিক আয় (কোটী টাকার হিসাব)	বৃদ্ধি
শিল্প	৩১৩	১,২৪০	৪০০
কৃষি	১,১৩৬	২,৩৭০	১৩৩
চাকরীজীবী ও	৪৮৩	১,৪৪০	২০০

কিন্তু তাঁদের বাসনা হচ্ছে যে, চাষবাসের উন্নতির উদ্দেশ্যে যতটা উচিত দেশের লোকের বাড়তি খাবারের সংস্থান করা। এইখানে তাহলেও কি আমরা আন্তর্জাতিক ব্যবসার ক্ষেত্র পরিত্যাগ করে একেবারে স্বয়ং-সম্পূর্ণতার নীতি গ্রহণ করব? আর আন্তর্জাতিক ব্যবসায় যদি ক্ষেত্রে দিলেও আমাদের ব্যাপারের আমাদের কৃষির রূপ-বিবর্তন কোন্ দিকে এবং তার আনুমানিক উন্নতি কি ভাবে সম্ভব?

আভ্যন্তরীণ বিষয় থেকেই কথাটা প্রথমে আলোচ্য। শিল্পপতিদের পরিকল্পনায় চাষের উন্নতির প্রাথমিক উদ্দেশ্য হচ্ছে দেশের লোকের ভাল আহারের সংস্থান করা। কিন্তু উন্নতি কথাটা মুখের কথা, আমাদের কৃষি যে ক্রমশঃ অবনতির দিকেই চলেছে সে বিষয়ে সন্দেহ নাই। ১৮৯৯ সালের ফেমিন কমিশনের রিপোর্ট হতে জানা গিয়েছিল যে সে সময় প্রতি বছরে ব্রিটিশ ভারতে উৎপন্ন খাদ্যদ্রব্যের পরিমাণ ছিল ৫১৫০০০০০ টন (এর মধ্যে বর্মা হতে প্রতি বছর আমদানী ৬০০০০০ টন ধরা হয়নি), আর এদেশের মোট লোকসংখ্যা ছিল ২৭১৮৫০০০ টন। ফলে প্রতি বছর উদ্বৃত্ত থাকত প্রায় ৫১৮৫০০০ টন, এই উদ্বৃত্ত ফসল বছরাবী বন্ধ বা এদেশেই সঞ্চিত থাকত। ১৯৩৮ সালের ফেমিন কমিশনের রিপোর্ট হতে জানা যায়, অবস্থার অনেক বদল হয়েছে :—

জনসংখ্যা	খাবারের ফসলের চাষের পরিমাণ (একর)	উৎপন্ন খাদ্য-ফসলের পরিমাণ (টন)	খাদ্যদ্রব্য ছাড়া অন্য ফসলের জমির পরিমাণ (একর)	মোট খাদ্যদ্রব্যের প্রয়োজনের পরিমাণ (টন)	উদ্বৃত্ত
২১৩৯২১৩৭	১৮৮৪১১৪৫০	৪৮৮৩৯৩৭২	৩৬৭১৫৫৩০	৫৮৩৪৮৮৪৫	৯৫৩৪১৫৭

এই সম্বন্ধে ষোলজাতকের লেখার আলোচনা করে দেখিয়েছেন যে, ১৯৩৯ সালে যে যে প্রদেশ নিয়ে হিসেব করা হয়েছিল ঠিক সেই প্রদেশগুলি নিয়ে হিসেব করলে দেখা যায় যে, সেখানে জনসংখ্যা বেড়েছে শতকরা ১৭ জন (১৮ কোটী হতে ২১ কোটী হয়েছে) আর খাবারের চাহিদা ৪·৭ কোটী টন হতে ৫·৪ কোটী টন হয়েছে। অথচ এ সময় খাবারের বিনিময়ে, দেশের জমির পরিমাণ বেড়েছে শতকরা মাত্র ৮ জন (১৬ কোটী হতে ১৮ কোটী একর), আর এই বাড়তি জমি নিয়েও মোট ফসলের পরিমাণ ৫·৩ কোটী টনের বেশী নয়। সুতরাং পূর্বে যেখানে সকল রকম চাহিদা মিটিয়েও ৫১ লক্ষ টন উদ্বৃত্ত থাকত, এখন

সেখানে মাত্র ১৭ লক্ষ টন উদ্বৃত্ত থাকার সম্ভাবনা। অবশ্য সে সম্বন্ধেও কেমিন কমিশন মন্তব্য করেছিলেন যে, We think that the surplus produce of India taken as a whole, still furnishes ample means of meeting the demands of any part of the country likely to suffer from famine at any one time, supposing such famine to be not greater in extent and duration than any hitherto experienced.

তার পর কি অবস্থা হয়েছে সে সম্বন্ধে কিছু আলোচনা করা যেতে পারে। সম্প্রতি প্রকাশিত মূল গ্রেন পলিসি কমিটীর রিপোর্ট হতে দেখা যায়, আমাদের দেশে উৎপন্ন ফসল ও আমদানী ফসল বাদ দিয়ে মোট খাদ্যদ্রব্য যা পাওয়া যায় তার পরিমাণ মোটামুটী ৫'০ কোটী টনের কাছাকাছি (৯ পৃঃ দ্রষ্টব্য)। এ হতে আমদানী বা রপ্তানী ফসলের হিসাব বাদ দিলে এদেশে উৎপন্ন খাদ্যদ্রব্যের একটা আন্দাজ পাওয়া যায়। এভাবে হিসেব করে দেখা যায় বিভিন্ন সনে নিম্নলিখিত পরিমাণ খাদ্যদ্রব্য এদেশে উৎপন্ন হয়েছে :—

১৯৩১-৩২	৫'১৮ কোটী টন
১৯৩২-৩৩	৫'৫৪ " "
১৯৩৩-৩৪	৫'৩৭ " "
১৯৩৪-৩৫	৫'৯৮ " "
১৯৩৫-৩৬	৫'৭০ " "
১৯৩৬-৩৭	৫'৩২ " "
১৯৩৭-৩৮	৫'৬১ " "
১৯৩৮-৩৯	৫'৭৩ " "

সুতরাং দেখা যাচ্ছে, ১৮৯৮ সালে যে পরিমাণ খাদ্যদ্রব্য এদেশে উৎপন্ন হত এখন উৎপন্ন ফসলের পরিমাণ তা হতে বাড়ে নি, বরং কমেছে।

সেই প্রসঙ্গে বলে রাখা দরকার, আমাদের জনসংখ্যা বেড়েছে। সুতরাং পূর্বে জনসংখ্যা ১৮ কোটী থাকায় ৫'৪ কোটী টন খাদ্যদ্রব্য রপ্তানী করার ফলে কেমিন কমিশন সিদ্ধান্ত করেছিলেন, জনসংখ্যা ৪৩ কোটী হলে প্রয়োজনীয় খাদ্যদ্রব্যের পরিমাণ এই হিসাবে অন্ততঃ ১২ কোটী টন হওয়া উচিত। কিন্তু পূর্বে যেখানে ৫'৩ কোটী টন খাদ্যদ্রব্য উৎপন্ন হত, এখন সেখানে মাত্র ৫'২২ কোটী টন বার উৎপন্ন হচ্ছে। সুতরাং এ হতে আমরা দুটী সিদ্ধান্ত করতে পারি—(১) পূর্বের তুলনায় উৎপন্ন খাদ্যদ্রব্যের পরিমাণ আপেক্ষিক ভাবে বেড়েছে, (২) জনসংখ্যার বৃদ্ধির ফলে এবং সঙ্গে সঙ্গে এই ফসলের অধিকতর পরিমাণ ভক্ষণের অভাবও বেড়েছে। মূল গ্রেন পলিসি কমিটী পর্যন্ত করতে বাধ্য হয়েছেন যে, It is now doubtful that (a) the amount actually available out of the physical supply has decreased and (b) that demand, in relation to the availability of supply, has increased. যদিও অবশ্য এখনকার অবস্থার বিষয়ে সঠিক কোনো মন্তব্যই করেছেন, কিন্তু মন্তব্যগুলি সুস্পষ্ট ভাবেই বেদনাদায়ক।

কিন্তু উৎপন্ন ফসলের পরিমাণ ছাড়া আমাদের খাদ্যদ্রব্যের সম্পূর্ণ চিত্র পাওয়া যায় না। জমির ফসলের পরিমাণ কত আছে সে কথাও এই প্রসঙ্গে বিবেচ্য। পূর্বেই উল্লেখ করেছি, ১৮৯৮ সালের কেমিন কমিশনের হিসাব অনুসারে বাবদ ফসল উৎপন্ন হত মোট ১৮৩১১৫১০ একরে, আর অন্যান্য ফসল উৎপন্ন হত ৬৮৯৭৫৫৮০ একরে। ইয়ার-বুক অব্ এগ্রিকালচার হতে জানা যায় ১৯৩৮-৩৯ সালে চাষের জমির পরিমাণ ছিল এই রকম :—খাদ্যের ফসল ১৮৯২৫৭৪৮২ একর, অন্য চাষ ২০১১২৪৯৮ একর। সুতরাং দেখা যাচ্ছে এই পঞ্চাশ বছরে জমির পরিমাণ কিছু বেড়েছে, কিন্তু উৎপন্ন ফসলের পরিমাণ কমেছে। পূর্বে অল্প জমিতে যে পরিমাণ ফসল হতো এখন বেশী জমিতেও তার চেয়ে কম ফসল হচ্ছে—অর্থাৎ একর প্রতি ফসলের পরিমাণ কমছে। আর্থিক অনুসন্ধান সাধারণ লিখিত প্রবন্ধে বাংলার বাদের ফসলের পরিমাণ প্রতি বিঘায় কি ভাবে কমছে তার হিসাব উদ্ধৃত করা ছিল। সে হিসাব হতে জানা যায়, ১৯০০-০১ সালে বাংলার প্রতি একরে উৎপন্ন ধানের পরিমাণ ছিল ৮৭০ পাউণ্ড, কিন্তু ১৯৩৮-৩৯ সালে তা কমে ৭০১ পাউণ্ডে দাঁড়িয়েছিল।

সুতরাং আমাদানীর দিক্ থেকে আমরা তিনটী প্রধান সিদ্ধান্ত করতে পারি। প্রথমতঃ জনসংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে আমাদের খাদ্যদ্রব্যের চাষ বাড়া উচিত ছিল, তা মোটেই বাড়ে নি। দ্বিতীয়তঃ, আগে যে পরিমাণ ফসল হত এখন তার চেয়ে ফসলের পরিমাণ কমেছে। তৃতীয়তঃ, জমির ফসল কমছে। জমির অবনতি সর্বত্রগামী; প্রত্যেক দিকেই চাষের অবনতি দেখা যাচ্ছে। অবশ্য এই প্রসঙ্গে আর একটী প্রশ্ন জিজ্ঞাস্য। পূর্বে যে ফসলের পরিমাণের হিসাব করা হয়েছে সে কেবল এদেশে উৎপন্ন ফসলের। বলা যেতে পারে, যদি Principle of Comparative Advantage অনুসারে যাবার ফসল বাদে উৎপাদন করার চেয়ে বিদেশ থেকে আমদানী করাতে সুবিধা হত তাহলে এদেশে চাষের পরিমাণ কমলেই বা ক্ষতি কি? অবশ্য যুদ্ধ-বিগ্রহের সময় এ যুক্তি চলে না, এমন কি অন্য সময়েও এরূপ আমদানীতে আমাদের আপেক্ষিক সুবিধা কি বা সে বিষয়েও সন্দেহ আছে। কিন্তু সে কথা ছেড়ে দিলেও দেখা যায় আমদানীও বেশী কিছু হয় নি। এই কয় বছরের মধ্যে ১৯৩৯-৪০ সালে সবচেয়ে আমদানী সর্বাপেক্ষা বেশী হয়েছিল, কিন্তু তা-ও প্রথম প্রথম সব ফসল মিলিয়ে ২২ লক্ষ টনের বেশী নয়। (মূল গ্রেন পলিসি কমিটী রিপোর্ট ৮ পৃঃ দ্রষ্টব্য)। অর্থাৎ যেখানে যাবার চাল আমদানী হত তা ১২ লক্ষ হতে ১৭ লক্ষ টনের মধ্যে। ১৮৯৮ সালের কেমিন কমিশনের রিপোর্টে জানা যায় যে সমস্ত বর্মা হতে ৫৫ লক্ষ টন চাল আমদানী হচ্ছিল। তাহলেই এদেশে উৎপন্ন ফসলের সঙ্গে এদেশে আমদানী ফসল যোগ করলেও আমাদের খাদ্যাভাব কমে না। পূর্বের চেয়ে অবস্থার অবনতি হয়েছে এ কথা অনস্বীকার্য।

সুতরাং বিভাগভিত্তিক পরিবর্তমান চাষের উল্লিখিত প্রধান উপাদান যেটী দেখিছি হতে দেখা যায় আমাদের চাষের অবনতি ঘটেছে। অর্থাৎ ভাল খাদ্যদ্রব্য উৎপাদনই যদি চাষের প্রাথমিক লক্ষ্য হয় তাহলে বলতে হয় আমরা ক্রমশঃ ক্রমশঃ অবনতির দিকেই এগিয়ে চলেছি।

এইবার অন্য দিক্ হতে চাষের অবস্থাটা আলোচনা করা যেতে পারে। দেশের চাষীদের ভাল আয়ের অবস্থা করতে হলে দেশে যেমন খাদ্যদ্রব্য উৎপাদনের সুব্যবস্থা থাকা দরকার চাষীদের সেইরূপ ক্রয়ক্ষমতারও থাকা দরকার। এই ক্রয়ক্ষমতা তাদের দুভাবে বাড়ানো যেতে পারে। প্রথমতঃ তাদের চাষের উন্নতি করে অর্থাৎ তাদের কম খরচে বেশী ফসল উৎপাদনের ব্যবস্থা করে; দ্বিতীয়তঃ কিছু খাবার ফসল বা অন্য ফসল বিশেষ কিছী করে অপেক্ষাকৃত সুবিধার অন্য জায়গা হতে ফসল সংগ্রহ করা বা আনুষঙ্গিক বিনিময় চালানো। ইটু, ফিক্ ফসকারেলে এই সিদ্ধান্তই করেছে। 'ইকনমিষ্ট' পত্রিকার কথায়, The prior charge upon each country will be to provide the goods of high nutritional value—beyond this basic domestic priority "consumption needs must be met from the most effecient sources of production" in whatever areas, at home or abroad, those sources may be found. expansion and effeciency are the first two Hot Springs principles—the third is ease of exchange.

এ পর্যন্ত ভারতবর্ষে এমন কিছু ব্যবস্থা হয় নি যাতে চাষীদের কম খরচে বেশী ফসল উৎপাদন সম্ভব হতে পারে। বরং জমি যত ভাগ ভাগ হয়ে যাবার ফলে, জমির উৎপাদিকা শক্তি কমবার ফলে, এবং খাজনা বাড়া হওয়ায় চাষের অবস্থা ক্রমশঃ হীনতর হচ্ছে। সেজন্যে আমদানে জিনিষ যাকে তাকে আনুষঙ্গিক বিনিময়ে ফসল থেকে আনুপাতিক সুবিধা করতে পেরেছে কি না। বিদেশ হতে আমাদের দেশের আনুষঙ্গিক বিনিময়ের হার (Net Barter Term of Trade) আলোচনা করলে দেখা যায় সে হারও ক্রমশঃ ভারতবর্ষের বিরুদ্ধে হচ্ছে। অবশ্য এই হার নির্ধারিত হচ্ছে মূলতঃ রপ্তানী আমদানী-দ্রব্যাদির হিসাবের উপর, কিন্তু তা হলেও এ হতে একটী আন্দাজ পাওয়া যায় :—

ভারতের আনুষঙ্গিক বস্তু-বিনিময়ের নীট হার (Net Barter Term of Trade)

১৯২৭-২৮ = ১০০

১৯২৮-২৯	১৯৩০-৩১	১৯৩৪-৩৫	১৯৩৫-৩৬	১৯৩৯-৪০
১০১'১	৮৯'৪	৮৮'৯	৯১'৬	৮৩'৮

(ডঃ যোশীলিখিত নিবন্ধ Indian Currency Problems in the Last Decade ও রিজার্ভ ব্যাঙ্কের Report on Currency & Finance হইতে সঙ্কলিত)

[তা হলে দেখা যাচ্ছে, খাদ্যদ্রব্য উৎপাদনের দিকু থেকেও আমাদের চাষের অবনতি ঘটেছে, কলকারখানাতেও আমাদের লাভ হচ্ছে না। আমাদের কৃষি হতে আমাদের লোক ফিরছে না, অর্থব্যবস্থাও আপেক্ষিকভাবে কমছে। এক কথায়, আমাদের অবনতি সব দিকেই।

২

আমাদের কৃষি এই ভাবে অবনতির দিকে এগিয়েছে, এবার সমীক্ষা সুরু করা যাক। পূর্বোক্ত পটভূমিকা মনে রাখলে মন্বন্তরকালীন ঘটনাগুলির প্রকৃত তাৎপর্য্য বোঝা সহজ হয়। ফলের ফলে খাদ্যদ্রব্যের উৎপন্ন অত্যন্ত হ্রাস পড়ল। চাষীরা দিশেহারা হল কৃষিকে ছেড়ে। প্রথমতঃ, আগে তাদের এমনে যৌথু খাদ্যদ্রব্য পাওয়া যেত তাও আর পাওয়া সম্ভব হল না, দ্বিতীয়তঃ যৌথুও পাওয়া গেল তার দাম অত্যধিক বেশী। খাদ্যদ্রব্যের পরিমাণ কমবার কারণ আগেই বলেছি। অস্থায়ী হয়ে বহু পরিমাণ খাদ্যদ্রব্য দেশের বাইরে চলে যায়। সেই সঙ্গে সরকার বহু পরিমাণ বস্ত্র ত্রিপাত্রাল পলিসি ও নাবরিক প্রয়োজনে কিনে আনেন, সেজন্য জনসাধারণের জন্য খাদ্যবস্ত্র পাওয়া কঠিন হয়ে উঠল। দেশের ও অন্যান্য যানবাহন-ব্যবস্থার অসুবিধার জন্যে যেখানে কিছু খাদ্যদ্রব্য ছিল সেখান থেকে খাদ্যদ্রব্য আনবার খাদ্যও সহজ হয়ে উঠল না। এ ছাড়া কিছু চোরা বাজার, কিছু মজুত, কিছু মুনাফার লোভে মজুত ইত্যাদি নানা কারণে খাদ্যদ্রব্যের পরিমাণ আরও কমেছিল। এর উপর আমদানী বন্ধ। মূল ফ্রেন পলিসি কমিটীর মতে খাদ্য-সঙ্কটের প্রধান কারণ এইগুলি :—(ক) সরবরাহের দিক হতে দেখা যায়, (১) জমি হতে আমদানী বন্ধ হওয়ার ফলে বোম্বাই, মাদ্রাজ প্রভৃতি যে সব খাদ্যতি অঞ্চল সাধারণতঃ বর্ষার উপর নির্ভর করত সেই সব জায়গায় খাদ্যাভাব ঘটল। (২) বাংলার নষ্টিক খাদ্যের পরিমাণ কমে যাওয়ায় এবং ফলে খাদ্যাভাব বাড়ে। (খ) চাহিদার দিক হতে দেখা যায় (১) বাজারে খাদ্যাভাবের সঙ্গে মূল্য নিয়ন্ত্রণ হওয়ায় ফলে মানসিক অবস্থারও বিপর্য্যয় ঘটে, ফলে সমাই ক্রয় পায়। (২) বেশী মজুত করার ফলে এবং কোথাও কোথাও আমদানির পরিমাণ বাড়বার ফলে বাজারে যে পরিমাণ খাদ্য আসছে তা আগেকার। সেই অল্প সরবরাহের তুলনায় এই প্রভাব অত্যন্ত বেশী পড়ে। (৩) বাজার আর মূল্যের ফলায় এই সুযোগকে ফেরেরে ভাবের চাহিদাও বেড়েছে। (৪) সব রকমের উদ্বৃত্ত ধন বাজার সন্ধানের চীনরা বেড়েছে। (৫) চোরা বাজারে ইত্যাদিতে কিছু মাল লুকানো যাচ্ছে। (৬) নিলিম পাওয়া যাবে না এই ভয়ও চাহিদা বেড়েছে। মূল ফ্রেন পলিসি কমিটী যে সব ঘটনা ফলাও করেও বলে নি তা হচ্ছে মনস্তাত্ত্বিক। তাঁরা বলেছেন, মূল্যের মধ্যে এমন কোন বাজারের আছে যাতে ভবিষ্যতে ইত্যাদি ইত্যাদি হবে, কিন্তু এই সকল প্রভাবান্বিত দ্বারা ভবিষ্যতে যে খাদ্য-সঙ্কটের একটা প্রধান কারণ সে কথা তাঁরা স্পষ্টভাবে স্বীকার করেন নি। আর মুদ্রানীতি সম্বন্ধে তাঁরা কোন মন্তব্যই করেন নি। অথচ ইণ্ডিয়ার মনে আমাদের মুদ্রা সম্প্রসারণের অধিকার থাকায় ভারতবর্ষের অবস্থা সত্যিকারের ঘরে উঠেছে। প্রত্যেক আন্তর্জাতিক কারবারেরই নিয়ম মধ্যে কোনো বিদেশের মুদ্রা সংগ্রহ করে তাকে দাম দেয়, মুদ্রা সংগ্রহের উপায় না থাকলে কিনিষ কিনতে পারে না। কিন্তু এখানকার বিধান ঠিক বিপরীত। ভারত সরকার জিনিষ সরবরাহ করছেন, ব্রিটিশ সরকার তার বদলে ভারতী ইণ্ডিয়ার ভারত সরকারের নামে লিখে দিচ্ছেন, আর ভারত সরকার আবার সেই ইণ্ডিয়ার জোরে নোট ছেপে এখানে জিনিষ-পত্রের দাম দিচ্ছেন। ফলে দাম চড়তে থাকা। তাছাড়া দাম কমাবার যথোচিত কোনও চেষ্টাই সরকার করেন নি, ফলেও একেত্রে তা সফল হয় কি না সন্দেহ। 'ইকনমিষ্ট' পত্রিকার কথায় এই অবস্থাটি বর্ণনা করা যেতে পারে :—

The story of India and every analysis of India's food position must be that there is not enough food available, and not enough purchasing power in the hands of the poor, to prevent tragically many deaths from starvation and disease, in good or bad times—in both this country (U. K.) and the United States even the austerest principles of war economy give the bare necessities of civilian life at least as high a priority as munitions themselves. In India the belt has been tightened when there was less than no slack to take in (Economist, Oct. 10, 1943)

এই মুদ্রাকালীন ঘটনাবলীর ফলে আমাদের দেশে কৃষির বহু পরিবর্তনের সম্ভাবনা। যদীয় পূর্বোল্লিখিত প্রবন্ধে বলবার চেষ্টা করেছিলাম, আমাদের দেশে মূল্যের ফলে শিল্প কিছু অগ্রসর হল ঘটে, কিন্তু চাষের কিছু অগ্রগতি হল না। যদি দেশের আর্থিক অগ্রগতির মধ্যে কৃষি ও শিল্পের সামঞ্জস্য করার যা থাকে তাহলে জাতীয় অর্থনৈতিক সংগঠনের দিক হতে তা অনিষ্টকর। নিয়ন্ত্রিতদের পরিকল্পনাতে এই জাতীয় চাষ ও শিল্পের মধ্যে অধিকতর সামঞ্জস্য বিধানের চেষ্টা করা হয়েছে। তাঁরা অবশ্য আন্তর্জাতিক সমন্বয় স্থাপনের দিকে বেশী জোর দেন নি। ছাই ভিন্ন অবস্থাতেও আন্তর্জাতিক বিনিময়ের উপর অবশ্যই জোর দেওয়া হয়েছে, কিন্তু সেখানেও খাদ্যের মূল্যের যে নানা অসঙ্গতি বিদ্যমান তখনও দেখা যায় আমাদের যে অঞ্চল খুরোপের যে অঞ্চলের কৃষি ও শিল্পের সামঞ্জস্য নেই। তাঁরা সমস্ত জগতের দিক থেকে এই কৃষি ও শিল্পের যে সামঞ্জস্য বিধান করতে চেয়েছেন (তাঁদের কথায় সমস্তাটী হচ্ছে—The establishment of optimum terms of world trading between farm production and manufacture) এদেশের নিয়ন্ত্রিতরা আমাদের দেশের অনুকূলতার অবশ্যই সেই সামঞ্জস্য স্থাপন করতে চেয়েছেন। কিন্তু আমাদের অর্থনৈতিক জীবনে আন্তর্জাতিক লেনদেনেরই প্রাধান্য থাক, যা জাতীয় স্বয়ং-সম্পূর্ণতার উপরেই জোর দেওয়া হচ্ছে, কৃষি ও শিল্পের মধ্যে একটা সামঞ্জস্য থাকা অবশ্য প্রয়োজন। দেশের আর্থিক শক্তি কৃষি, শিল্প ও ব্যবসার মধ্যে এমনভাবে বিভক্ত হওয়া উচিত যাতে আমাদের সব চেয়ে সুবিধা হয় এবং জাতীয় আয় সর্বাপেক্ষা বাড়ে। এই মূল্যের ফলে চাষ ও শিল্পের অনেক অগ্রগতি ঘটেছে। কোনও কোনও শিল্পের কিছু অগ্রগতি হয়েছে, কিন্তু কোন কোন শিল্প, বিশেষতঃ ছোট শিল্প, অনেক লাভই আদায় দেয়েছে। অন্যদিকে মূল্যের ফলে চাষীর উন্নতি কোথাও কোথাও হয়েছে, কিন্তু 'আমার-কলম-আমার' আন্দোলনের প্রচলন সত্ত্বেও দেশের কোনও উন্নতিই হয় নি। চাষীর অবস্থাও সব জায়গায় সমান নয়। উদাহরণ স্বরূপ বলা যায়, পাঞ্জাবের অবস্থা আর বাংলার অবস্থা আকাশ-পাতাল তফাৎ। বাংলাদেশে, বিশেষতঃ ১৩৫০ সালে, এমন একটা অবস্থা ঘটেছিল যে চাষীদের প্রায়শঃ কমিল। মূল ফ্রেন পলিসি কমিটীর হিসেব অনুসারে বাংলা সরকারি সাধারণতঃ ৩ লাখ টন খাবার নীচে আমদানি করে, কিন্তু পাঞ্জাবে সাধারণতঃ সাড়ে সাত লাখ টন খাবার উদ্বৃত্ত হয়। মূল ফ্রেন পলিসি কমিটীর মতে গত বছর বাংলার সাত লক্ষাধিক আমাদের বাইরে ছিল। এই বাইরের হিসাব নিয়ে তর্ক তুলতি যে। কিন্তু বাইরে যতটুকুই হোক, তার ফল সব চেয়ে সাংঘাতিক হয়েছিল চাষীদের পক্ষে; যদি চাষীদের হাতে খাদ্যদ্রব্য থাকতো তা হলে তাদের দুর্দিনে প্রাণহানি হত না, আর কিছু খাদ্যও তারা পেত। কিন্তু যে অবস্থায় তাদের সব পুরোনো আমাকাপড় কলল চাষীদের আমদানি হয়ে গেছে। সুতরাং তাদের অবস্থাই সবচেয়ে সঙ্কটজনক হয়ে দাঁড়াল। : পাঞ্জাবে এ অবস্থা ছিল না। সেখানে কিছু যে চাষীদের হাতে শস্য ছিল এবং সেই শস্য প্রয়োজন মত ছেড়ে তারা কিছু বেশী দামও পেয়েছিল তাই নয়, আরও সাধারণ ভাবে তাদের এমন অবস্থাগুলি হয়ে কৃষি হয়েছিল যা বাংলার চাষীদের তাদের ছিল না। যেমন, পাঞ্জাবে সমবায়-পরিচালনের অভিজ্ঞতাই মূল্য যোগাবার করেছে, যা হতে তাদের আরও হয়েছে। পাঞ্জাব বিরোধী বা মূল্য এ সম্বন্ধে একটী চিঠে

দারুণ গ্রীষ্মে



"কুলার"



আপনার সহায়ক হউক

ডি, সি, সিলিং পাখা



প্রস্তুতকারক :—

স্বস্তিকা ইলেক্‌ট্রিক ওয়ার্কস্

৬নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

ফোন
কলি : ৪৮৭৪

টেলি :
INDIGENOUS

আমরা আনন্দের সহিত জানাইতেছি যে আমাদের সমস্ত শেয়ার বিলিকৃত হইয়া গিয়াছে।

অভিজ্ঞ ও বিশেষজ্ঞ দ্বারা পরিচালিত বিশুদ্ধ ও অকৃত্রিম আয়ুর্ব্বেদীয় ঔষধ প্রস্তুত ও প্রচলনের একটি নির্ভরযোগ্য।

প্রতিষ্ঠান

দি আয়ুর্ব্বেদ ভবন লিঃ

হেড অফিস—পুরাণবাজার (চাঁদপুর), ত্রিপুরা।

দেশবরেণ্য প্রবীন জননায়ক

৺হরদয়াল নাগ মহাশয়ের অভিমত ঃ—

"...অতি অল্পকালের চেষ্টায় এই ঔষধালয়টী একটী নির্ভরযোগ্য প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে।..... সমগ্র দেশবাসীকে অনুরোধ করিতেছি যে, উক্ত আয়ুর্ব্বেদ ভবনটী যেন সকলেরই ভাবীকালী সহানুভূতি পাইয়া পূর্ণভাবে গড়িয়া উঠে। আমি সর্ব্বান্তঃকরণে উহার শ্রীবৃদ্ধি কামনা করি।"

ঔষধ বিক্রয়ের জন্য সর্ব্বত্র এজেন্সী খোলা হইতেছে। কতিপয় অভিজ্ঞ কবিরাজ নিযুক্ত করা হইবে, আবেদন করুন।

আউলিল অর্থ, ষ্টেটে বিশেষের. সেটি লক্ষণীয় :—

প্রদেশ	সশস্ত্রবাহিনীতে ভর্তির সংখ্যা	চাষী-পরিবার হতে সংগৃহীত খাদ্য	খাদ্যের জন্য ইস্যুকৃত এজেন্ট মহাজনের সংখ্যা	কিস্তির	মোট কৃষিঋণ	কোঅপারেটিভ	ব্যাঙ্কসমূহ থেকে ঋণ ইত্যাদি
পাঞ্জাব			৩০০০০০	১৫০০০	৩৫০০০		
মাদ্রাজ			৯৫০০০	৭০০০	৪৯০০০		
যুক্তপ্রদেশ			১৩০০০০	—	১৮০০০		
বাংলা			৪২০০০	২৩০০	৫০০০		
বোম্বাই			৫৩০০০	২২০০	৯৫০০		
উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশ	৭০০০০	৮৩	৪১০০০	—	৮০০০	—	—
বিহার	৪০০০০	—	—	—	—	—	—
মধ্যপ্রদেশ	২০০০০	নাই	—	—	—	—	—

মন্তব্য নিষ্প্রয়োজন। এইরূপ অসম বিকাশের ফল ভাল হয় নি। যেখানে চাষীদের উপর আঘাত সব চেয়ে বেশী পড়েছে সেখানে চাষবাসের সমস্ত ব্যবস্থা আকুল হয়ে গিয়েছে। জমি চাষীদের হাত-ছাড়া হয়েছে, ভূমিভূক্ত মজুরদের আর্থিক সামর্থ্য ও মোট সংখ্যা উভয়ই কমেছে, সবের ওপরে জমির পতিত হয়েছে. চাষীদের শেষ সম্বলটুকু পর্যন্ত নিঃশেষ হওয়ায় বীজের জন্য প্রয়োজন হাল বলদ টানাটানি সব কিছুরই অভাব ঘটেছে। অন্যদিকে যেখানে চাষীদের অবস্থা সচ্ছল হয়েছে সেখানে সেখানে সেই অর্থ ফসলের দাম অনাবশ্যকভাবে বাড়াবার সহায়তা করেছে। সেখানে সে অর্থ জমিতেই পুনর্বার বিনিয়োজিত হয়েছে, কিন্তু জমি সেখানে যেখানে ওপরে অত্যধিক চাপে। বিশেষ হতে দেখা যায় মোট জমির পরিমাণ যে বেড়েছে তা নয়। সুতরাং এরকম ক্ষেত্রে অর্থ হচ্ছে শুধু জমি-বন্টনে, একজনের হাত হতে টাকা আর একজনের কাছে যাচ্ছে। সেইরূপ সমষ্টিগত দিক হতে যদিও আমাদের চাষের উন্নতি কিছুমাত্রই হচ্ছে না, চাষের মোট জমির পরিমাণও বাড়ছে না, নতুন নতুন উপায়ে নতুন নতুন ফসল চাষের ব্যবস্থাও হচ্ছে না, অথচ বহুক্ষেত্রে বেশী ফসল ফলাবার কোনও বাধ্যবাধকতা হচ্ছে না, শুধু ফ্রেডিসংস্থানের মধ্যেই আমাদের অনেক আর মূলধনীতির আকার ক্রমশঃই বেড়ে চলেছে, তার প্রভাবও চাষবাসে ক্রমশঃই বাড়তে পড়ছে। এই অর্থ যদি সুচিন্তিত পরিকল্পনা অনুসারে কৃষিতে নিয়োজিত হত বা শিল্প গড়বার সহায়তা করত তাহলে আমাদের একটা স্থায়ী উন্নতির সম্ভাবনা ছিল। এখন শুধু ফসলের দাম বাড়ার ফলে জমির দাম বেড়েছে, পরে যখন ফসলের দাম কমবে তখন বর্তমান ঋণীদেরকে মোকদ্দমা করে করতে বা পাওনা জমি আবার হস্তান্তরিত হবে। আন্তর্জাতিকভাবে এতে আমাদের লাভের চেয়ে লোকসানই বেশী, কেননা এখনকার মালিকেরা শেষ পর্যন্ত লাভবান হলেন কি না হলেন সে কথা ছেড়ে দিলেও শুধু জমির দিক থেকে বা কৃষির দিক থেকে বিচার করলে দেখা যায় এ রকম ঘন ঘন হস্তান্তরে চাষের উন্নতি হওয়া সম্ভব নয়। একটা বা দুটো বড় জমিদারের কৃষির দোষও উন্নতি হয়নি, বরং ক্রমিক অবনতিই ঘটেছে। সেই জন্য এখন যেখানেও কোম্পানী ও মহাজনের হাতে কিছু টাকা এসেছে, সেখানেও আপনা আপনি কৃষির উন্নতি ঘটছে, এ আশা দুরাশা।

সুতরাং দেখা যাচ্ছে, শুধু কৃষির দিক্ থেকে কৃষির কথা আলোচনা করলে দেখা যায়, যুদ্ধের ফলে সেদিকে আমাদের কোনও উন্নতি হয় নি। বরং যুদ্ধের ফলে নানারকম অসুবিধা ও অনাবশ্যক সৃষ্টি হয়েছে। কিন্তু শিল্পের দিক্ থেকে কৃষির কথা আলোচনা করলেও দেখা যাবে সেদিকেও আমাদের কোনও সুবিধা হয় নি। পূর্বেই উল্লেখ করেছি যে শিল্পসংস্থিতির পরিবর্তনের জন্যদের যন্ত্র-সম্পূর্ণতার দিকেই ঝোঁক বেশী পড়েছে, এমনকি শিল্পের যাঁতা কালের সহায়তাও পড়ছে। এই পক্ষপাতিত্ব সম্পূর্ণ অসমর্থনযোগ্য। যে সব দেশ আমাদের বেশী শিল্পপ্রধান অথচ যাদের যাঁতা কাল তখন সেই সব দেশে বিশেষ হাত যাঁতা কাল আমদানী করে অনেকের শিল্প চালু রাখতে বাধ্য। কিন্তু যাঁতা কালের প্রবর্তনাই আমাদের দেশের সবচেয়ে প্রধান বাধা, অথচ আমরা যদি আমাদের দেশের যাঁতা কাল নানা শিল্প সঙ্গে তুলে তার জন্য ব্যবস্থার না করতে পারি তাহলে আমাদের উন্নতি অসম্ভব। আমাদের চাষের অবস্থিতি হলে আমাদের উৎপন্ন যাঁতা কালের পরিমাণই কমবে তা নয়, যাঁতা কাল উৎপাদন যদি সুচারুরূপে না হয় তা হলে তার যাবও সস্তা হবে না, ফলে শিল্পের বিনিময়গুলিরও দাম চড়তে থাকে। এক কথায়, সব দিকে পূর্ণতা দেখতে হলে একটা সর্বব্যাপী সুনিয়ন্ত্রিত সুচিন্তিত পরিকল্পনার দরকার। আমাদের দেশে তার কোনও সম্ভাবনা নেই। এই প্রসঙ্গে একটী কৌতূহলোদ্দীপক ব্যাপারের উল্লেখ করা যেতে পারে। প্রত্যেক দেশের অর্থনৈতিক বিবর্তনে দেখা যেতে, যখন চাষীদের অবস্থা স্বচ্ছল হয় তখনই সেখে উৎপন্ন কৃষির মূল্যের পরিমাণ কমতে থাকে। চাষীদের হাতে টাকা এলেই তারা কৃষির বিনিময় যেতে দিয়ে ও ব্যবসায়ে বিনিময় বিনিময় থাকে বেশী, ফলে ঐ বিনিময়গুলির চাহিদা বেড়ে যায়। সে সময় যদি শিল্পে বা ব্যবসায়ে অভাবগ্রস্ত লোক না থাকে তাহলে দেশের মজুরদেরই দল বেড়ে শিল্পে ও ব্যবসায়ে খাটতে আরম্ভ করে। তাতে চাষের পরিমাণ কমবার সম্ভাবনা। দক্ষিণ আমেরিকা, অস্ট্রেলিয়া প্রভৃতি অঞ্চলে এরকম ঘটনা ঘটতে দেখা গেছে। ভারতবর্ষের অন্যরূপ ঘটনা ঘটা বিচিত্র নয়। কিন্তু অনিবার্য্যের ভাবে এরকম পরিবর্তন ঘটার বিলম্ব আছে; ভারতবর্ষে শিল্প ও ব্যবসায় প্রসার হওয়া অবশ্য প্রয়োজনীয়, কিন্তু সে ভাবনে কৃষিরও অবহেলা করা চলে না। শিল্প প্রভৃতির জীয়ন কাল যোগাবার ভার আমাদের কৃষির উপর। তা ছাড়া বাজার বিশেষের কৃষিজাত দ্রব্যের ব্যবসা আমাদের পক্ষে বড় লাভজনক হবে না, বিশেষতঃ যদি আমাদের কৃষির উন্নতি হয়। কিন্তু যুদ্ধের ফলে আমরা যে দিকে অগ্রসর হচ্ছি সে আমাদের উন্নতির পথ বলে মনে হয় না।

•

অন্য আন্তর্জাতিক পরিস্থিতি আলোচনা করলে দেখা যাবে যুদ্ধের ফলে এমন একটী অর্থনৈতিক পরিস্থিতি গঠিত হচ্ছে যে, যে সব দেশ কাঁচা মাল অল্প খরচে উৎপাদন করতে পারবে তাদের আন্তর্জাতিক ব্যবসায় অনেক সুবিধা পাবার সম্ভাবনা। বিদ্যুতের আলো-জ্বার স্থান এখানে নেই, কিন্তু মোটামুটী কয়েকটী কথা আমরা বেশ বিচার করতে পারি। এ যুদ্ধের ফলে একটা প্রধান অর্থনৈতিক পরিবর্তন এই যে, এ পর্যন্ত যে যে দেশগুলির অনেক উদ্বৃত্ত ফসল থাকতো সে দেশগুলির ক্রমশঃ ক্রমশঃ শিল্পপ্রধান হয়ে উঠছে। আমেরিকার যুক্তরাষ্ট্র, ক্যানাডা, অস্ট্রেলিয়া প্রভৃতি দেশের কথা এই প্রসঙ্গে মনে আসে। পণ্ডিতেরা আশঙ্কা করেন যে, আমেরিকার যুক্তরাষ্ট্রে যুদ্ধের পর বাড়তি ফসল জন্মানো যুদ্ধের কথা, খাদ্যদ্রব্য ও অন্যান্য কৃষিজ দ্রব্য অনেক পরিমাণে আমদানী করতে হবে। তা ছাড়া যুদ্ধের ফলে যে সব দেশ কাজে লেগে গেছে সে সব দেশে কৃষি আবার আগে যুদ্ধের সময় লাগবে। সেই জন্য মোটামুটী এ কথাও বলা যেতে পারে যে, যুদ্ধ শেষ হবার পরে সঙ্গেই কৃষিজ দ্রব্যের একটা জোর চাহিদা হবার সম্ভাবনা আছে।

ফসলের বিভিন্ন দেশের অর্থনৈতিক বিবর্তনের ইতিহাস আলোচনা করলে দেখা যায় যে, অর্থনৈতিক বিবর্তনের কয়েকটী নির্দিষ্ট রীতি আছে। যে সব দেশ আধুনিক বিজ্ঞানের আওতায় সে সব দেশে কৃষির প্রাধান্য যাবে। ক্রমশঃ ক্রমশঃ কৃষি হবে শিল্পের প্রাধান্য স্থাপিত হয়, সব দেশে দেখা যায় শিল্পও সর্বপ্রধান নেই, তার প্রাধান্য ব্যবসায় তাকে করেছে। ইংলণ্ডে দেখা যায়, ১৮৭১ সালে আতা তাজ করে এমন জনসংখ্যার শতকরা ১৪'১ জন কৃষিতে নিযুক্ত ছিল, শিল্পে ছিল শতকরা ৪১'৪ জন, ব্যবসায় শতকরা ৪১'৫ জন। ১৯৩৯ সালে সংখ্যাগুলি যথাক্রমে হয়ে দাঁড়িয়েছে ৪'৯, ৪২'০, ৪৩'১। আমেরিকার যুক্তরাষ্ট্রেও দেখা যায়, ১৮৭০ সালে সংখ্যাগুলি ছিল যথাক্রমে ৫৩'৮, ২২'৬, ২৩'৬। এখন ১৯৩৯ সালে সেগুলি হয়ে দাঁড়িয়েছে ২৫'৪,

যানবাহনের সঙ্গেও ঠিক এই অবস্থাটিকেই দাঁড়াইয়া তুলিতেছে। স্বাধীন বাণিজ্যের অন্তরঙ্গ প্রথম ভিত্তি যানবাহনের স্বচ্ছলতা। স্বচ্ছল যানবাহনের ব্যবস্থা থাকিলে তাহার কোন ব্যাপারী যদি দাম অতিরিক্ত চড়াইবার জন্য কোন পণ্য অস্বাভাবিক ভাবে আটকাইয়া রাখে, তাহা হইলে বিক্রয়যোগ্যের ব্যাপারী তৎক্ষণাৎ তাহা। সেই পণ্য নয় দামে তাহার সেই স্থান সরবরাহ করিতে আরম্ভ করিবে। কিন্তু যুদ্ধের ফলে দেশের যানবাহন এমনভাবে লাটপ্রস্ত হইয়াছে যে, কেহ এক জায়গায় বিস্তর পণ্য মজুত করিয়া চুপ করিয়া বসিয়া থাকিলেও অন্য জায়গা হইতে সরবরাহ আসিবার সম্ভাবনা নাই।

ব্যবসাতান্ত্রিক ব্যবস্থা এইভাবে দেশের ভিতর মজুতদার সৃষ্টি করিয়াছে। মজুতদার কখনও চিনি, কখনও ঘৃত, কখনও চাউল এইভাবে এক এক পণ্য এক এক সময় অবরোধ করিতেছে। বাণিজ্য-অঞ্চলের নৈতিক ধারা একদিন ছিল জনসাধারণের নিকট ব্যবহার্য্য বস্তু পৌঁছাইয়া দেওয়ার সেবা করা, এখন হইয়াছে জনসাধারণকে ব্যবহার্য্য বস্তু হইতে বঞ্চিত করিয়া দেওয়ার ভিতর দিয়া ও মহাজনী সৃষ্টি করা। গত বৎসর বাংলার চাউলের উৎপাদন কম হওয়ায় এই তাত চাউল লইয়া অত সহজে হইতে পারিল। এ বৎসর মুদ্রাস্ফীতি সমস্ত দিক হইতেই বাড়িয়াছে; কাজেই

জাতীয় উন্নতির শিখরে উঠিবার তিনটী প্রধান ধাপ

=ব্যাঙ্ক=
=ইন্সিওরেন্স=
=উৎপাদন=

দার্জিলিং ব্যাঙ্ক লিমিটেড
বাসন্তী প্রভিডেণ্ট ইন্সিওরেন্স লিমিটেড
চরগোলা ভ্যালী টী এষ্টেটস্ লিমিটেড

আজ সকল দিক দিয়ে সমৃদ্ধ হয়ে উঠেছে।

দুর্দ্দিনের কালোমেঘ দিগন্তে দেখা দিয়েছে—এই অস্থিতির দিনে আপনার প্রাণপাত পরিশ্রমে সঞ্চিত অর্থ যদি নিরাপদে রাখতে ও ক্রমশঃ বাড়াতে চান—আমাদের বিশ্বস্ত ও ক্রমোন্নত প্রতিষ্ঠান কয়টীর অংশীদার হউন।

——ব্রাঞ্চ ঃ——

কলিকাতা	বাংলা	আসাম
ডালহৌসী—বঙ্গ বিল্ডিংস্ বড়বাজার—২৭৯, হারিসন রোড শিয়ালদহ—বৈঠকখানা বাজার হাওড়া—বেলিলিয়াস রোড	ঢাকা, মেদিনীপুর, নারায়ণগঞ্জ, বাঁকুড়া, শিরাইগঞ্জ, জলপাইগুড়ী, ইছাপুর (হাওড়া), আমাগোলা	তেজপুর, গৌহাটী, শ্রীহট্ট, চাঙ্গাণী (খাসিয়া)

বিহার	উড়িষ্যা	ইষ্ট, পি	সি, পি
রাঁচী, জামসেদপুর, পুরুলিয়া, সাক্চী, ধানবাদ, ঝুমরীতলাই, সাকচী (সোনেপুর), কলাঝরিয়া (সাঁওতাল), ঝরিয়া, কাতরাসগড়, গোমোহ	বরহমপুর (গঞ্জাম), ভুবনেশ্বর, কটক—চৌমুহানীবাজার ও মজলাবাগ, পুরী	বেনারস, জৌনপুর	রায়পুর

এজেন্সী—মাদ্রাজ, দিল্লী ও আগ্রাতে।

মিঃ বি মুখার্জ্জী,
ম্যানেজিং ডিরেক্টর ও
ম্যানেজিং এজেন্টস।

হেড অফিস—
৩১, আশুতোষ মুখার্জ্জী রোড, ভবানীপুর, কলিকাতা।
ফোন: সি. কে—২৬৮১ : : গ্রাম—"রেমবো" কলিকাতা।

এবছর যদি মজুতের বিরুদ্ধে সকল ব্যবস্থা না হলে, তাহা হইলে চাউলের প্রাচুর্য্য সত্ত্বেও দর আজ যাহা দাঁড়াইয়াছে এ বছরও তাহা হইতে পারে।

এ বছর ধানের অবস্থা

স্বাভাবিক অবস্থায় প্রায় ৬ কোটি মণ চাউল বাজারে বেনামেনা হয়। এ বৎসর ফলন এত বেশী হইয়াছে যে, স্বাভাবিক অবস্থায় অন্ততঃ ১০ কোটি মণ চাউল বাজারে আসিবার কথা। কিন্তু গত বছরের দুর্ভিক্ষে এবং রাজনৈতিক অঙ্গন অবস্থায় ফলাফল প্রত্যেকের মনে ত্রাস সৃষ্টি করিয়াছে। যাহারই কিছু অবশিষ্ট আছে সে-ই এবার চেষ্টা করিতেছে যথাসম্ভব কম বিক্রী করিতে এবং যথাসম্ভব বেশী মজুত করিয়া রাখিতে। বাংলা দেশে এখন ৬০ লক্ষ পরিবার আছে যাহাদের অবশ্যম্ভাবিরূপে কোন-না-কোন রকম ঘাটতিপূরণ আছে। ইহাদের প্রত্যেক পরিবার যদি অন্ততঃ ১০ মণ চাউল অতিরিক্ত মজুত করে, তাহা হইলে ৬ কোটি মণ চাউল বাজারে আসিবে না। বাকি ৪ কোটি মণ চাউল ধরিয়া লইয়া ব্যবসায়ীরা মধ্যে প্রতিযোগিতা হইলে চাউলের দর অসম্ভব রকমে বাড়িতে পারে। ঠিক এইরূপ ঘটনা ঘটিয়াছে বলিয়া চাউলের দর এখনও খুব বেশী। গত বছর মার্চ-এপ্রিল মাসে চাউলের দর ছিল ২০ টাকা হইতে ২৫ টাকার ভিতর। এ বৎসর এত প্রচুর ফলন উৎপাদন হওয়া সত্ত্বেও চাউলের দর বিভিন্ন জেলায় ১৪ টাকা হইতে ১৮ টাকার ভিতর, কোন কোন জেলায় ২০ টাকা ২২ টাকা পর্য্যন্ত আছে। বাজারে যে চাউল বিক্রীর জন্য আসিতেছে তাহারও অধিকাংশ যাইতেছে মজুতদার ব্যাপারীদের হাতে। প্রচুর উৎপাদন সত্ত্বেও বাজারে সরবরাহের প্রাচুর্য্য নাই।

এ অবস্থায় উহাতি না হইলে বাজারের কিনিয়া খাইতে হয় তাহাদের পক্ষে বছরের শেষ দিকে দুর্ভিক্ষের যন্ত্রণা ভোগ করিতে হইবে। গরীব চাষীদের অধিকাংশ এবার কিনিয়া খাইতেছে, কারণ দুর্ভিক্ষের সময় তাহারা জমাজমি হারাইয়া নিঃস্ব হইয়াছিল। এবছরে বাজারদর পরিবেশের সাময়িকের দাঁড়া বাড়াইয়া দিয়াছে। গত বৎসর যাহারা ৩০ টাকা দরে চাউল কিনিতে পারিয়াছে এবার তাহারা ১৪ টাকা দরেও কিনিতে অক্ষম। স্বাধীন ব্যবিজ্য তাহাদের হাত দিয়ে পারে না, স্বাধীন ব্যবিজ্য তাহাদের হাত হইতে রক্ষিত করে, তাহার স্বাভাবিক ব্যবিজ্যব্যবস্থার স্বাভাবিকতা নষ্ট হইয়া গিয়াছে।

আমরা দেখিলাম যে, প্রচুর আমন ফসল সত্ত্বেও মজুতের জন্য বাজার হইতে চাউল উধাও হওয়া খুবই সম্ভব। বাজারের সরবরাহের সমস্যা মাটতি অঞ্চলগুলিতে এখনই সঙ্কট সৃষ্টি করিয়াছে। বাংলা দেশে কলিকাতা ছাড়া অন্ততঃ ১৮টি মাটতি মজুমা আছে। এই মজুমাগুলিতে অন্তর হইতে চাউল আমদানির সমস্যা ভয়ঙ্কর হইয়া উঠিয়াছে, অন্য যানবাহনের অবস্থা এ বৎসর আরও সঙ্কটজনক। কাজেই সারা বাংলায় দুর্ভিক্ষ দেখা না দিলেও মজুমাগুলির এই ১৮টি মজুমার চোরাবাজারের রাজত্ব চালাইতেছে। এই ৩২টি মজুমার সর্ব্বনাশকারী মুনাফা দুর্ভিক্ষের চাপ অনুভব করিতে আরম্ভ করিয়াছে। জাতীয় অর্থনীতি আজ তাহাদের অত্যন্ত ভাজিয়া পড়িতেছে। দুর্ভিক্ষ ও মহামারী এই ভাঙনেরই অভিব্যক্তি।

এই অবস্থা প্রতিকারের একমাত্র উপায় সরকারী ক্রয় এবং সরবরাহের ব্যবস্থা। মাটতি অঞ্চলে সরকারী সরবরাহের ব্যবস্থা করিতে অন্ততঃ ৫ কোটি মণ চাউল প্রয়োজন। সরকার যদি ৫ কোটি মণ চাউল ক্রয় করিতে পারে তাহা হইলে সমস্ত বছরে বেশিদিন চালু হইতে পারে এবং মাটতি অঞ্চলের গ্রামেও সরকারী সরবরাহের ব্যবস্থা হয়। এই ব্যবস্থা অবলম্বন করিলেই চোরাবাজার বন্ধ হইবে এবং এ বৎসর দুর্ভিক্ষের আঘাত আকাশেও পাইতে হইবে না। কিন্তু এই নীতি যদি অবলম্বিত না হয়, তাহা হইলে বছরই মজুতবিরোধী আইন হইবে, বছরই মূল্যনিয়ন্ত্রণের ব্যবস্থা হইবে, তাহা ব্যর্থ হইতে বাধ্য। সরকার-পক্ষ হইতে যদি ৫ কোটি মণ চাউল ক্রয় না করা হয়, তাহা হইলে মূল্য নির্দ্ধারণের ক্ষমতা তাহার থাকিবে না, সে-ক্ষমতা থাকিবে মজুতদারদের হাতে।

সরকারের পক্ষে ৫ কোটি মণ চাউল ক্রয় করা ও সুষ্ঠুভাবে তাহা বণ্টন করা সম্ভব, যদি জনসাধারণের সক্রিয় সহযোগিতা গ্রহণ করা হয়। সরকারের অন্ততঃকয়েকজন ব্যবসায়ী লইয়া ক্রয়-বোর্ড গঠন করিয়া ধান-চাউল কিনিবার ব্যবস্থা করিয়াছে, কিন্তু এ বিষয়ে ঐক্যবদ্ধ জনসাধারণের সহযোগিতা গ্রহণ করিবার ব্যবস্থা করে নাই। এমন ক্রয়-বোর্ডের সাহায্যে ব্যাপারীদের গতি রোধ করা সম্ভব নয়, কারণ জনসাধারণের সেবাসহযোগ এই ক্রয়-বোর্ড আয়ত্ত করিতে অক্ষম। জনসাধারণের সেবাসহযোগ আয়ত্ত করিতে না পারিলে সরকারের পক্ষে ৫ কোটি মণ চাউল ক্রয় করাও অসম্ভব। বেসরকারী পরিমহে শ্রীযুক্ত অধিনীকুমার দত্ত এক বিবৃতিতে বলিয়াছেন যে, বাংলার ক্রয়-বোর্ড এ বৎসরের উদ্বৃত্ত চাউলের চার আনার একআনাও কিনিতে পারে নাই। তাহা যদি সত্য হয়, তাহা হইলে ৫০ লক্ষ মণের বেশী চাউল সরকারী সরবরাহ বিভাগের দখলে আসে নাই। ব্যবসায়ীদের ক্রয়-বোর্ড দ্বারা উহার বেশী সম্ভব হইতে পারে না। সকল স্তরের সম্মিলিত কমিটিসমূহ গঠন করিয়া জনসাধারণের প্রতিনিধিমূলক কমিটীর হাতে খাদ্য ক্রয় ও বণ্টন তত্ত্বাবধান করিবার ভার দিলে অবশ্যই জনসাধারণের সেবাসহযোগ এবং তৎপরতা আশ্রয় করিবে এবং তাহার ফলে দুর্ভিক্ষের গতি রোধ করা সম্ভব হইবে। সর্ব্বশেষে যাহাতে এই পথ অবলম্বন করিতে বাধ্য হয় সে-জন্য এখনো ও রাজনৈতিক ফলের অপেক্ষা হওয়া কর্ত্তব্য। স্বাভাবিক ব্যবিজ্য-স্রোতের আশা আজ তবর দুঁড়িয়া মুষ্টিমেয় ব্যক্তির গলিত দেহ টানিয়া বাহির করিয়া তাহাকে সঞ্জীবন করিবার দুরাশামাত্র। এ গলিত শব আজ সমাজের জন্য, রাষ্ট্র দুর্ভিক্ষ বিষবাষ্প ছড়াইতেছে। যখন দেখি দেশের সাধু ব্যক্তিরাও খাদ্য ও ঔষধ জমাইয়া জনসাধারণকে মৃত্যু সইয়া কেনাবেচা করেন, এই কথাই তখন মনে জাগে।

যে-সমস্যার বিষয় নিয়া আমরা আলোচনা করিয়াছি আমা ইংলণ্ডের নিত্য আহারসিদ্ধির খাদ্য-সংগ্রহের চেয়েও ভয়ঙ্কর। আমাদের সমাজ-সৌধের প্রতিটী স্তম্ভ ভাঙিয়া পড়িতেছে, সৌধচূড়া এখন আমাদের মাথায় ভাঙিয়া পড়িবার উপক্রম। দিকে দিকে হুহুঙ্কার আর্ত্তনাদ উঠিয়াছে। যে আমদানীরাজনীতি বর্ত্তমান সমাজ-সঙ্কট সৃষ্টি করিয়াছে তাহার আমূল পরিবর্ত্তনই সঙ্কট সমাধানের পথ। জাতীয় গভর্ণমেণ্ট প্রতিষ্ঠাই তাহার একমাত্র উপায়। কিন্তু জাতীয় গভর্ণমেণ্ট প্রতিষ্ঠিত না হওয়া পর্য্যন্ত আমাদের কিছুই করিবার নাই এই অসহায়তা মেনের পক্ষে মারাত্মক। মজুতের বিরুদ্ধে গণ-আন্দোলন পরিচালনা না করিলে যে-সঙ্কট দেখা দিবে তাহাতে আমাদের জাতীয় জীবন পুড়িয়া ছাই হইয়া যাইবে। গত বৎসর দুর্ভিক্ষের ফলাফল এই কথাই প্রমাণ করিয়াছে। জনমতের স্বার্থে সমস্ত সমরে বেশনিং চাই, জনমতের স্বার্থে সর্ব্বত্র যাঁরা বড়ের দোকান চাই, জনমতের স্বার্থে সর্ব্বত্র চোরাবাজার বন্ধ করা চাই। কাজেই জনমতের স্বার্থে আমরা দাবী করি, গভর্ণমেণ্ট খাদ্যশস্য ক্রয় করুক এবং তাহা নিয়ন্ত্রিত দরে বিক্রী করুক। যাহারা মজুত করিয়া অতিরিক্ত মুনাফা করিতে চায় তবু মাত্র জনসাধারণের সমাজবিরোধী স্বার্থই এই দাবীর বিরুদ্ধাচরণ করিতে পারে। গভর্ণমেণ্টের প্রতি অসহযোগ মজুতের স্পৃহা বাড়াইতেছে; কিন্তু জনসাধারণের দাবী করে যে, প্রয়োজনের অতিরিক্ত মজুত না করিয়া বাজারের সরবরাহ সহজ এবং সরল রাখিতে হইবে। মজুতের বিরুদ্ধে সহজ এবং সরল অবস্থায় জন-সেবাযোগ লইয়া সকল দল একত্রাবদ্ধ হইলে; তাহা হইলে সেই ঐক্যের চাপে গভর্ণমেণ্টও সরবরাহের উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করিতে বাধ্য হইবে। জনমতের স্বার্থের জন্য বাংলার এই ঐক্য গড়িয়া তুলিতে সমিতির অস্তিত্বের সময় অবসর থাকিবে না। এই ঐক্যই বাংলার ভরসা।

'ইজারা ও ঋণ'

[অধ্যাপক শ্রীঅনিলকুমার মুখোপাধ্যায়, এম-এ]

পাঁচ বৎসর হইল যুদ্ধমান যুদ্ধ আরম্ভ হইয়াছে এবং আজ অনেকটা নিঃসন্দিগ্ধেই বলা যাইতে পারে যে, বর্তমান যুদ্ধে মিত্রশক্তির জয়ের সম্ভাবনা অধিক। উত্তর আফ্রিকায়, ভূমধ্যসাগরে এবং সিসিলিতে মিত্রশক্তির সাফল্য এবং ইতালির যুদ্ধের অক্ষশক্তির অন্যতমের পরিবর্তন মিত্রপক্ষের জয়লাভ যে অনেকটা নিশ্চিত করিয়া তুলিয়াছে এ বিষয়ে সন্দেহের বিন্দুমাত্র অবকাশ নাই। কিন্তু যে কারণে আজ মিত্রপক্ষ অক্ষশক্তিকে একতরফে আক্রমণ করিতে সাহসী ও অগ্রগামী হইয়াছে তাহার মূলে রহিয়াছে মার্কিন উদ্ভাবিত 'ইজারা ও ঋণ' ব্যবস্থা। এই ব্যবস্থার মূল উদ্দেশ্য মিত্রপক্ষীয় জাতিসমূহকে অতিপ্রয়োজনীয় যুদ্ধদ্রব্য ও রসদাদি দ্বারা সাহায্য করিয়া উহাদিগকে যুদ্ধের জন্য এবং আত্মরক্ষার জন্য বলীয়ান করিয়া তোলা। মিত্রপক্ষীয় সামরিক এবং অসামরিক দেশগুলি তাহাদের প্রয়োজন অনুযায়ী দ্রব্যাদি চাহিলে 'ইজারা ও ঋণ' ব্যবস্থা অনুযায়ী ঐ সমস্ত দ্রব্যাদি অতি শীঘ্রই সেই সমস্ত দেশে পাঠাইয়া দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে। অন্যথায় এত বা এতাধিক অক্ষশক্তির সহিত যুদ্ধদান এতদিনই (৩১) আসি, পশ্চিম ইয়োরোপের প্রায় সমুদয় সাধারণতন্ত্র রাজ্য, ফিনল্যান্ড, তুর্কিস্থান, আইসলান্ড, ইরাণ, আরব ইত্যাদি মোট চুয়াল্লিশটি দেশ 'ইজারা ও ঋণ' ব্যবস্থা অনুসারে সাহায্য পাইবার যোগ্য বলিয়া প্রেসিডেন্ট রুজভেল্ট কর্তৃক নির্ধারিত হইয়াছে।

১৯৪১ সালের ১১ই মার্চ তারিখে আমেরিকায় 'ইজারা ও ঋণ' আইনটি পাশ হয়। প্রয়োজনীয় যুদ্ধোপকরণাদি দ্বারা ব্রুটেনকে এই যুদ্ধে সাহায্য করার উদ্দেশ্যেই এই আইনের প্রবর্তন। তবে এই ব্যবস্থার মূলে যে ইতিহাস রহিয়াছে তাহা একটু আলোচনা করিলেই এই আইন প্রবর্তনের উদ্দেশ্য স্বচ্ছন্দ হইয়া পড়িবে। এক্ষণে সেই ইতিহাসই আলোচনা করা যাইক।

প্রথমেই দেখা যাইক ডলারবিহনের দ্বারা যেসব পণ্যাদি ক্রয় করিতে সক্ষম, কিন্তু ডলার-বিহনের চলতি মুদ্রার দ্বারা সেই দেশ হইতে অন্য দেশের দ্রব্য ক্রয় করা যায় না। যেমন ব্রুটেনের চলতি মুদ্রা পাউণ্ড দ্বারা ব্রুটেন যাহাতে অন্য দেশে দ্রব্যাদি ক্রয় করা যায় না, তাহার চলতি মুদ্রা ডলার দ্বারা আমেরিকা যাহাতে অন্য কোন দেশে দ্রব্যাদি ক্রয় করা যায় না। অর্থাৎ আমেরিকাবাসী ব্রুটেন হইতে দ্রব্য আমদানী করিলে সেই আমদানীর দামে ব্রুটেনকে পাউণ্ড দিতে হইবে, ডলার দিলে চলিবে না। অনুরূপভাবে ব্রুটেনবাসী আমেরিকা হইতে দ্রব্য আমদানী করিলে সেই আমদানীর দামে আমেরিকাকে উপযুক্ত পরিমাণ ডলার দিতে হইবে, পাউণ্ড দিলে

ক্যালকাটা কমার্শিয়াল ব্যাঙ্ক লিঃ

১৫নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

সুবিধাজনক সর্তে আধুনিক ব্যাঙ্ক ব্যবসায়ের সর্বপ্রকার সুযোগ-সুবিধা এই ব্যাঙ্ক দিয়া থাকেন। আবেদনপত্র আমাদের নিকট পাঠাইলে এবং আমাদের একটি চেক পাইলে হিসাব খোলা হয়।

চলতি হিসাব, মেয়াদী, সাধী আমানত, ব্যাঙ্ক সার্টিফিকেট এবং অতিরিক্ত হিসাবটি একাউন্ট খোলা হয়।

পূর্ব আফ্রিকার প্রধান প্রধান বাণিজ্য কেন্দ্রে এবং অন্যান্য স্থানের আমাদের শাখা আছে। আমরা আমাদের ব্যাঙ্ক মারফৎ ব্যক্তিগত হিসাব টাকা আদায় করিয়া দেওয়ার ভার লইয়া থাকি।

শাখাসমূহ :—

কলিকাতা	বাঙ্গলা	বাঙ্গলা	বিহার	বিহার	আসাম
১। বড়বাজার	৮। জলপাইগুড়ি	১৬। রাজসাহী	২৩। মুঙ্গের	৩১। হাজীপুর (জামালপুর)	৪৭। করিমগঞ্জ
২। হাওড়া	৯। দিনাজপুর	১৭। রংপুর	২৪। পাটনা	৩২। মজঃফরপুর	৪৮। শিলচর
৩। কলেজস্কোয়ার	১০। কুষ্টিয়া	১৮। সিরাজগঞ্জ	২৫। রাজেন্দ্রবাজার	আসাম	৪৯। শিলচর
৪। বালিগঞ্জ	১১। খালনা	১৯। বগুড়া	২৬। জামালপুর	৩৩। ডিব্রুগড়	৫০। ডিব্রুগড়
বাঙ্গলা	১২। ময়মনসিংহ	বিহার	২৭। মুজঃ	৩৪। ডিব্রুগড়	৫১। তেজপুর
৫। কলাকর	১৩। নবদ্বীপ	২০। ভাগলপুর	২৮। মজঃফরপুর	৩৫। শিলং	৫২। তেজপুর
৬। বরিশাল	১৪। বাজারপাকড়	২১। চাইবাসা	২৯। পাটনা	৩৬। ধুবড়ী	যুক্ত প্রদেশ
৭। ঢাকা	১৫। মানিকগঞ্জ	২২। দেওঘর	৩০। রাঁচী	৩৭। গৌহাটী	৫৩। মোরাদাবাদ
					৫৪। লক্ষ্ণৌ

ম্যানেজিং ডিরেক্টর এইচ দত্ত

চলিবে না। অতএব দেখা যাইতেছে যে আমেরিকা, আর্জেন্টিনা অথবা ক্রান্স হইতে যদি ফুটেন দ্রব্য ক্রয় করে তাহা হইলে আমেরিকাকে ডলার, আর্জেন্টিনাকে পেসো এবং ফ্রান্সকে ফ্রাঁ দিয়া ফুটেনকে তাহার ক্রীত দ্রব্যের দাম মিটাইতে হইবে। কিন্তু ফুটেনে ত' ডলার, পেসো, ফ্রাঁ অথবা অন্য কোন বৈদেশিক মুদ্রা চলে না। উক্ত দেশের চলতি মুদ্রা পাইবে। অতএব সমস্যা দাঁড়াইল কি উপায়ে ফুটেন বৈদেশিক মুদ্রা সংগ্রহ করিয়া উক্ত দেশগুলির পাওনা মিটাইবে। সমস্যাটি অবশ্য খুব গুরুতর নহে, সমাধান করা যাইতে পারে। কারণ মোট ফুটেন যদি আমেরিকাকে কিছু দ্রব্য রপ্তানী করে তাহা হইলে আমেরিকাকেও ফুটেনের নিকট রপ্তানীর দামে মূল্য পাঠাইতে হইবে; কিন্তু আমেরিকা শুধু ডলার পাঠাইতে পারে, কারণ উক্ত দেশের চলতি মুদ্রা ডলার। অতএব মোট বিষয়টি দাঁড়াইল এইরূপ: আমেরিকা তাহার আমদানীর দামে ফুটেনকে ডলার দিতেছে এবং ফুটেন তাহার আমদানীর দামে আমেরিকাকে পাউণ্ড দিতেছে। এইরূপ অবস্থায় উদ্বৃত্ত হইলে আমরা ডলার ও পাউণ্ডের বিনিময়-মূল্য নিরূপণ করিয়া বহির্বাণিজ্যের লেন-দেন ঠিক করিতে পারি এবং আমেরিকাকে ডলার ও ফুটেনকে পাউণ্ড দিয়া দ্বিপাক্ষিক ফুটেন ও আমেরিকা কারবার হইতে পারে। এইভাবে দেখিলে সমস্যাটি সরল বলিয়াই মনে হয়, কিন্তু অর্থনীতির দিক বিশ্লেষণ করিলে সমস্যাটির জটিলতা সুস্পষ্টরূপে ধরা যাইবে। মনে করা যাউক, ফুটেনের রপ্তানী নিজের উৎপাদন কমিয়া গিয়াছে এবং আমেরিকাকে ফুটেন দ্রব্যাদি রপ্তানী করিতে পারিতেছে না, অথচ আমেরিকা হইতে ফুটেন প্রচুর পরিমাণে দ্রব্যাদি আমদানী করিতেছে। এমতাবস্থায় আমেরিকাকে দ্রব্যমূল্য পরিশোধ করিবার নিমিত্ত ফুটেন তাহার সঞ্চিত ডলার তহবিল হইতে ডলার খুলিয়া লইয়া আমেরিকার দেনা মিটাইতে পারে; কিন্তু এই তহবিলের একটি নির্দিষ্ট সীমা রহিয়াছে এবং কিছুকাল পরে যখন এই তহবিল শেষ হইয়া যাইবে তখনই উক্ত-বাণিজ্য বাণিজ্য সম্পূর্ণ বন্ধ হইয়া যাইবে কারণ ফুটেনের আর দেনা পরিশোধ করিবার সামর্থ্য থাকিবে না। এইরূপ অবস্থাতেও ফুটেনের বাণিজ্য সম্পূর্ণ বন্ধ করিতে গেলে নূতন কোন বিষয় প্রবর্তনের প্রয়োজন এবং বর্তমান 'ইজারা ও ঋণ' ব্যবস্থা উক্ত বিষয়েরই সমাধান মাত্র।

১৯৪৯ সালে যুদ্ধ আরম্ভ হইবার 'অব্যবহিত পরেই ব্রাজ আমেরিকার নিকট পর্য্যাপ্ত পরিমাণে সমরোপকরণ এবং রসদাদির অর্ডার দিয়াছিল; কিন্তু অর্ডার অনুযায়ী রসদাদি ব্রাজে পৌঁছিবার পূর্বেই ব্রাজের পতন হইল। ব্রাজের পতন হইবার পর ফুটেন সেই মালগুলি নিজে লইতে স্বীকার করে, ফলে আমেরিকা হইতে ফুটেনে আমদানী প্রচুর পরিমাণে বৃদ্ধি পায়। এদিকে এক বৎসরের যুদ্ধের পর ফুটেনের নিজ ফ্যাক্টরীগুলি সামান্য রপ্তানী দ্রব্য জমাইয়া সমরোপকরণের উৎপাদন বৃদ্ধি করিয়া দিল, ফলে আমেরিকাকে ফুটেনের রপ্তানী কমিয়া গেল। রপ্তানী কমিল বটে, কিন্তু আমেরিকা হইতে আমদানী উত্তরোত্তর বৃদ্ধি পাইতে লাগিল। এখন এখন ফুটেন তাহার সঞ্চিত ডলার তহবিল হইতে আমেরিকার দেনা মিটাইতে লাগিল; কিন্তু উক্ত তহবিল নিঃশেষ হইয়া গেলে ফুটেনের আর কোন দোষ দিবার কথা রহিল না এবং আন্তর্জাতিক ব্যবসায়-ক্ষেত্রে ফুটেনের অবস্থা হইল অত্যন্ত শোচনীয়। এইরূপ শোচনীয় অবস্থা হইতে ফুটেনকে রক্ষা করিবার নিমিত্তই 'ইজারা ও ঋণ' ব্যবস্থার উৎপত্তি। বিশ্ব মহাযুদ্ধের পর আন্তর্জাতিক ঋণ সম্বন্ধে যে অভিজ্ঞতা অর্জন করা গিয়াছে তাহার পুনরাবৃত্তির কেহই চাহে না; তাই 'ইজারা ও ঋণ' ব্যবস্থার কথা হইয়াছে যে,

সাদার্ণ ব্যাঙ্ক লিঃ

হেড আফিস ১৪নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

ফোন ক্যাল—৪১৮৯

ব্রাঞ্চ ঃ—বড়বাজার, শ্যামবাজার, ভবানীপুর, বসিরহাট, খুলনা ও পাটনা।

বোর্ড অব ডাইরেক্টর্স

শ্রীযুক্ত দেবেন্দ্র নাথ মুখার্জ্জি, এম-এ, বি-এল, এ্যাডভোকেট, হাইকোর্ট, কলিকাতা ও সলিসিটর্স।

অধ্যাপক এস্ কে রায়চৌধুরী, এম-এ-বি-এল, বেঙ্গল ল' ইন্সটিটিউট।

শ্রীযুক্ত সতীন্দ্রকুমার রায়চৌধুরী, এ্যাডভোকেট।

শ্রীযুক্ত ফুলানন্দ রায়চৌধুরী, এম-এ, বি-এল, এ্যাডভোকেট।

শ্রীযুক্ত অমরনাথ রায়চৌধুরী, এম-এ, বি-এল, এ্যাডভোকেট।

শ্রীযুক্ত পুলিনবিহারী মল্লিক, হাইকোর্ট, কলিকাতা ও সলিসিটর্স।

ডাঃ অমলকুমার রায়চৌধুরী, এম-এ, ডক্টরেট ডিগ্রীধারী।

সুদের হার

কারেণ্ট ১% সেভিংস ২%

ফিক্সড ডিপোজিট ৩% হইতে ৪%

১৯৪২-৪৩ সালে শতকরা ৫৲ টাকা হারে লভ্যাংশ (ইনকাম ট্যাক্স বর্জ্জিত) দেওয়া হইয়াছে।

সুবিধাজনক সর্ত্তে গভর্ণমেণ্ট বিলের উপর টাকা ধার দেওয়া হয়।

সকল প্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

ম্যানেজার—বিঃ নারায়ণচন্দ্র ব্যানার্জ্জি, এম-এ

যে পরিমাণ 'সাহায্য অনুদান অন্যান্য দেশকে' দিবার ইচ্ছা করিয়াছেন তাহা পাইলে ভালই, অন্যথা পণ্যাদির, সম্পত্তিবাবদ অথবা অন্যান্য উপায়ে তাহা করিতে পারে।

'ইজারা ও ঋণ' ব্যবস্থানুযায়ী মিত্রশক্তির আমিনসমূহকে কিরূপ সাহায্য দেওয়া হয় এক্ষণে তাহাই আলোচনা করা যাউক। 'ইজারা ও ঋণ' ব্যবস্থার অন্তর্গত সমস্ত সাহায্যকে প্রধানতঃ দুই ভাগে বিভক্ত করা যায়—প্রথম—পণ্য সাহায্য এবং দ্বিতীয়—আনুষঙ্গিক কার্য্যের দ্বারা সাহায্য। তবে দ্বিতীয়ের মধ্যে পণ্য সাহায্যই প্রধান; আজ পর্য্যন্ত সাহায্যের শতকরা ৮০ ভাগই পণ্যাদি দ্বারা করা হইয়া থাকে। পণ্যগুলি আবার তিন ভাগে বিভক্ত। প্রথম—সামরিক, যথা বিমানপত্র, বিমান-ইঞ্জিন, কামান চক্র এবং বিমানের অন্যান্য অংশ, ট্যাঙ্ক, যোগানযন্ত্রী জাহাজ, যানাদি, বোমা, বিমান-বিধ্বংসী ও ট্যাঙ্ক-বিধ্বংসী কামান, আনুষঙ্গিক অস্ত্রশস্ত্র, গুলি, আনুষঙ্গিক দ্রব্য ইত্যাদি। দ্বিতীয়—শিল্প, যথা ইস্পাত, তামা, দস্তা, এলুমিনিয়ম, পেট্রোলজাত দ্রব্য, তুলাদ্রব্য, রাসায়নিক দ্রব্য নির্ম্মাণের জন্য ইত্যাদি। তৃতীয়—খাদ্যদ্রব্য, যথা গম, চাউল, শুষ্ক ফল, দুগ্ধজাত, মাংস, ধূমীকৃত মৎস, তুলা ডিম, মদের ও মাংস, ময়দা, অধিক আহারযুক্ত পশু, চর্ব্বি, ঘি, মাখন প্রভৃতি এবং অন্যান্য কৃষিজ দ্রব্য, যথা তুলা, তামাক ইত্যাদি।

'ইজারা ও ঋণ' ব্যবস্থা অনুযায়ী সাহায্য পাইতে ইচ্ছুক প্রত্যেক দেশকেই সেই দেশে উপস্থিত 'ইজারা ঋণ' প্রতিনিধি দ্বারা এক বৎসরের অথবা সেই বৎসরের উপযুক্ত করণগুলি প্রয়োজনীয় দ্রব্যাদির একটি তালিকা বিবরণী প্রস্তুত করিয়া দাখিল করিতে হয়। অষ্ট্রেলিয়া, নিউজিলাণ্ড এবং অন্যান্য উক্ত বিবরণী প্রস্তুত করিতে মার্কিন সেনাপতি এবং নৌসচিবগণও সাহায্য করেন। বিবরণী প্রস্তুত হইলে পর উহা 'ওয়াশিংটনে পাঠাইয়া দেওয়া হয় এবং উহা ওয়াশিংটনে পৌঁছিলে তখন যোগান সচিব, 'ইজারা ও ঋণ' ব্যবস্থার বৈদেশিক সংযোগ কর্ম্মচারিগণ ও শিল্প বিশেষজ্ঞগণ করুক উহা সম্যকরূপে আলোচিত হয়। তৎপর ঐ বিবরণীটিকে উহার প্রাথমিক বিচলন করিবার নিমিত্ত যুক্তরাষ্ট্রসরকার সমীপে প্রেরণ করা হয়। অতঃপর বৈদেশিক যোগান সচিবগুলিকে নির্দ্দিষ্ট পরিমাণ পণ্যের জন্য একটি লিখিত প্রার্থনা পেশ করিতে হয়। উহাতে প্রয়োজনীয় পণ্যসম্ভারের পরিমাণ, যোগানকারের নাম এবং উক্ত দ্রব্যাদি কি কি কার্য্যে ব্যবহৃত হইবে তাহার নির্দ্দেশ থাকে। লিখিত প্রার্থনাটি পেশ করা হইলে তাহাতে দেখিতে হয়ে, বাস্তবিকই প্রার্থিত দ্রব্যাদি 'ইজারা ও ঋণ' ব্যবস্থার অন্তর্গত কি না; তাহা একবার উক্ত ব্যবস্থার অন্তর্গত দ্রব্যাদিই মিত্রশক্তির দেশগুলিকে সাহায্য করা হইবে।

দ্বিতীয় প্রকারের সাহায্য অর্থাৎ কার্য্যাদি দ্বারা সাহায্য বিষয়ে কোন বাঁধাবাঁধি নিয়মকানুন নাই। উক্ত সাহায্যের শতকরা ৬৫ ভাগই মালবাহক জাহাজ। অবশিষ্টাংশের কিয়দংশ আমেরিকার যুদ্ধোপযোগী জাহাজ শিল্প প্রতিষ্ঠানের খাতে এবং বাকি অংশ মিত্রশক্তির যুদ্ধ-জাহাজ, পণ্যবাহী নৌবহরের মেরামত ও বৈমানিকদিগের শিক্ষার খাতে ব্যয়িত হয়।

১৯৪১ সালের ১১ই মার্চ্চ হইতে ১৯৪২ সালের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত নানা খাতে আমেরিকা মিত্রশক্তির দেশগুলিকে যে পরিমাণ সাহায্য করিয়াছে তাহার পরিমাণ :—

(০০০,০০০ ডলার)

পণ্য সাহায্য	অন্যান্য সাহায্য	মোট
৯১০০	৩৩৬	১২৪৬
৩,৩৮০	১,৩৭১	৭,০০৯
৩,৭৪,৮০	১,৭৭,৪০	৮,৪৪,০০

উক্ত পণ্য সাহায্যের মধ্যে সামরিক দ্রব্য শতকরা ৫৫ ভাগ, শিল্পজ দ্রব্য শতকরা ২২ ভাগ এবং খাদ্য ও কৃষিজ দ্রব্য শতকরা ২১ ভাগ। অন্যান্য সাহায্যের পরিমাণ ১,৭০৪,০০০,০০০ ডলার—উহার মধ্যে :

অনিশ্চয়তার দিনে—
একমাত্র নির্ভরযোগ্য জাতীয় প্রতিষ্ঠান

ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক
লিমিটেড

স্থাপিত : ১৯৩৮ | হেড অফিস : কলিকাতা

শাখাসমূহ

ময়মনসিংহ, মেহেরকোণা, শেরপুর, জঙ্গীপুর (মুর্শিদাবাদ) ও মেহেরপুর (নদীয়া)

সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য দক্ষতার সহিত করা হয়।

ডিরেক্টর এণ্ড ম্যানেজার এস আর রায়। | ম্যানেজিং ডিরেক্টর এস কে রায়।

স্থাপিত ১৯২০ | ফোন : কলি ২২৪৮

দেশের সেবায়
নিয়োজিত
নির্ভরশীল জাতীয় প্রতিষ্ঠান

সিটি ব্যাঙ্ক লিমিটেড্

হেড অফিস :—
৬, চার্চ্চ লেন,
কলিকাতা।

শাখা :—
ময়মনসিংহ

সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।
শ্যামবাজার শাখা শীঘ্রই খোলা হইতেছে।

ম্যানেজার :—
বি এস বিশ্বাস

(১) রসদপত্রের খাতে—৮৬,৫০,০০,০০০ ডলার, (২) অস্ত্রশস্ত্রাদি ক্রয়ের-পাতের নিজ প্রতিষ্ঠানের খাতে—৫৫,৪০,০০,০০০ ডলার, (৩) বিভিন্নটির মূল আসবাব ও পণ্যবাহী নৌজাহাজ মেরামত ও রৈখাবিজিতের নিমিত্ত খাতে—৩১,৮০,০০,০০০ ডলার।

১৯৪৮ সালের ৩০শে এপ্রিল পর্য্যন্ত মোট সাহায্যের পরিমাণ দিড়িয়াছিল ১১০০০,০০০,০০০ ডলার। ইহার মধ্যে সমরসম্ভার ৩৬ ভাগ সমরোপকরণ, ২২ ভাগ শিল্পজাত দ্রব্য, ১৫ ভাগ খাদ্য ও কৃষিজ দ্রব্য এবং ১৭ ভাগ অন্যান্য সাহায্য। ১৯৪৩ সালের ১লা জানুয়ারী হইতে অক্টোবর মাস পর্য্যন্ত আমেরিকা ব্রিটেনিয়াকে মোট ১১,৯৫,৬০,০০,০০০ ডলার মূল্যের পণ্য সাহায্য করিয়াছে। পণ্য সাহায্যের মধ্যে খাদ্যদ্রব্যাদির পরিমাণই অধিক বৃদ্ধি পাইয়াছে। উক্ত বর্ষের ৩০শে এপ্রিল পর্য্যন্ত ব্রিটেনকে মোট ১,০০০,০০০ টন খাদ্যদ্রব্য পাঠানো হইয়াছে। এই সমস্ত সাহায্যের দ্বারা শক্তিসম্পন্ন হইয়া আজ ব্রিটেনবাসি নব প্রজন্মটিকে প্রবল বেগে আক্রমণ করিতে অগ্রসর হইতেছে।

এদিকে মার্কিন যুক্তরাষ্ট্র ব্রিটেনকীয় সেনাবাহিনীকে যেরূপ সন্ত্যাদি ও অন্যান্য সাহায্যের দ্বারা সুসজ্জিত করিয়া তুলিতেছে, অন্যদিকে তেমনি ১৯৪২ সালের ৩রা সেপ্টেম্বর তারিখে অনুষ্ঠিত "পারস্পর ইজারা ও ঋণ সাহায্য" চুক্তি অনুসারে ব্রিটেনবাসিগণ মার্কিন যুক্তরাষ্ট্রকে আন্তর্জাতিক মূল্য বিনিময় ক্ষেত্রে যেরূপ সুবিধা দান করিয়া ও ঋণ উৎপাদনাদির দ্বারা সাহায্য করিতেছে এবং ব্রিটেনবাসির মূল্যবান সাহায্যাদি করিয়া তুলিতে সচেষ্ট হইয়া উঠিয়াছে। এই চুক্তি অনুসারে যুক্তরাজ্য, অষ্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ড আমেরিকাকে প্রচুর পরিমাণে সাহায্য করিয়া আসিতেছে।

'ইজারা ও ঋণ' ব্যবস্থার ফলে ভারতবর্ষ যে সাহায্য আমেরিকার নিকট হইতে পাইয়াছে তাহার পরিমাণও কম নহে। উক্ত ব্যবস্থার সুযোগানুসন্ধান হইতে আরম্ভ করিয়া ১৯৪৩ সালের ১লা জানুয়ারী পর্য্যন্ত ভারত মোট ২৯৫,৫০১,৪০৪ ডলার মূল্যের সাহায্য আমেরিকার নিকট হইতে পাইয়াছে। মোট সাহায্যের দুই-তৃতীয়াংশেই সমরোপকরণ এবং অবশিষ্ট এক-তৃতীয়াংশ কাঁচামাল ক্রয়ের উপযোগী কলকব্জা। এক্ষণে আমাদের বক্তব্য এই যে, ভারতবর্ষ যখন 'ইজারা ও ঋণ' ব্যবস্থার অন্তর্ভুক্ত সাহায্য লাভ করিতে সমর্থ হইয়াছে তখন আমেরিকা হইতে ভারতের আমদানীগুলি "নাই-কণ্ট্রাক্টে" পর্য্যবসিত না হইয়া যাহাতে ভবিষ্যত ভারতের নিজ গঠনের সহায়ক হয়—তাহার ব্যবস্থা করা উচিত। বাস্তবিক পক্ষে আজ অষ্ট্রেলিয়া, ক্যানাডা ও দক্ষিণ আফ্রিকা 'ইজারা ও ঋণ' সাহায্যের দ্বারা নিজেরই নিজ গঠনে সচেষ্ট হইয়া উঠিয়াছে। ভারত সরকারের দৃষ্টি যদি এ দিকে আকৃষ্ট হয় তাহা হইলে ভারতের বিদেশবাণিজ্যও যথেষ্ট সমৃদ্ধ দেখা যায়। এক্ষেত্রে আর একটি কথাও বলা প্রয়োজন। আমেরিকা যেরূপ 'ইজারা ও ঋণ' ব্যবস্থা দ্বারা ভারতকে প্রচুর সাহায্য করিয়াছে ও করিতেছে অনুরূপ তেমনি 'পারস্পর ইজারা ও ঋণ' চুক্তি অনুসারে ভারতবর্ষও ব্রিটেনিকাকে যথেষ্ট সাহায্য করিতেছে। আমরা আগে বলিয়াছি যে, উক্ত সাহায্যের পরিমাণ সঠিকভাবে এখনও মোটা টাকা হইবে। কিন্তু আমাদের দুর্ভাগ্যবশতঃ আজও উক্ত সাহায্যের আর্থিক পরিমাণ আমরা জানি—কারণ ঐ সম্পর্কে সরকার আমাদের বা অন্য কোন সূত্র হইতে আমরা সেরূপ কিছুই পাই নাই। এই সম্পর্কে ইজারা অপেক্ষা পরিচালক মিঃ ষ্টেটিনিয়াসের কথা স্মরিয়া আমরা আরও আশ্চর্য্যান্বিত হইয়াছি। মিঃ ষ্টেটিনিয়াস বলেন যে, ভারতবর্ষ হইতে আমেরিকা যে সমস্ত সাহায্য লাভ করিয়াছে তাহার প্রত্যেকটির আর্থিক মূল্য নির্দ্ধারণ করিতেও পরিমাণ দফতরের প্রয়োজন হইবে বলিয়া ঐ সমস্ত কার্য্যে ব্যয় করা সমীচীন হবে না। ভারত হইতে প্রকৃত সাহায্যের পরিচয় পাইতে পারিলে আমাদের সুবিধা হইত সন্দেহ নাই—কারণ আমদানী-রপ্তানীর খাতে আমরা আমেরিকার নিকট কি পরিমাণ দেনাদার হইয়া পড়িয়াছি তাহা জানা যাইত। বস্তুতঃ দেনার পরিমাণ ও কি প্রকারে ঐ দেনা পরিশোধ করা হইবে—এ সম্বন্ধে ভারতীয় অর্থনীতিবিদ্‌গণ যথেষ্ট চিন্তিত হইয়া পড়িয়াছেন। এসম্বন্ধে উক্ত বিষয়ে কর্তৃপক্ষের উপযুক্ত তথ্যাদি সত্বর প্রকাশ করা উচিত।

টাকা উড়ে যায়
তাকে ধরে রাখার একমাত্র উপায়
ব্যাঙ্কে হিসাব খোলা
আপনার উড়ে যাওয়া টাকা ধরে রাখার
ভার নিতে পারে

সোণাপুর ব্যাঙ্ক লিমিটেড
হেড অফিস—১৬, ক্যাসা লেন, কলিকাতা।

সুদের হার
চলতি হিসাব—১½% সেভিংস্ ব্যাঙ্ক ১½%
স্থায়ী আমানত—০½% হইতে ৫½%

আধুনিক সকল প্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

ম্যানেজিং ডিরেক্টর
মিঃ জে সি চক্রবর্ত্তী, এ, বার

ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর
মিঃ অরবিন্দ রায়

বাঙ্গালী জাতি ও অনুন্নত হিন্দু সমাজ

[সুধাংশু বিশ্ব]

বাংলার মোট লোকসংখ্যা ১৯৪১ সালের আদম সুমারী অনুযায়ী প্রায় সাড়ে ছয় কোটি। সাড়ে ছয় কোটি লোক লইয়া গঠিত একটী জাতির গুরুত্ব উপেক্ষণীয় নহে। কিন্তু জাতি যদি আপন শক্তি লইয়া গড়িয়া উঠিতে না পারে, তাহা হইলে কেবলমাত্র লোক-সংখ্যার কোন মূল্য নাই। বাঙ্গালী যে আজও জাতি হিসাবে পরিপূর্ণভাবে বিকশিত হইয়া উঠিতে পারে নাই, জাতীয়তা-বোধ বলিতে আমরা যে গভীর দেশাত্মবোধ, যে গভীর ঐক্যানুভূতি বুঝি তাহা যে আজও বাংলার বিপুল জনসমষ্টির স্তরে স্তরে ছড়াইয়া পড়ে নাই, প্রতিদিন বিভিন্ন সম্প্রদায় বা শ্রেণীর স্বার্থসংঘর্ষের মধ্য দিয়া ইহার প্রত্যক্ষ প্রমাণ আমরা পাইতেছি। ইহার জন্য আমাদের দুঃখ ও বেদনার অন্ত নাই; কিন্তু কি করিয়া সমগ্র বাঙ্গালী জাতি অতীত সংস্কার প্রতিষ্ঠিত হইবে, কি করিয়া বাঙ্গালী জাতি জাতিরূপে বিকশিত হইবে এবংবা বৈজ্ঞানিক দৃষ্টি লইয়া আমরা ভাবিতে পারি না। ঠিক এই কারণেই কেন এমন হইতেছে তাহার হদিশ খুঁজিয়া বা পাইয়া আমরা শ্রেণী বা সম্প্রদায়গত দৃষ্টি লইয়া জাতির সকল দুর্বলতার কারণ কোন না কোন সম্প্রদায় বা শ্রেণীর উপর চাপাইয়া দিই এবং রাজনৈতিক ক্ষেত্রেও পরিস্থিতিরূপ দৃষ্টিভঙ্গীর মূলেই ইহার জন্য দায়ী এ কথা বলিয়া মুক্তিলাভ করি।

বাঙ্গালী এবং ভারতবর্ষের অন্যান্য যে সকল জাতি গড়িয়া উঠিতেছে তাহাদের জাতি হিসাবে পূর্ণাঙ্গরূপে বিকশিত হইয়া উঠিবার পথে সর্বপ্রধান বাধা বিদেশী-শাসন এই বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নাই। সঙ্গে সঙ্গে মনে রাখিতে হইবে যে, বিদেশী ধনিকতন্ত্রের আওতায় ভারতবর্ষের জাতিগুলি (Nationalities) গড়িয়া উঠিয়াছে। ইহার ফলে, ধনিকতন্ত্রের অন্যান্যের সহিত জাতীয়তাবোধ অঙ্গাঙ্গীভাবে জড়িত। বৃটিশ শাসনেই ভারতবর্ষে ধনিকতন্ত্রের পত্তন হইয়াছে, কলকারখানা গড়িয়া উঠিয়াছে, রেল ষ্টীমার মোটর প্রভৃতি যানবাহন চলাচলের ব্যবস্থা হইয়াছে। ইহারই ফলে গড়িয়া উঠিয়াছে ভারতীয় ধনিক শ্রেণী এবং ভারতীয় ধনিক শ্রেণীর সহিত বৃটিশ ধনিক শ্রেণীর শোষণের মধ্য দিয়াই ভারতবর্ষে জাতীয়তা বোধের উদ্রেক হইয়াছে। বিভিন্ন অঞ্চলের মানব গোষ্ঠী ভাষা ও সাংস্কৃতিক আন্দোলন করিয়া এই জাতীয়তাবোধ বিভিন্নরূপে পরে পুষ্পে পল্লবিত হইয়া উঠিয়াছে। তাই আমরা ভারতবর্ষকে আজ দেখিতে পাইতেছি এক মহাজাতিক দেশ রূপে (multi-national country)—বহু-জাতিক দেশ রূপে নহে।

কিন্তু আজ ভারতবর্ষের এই বিপুল জাতি-সমষ্টি আর অগ্রসর হইতে পারিতেছে না। বিদেশী ধনিক শাসনের অনিবার্য পরিণতি স্বরূপ তাহারা গড়িয়া উঠিয়াছে, কিন্তু তাহারা বাড়িয়া উঠিতে ইহা বিদেশী ধনিকতন্ত্রের কাম্য নহে। কাজেই পরাধীনতার মূলোচ্ছেদ না করিয়া ভারতীয় জাতিগুলির বিকাশ লাভের কোন উপায় নাই।

কিন্তু এই মূলোচ্ছেদের জন্য বাস্তব কর্মপন্থা গ্রহণ করিবার সময় আসিয়াছে; কেবলমাত্র সমাজোচনা, আন্দোলনের দ্বারা এই কার্য্য সিদ্ধ হইবে না। সেই কর্মপন্থাকেই আমরা আজ এখানে বিবৃত করিব। মূল কর্মপন্থা জাতীয় ঐক্য গড়িয়া তোলা। কিন্তু যে জাতিগুলি এখনও সচেতন শ্রেণী ও সম্প্রদায়ের গণ্ডী কাটাইয়া উঠিতে পারে নাই সে জাতিগুলি কেমন করিয়া ঐক্যবদ্ধ হইবে এবং কেমন করিয়াই বা সর্বভারতীয় ঐক্য গড়িয়া তুলিবে? ইহারই জন্য এখন প্রয়োজন প্রত্যেকটী জাতির বিভিন্ন অংশের দাবী-দাওয়া ও দুর্বলতা সম্পর্কে সচেতন হইয়া জাতীয়তার দাবী দাওয়া যথাযথভাবে পূর্ণ করিয়া এবং দুর্বলতা দূর করিয়া জাতিকে শক্তিশালী করিয়া তোলা। এই কাজ করিবার দায়িত্ব গ্রহণ করিতে হইবে দেশের প্রধান প্রধান রাজনৈতিক দলগুলিকে।

এই প্রসঙ্গে বাঙ্গালীজাতির কথা আলোচনা করিতে গেলে দেখিতে পাইব যে, বিপুল মুসলমান সম্প্রদায় ছাড়াও বাংলা দেশের হিন্দু সম্প্রদায়ের অন্তর্ভুক্ত অনগ্রসর জাতি-গুলিরও বিরাট এক বিশাল মানবগোষ্ঠী রহিয়াছে। সাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গী লইয়া ইঁহারা বাস্তবে বর্ধিষ্ণুদের প্রয়োজনীয় রস এবং প্রকৃত বিপ্লবধর্মী রস উহাতে চলিতেছে সন্দেহ নাই, কিন্তু রাজনৈতিক ও আর্থিক দিক হইতে ইহাদের সংহত ও শক্তি-শালী করিবার কোন চেষ্টা আজ পর্যন্ত হয় নাই। এই বিশাল মানবগোষ্ঠীকে বাঙ্গালী জাতির শক্তিশালী অঙ্গরূপে গড়িয়া তুলিবার চেষ্টা কৃষক-সভা দ্বারা অন্য কোন রাজনৈতিক প্রতিষ্ঠান করেন নাই এবং কৃষক-সভাও যেটুকু করিয়াছেন সেটুকুও সংকীর্ণ করিয়াছেন, কারণ তাঁহাদের সঙ্গে (এ পর্যন্ত অন্তত) অনুন্নত সমাজের বিভিন্ন গোষ্ঠীর বিভিন্ন সমস্যার প্রতি দৃষ্টি দেওয়া সম্ভব হয়

জীবন বীমার জন্য

ইণ্ডিয়ান মিউচুয়্যাল
লাইফ্ এসোসিয়েশন লিঃ

১০নং ক্লাইভ রো, কলিকাতা

যাই। অনুন্নত সমাজের বিভিন্ন অংশের মুসলমানের সহিত মোশ স্থাপন করিয়া তাঁহারা রাজনৈতিক ও আর্থিক প্রভেদ অনেকটা ভাসাইয়া তুলিয়াছেন মাত্র। ইহার ফল অনেক, কিন্তু ইহাই বাংলার বিশাল অনুন্নত সমাজের পক্ষে সব নহে।

বাংলার অনুন্নত সমাজের দিকে দৃষ্টিপাত করিলে দেখিতে পাই যে, অনুন্নত সমাজের প্রধান প্রধান মোষ্ঠীগুলির (১) নাম, অবস্থান ও সংখ্যা বৃদ্ধি (১৯০১-৩১) নিম্নরূপ :—

জাতি	অবস্থান	সংখ্যা বৃদ্ধি
বাগ্‌দী	পশ্চিমবঙ্গে সংখ্যা ৭৫ বর্ধমানে সর্বাধিক, বাকী মধ্যভাগে	২.৮
বাগ্‌দী	বাংলার বিভিন্ন : মেদিনীপুর, চাকা, হুগলী, চব্বিশ-পরগণার অধিক সংখ্যক	২১.৯
নৌকুলিয়া	সংখ্যা ৮৪, চব্বিশ-পরগণা, খুলনা ও যশোহরে	৪৩.৭
সদ্‌গোপ	অধিকাংশ বাঁকুড়া, বর্ধমান ও মেদিনীপুর, ঢাকা, ত্রিপুরা ও ময়মনসিংহ জেলায়ও সংখ্যায় অধিক	১৩.৩
রাজবংশী	সংখ্যা ৯০ দিনাজপুর, জলপাইগুড়ি ও কুচবিহারে	৪.৮

১৯৩১ সালের আদম সুমারীতে দেখা যায় যে, অনুন্নত সমাজের উক্ত মোষ্ঠীগুলির মধ্যে বাগ্‌দী, সদ্‌গোপ ও রাজবংশী এই তিনটী মোষ্ঠীরই মোট লোকসংখ্যা ৬১ লক্ষ। এই সংখ্যা উচ্চ বা উচ্চবর্ণের হিন্দুমোষ্ঠী-সমূহের অর্থাৎ ব্রাহ্মণ, কায়স্থ ও বৈদ্যের মোট সংখ্যার দ্বিগুণেরও অধিক। এ ছাড়া অনুমান যে এক কোটি (১৯৩১) অবনত ও অস্পৃশ্য মোষ্ঠীসমূহ রহিয়াছে তাহাদের কথাও স্মরণ রাখিতে হইবে। বাংলাদেশের খুলনা, ফরিদপুর, বীরভূম, অসমান, রাজসাহী প্রভৃতি জেলায় অনুন্নত হিন্দুর সংখ্যা সমস্ত হিন্দুর অর্ধেকেরও বেশী। ১৯৩১ সালে অনুন্নত সমাজের লোকসংখ্যা আরও অনেক বৃদ্ধি পাইয়াছে সন্দেহ নাই। বর্তমানে বাংলার অনুন্নত হিন্দু মোষ্ঠীসমূহের মোট লোকসংখ্যা অনুমান দুই কোটি হইবে।

(১) বাঙ্গলা ও বাঙ্গালী—অধ্যাপক রাধাকমল মুখোপাধ্যায়, পৃঃ ১৪।

এই বিশাল জনশক্তিকে বাদ দিয়া বাঙ্গালী জাতি গঠিত উঠিতে পারে না। অনুন্নত সমাজের মোষ্ঠীগুলিকে হিন্দুসমাজের উচ্চ মোষ্ঠীগুলির পাশ্চাত্যে রাখিয়া বা তাহাদের বাঁটি হিন্দুরূপে গণ্য করিয়া তুলিবার চেষ্টার দ্বারা এই কার্য্য সাধিত হইবে না। কারণ বৈজ্ঞানিক দৃষ্টি লইয়া বিচার করিলে দেখা যাইবে এই সকল মোষ্ঠীর অবনতি (সামাজিক, আর্থিক ও রাষ্ট্রীয় সকল দিকেই) মূল কারণ দারিদ্র্য। তাহাদের পেশা (occupations) আর্থিক দিক হইতে তাহাদের শোষিত শ্রেণীতে পরিণত করিয়াছে। অনুন্নত সমাজের বিভিন্ন মোষ্ঠীগুলি প্রধানতঃ কৃষি-বনজ ব্যবসায় ও বিবিধপ্রকার ভূমিনির্ভর এমন সমূহের কাজ করিয়া জীবিকার্জন করিয়া থাকে। শোষিত বলিয়াই এই মোষ্ঠীগুলি অনুন্নত। আজ ইহাদের প্রকৃত হিন্দুত্বে পরিণত করিবার বা উচ্চবর্ণের পাশ্চাত্যে বা অনাচরণীয় করিবার যে সামাজিক প্রচেষ্টা চলিতেছে তাহার সার্থকতার দিক উল্লেখ না করিয়াও বলা চলে যে, প্রধানতঃ সে প্রচেষ্টা উক্ত অনুন্নত সমাজের লোকগুলিকে বাদ করিয়া উচ্চবর্ণের হিন্দুদের রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির কৌশলমাত্র। সেইজন্যই এই

ফোন ক্যাল ২৭৬৭ গ্রাম "অমরকল্প"

আপনার আত্মকের "সঞ্চয়ই" আপনার বার্দ্ধক্যের একা পরমাত্মীয়ের অভিজ্ঞের অবস্থায়।

প্রভিন্সিয়াল ইউনিয়ন
এসিওরেন্স লিমিটেড

হেড অফিস—বিজা
=ফেডারেল অফিস=
৩ নং ডালহৌসী স্কোয়ার, কলিকাতা
ব্রাঞ্চ অফিস, ডালহৌসী স্কোয়ারে

উপযুক্ত বেতন ও কমিশনে কর্মী এজেন্ট ও মর্ণিং মাইলার আবশ্যক

দেশের ও দশের সেবার একমাত্র জাতীয় প্রতিষ্ঠান

গ্রেট বেঙ্গল ব্যাঙ্ক লিঃ

স্থাপিত ১৯২১ !!! হেড অফিস কলিকাতা

শাখাসমূহ
আরাজপথ, মতিহারী
ছবিলাল ও ভাগলপুর

চেয়ারম্যান্ বোর্ড অব ডিরেক্টার্স :
রায় বাহাদুর গুরুপ্রসন্ন রায়
ব্যারিষ্টার ও অধিবক্তা ভাগলপুর।
ম্যানেজিং ডিরেক্টর—অমলকৃষ্ণ ভাদুরী

সকল প্রচেষ্টার সহিত অনুন্নত সমাজভুক্ত শ্রেণীগুলির মধ্যে আর্থিক ও রাজনৈতিক উন্নতি লাভের ক্ষেত্রে কর্মসূচী যুক্ত নাই।

প্রকৃতপক্ষে বাংলার বিশাল অনুন্নত সমাজকে বাঙালী জাতির শক্তিশালী অংশরূপে গড়িয়া তুলিতে হইলে এক ভারতের মধ্যে দেশাত্মবোধকে জাগ্রত করিয়া বাঙালী জাতিকে অখণ্ড ও ঐক্যবদ্ধ জাতিতে পরিণত করিতে হইলে অর্থনৈতিক, রাজনৈতিক ও সামাজিক কর্মসূচী মিলাইয়া একটি সর্বাঙ্গীন কর্মসূচী গ্রহণ করিতে হইবে। এই কর্মসূচীর সর্বপ্রধান অংশ হইবে অর্থনৈতিক। এই সর্বাঙ্গীন কর্মসূচী অনুসরণ করিয়া অনুন্নত সমাজের যেসব তথা কংগ্রেস, লীগ, কমিউনিষ্ট পার্টি প্রভৃতি প্রধান প্রধান রাজনৈতিক দলগুলি যদি গ্রহণ করেন তাহা হইলে যে হিন্দু আর যে মুসলমান যে ইঙ্গবঙ্গ যে মিশ্রবঙ্গ উহা লইয়া আত্মবিস্মৃতার সৃষ্টি না হইয়া জাতি হিসাবে বাঙালী জাতি অতিকালের মধ্যেই বিপুল শক্তি সঞ্চয় করিতে পারিবে। যে সকল রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক দাবীর প্রশ্নে কেবল অনুন্নত সমাজের (মুসলমান সম্প্রদায়ের সঙ্গেও একথা খাটে) সমস্ত শ্রেণীগুলিকে মিলানো সম্ভব সর্বাগ্রে সেই সকল দাবী লইয়াই ব্যাপক গণআন্দোলন গড়িয়া তুলিতে হইবে এবং এই আন্দোলনের মধ্য দিয়াই বর্ণ ও শ্রেণী-নির্বিশেষে সমস্ত শ্রেণিবদ্ধের সম্মিলিত ও সংঘবদ্ধ করিতে হইবে।

প্রথমতঃ, রাজনৈতিক দাবীর কথাই বলা যাউক। জাতি, বর্ণ ও শ্রেণী-নির্বিশেষে বিদেশী শাসন হইতে মুক্তিলাভ করা সকলেরই সর্বাগ্রগণ্য উন্নতির জন্য প্রয়োজন, কাজেই অনুন্নত সমাজের সমস্ত শ্রেণীগুলিই জাতীয় গভর্নমেণ্ট প্রতিষ্ঠার দাবীকে রাজনৈতিক দাবী হিসাবে গ্রহণ করিতে হইবে, কিন্তু সঙ্গে সঙ্গে অনুন্নত সমাজের পক্ষে সেই দাবী একটা অসম্ভব (abstract) দাবী না হইয়া যাহাতে বাস্তব (concrete) দাবীতে পরিণত হয় তাহারও ব্যবস্থা করিতে হইবে। ইহার জন্য বর্তমান অবস্থায় তফসীলভুক্ত অনুন্নত সম্প্রদায় বা শ্রেণীগুলির জন্য চাকুরীর হার, শিক্ষা প্রভৃতি বিষয়ে যে সকল বিশেষ ব্যবস্থা আছে সেগুলি বজায় রাখিবার ব্যবস্থা করিতে হইবে। মুসলিম লীগের পক্ষে অনুন্নত সমাজের দাবীগুলি সমর্থন করা সহজ ও স্বাভাবিক, কারণ তাঁহারাও মুসলমান সম্প্রদায়ের উন্নতির জন্য অনুরূপ দাবী করিতেছেন। এক্ষেত্রে মুসলিম লীগের সহিত অনুন্নত সমাজের ঐক্য স্থাপন করিয়া কাজ করিতে হইবে। বর্তমানে এই ব্যাপারে কিছুটা ঐক্য আছে, কিন্তু তাহা ব্যাপকতর রাজনৈতিক আদর্শের দ্বারা উদ্বুদ্ধ নহে। অনুন্নত সমাজের জননায়কগণের নেতারা যদি আরও অগ্রসর হইয়া কংগ্রেসের সহিত যোগ স্থাপন করেন তাহা হইলে তাঁহারা কংগ্রেস ও লীগের মিলন ব্যাপারে করিয়া সহজভাবে জাতীয় ঐক্য পথে সহায়তা করিতে পারিবেন। এ ব্যাপারে অনুন্নত সমাজ কমিউনিষ্ট পার্টির পূর্ণ-সমর্থন লাভ করিবেন সন্দেহ নাই। প্রকৃতপক্ষে জাতীয় গভর্নমেণ্টের দাবী অনুন্নত সমাজের পক্ষ হইতে করা হইলে কংগ্রেসের সহিত অনুন্নত সমাজের মিলনের কোন বাধা থাকিবে না। অবশ্য এক্ষেত্রে অনুন্নত সমাজ যাহাতে মিলনের ফলে জাতীয় গভর্নমেণ্টের দাবী জানায় তজ্জন্য কংগ্রেসেরই উচিত হইবে মিলনের অগ্রসর হইয়া অনুন্নত সমাজের দাবীগুলিও মানিয়া লওয়া। কংগ্রেস পুনা চুক্তি প্রভৃতির দ্বারা এ বিষয়ে তাঁহাদের প্রগতিশীল মনোভাবের আভাষ পূর্বেই দিয়াছেন, কিন্তু লীগের সহিত মিলন না হওয়ায় কংগ্রেসের এই মনোভাবকে মুসলমান সম্প্রদায় এবং অনেকক্ষেত্রে অনুন্নত সমাজও রাজনৈতিক চালবাজী বলিয়াই সন্দেহ করিয়াছেন।

অনুন্নত সমাজের নেতারা মুসলিম জাতিসত্তার আত্মনিয়ন্ত্রণের অধিকারকে স্বীকার করিয়া লইলে এবং কংগ্রেসও দ্বারাকে এই অধিকারকে স্বীকার করিয়া লইতে উদ্যত হইলে এই দিক ও সংঘের অবসান হইয়া সহজেই জাতীয় ঐক্য গড়িয়া উঠিতে পারে।

মোহিনী মিলের

ক্রমবর্দ্ধমান ইতিহাসের মূলে

আছে ইহার শিল্পচাতুর্য্য ও অর্থনীতি।

ধনী-দরিদ্র-নির্ব্বিশেষে ইহার বস্ত্র সমান আদরণীয়।

১নং মিল কুষ্টিয়া (নদীয়া) ↔ ২নং মিল বেলেঘরিয়া (২৪ পরগণা)

ভক্তপ্রদত্তী সন্স এণ্ড কোং

ম্যানেজিং এজেন্টস

দ্বিতীয়তঃ অর্থনৈতিক দাবীর কথা। অর্থনৈতিক দাবীর বিষয় চিন্তা করিলে প্রথমেই দেখা যাইবে যে, অনুন্নত সমাজের (যথা মুসলমান সম্প্রদায়ের) অনুমান শতকরা ৭০ জনই কৃষক এবং বাকী ৩০ জন প্রায় তাহিদার, কৃষিমজুর, কারুজীবী প্রভৃতি। এমন ক্ষেত্রে ঋণি-ব্যবস্থার সংশোধন, কৃষিঋণ, সেচ-ব্যবস্থা, সমবায় সমিতি,গ্রাম পুনর্গঠন প্রভৃতি সম্পর্কে কৃষক-সভার পক্ষ হইতে যে সকল দাবী ও কর্মপন্থা উপস্থিত করা হইয়াছে অনুন্নত সমাজের পক্ষ (তথা মুসলমান সম্প্রদায়ের) হইতে সেগুলি সর্বতোভাবে সমর্থন করা উচিত। কৃষক-সভা বা কৃষক-সমিতি শক্তিশালী হইলে অনুন্নত সমাজের অস্তিত্ব রহিবে অথবা অনুন্নত সমাজের নেতৃত্বের প্রভাব হ্রাস পাইবে বিশেষ কোন কারণে এরূপ ধারণা বৃদ্ধি পাইবে এরূপ সন্দেহ সম্পূর্ণ অমূলক। প্রকৃতপক্ষে কৃষক-সভার সুসঙ্গত দাবীগুলি সমর্থন করিলে এবং কৃষক সমিতি গঠনে সহায়তা করিলে অনুন্নত সমাজের নেতারা অনুন্নত সমাজের সত্যকার নেতা বলিয়া জন-সাধারণের নিকট গণ্য হইবেন এবং জনগণের সহানুভূতি অর্জন ফলে তাঁহারা নিজ নিজ শ্রেণীর সত্যকার কল্যাণ সাধনে সমর্থ হইবেন। আজিকার দিনের মত শুধু জিন্নাহ জিন্নাহ একবার এই দলে একবার ঐ দলে যোগ দিয়া, এসেম্বলী-পলিটিক্স করিয়া সাধারণের অভিযোগ দূর ও স্বার্থ প্রসার হইবে বলিয়াছেন কিন্তু নিজ শ্রেণীর অবস্থা-গতিই তাহাদের বাঁচাইতে পারিবে।

তৃতীয় হইল সামাজিক দাবী। রাজনৈতিক ও অর্থনৈতিক কর্মসূচীর সহিত সামাজিকভাবে কোন সামাজিক দাবী উপস্থিত করা হইলে এবং সরকারী চাকুরী, স্কুল কলেজে পড়া প্রভৃতি ব্যাপারে অনুন্নত সমাজের সমান অধিকার ইতিপূর্বেই স্বীকৃত হইয়াছে। এ সম্পর্কে সাধারণভাবে যদি কিছু করার থাকে অনুন্নত সমাজের নেতাগণ তাহা স্থির করিতে পারেন। তবে এই সামাজিক দাবীর ক্ষেত্রে অনুন্নত সমাজের বিভিন্ন শ্রেণীর সামাজিক সংগঠনের প্রয়োজনীয়তা রহিয়াছে। অনুন্নত হিন্দু শ্রেণীগুলির নিজ নিজ সমাজ রহিয়াছে। প্রগতিশীল বুদ্ধি লইয়া নিজ নিজ শ্রেণীর সামাজিক সংস্কার সাধনের জন্য প্রগতিশীল বন্ধুত্ব, সৌভ্রাত্র, সাহিত্য, রাজবংশী প্রভৃতি সম্প্রদায়ের নেতাদের অগ্রসর হইতে হইবে এবং নিজ নিজ শ্রেণীর আত্মরক্ষার অবাধার ও কুসংস্কার দূর করিতে হইবে। ইহারই জন্য বন্ধুত্ব সমিতি, সাহিত্য সমিতি প্রভৃতির প্রয়োজনীয়তা আছে। প্রগতিশীল নেতাদের নেতৃত্বে যদি এই সমিতি-গুলি সামাজিক সংস্কার সাধনে অগ্রসর হয় এবং সঙ্গে সঙ্গে পূর্বোল্লিখিত রাজনৈতিক ও অর্থনৈতিক দাবী আদায় করিবার উদ্যোগ আয়োজন হইলে বঙ্গ, বিহার, নীল, কমিউনিষ্ট পার্টি প্রভৃতি বিভিন্ন রাজনৈতিক দল ও প্রতিষ্ঠানের সহিত যোগ স্থাপন করে তাহা হইলে অনুন্নত সমাজের প্রকৃত উন্নতি হইবে। অনুন্নত উচ্চ-বর্ণের হিন্দুদের সঙ্গে অনুন্নত, আদিবাসী বা অনুন্নত সমাজের পরস্পরের বিভিন্ন ও অবস্থাপন্ন লোকের স্বার্থসিদ্ধির জন্য উক্ত সমিতিগুলি ব্যবহৃত হইলে অনুন্নত সমাজ যে তিমিরে সেই তিমিরেই রহিয়া যাইবে। একটী সামান্য দৃষ্টান্ত দিলেই ইহা বুঝা যাইবে। বাংলা সরকার অনুন্নত সমাজের শিক্ষার জন্য পাঁচ লক্ষ টাকা প্রতি বৎসর মঞ্জুর করিয়া থাকেন। ইহা অত্যন্ত দুঃখের ও দুঃখের বিষয় যে, অনুন্নত সমাজের অধিকাংশ লোক যখন অশিক্ষিত এবং গ্রামের স্কুলগুলি যখন অর্থাভাবে চালানো কঠিন, হইয়া উঠিয়াছে সেই অবস্থাতেও এই সামান্য পরিমাণ টাকারও সবটা ব্যয় করার সুযোগ পাওয়া যায় নাই। ব্যবস্থাপক সভায় ও তাহার বাহিরে অনুন্নত সমাজের নেতারা কতটুকু কাজ করিতে পারিতেছেন ইহাই তাহার প্রমাণ। তাহাই প্রগতিশীল বুদ্ধি লইয়া এক সংগঠন ও আন্দোলনের সঙ্গে লইয়া যদি অনুন্নত সমাজের নেতারা এবং অন্যান্য রাজনৈতিক দল অনুন্নত সমাজের বিশাল মানব-শ্রেণীর দিকে অগ্রসর না হন তাহা হইলে ঘোলায় তাদো বন্ধ হয় আছে।

সৎপ্রাম ও শান্তি
নূতন অবস্থাতেই আপনাদের সেবা করিবে এজন্য
কুবের ব্যাঙ্ক
লিমিটেড
হেড অফিস : কলিকাতা ৬৩১
ব্রাঞ্চ
ঢাকা, ফরিদপুর, শিলিগুড়ী, নাটোর, বাগী, রাজসাহী, বগুড়া, কুষ্টিয়া, তাহেরপুর, রাণাঘাট, নড়াইল, কাশিয়ানী, ডায়মণ্ড হারবার, বেহালা, বজবজ, ডায়মণ্ড হারবার,
সর্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়। ম্যানেজিং ডিরেক্টর :—এস, কে, চক্রবর্তী

সম্রাটদের লোভনীয় মহীয়ান হিন্দু ভারত মহীয়ান হোক নয়। ভারতের প্রাকৃতিক সম্পদ দেখে সেকালের বিদেশ সম্রাটদের মনে পরিকল্পনা জেগে উঠেছিল, ভারতকে যে উপনিবেশের অন্তর্ভুক্ত করতে। ভারতের মাটিতে, ভারতের জলে, ভারতের খনিতে, ভারতের বনে জঙ্গলে, দেশের যাযাবর যে সম্পদ লুকিয়ে আছে তাতেই লোভে আকৃষ্ট আকৃষ্ট মুক্ত হয়েছিলেন। শত অবশ্য শতাব্দী ধরে ভারতের সম্পদই ভারতবাসীদের—অধিবাসী, ব্যবসায় ও শ্রমের লাঞ্ছনার কারণ হয়েছে। এ যেন মহীয়ান বিপুল শক্তি—যা কেবল তার পরাধীনতাই নিয়েছে—তার নিজের স্বাধীনতার কোন কাজে লাগেনি।

১৭৫৭ সালে বাংলায় অবস্থানরত ফরাসী মুর্শিদাবাদে চুকে ক্লাইভ বলেছিল: "বিরাট এ শহর, জনসংখ্যায় লন্ডন এবং লন্ডন থেকে অধিকতর সমৃদ্ধিশালী। তবে পার্থক্য এই যে, লন্ডন শহরের সাধারণ লোকের ব্যক্তিগত সম্পদ বহু এই শহরের লোকের তার থেকে অনেক বেশী সম্পদ আছে।" অনেকে অনেকের যে, ক্লাইভের এই কথায় একটু বেশী বাড়াবাড়ি আছে এবং সাম্রাজ্যবাদের পরবর্তী ঐতিহাসিকরা চেষ্টা করেছেন বোঝাতে যে ১৭ শতাব্দীতে সাধারণ ভারতবাসী যত গরীব ছিল আজও তেমনি আছে—সম্পদ কেবল অল্পসংখ্যক লোকের মধ্যেই ছিল। এই মতের মধ্যে কর্জন, এইচ. মুকার্জি-এর "আকবরের মৃত্যুকালে ভারত" ও "আকবর থেকে আরঙ্গজেব" (India at the death of Akbar—1920, From Akbar to Aurangzeb—1923 by W. H. Moreland) বই উল্লেখযোগ্য। কিন্তু ক্লাইভের বাড়াবাড়ি বলে কিছুতে তেভার্নিয়ের ফরাসী ট্যাভার্নিয়েরের বক্তব্যে যে দোষ আরোপ করা কঠিন। তিনি লিখেছেন। "অন্যান্য শস্যদানের সঙ্গে-চাল, আটা, দুধ-মাখন, ঘাস, তরকারী, গুড়, তিসি, সিঁদোই প্রচুর পরিমাণে পাওয়া যেত।" (Tavernier, "Travels in India", Oxford University Press edition, 1925 Vol. I. P. 239)

এর পরে উল্লেখ করা যেতে পারে আকবরের প্রধান বৈদ্য মানুচীর (ভেনিসের অধিবাসী) মন্তব্য। তিনি অবশ্য উপনিবেশের সঙ্গে ভারতের প্রত্যেক প্রদেশের সম্পদের বিস্তৃত বিবরণ দিয়েছেন। ক্লাইভের মৃত্যুর পরবর্তী কালে এসব বিবরণের আলোয় যে তুলনা করেছে তার সঙ্গে মানুচীর বাংলা-বৃত্তান্ত তুলনা করা যেতে।

"মোগলসাম্রাজ্যের মধ্যে বাংলাই অবশ্যই-সেরা সর্বাপেক্ষা পরিচিত। বাংলা থেকে ইউরোপে যে বিরাট সম্পদ চালান দেওয়া হয়েছে তাতেই বেশ বোঝা যায় বাংলার উর্বরাশক্তি কত বেশী। আমরা জোর করে বলতে পারি বাংলা জিনিষ থেকে কোন বিষয়ে বিহার কম, কম যেমন, তুলা, তিসি ও নীলের চাষে বাংলা অনেক বেশী উন্নত। ফলমূল, ধান, গম, চাল, মসলিন এবং রেশম ও সোনার জিনিষ সেখানে—এখানে প্রচুর পরিমাণে পাওয়া যায়।" (F. F. Catron, "The general History of Mogul Empire, Extracted from the memoirs of M. Manouchi, a Venetian and Chief Physician to Aurangzeb for about 40 Years" published by John Bowyer, London, 1709.)

ঠিক এই কথাই অবিকল প্রতিধ্বনি পাওয়া যায় ফরাসী ফ্রাঁসোয়া বার্নিয়েরের বক্তব্যে। তিনি ১৬৫০ সালের পর-পারিষদ ভাবে ছয়বার বাংলায় আসেন এবং মোগল সাম্রাজ্য বিপুল হওয়ার আগেকার অবস্থা দর্শন করেন। তিনি বলেছেন যে, বাংলা বিশ্বে থেকে বেশী সম্পদশালী।

এর থেকে বোঝা যায় যে, সাধারণ মানুষের জীবনযাত্রার মান বৃটিশ শাসনের আগে কেন উঁচু ছিল। শুধু তাই নয়—ভারতের নিজ শাসনামলের বিভাগও যে তৎকালীন পৃথিবীর যে কোন জায়গা থেকে অনেক বেশী ছিল—তার প্রমাণ পর্যন্ত আছে। এমন কি সরকারী Indian Industrial Commission (১৯১৬-১৮) এর রিপোর্টেও পাওয়া লিখতে হয়েছে:

"সপ্তদশ শিল্পবিপ্লবের অগ্রদূতের পশ্চিম ইউরোপ যখন অসভ্য জাতির বসবাস ছিল তখন ভারতের শাসকদের সম্পদ যেমন বিখ্যাত তেমনি বিখ্যাত ছিল তার কারিগরদের নিপুণতায়।—এবং অনেক পরেও যখন পশ্চিমের দেশগুলি থেকে ইংরেজরা ভারতের বুকে ঢালির ঢোল বাজাও ভারতের শিল্পবিকাশ—ইউরোপের চাইতে দেশগুলি

নিউ ন্যাশনাল ব্যাঙ্ক লিমিটেড্
১৯২৮ সনে প্রতিষ্ঠিত
হেড অফিস—১৪নং ক্লেয়ার ষ্ট্রীট, কলিকাতা।
গত ২২শে মার্চ বিহার শরিফ শাখা খোলা হইয়াছে।
চাইবাসা, আসানসোল, রাঁচী ও হাজারিবাগ শাখা
শীঘ্রই খোলা হইবে।
●
ম্যানেজিং ডাইরেক্টরস্:
চিত্তবিনোদ গুহ, বসন্তকুমার রায়।

থেকে কোনওক্রমে নিকৃষ্ট ছিল—তা' বলা যায় না।"

এই কমিশনের রেজারভ্যাস ছিলেন তার ইমাল হ্যাডফিল্ড। ইনি ভারতের খনিজ সম্পদ সম্পর্কে একজন বিশেষজ্ঞ। ইনি ১৯০৮ সালে লিখেছিলেন। "খনিজ-বিভাগ কিরূপ ভাবে ভারত যে একদিন শীর্ষস্থানীয় ছিল তা ঘোষণা করে এবং তার ভবিষ্যৎ সম্ভাবনা সম্বন্ধে কিরূপ ধারণা পোষণ করে, আজকাল ইউরোপে উচ্চশ্রেণীর ইস্পাত যে কারখানায় তৈরী করা হয় সেই কারখানা সেখানে চলতে থাকা রেখে এবং তাদের এ সম্বন্ধে তথ্যের ভিত্তিবিষয়ক রেখে।" ("The mineral Resources of India", reported by T. H. Holland, 1908)

এই মন্তব্য থেকে বোঝা যায় যে, লোহা ও ইস্পাত তৈরীর ব্যবস্থা ভারত উচ্চশ্রেণীর ছিল—এবং আধুনিক শিল্প বিকাশের ভিত্তিই সেই হিসাবে বর্তমান ছিল।

শিল্প উৎপাদন ও কৃষি উৎপাদন এই দুইটী যেখানে তালভাবে হবে সে দেশের অর্থনৈতিক বিকাশ শীঘ্রগামী হবে তাতে আর আশ্চর্য্য কি? ভারতে যে এই দুইটী বিষয়ের সম্ভাবনা এখন যা' আছে পর্য্যন্ত কেহ অস্বীকার করতে পারেনি। তার অর্থকরীতাই ভারত সরকারের অর্থনৈতিক উপদেষ্টার বিচারে সংরক্ষণযোগ্য ছিলেন। তিনি লিখেছেন। "একথা বিশ্বাস করা যেতে পারে যে, জল-সেচের ব্যবস্থা উন্নত করা, যানবাহনের সুব্যবস্থা করা, কৃষি-ঋণদান ও সৌখনে আধুনিকতার আবশ্যকী করা হলে এর ফলের ফেল বাড়িয়ে দিলে ভারতের উৎপাদন শক্তিকে ৫০ ভাগ বেড়ে যাবে। তবু যদি সন্তাব্যতার হিসাব নেওয়া যায় তাহলে দেখা যায় ভারতের কৃষির যে প্রসারের উন্নতির আশা আছে তাহলে খুব অল্প দেশের সে আশা আছে।" (Sir George Watt, "Memorandum on the resources of British India," Calcutta, 1894. P. 5.)

শিল্প বিকাশের সম্ভাবনা এর থেকেও বেশী। ভারতে কয়লা, লোহা, ম্যাঙ্গানিজ, তেল, সোনা, সীসা, দস্তা ও তামার প্রাচুর্য্য আছে। ভারতের সরকারী ভূতত্ত্ব বিভাগের ভূতপূর্ব্ব ডিরেক্টর স্যর এডুইন পাসকো ১৯০১ সালে লিখেছেন: "ভারতে কয়লার হিসাব হল ৩৮,০০০,০০০,০০০ টন—লোহা ও ইস্পাত তৈরী করা সম্পর্কে ভারতের সম্ভাবনা এখন শ্রেষ্ঠীর আছে। ইস্পাতকে শক্ত করতে গেলে যে ম্যাঙ্গানিজ লাগে, তারও তা' লাগে দুনিয়ার সবদেশের এক-তৃতীয়াংশ উৎপন্ন করে"। (Lecture at Imperial Institute, The times, March 13, 1931)

খনিজ লোহার ব্যাপারেও কম নয়। অবশ্য হিসাবী লোকের মত অনুযায়ী ভারতে ৩,০০০ মিলিয়ান (এক মিলিয়ন দশ লক্ষ) টন আছে। এই তুলনায় শ্রেষ্ঠ ব্রিটেনে ১,১৪৪ মিলিয়ান টন, জার্মানীতে ১,১৭৪ মিলিয়ান, আমেরিকায় ৯,৮০৫ এবং কানাডাতে ৩,৩৩৩ মিলিয়ান টন আছে। কিন্তু আর একজন ভারতের লৌহ-ভাণ্ডার সম্পর্কে আরও বেশী হিসাব দিয়েছেন। তিনি একজন আমেরিকান ভাইসি ইভিনিয়ারের (C.P. Perin) মন্তব্য তুলে ধরেন করেছেন যে, কলিকাতাকে উত্তর পূর্ব্ব কোন থেকে এই শহরের ৪০০ মাইল পশ্চিমে ২০০ মাইল দক্ষিণদিকে একটা চতুষ্কোণ স্থানে অবশ্য উচ্চশ্রেণীর খনিজ লোহা প্রায় ২০,০০০ মিলিয়ান টন আছে। (Report of the Indian Tariff Board regarding the Grant of Protection to the Steel Industry,

ইউনাইটেড্
ব্যাঙ্কিং কর্পোরেশন
লিমিটেড
হেড অফিস
২০।১ সি, লালবাজার ষ্ট্রীট,
কলিকাতা।
শাখাসমূহ
ঢাকা ও নোয়াখালী
ব্যাঙ্ক সংক্রান্ত যাবতীয় কার্য্য
আমরা করিয়া থাকি।

ভারতের
প্রাচীনতম বীমা প্রতিষ্ঠান
বম্বে মিউচুয়াল
লাইফ এসিওরেন্স সোসাইটী লিঃতে
(প্রতিষ্ঠিত—১৮৭১ সাল)
বীমা করুন
এই কোম্পানীর বিশেষত্ব—
• কোম্পানীর লভ্য লাভ পলিসিগ্রাহকদের মধ্যে বণ্টিত হয়
• অতিরিক্ত প্রিমিয়াম না দিয়াও স্থায়ী অঙ্গহানির জন্য সুযোগ সুবিধা পাওয়া যায়
• অল্পমাত্র প্রিমিয়াম দিলে দুর্ঘটনাজনিত ক্ষতিপূরণের ব্যবস্থা করা হয়
• কোম্পানীর তহবিলের পরিমাণ ৩ কোটী টাকার উপর
বিস্তৃত বিবরণের জন্য নিম্নঠিকানায় আবেদন করুন
দক্ষিণাঞ্চল এজেন্সী সমূহ
চীফ এজেন্টস্।
৮নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

1924 by Dr. C. S. Fox, Officiating Supdt. of the Geological Survey of India)

কিন্তু এর থেকেও আরও স্পষ্ট করে বলে ভারতের জল থেকে উৎপন্ন বিদ্যুৎ শক্তি কত হতে পারে এবং কি ভাবে সে শক্তিকে কাজে লাগানো হয়নি তার বিবরণ দেখে। ১৯৪২ সালের World Almanac ভারতের সঙ্গে অন্যান্য দেশের তুলনা করে যে চার্ট দেওয়া হয়েছে তাই তুলে দেওয়া গেল।

সম্ভাব্য জল-শক্তির হিসাব (water power resources)

বিভিন্ন অশ্বশক্তির হিসাবে

দেশ	সম্ভাব্য	বিকাশ হয়েছে
আমেরিকা	৪৯.০	১১.৭
কানাডা	১৮.২	৪.৫
রুশিয়া	৫.৪	৪.১
জাপান	৪.৪	১.৭
ইটালী	৩.৮	১.৮
সুইজারল্যাণ্ড	২.৫	১.৮
জার্মানী	২.০	১.১
ভারত	২৭.০	১.৮

এখানে দেখা যাচ্ছে যে এত আমেরিকার পরেই ভারতের স্থান, অথচ ভারতের এই সম্পদের মাত্র একশো ভাগের তিন ভাগ আজ পর্য্যন্ত কাজে লাগানো হয়েছে।

এ পর্যন্ত প্রাথমিক কেবল দরিদ্র ভারতবাসীই ভবেমি আজ এই বিরাট্ বিদ্যুৎ-শক্তির ব্যবহার করতে পারে নি। আধুনিক বিজ্ঞানসম্মত যুদ্ধের সমরোপকরণের জন্য আজ দেশ-বিদেশ থেকে সমরোপকরণের না আসলে চলে না।—এই কারণে কৃষি-ব্যবস্থার উপর পড়ায় ফলে কৃষি-ব্যবস্থা আজ বিপর্য্যস্ত। ইংলণ্ডের পুথিবী লোহা, সাম্রাজ্য চালাবার লোক এবং ভারতবাসীকে প্রবঞ্চনা করার রীতি আজ ভারতের দিয়ে ভারতের জোড়াতালি দেওয়া অর্থনৈতিক ব্যবস্থা আজ ভেঙ্গে পড়েছে। অথচ এই ভাঙ্গা ইমারত দিয়ে না যায় যুদ্ধ চেষ্টা, না যায় ভারতবাসীর প্রাণ রক্ষা করা। কয়েকজন লাভ না ভালো যুদ্ধব্যবসায়ীর পকেট ভুলে উঠতে পারে—কিন্তু তাতে অর্থনৈতিক অবস্থার প্রকৃতি পরিবর্তন যায় না। আর তা না হলে সমাজ-ব্যবস্থা টিঁকিয়ে রাখা যায় না—মৃত্যুকেরা তো পরের কথা।

দেশের বাইরে থেকে নূতন সাম্রাজ্যবাদী শক্তির মুনিবাদ চাপ এবং ভিতরে পুরানো সাম্রাজ্যবাদের প্রতিষ্ঠিত দুর্ব্যবস্থার ফলে পড়ায় দিয়ে আজ ভারতবাসীকে নূতন সৃষ্টি দিয়ে, নূতন অর্থনীতির ভিত্তিতে সমাজগঠনের ব্যবস্থা করতে হবে। এই-তার সুযোগ—তারা যারা দেশের শক্তি আজ দুর্বল, যারা আজ ভারতের উপর নির্ভরশীল এবং ভারতের বিদেশ বাঁচার তাগিদ আজ তাদের সাম্রাজ্য বাঁচাবোর তাগিদ থেকে অনেক বড়। অথচ ভারতে ব্যবসায়ীদের সৃষ্টি হল যুদ্ধের বাজারে কেবল নিজেদের লাভের উপর এবং তারা মনে করেন জাতিকে বাঁচাবার ভার ইংরেজের। তাই শ্রমিকশ্রেণী যখন যুদ্ধের জন্য উৎপাদন বৃদ্ধি করে নিজেদের রাজনৈতিক শক্তি বৃদ্ধি করছে—তখন মিলমালিকরা উৎপাদন কম করে অল্প জিনিষকে চোরা বাজারে বেচে লাভের পরিমাণ বেশী করতে চাই—কিন্তু তাদের যা রয়েছে ভারতীয় নিজের বুদ্ধি, যা রয়েছে দেশের লোকের জীবন রক্ষা ও রাজনৈতিক লক্ষ্য লাভ। এর বড় সুযোগ তবু এই হচ্ছে না—দেশের সর্ব্বনাশ দেখা দিচ্ছে।



কোন ২ কলে ২৭৮৭　　গ্রাম ২ জনসন্স।

শাখাসমূহ

ঢাকা　　আর্কেডেরোড়া
নারায়ণগঞ্জ　　চাকুলিয়া
শিমুলিয়া　　যোলপুর
নীলকামারী　　জামালপুর
মানিকগঞ্জ　　জোমার
কুষ্টিয়া　　পুরী
শান্তিপুর　　বালেশ্বর
তাঁতি　　ভদ্রক
মেদিনীপুর　　মেদেনীপুর
আসানসোল　　বাঁকুড়া
বার্নপুর　　চাইবাসা
খোলাবাটী

হেডঅফিস :—৬৩, নং ক্যানো লেন. কলিকাতা.

সোভিয়েট অর্থনীতির আলোকে ইঙ্গ-মার্কিন পরিকল্পনা

[বিনীত সরকার]

আমাদের ধারণা যে, সোভিয়েট এবং আমেরিকার প্রেসারেই ব্যবসা-বাণিজ্য চলছে: আর এই ধারণা থেকেই আমরা দৃঢ় প্রতীতি করে যে, সে দেশের সঙ্গে অন্যান্য পুঁজিবাদী রাষ্ট্রের অর্থনীতির কোনই পার্থক্য নেই। কিন্তু আমাদের এ ধারণা ভুল। এরই ফাঁক দিয়ে বিদেশে মোকদ্দমাকারক প্রেসারের সঙ্গে লাভের প্রেসার ধারণা গুলিয়ে ফেলে এই ভুল করেন।

সোভিয়েট ও পুঁজিবাদী রাষ্ট্রের আর্থিক কাঠামোর অনেক তফাৎ। অন্যান্য পুঁজিবাদী দেশে বড় বড় পুঁজিপতি তাদের লাভের অঙ্কের দিকে নজর রেখে ব্যবসা চালায়। যে শিল্পে সব চেয়ে বেশী লাভের আশা—সে দিকেই এরা তাদের টাকা চালনার চেষ্টা। এতে জনসাধারণের ভালমন্দ বা স্বার্থের কোনও প্রশ্নই তাঁরা বিচার করেন না। বড় বড় দেশে যেমন একদিকে বাজার নানা নানা লোক অন্যের আদায় অন্য দিকে তেমনি ব্যবসার ইতিহাসে সব চেয়ে বেশী টাকা ঐ সময়ে মোটর ব্যবসায়ের কারবারে।

সোভিয়েটের তা হয় না। এখানের রাষ্ট্র জনসাধারণের অধিকারে থাকায় তাদের স্বার্থ অনুসারেই সব কাজ হয়। রাষ্ট্রের বিভিন্ন বিভাগে কি পরিমাণ আয় ব্যয় হবে—কোন্ শিল্প অত বেশী উচিত বা অনুচিত এ সবই নির্দ্ধারিত হয় রাষ্ট্রের কেন্দ্রীভূত অর্থনৈতিক পরিকল্পনা দিয়ে। এখানে প্রতিটি আর পুঁজি দুইই রাষ্ট্রের অধীনে [illegible] থেকে উৎপাদনের উপর [illegible] রাখা সম্ভব। আর রাষ্ট্রের হাতে ব্যক্তিগত টাকা খাটিয়ে বড় লোক হবার উপায় নয়। ব্যক্তিগত আয় হচ্ছে শুধুমাত্র মজুরী। প্রত্যেকেই কোন না কোন কাজে নিযুক্ত থেকে মজুরী পাচ্ছে। কেউ হচ্ছেন কলকারখানার কাজ করে, কেউ অফিসারী করে, কেউ লেখে, কিরোটার করে, ডাক্তারী করে—যে যাই করুক না কেন তারা সকলেই তাদের ভাবশক্তি ও প্রকৃতি অনুপাতে বিভিন্ন হারে মজুরী পায়। অর্থাৎ আমাদের দেশে যেমন কেউ শারীরিক কায়ক্লেশ খাটুনী খাটিয়ে ফলে কারখানার আয়ের অংশের সেই কল-কারখানার মালিক বলে আমাদের তাদের শোষণ করছে—এ বিষয় সোভিয়েটে নেই। আমাদের দেশে এই বিষয় আয়ে অসমতা দূরীভূত (classless) আয়ে এখানে। আর সোভিয়েটে ব্যক্তিগত মালিকানা খুব না থাকায় সেখানে কোনও বর্গ বিভেদ নেই। সবাই এক শ্রেণীর, সবাইকেই খাটতে হয় সবাই মজুরী পায়।

এ বিষয়ের সামান্য ব্যতিক্রম অবশ্য কোন কোন ক্ষেত্রে উল্লেখযোগ্য। সোভিয়েটে পাশাপাশি রাষ্ট্রিক ও সমবায়ী শিল্প প্রতিষ্ঠান প্রচলিত আছে। কারিগরেরা এক হয়ে সমবায়ী ভাবে ব্যবসা করতে পারে কিংবা কেউ আলাদা চলতে পারে। তাদের উপর রাষ্ট্রের প্রভাব কড়া নেই। কিন্তু তাদের কতগুলি রাষ্ট্রিক অনুশাসনের গণ্ডীর ভেতর কাজ করতে হয় আর ও কতগুলি বিশেষ সুযোগ সুবিধা পায় বলে তাদের কাজও রাষ্ট্রের সাধারণ পরিকল্পনার ভেতরেই পড়ে। এখানের বিশ্ববিদ্যালয় ও সাধনা প্রতিষ্ঠানসমূহ যেমন সরকারের নিজস্ব প্রতিষ্ঠান না হলেও সবগুলিকে সরকারেরই কর্তৃত্বাধীন। কিন্তু সোভিয়েটে সমবায়ী ব্যাপারেও খাটুনীর পাওনা দেবতা হয় তাদের অনুপাতে। কাজেই তাদেরও এক রকমের মাহিনা বললে কিছু ভুল বলা হবে না। সমবায়ী ব্যাপার ছাড়াও সোভিয়েটে আর আমাদের একরকম ছুটো আলাদা শ্রেণী আছে। এখন সেখানে রাষ্ট্রিক ভাবের উপর মুখ্যত দেওয়া হয়। কিন্তু তবু সংখ্যায় অনেক লক্ষ হলেও ঐ সব আলাদা চাষীদের মোট জমীর পরিমাণ-সমতলতা এক-তৃতীয়াংশ কম। রাষ্ট্রিক ভাবের পরিমাণ নির্দ্ধারণ একজনের আয়ের সমতলতা চায় কি পাঁচ ভাগ বাড়ে হয়। খুব বেশী হলে চতুর্থ সমতলতা পর্যন্ত ভাগ হবে। তাছাড়াই এই আয়ের উপর নির্ভর করে কেউ জীবন যাপন করতে পারে না। এ ছাড়া আলাদা চাষীদের কারোর নানা বিভিন্নমুখী আয়ে, তাদের উপর রাষ্ট্রের নজরও খুব কড়া। এদের দিক থেকে কোন ভয়েরই কারণ নেই। এরা আর কখনই আয়ের বড় অত্যাচার করতে পারবে না।

অন্যান্য পুঁজিবাদী দেশে লাভের প্রেসারের কাজ হয় বলে সবাইকে বাজারের উপর নির্ভর করতে হয়। বাজারের বাস অনুসারে পুঁজিবাদীরা নিজেদের কারবার নিয়ন্ত্রণ করে। কিন্তু সোভিয়েটে উল্টো ব্যবস্থা। এখানে মোটেই বাজারের উপর নির্ভর করতে হয় না। প্রত্যেক বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন-সূচীর উপর নির্ভর করে রাষ্ট্রিক পরিকল্পনা গড়ে উঠে হয়। কোন্ প্রতিষ্ঠানে কতটা উৎপাদন হবে তা স্থির করার আগেই সোভিয়েটের প্রত্যেক প্রতিষ্ঠানের উৎপাদন-সূচী তৈরী হয়ে যায়। পরে বিভিন্ন প্রতিষ্ঠান তার নিজ

"সমাজতন্ত্র" অর্থশাস্ত্রের নীতি

•

অথচ সঞ্চিত অর্থ ন্যস্ত করিবার পন্থাগুলি এখন অনিশ্চয়তায় পূর্ণ

•

দেয়ার অথবা সম্পত্তির মূল্য যুদ্ধের পর হ্রাস হইতে পারে

•

কিন্তু

জীবন-বীমায় ন্যস্ত অর্থের মূল্য

অথবা

জীবন-বীমার সর্ত্ত ও সুবিধাগুলি

অপরিবর্ত্তনীয়

•

প্যালেডিয়াম এসিওরেন্স কোং লিঃ

৯১, ক্যানিটাট্ট ষ্ট্রী, কলিকাতা ফোন: ক্যাল—৮৭২

নিজ কর্মসূচী অনুযায়ী কাজ করবে। সমস্ত দেশের সব রকম প্রতিষ্ঠানের কাজের ভার হয়ে যাবার পর নতুন পরিকল্পনা অনুসারে তাদের হাত দেওয়া হয়। যখন দেশের বিভিন্ন বিভাগের ভিন্ন ভিন্ন পরিকল্পনাগুলোকে সব বাদ বাইরে রেখে তখনই সুরু করা যায় কাজ। তার আগে নয়।

অনেকের মনে হতে পারে যে কাজ না হতেই পরিকল্পনা কি? হাতে কলমে কাজের সময় অনেক খুঁটিনাটি যে বের হবে না তার নিশ্চয়তা কি? বাস্তবিক পক্ষে এভাবে পরিকল্পনার সার্থকতা নির্ভর করে দুটী বিষয়ের উপর: প্রথমতঃ কর্মীর খাঁটি ও সঠিক অভিজ্ঞতার উপর। বিভিন্ন প্রতিষ্ঠান তাদের কর্মসূচী প্রণয়ন করেছেন ও দ্বিতীয়তঃ কেন্দ্রীয় পরিকল্পনা কমিটি কতটা যোগাযোগ সহকারে সারা দেশের বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মসূচীর ভেতর সমন্বয় সাধন করতে পারেন। অর্থাৎ বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে কর্মসূচী প্রণয়ন করলে (কার্যক্ষমতাকে না বাঁশিয়ে বা অথথা কমিয়ে) ও প্রত্যেকের সঙ্গে অন্য বিভাগের ভিন যোগাযোগ থাকলেই পরিকল্পনা সফল হবে। ধরুন্না কোনও কারখানা হাজারটি জিনিষ মাসে বানাবে শ্যামে—সে যদি অথবা বেশ হাজার তিনিষ বানাবার ক্ষমতা রাখে তবে কিছুতে এগিয়েই তুল করা পড়বে এবং সমস্ত পরিকল্পনার ভেতরেই তুল হবে।

এও ঠিক যে, কোনও পরিকল্পনাই শতকরা ১০০ ভাগই ঠিক হয় না—প্রকৃতির প্রতিকূলতা বা মানুষের স্বভাবজ যোগাযোগীতে কিছু ঘাটতি হতে বাধ্য। তাই প্রত্যেক পরিকল্পনার ভেতরেই এমন ব্যবস্থা রাখতে হয় যেন অতিরিক্ত দরকার হলে কিছু অদল-বদল করা সম্ভব হয়। আর এক কথা: পরিকল্পনার সফলতা করা অবশ্য দরকার, কিন্তু পরিকল্পনাকে সার্থক করে তোলা তত দরকার নয়। কাজে এগিয়ে যাবার অতিরিক্ত-ক্ষমতা-সম্ভাবনা রাখতে দেখা যায়, তার জন্যে কাজের সঙ্গে সঙ্গেই নিজেকে তৈরী করে না নিলে কখনোই পরিকল্পনা সফল করা যায় না।

শক্তি ঔষধালয়, লিঃ, কলিকাতা
ব্রোঞ্চাইটীস—ডাক্তার বসুরবাবু, ডাক্তার ঘোষ,
ডাঃ ব্যানার্জি, ডাক্তার মুখার্জি, ডাক্তার।

পারফিউমড
ক্যাস্টর অয়েল

কেশের পালনে ও প্রসাধনে অনুপম

পরিষ্কৃত ও বিশুদ্ধ ক্যাষ্টর অয়েলের সহিত সুরভি গন্ধ সংযোগে প্রস্তুত হোমটেলস। ব্যবহারে মা মা যো ৪।, মুক্তকি, কেশের অকালপক্ক প্রভৃতি দূর করিয়া প্রচুর কেশোদ্গমে সাহায্য করে।



হোমেল কেমিক্যাল

বীমা-কোম্পানীর লক্ষ্মী-প্রতিমা

[ঈশানিবীপ্রসন্ন চট্টোপাধ্যায়]

"প্রিমিয়াম" বা বীমার টাকা যাইবার ফল কি ভাবে ?

সাধারণ লোকের ধারণা থাকতে পারে যে, বীমা কোম্পানীতে বীমাকারীরা প্রিমিয়াম বা টাকা যাবৎ যে টাকা দিয়ে যান—সে সব টাকা তালাচাবি বন্ধ করে রেখে দেওয়া হয়। এইজন্যই বীমা-কোম্পানী যে কি উপায়ে এই সব টাকা লক্ষ্মী করেন সেটা জানতে পারলে বীমাকারী তথা জনসাধারণ খুসীই হবে।

বীমার টাকা যাবৎ যে টাকা আদায় হয় তার কিছুটা অংশ "রিজার্ভ" বা ভবিষ্যতের ব্যবহারের জন্য আলাদা করে রেখে অন্যান্য খাতের টাকার সঙ্গে বাকি অংশটা এমন-ভাবে লক্ষ্মীতে খাটান হয় যার দুনাকায় বীমাকারীরও দুনাফা বা লাভ হ'তে থাকে। প্রিমিয়াম বা চাঁদার টাকার এই প্রকার লক্ষ্মী-প্রথা না থাকলে চাঁদার হারের পরিমাণ আরো বেশী হত, কারণ ঐ টাকা লক্ষ্মী করে একটা আনুমানিক মুদ পাওয়া যাবেই এই ধরে চাঁদার হারের হিসাব করা হয়। চাঁদা-প্রিমিয়ামের পরতা এই ভাবেই ধরা হয়ে থাকে। প্রত্যেক বৎসর এই হিসাবে যা সংরক্ষিত তহবিলের টাকা অধিক সুদের সঙ্গে একত্রিত হয়ে বৃদ্ধি পেয়ে যাবে যাতে করে বীমাকৃত টাকার বার বিচার সহজ হবে, এই ধারণাতেই এরূপ ব্যবস্থা করা হয়ে থাকে।

সেই জন্যই যে টাকায় এই অধিক আয়ের সৃষ্টি হয় সেটা বাজারে বাজারে বিভিন্ন প্রকারের বিনোদিত করা হয়—কিন্তু তাও নিরাপত্তার দিকে থাকে সর্বদা সজাগ দৃষ্টি।

যদি কারো ইউনাইটেড ষ্টেট ও ক্যানাডার বিস্তৃতভাবে ভ্রমণ করার সুযোগ হয় তাহলে তিনি দেখতে পাবেন, বিজ্ঞানের নির্দেশে হয়েছে, জল ও বিদ্যুৎ-শক্তির যন্ত্রের দ্বারা কারখানা চলছে, খালসমূহ, তৈরী হয়েছে, কৃষিক্ষেত্র ও গোলাবাড়ীর কাজ চলছে, অহিতে অনাবশ্যক জল প্রতিরোধ করার জন্য বৃহৎ বৃহৎ আলোড় তৈরী হয়েছে, পয়ঃপ্রণালী নির্মিত হয়েছে, জলপায়াল নির্মিত ও পরিচালিত হচ্ছে, বড় বড় রাস্তা তৈরী হয়ে চলেছে, যার ব্যয়ের টাকার অধিকাংশই সরবরাহ হয়েছে জন-সাধারণের কাছ থেকে প্রিমিয়াম বাবদ যে টাকা আদায় হয়েছে তারই থেকে।

প্রিমিয়ামের টাকা তৈরীকল্পে আবশ্য বিভিন্ন ষ্টেটের ও মিউনিসিপ্যালিটি থেকে লক্ষ্মী হয়ে ইউনাইটেড ষ্টেট ও ক্যানাডার সুন্দর সুন্দর সেতু ও রাস্তা তৈরীতে এবং আধুনিক বিজ্ঞানের-সুখের স্থাপনা প্রভৃতিতে জনসাধারণ কল্যাণ সাধনে বিশেষভাবে সহায়তা করছে। রাস্তায় চলতে চলতে তিনি দেখতে পাবেন যে সহরের সুন্দর সুন্দর গৃহ নির্মাণ, প্রাসাদ ও বিল্ডিং, জলাধার, বড় বড় অফিসের বাড়ী, তৈরী হয়েছে বীমা কোম্পানীর লক্ষ্মী করা-যায়ে; কৃষিবাড়ী থেকে টাকা নিয়ে কৃষক কৃষিকার্য্য চালাচ্ছে, কৃষিবাড়ী গোলা-

রাজস্থান ব্যাঙ্ক লিঃ

হেড অফিস ঃ—২২ নং ষ্ট্র্যাণ্ড রোড, কলিকাতা।

শাখা অফিসসমূহ

শ্যামবাজার, বালীগঞ্জ, ডাকা, জলপাইগুড়ি, শিলিগুড়ি, মাল (জলপাইগুড়ি), ময়নাগুড়ি, রামাকৃষ্ণহাট (জলপাইগুড়ি), সৈদপুর ও বসিরহাট।

সকল প্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

ফোন ঃ

ক্যাল—৪০৩৮

ম্যানেজিং ডাইরেক্টর—

পি, ভদ্র

পাওয়ার সম্ভাবনা থাকে, এক্সেসমেন্টের তারিখের মধ্যেই তা দেওয়ার ব্যবস্থা করে—অধিক উৎপাদনের ফলে ও প্রচুর ফসল ফলানোর সুযোগ দিয়ে প্রিমিয়ামের পরিমাণও বাড়ে। যে টাকার মেয়াদ ধরা ছোঁয়া যায় না, উপরন্তু যিনি কারবারের দেখা করেন, সেই কারবারের নিজস্ব মূলধন ব্যবস্থাপনা আইনানুগ সম্ভাবনা করে থাকে এই প্রিমিয়ামের টাকা। সেই কারবারের যে সব লোক লক্ষ লক্ষ মজুরীর মজুরী করছে, আর্থিক প্রতিষ্ঠান নিয়মিত পারিশ্রমিক পাচ্ছে তার নিজেদের জন্যেও বড় বড় বীমা কোম্পানীর আর্থিক সহায়তা। লোকসানের ঝামেলায়, দুর্বিপাকে, ব্যবসায়-প্রতিষ্ঠানে যে আগুন ও দৈহিক শক্তি ব্যবহৃত হচ্ছে তার ক্ষতিপূরণ করছে বীমার টাকা। আজ কাল বড় বড় কল বসছে, কারখানার প্রতিষ্ঠা হচ্ছে, আধুনিক যন্ত্রপাতির সৃষ্টি হচ্ছে, দিন দিন যে ক্ষতির প্রণালীতে উৎপাদন উৎপাদন সম্ভাবনা বৈড়ী হচ্ছে তারও মূলে আছে প্রিমিয়ামের টাকা।

বীমাকারীর জ্ঞাতব্য কি ?

বীমাকারীর প্রধান জ্ঞাতব্য বিষয় হচ্ছে এই যে, তাঁর প্রদত্ত টাকার প্রিমিয়ম নিরাপদ লগ্নীতে বিনিয়োগ করা হয়েছে এবং তাতে সুদ যা পাওয়া যাচ্ছে তাতে প্রিমিয়ামের হার বৃদ্ধি করার প্রয়োজন হবে না। স্বার্থের দিক দিয়ে একটিই তাঁর প্রধান স্বার্থ। এটাই তাঁর দেখবার বিষয় যে, তাঁর কোম্পানী লগ্নীর সম্পূর্ণ নিরাপত্তা বিধান করে সর্বোচ্চ হারে সুদ অর্জন করে, তারপর পূর্ণ-বার্ষিক সুদ অপেক্ষা বেশী সুদ পাওয়া গেলে যে লাভ দাঁড়াবে তা উদ্বৃত্ত হবে তা থেকে বোনাস বা লভ্যাংশ যে পরিমাণ তিনি পাবেন সেই পরিমাণে তাঁর প্রিমিয়ামও কমতে থাকে। একথা বলেও তিনি জানা রাখা দরকার যে, তাঁর প্রদত্ত প্রিমিয়ম টাকার অল্প উদ্বৃত্ত অবশ্যকালীন সম্ভাবনার নিমুক্ত থাকে। কারণ এই ভাবে জাতির সামাজিক ও আর্থিক উন্নতির পথ সহজ ও সুগম হয়।

এই প্রকার জীবনবীমা লাভ ব্যাপারে ডিরেক্টরস লয়েড্স মেট্রোপলিটান লাইফ ইন্সিওরেন্স কোম্পানীর নাম বিশেষভাবে উল্লেখযোগ্য।

প্রদেয় ও দেয়

বর্তমান প্রবন্ধের অবতারণায় মোটামুটি দুইটী উদ্দেশ্য আছে। প্রথমতঃ কি ভাবে সুদাসলে প্রিমিয়ামের টাকা পাটান হয়ে থাকে সে সম্বন্ধে আলোচনাপূর্বক ওয়াকিবহাল করা। দ্বিতীয়তঃ এই লগ্নী ব্যাপারে ভারতীয় ও বৈদেশিক কোম্পানীর নীতি সম্বন্ধে তুলনামূলক আলোচনা করা। আমেরিকা ও ব্যতীতের বীমা কোম্পানীগুলি লগ্নী-নীতির দিক দিয়ে খুবই প্রগতিশীল। এই ব্যাপারে ও আমেরিকা এ বিষয়ে কিছু অগ্রসরী হলেও, বর্তমান ভারতবর্ষীয় কোম্পানীগুলির অগ্রগতি ,তারা অনেকাংশে প্রগতিশীল। তাদের,এদেশের বীমার টাকা অগ্রিমিকদের অনুকূলে ও প্রতিষ্ঠানে লগ্নী করে থাকেন। সরকারী ঋণ-পত্রে, মিউনিসিপ্যাল ঋণ প্রভৃতিতেও তাঁদের টাকা খাটে।

এখন ভারতীয় কোম্পানীগুলির কথা বলা যাক। বীমা কোম্পানীর লগ্নী ব্যাপারে কতকগুলি নীতি ও রীতিপদ্ধতি অনুসরণ করে থাকে। এই নীতি ও পদ্ধতি স্থির করে দিয়েছেন আমিন আক্তারুজ্জামান। এই অনুসারে বৈদেশিক কোম্পানীর লগ্নী পদ্ধতিগুলির ব্যবস্থার উপযোগী নীতি ও পদ্ধতির অনেক উৎকর্ষ সাধন হয়েছে। আমরা এখনে আমাদের বীমা কোম্পানীর লগ্নী ব্যাপারে সেই নীতি ও পদ্ধতির যথাসম্ভব অনুসরণ করার চেষ্টা করে এসেছি। বৈদেশিক কোম্পানীর তুলনায় আমাদের উপার্জন অনেক কম বলেই আমরা মনে করি লগ্নী ব্যাপারে আমেরিকার মত সাহস দেখাবার সময় এখনো আমাদের আসেনি। ভারতীয় কোম্পানীর মধ্যে যাঁরা লগ্নী ব্যাপারে অগ্রগতির সাহস প্রদর্শন করে আসছিলেন, বর্তমানে মূলধন বীমা আইনের উদ্যোক্তারা নিজেদের কার্যপদ্ধতিকে তাঁদেরকেও নিয়ন্ত্রিত করেছে। সাধারণ বীমা পরিচালকমণ্ডলী এবং হিসেবরক্ষক প্রগতিশীল বীমা কোম্পানীগুলি গঠন করেন. এই আইনের দ্বারা ভারতীয় কোম্পানীগুলির আর্থিক উন্নতির পথে অন্তরায় যাতে লগ্নী করা হয়েছে।

লগ্নীর বিধিনিয়ন্ত্রক নীতি কি ?

বিশেষজ্ঞের মতে বীমা কোম্পানীর টাকার লগ্নী সম্বন্ধে কয়েকটী সর্বজনস্বীকৃত নীতি আছে, যথা :

(১) মূলধনের নিরাপত্তা।

(২) সর্বোচ্চ হারে সুদ অর্জন, কিন্তু এ প্রসঙ্গে মূলধনের নিরাপত্তার কথাই প্রথমতঃ বিবেচ্য।

(৩) মূল সম্পত্তির কিছুটা অংশ এমনভাবে লগ্নী করতে হবে যাতে দাবী উপস্থিত হলে তৎক্ষণাৎ উহা নগদ টাকায় রূপান্তরিত করতে পারা যায়।

(৪) বাকী অংশ—অবশ্য এই অংশই সর্বাপেক্ষা বেশী দিনের ওয়াস্তায় এমনভাবে লগ্নী করতে হবে যা ইচ্ছা করলেই নগদ টাকায় রূপান্তরিত করা যায় না বটে, কিন্তু সুদ অর্জন যেন তাতে সর্বোচ্চ হারে।

(৫) সর্বশেষ এবং বীমা কোম্পানীর দিক দিয়ে সর্বশ্রেষ্ঠ নীতি হচ্ছে এই যে, এমনভাবে টাকা খাটাতে হবে যাতে উহার দ্বারা বীমা ব্যবসায়ের যথেষ্ট উন্নতিসাধন করা সম্ভব হয়।

বিশেষজ্ঞ কর্তৃক বিধিবদ্ধ ও সুচিন্তিত এই সকল নীতির দিক দিয়ে বিবেচনা করলে দেখা যাবে নূতন বীমা আইন দ্বারা প্রবর্তন করেছেন

শেয়ার মার্কেটে মূলধন অটুট রাখিয়া
নিশ্চিতরূপে টাকা উপার্জনের একমাত্র
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ক্যালকাটা শেয়ার এণ্ড ষ্টক ডিলার্স

এসোসিয়েশন্ (পঃ বেঙ্গল রেজিঃ)

ম্যানেজার্স :—
বোস সাহা লিঃ
মার্চেন্টস্, ব্রোকার্স,
কমিশন এজেন্ট এবং
সর্বপ্রকার দ্রব্যের পরিবেশক.
২নং ডালহাউসী স্কোয়ার ইষ্ট,
কলিকাতা।

টেলি :—বোসাহিক্যাসম্
ফোন : ক্যাল ২৮৩৭

অবিলম্বে মেম্বার হউন :—: বার্ষিক চাঁদা ১৲ টাকা মাত্র

টাকা বীমা দিয়ে অবশ্যই উচিত হবে। নূতন বীমা আইনের উদ্দেশ্য অনেক দিক দিয়ে ভাল থাকলেও লগ্নী ব্যাপারে এই আইনে তেমন যে বৃদ্ধি দেখতে পাওয়া যায় না।

বীমা-আইনের প্রতিবন্ধকতা

এই আইন অনুসারে মজুরি যে সকল কোম্পানী কারবারে কাজ করছে তাদেরকে উপার্জনের ৫০% ভাগ গভর্ণমেণ্ট ও গভর্ণমেণ্ট অনুমোদিত আমানতে লগ্নী করতে হয়। আমাদের সকলেরই জানা আছে যে, এই প্রকার লগ্নীতে খুব পাওনা যায় সর্ব্বনিম্ন হারে। সুতরাং ভারতীয় বীমা কোম্পানীগুলি তাদের আয়ের বেশীর ভাগ ভাগ দরকারী কারবারে লগ্নী করতে এবং তাতে খুব পাওনা যেন সর্ব্বোচ্চ হারে। এখন নূতন বীমা আইনের ফলে বেশীর ভাগ টাকা লগ্নী করতে হয় সর্ব্বনিম্নহারে কোম্পানীর কাজে। এতে করে কোম্পানীগুলির আর্থিক উন্নতির পথ অনেকটা রুদ্ধ হয়ে গেছে।

লগ্নীর নিরাপত্তার কথা বিচার করে দেখতে গেলে একথা অবশ্যই বলা যায় যে, নিখাদ নিরাপত্তা কোনো প্রকারের লগ্নীতে: যেই থাকতে পারে না। নিরাপত্তার পরিমাণ সকল স্থলেই কেবল আপেক্ষিক—অর্থাৎ বেশী বা কম পরিমাণ মাত্র। তবে জনসাধারণের অর্থের রক্ষক হিসাবে বীমাকোম্পানীগুলির অবশ্যই দেখা কর্ত্তব্য যে, তাদের তাঁদের কৃত লগ্নীর নিরাপত্তা পরিমাণে, সর্ব্বাধিক এবং উহাতে খুব অর্থাগমের নিশ্চয়তাও যাতে সর্ব্বোচ্চ হারে।

জমিজমা ও গৃহ-সম্পত্তির মূল্য সাময়িকভাবে হ্রাস পেলেও সেগুলির বাজার "দর" হওয়ার সম্ভাবনা থাকে সব সময়েই। কিন্তু সরকারী কোম্পানীর কাগজের নামমাত্র নির্দ্দিষ্ট করে বাজারের ওঠানামার উপর। তাছাড়া যুদ্ধবিগ্রহ, অর্থনৈতিক বিপর্য্যয়, অন্তর্বিপ্লব প্রভৃতি কোম্পানীর কাগজের খুব অর্থাগমের অবস্থাকে হ্রাস করে থাকে।

স্যার জিরাল্ড রায়ন একজন প্রসিদ্ধ ব্যক্তি। এ সব বিষয়ে তাঁর মতামত সকলেই নিরোধার্য্য করে থাকেন। তাঁর অভিমত হচ্ছে এই যে, বীমা তহবিলের একটা মোটা অংশ দরকারী কারবার এবং পত্তনি সম্পত্তিতে খাটান উচিত। তিনি বলেন,—

A substantial portion of the funds of a life office should be employed in mortgages of freehold and leasehold properties, —to lend stability to the assets in times of monetary crisis. (Sir Gerald Ryan).

মিঃ [illegible] এক প্রবন্ধে [illegible] একথাই বিশেষ করে বীমাকারীকে লক্ষ্য করে তিনি বলেছেন,—

"Advances upon mortgages and real estate in the most suitable and long established cities in the colonies in America, and in foreign countries are deservedly advancing in assurance recognition and adoption" (T. E. Young.)

অর্থাৎ, অভিজ্ঞতার সুপরিচিত উপযুক্ত সহর বাজারে দরকারী কারবারে অথবা জমিজমার জামিনে টাকা খাটান বেশভাল প্রথাটা আমেরিকার উপনিবেশে এবং বিদেশের দরদোস্তাজারে বীমা কারবারে স্বীকৃত ও অনুসৃত হচ্ছে। কিন্তু হলে কি হয়—আমাদের দেশের বীমা-আইন-প্রণেতারা সেদিকে লক্ষ্য করার প্রয়োজন অনুভব করেন নি।

আমাদের দেশী কোম্পানীগুলির অধিকাংশের ব্যালেন্সশিট (Balance Sheet) বা উদ্বৃত্ত পত্রেই একথার প্রমাণ পাওয়া যায় যে—আমাদের দেশীয় কোম্পানীগুলি অধিক পরিমাণ নিরাপত্তা রক্ষা করে বীমাগ্রাহকদের টাকা উচ্চ হারে খাটছে খুব পাওনা যায় এমন সব বিভিন্ন ব্যাপারে লগ্নী করে হিসেবমতো লাভবান হতে পারেন বা হচ্ছেন। সেই কারণেই আমরা বলতে চাই, নূতন বীমা আইনে লগ্নীসংক্রান্ত ব্যবস্থা আমাদের আর্থিক উন্নতির পথে দুর্ভাগ্যের সূচনা করেছে।

প্রচারকার্য্যে কথা প্রকাশ

আজকের দিনে তাই এই ব্যবস্থাজনক লগ্নীতেই লক্ষ্য রাখা ছাড়া আমাদের গত্যন্তর নাই। বীমাতহবিলের বেশী টাকা যেন যায় আইন-নির্দ্দিষ্ট লগ্নীতে, বাকীটা আমরা লগ্নী করি পলিসি বা বীমাদলের উপর যাতে এবং বিভিন্ন প্রকার জমিজমা সম্পত্তির। এতে করে এই ফল হচ্ছে যে,—বীমার টাকা লগ্নী করে নিরাপত্তার খুব পাওনা যাবে বলে পূর্ব্ব থেকেই আমাদের মনে নিশ্চয় হয় এবং: সঙ্গতঃ খুব অল্প হারের পরিমাণ বলেই ধরা হয়ে থাকে—বোনাস বা লভ্যাংশের হারও তেমনি ধরিয়ে দেওয়া ছাড়া উপায় থাকছে না। লভ্যাংশের প্রকৃতপক্ষে কথা বীমাগ্রাহকের পক্ষে যথার্থিক এবং একান্ত তাঁরা ন্যায়সঙ্গত উচ্চ হারে বোনাস দেয়ের আশ্বাসিদেন: কিন্তু যখন বোনাসের হার কমতে থাকবে তখনই কোম্পানীর উপর তাঁদের মন অত্যধিক বিরূপ হয়ের পড়বে। এই কারণে ভারতীয় বীমাকোম্পানীর আজকার দিনে অত্যন্ত কর্ত্তব্য হচ্ছে জনসাধারণকে এই ব্যাপারের প্রকৃত কথা সম্বন্ধে অবহিত করা। কেন আজ বীমাকোম্পানীগুলির পক্ষে আর পূর্ব্বের হারে বোনাস দেওয়া সম্ভব হচ্ছে না—একথা প্রচারে, বিজ্ঞাপনে এবং পত্রিকা-সম্পাদকদের মন্তব্যের সমাবেশের প্রচার করার একান্ত প্রয়োজন আছে। একজন সাধারণ ব্যক্তি জানতে চায় তার টাকা কি ভাবে খাটান হচ্ছে, কি পরিমাণ লাভ তাতে আসছে, লাভের অংশের অধিকারিই বা তার আগে পড়ছে—ইত্যাদি ইত্যাদি। যদি আমরা বিভিন্ন প্রচারকার্য্যের দ্বারা জনসাধারণকে এ বিষয় জ্ঞাত করাই তা হলে তাঁদের মনে অকারণ ও অমূলক সন্দেহ বা বিরুদ্ধ-মনোভাব কখনই আসবে না। এ বিষয়ে অবহিত হয়ে ভারতীয় বীমাকোম্পানীরা এ পর্য্যন্ত উল্লেখযোগ্য তেমন কিছুই করেন নি। কেন করেন নি তার কারণ খুঁজে বার করা—একথা আমাদের আজ বলাই হবে যে, অভিজ্ঞতার দিকে দৃষ্টি রেখে কাজ করাই বীমাব্যবসায়ীদের সর্ব্বপ্রথম কর্ত্তব্য। বীমা সে কর্ত্তব্য সম্বন্ধে অবহিত আছেন—তা তাঁদের কাজই বলে দিতে পারবে।

Telegrams—"LACTIC" Calcutta. Factory: Telephone No. B. B. 77

Belliaghatta Engineering Works

MECHANICAL STRUCTURAL ENGINEERS AND MACHINE MANUFACTURERS

144, DHARMATALLA STREET, Calcutta.

Expert & Specialists in the manufacture of complete machineries & equipments of the following lines. We do undertake to design & construct and deliver running factories with guaranteed efficiency with regard to consumption of raw materials and production yields.

I. (a) ALCOHOL DISTILLING PLANT up to 200 gals. daily from molasses or from any other Suitable Cereals.
(b) BREWARY MACHINERIES.

II. COAL TAR DISTILLATION PLANT with different fractions.

III. CERAMIC MACHINERIES for Complete Plant.

IV. CITRIC AND TARTARIC ACID manufacturing Plant.

Send your problem for confidential and expert technical advice.

বস্ত্র-শিল্পের অগ্রগতি

[প্রভাতকুমার গোস্বামী, এম-এ]

বর্তমান যুগের একটি থেকে যেমন দেখে দেখে নিত্যনতুন প্রয়োজন মিটাই অনুভব করেছে, অন্যদিক থেকে তেমনি শিল্প-জগতেও নব নব দ্বার উন্মুক্ত হয়ে গিয়েছে। একথা আজ আমরা স্পষ্টই বুঝতে পারছি যে, এই যুগ ভবিষ্যতের জন্য অফুরন্তসম্ভাবনা মিটাই সৃষ্টি করে রাখতে যেতে দিয়ে যাবে না—শিল্প ও বিজ্ঞান-জগতে সে নব নব ক্ষেত্র সন্ধানায়িত করে রেখে। এ প্রবন্ধে আমি শিল্পজগতের সেই সুদূরপ্রসারী সম্ভাবনার কিছুটা আভাস দিতে বসি মাত্র।

যুদ্ধ আরম্ভ হবার পর যখন যাবতীয় প্রয়োজন তেমু বা আমদানী-রপ্তানীর কাজে মিটাই ঘটবার দরুন অনেক জিনিসের অভাব ঘটলো, তখন মানুষের সন্ধানী মন নিত্য নূতন অনুভব আবিষ্কার করতে লাগলো। এই অনুভব আবিষ্কারের পথেই রেয়ন (Rayon) নামক বস্তুটির সৃষ্টি হয়েছে এবং এটি আবিষ্কারের ফলে বস্ত্র-শিল্পে এনেছে বৃগান্তকারী পরিবর্তন ও বিরাট সম্ভাবনা। এই তন্তুকে রাসায়নিক উপাদানে মিশ্রণের ব্যবস্থার ক'রবার একটী অত্যাশ্চর্য উপায়ও রেয়নের আবিষ্কার।

রাসায়নিক পদ্ধতিতে বিশ্লেষণ করলে কাঠের মধ্যে পাওয়া যাবে শতকরা ৬০ থেকে ৮০ ভাগ 'cellulose' (লম্বা তুলোর মত থাকে), 'lignin' (আঁশগুলি একত্রীভূতকরে রাখে একপ্রকার আঠা) এবং সামান্য পরিমাণ খনিজাম্লজাতীয় উপাদান ও সবজার বা তনরস।

Cellulose নাম থেকে বেশী ব্যবহার হয় আজ এক রেয়ন তৈরীর কাজে। রেয়ন উৎপাদনের পরিমাণ ১৯১২ সালে ছিল ২,৫০,০০০ পাউণ্ড, ১৯৪১ সালে দাঁড়িয়েছিল ৭,৬০,০০,০০০ পাউণ্ড. বর্তমান সময়ে এই পরিমাণ অনেক বেড়ে গেছে। Cellulose থেকে যে রেয়ন-উল তৈরী হয়ে তা সাধারণ উলের চেয়ে কোন অংশে নিকৃষ্ট হয়। এই উল রাসায়নিক শিল্প, সেলোফেন, প্লাস্টিকের বিভিন্ন ক্ষেত্রে ব্যবহারের জন্যে ল্যাকোরের এবং বাইট্রোস সেলুলোজ (প্রচণ্ড বিস্ফোরকের মূল উপাদান) প্রভৃতির উপাদান হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। এ ছাড়া এটি বর্তমানে অগ্নি উৎপাদনে সাহায্য, রাস্তা নির্মাণে এবং সুরাসার, অ্যানিলিন প্রভৃতি রঞ্জা উৎপাদনের জন্যেও ব্যবহৃত হচ্ছে। এই-ভাবে সেলুলোজের ব্যাপক ব্যবহার থেকে রাসায়নিকেরা ভবিষ্যৎ-বাণী করেছেন যে, অদূরভবিষ্যতে বিভিন্ন শিল্পক্ষেত্র থেকে একদিন প্রচুর অর্থ আসার সম্ভাবনা আছে। যাই হোক আমাদের আলোচনা সে নিয়ে নয়, আমরা শুধু সেলুলোজজাত রেয়ন বস্ত্র-শিল্পে কতখানি স্থান অধিকার করতে সক্ষম তার সম্বন্ধেই আলোচনা সীমাবদ্ধ রাখবো।

১৯৪১ খৃষ্টাব্দের সংখ্যাতত্ত্বমূলক হিসেব থেকে দেখা যায় যে, ভারতবর্ষে তখন থেকেই আর্ট সিল্ক তৈরীর কারখানা প্রসার লাভ করতে আরম্ভ করেছে, কিন্তু সঙ্গে সঙ্গে বিদেশ থেকে আমদানীকৃত যে রেয়নের ওপরে এই আর্ট সিল্ক-শিল্প নির্ভর করতো, যুদ্ধের জন্য বিশৃঙ্খলা সৃষ্টি হওয়ায় এই শিল্প-প্রচেষ্টায় ব্যাঘাত ঘটতে থাকে। সেই সময়ে ভারতের অর্থ-নৈতিক উন্নতির পরিকল্পনা প্রসঙ্গে যে সমস্ত সভাসমিতি হয়েছিল তা'তে এই আর্ট সিল্ক-উন্নয়ন প্রসঙ্গে বিশেষ জোর দেওয়া হয়। 'দি বোর্ড অব সায়েন্টীফিক এণ্ড ইণ্ডাষ্ট্রিয়াল রিসার্চ' সিদ্ধান্ত করে যে, এর অধীন 'সেলুলোজ রিসার্চ কমিটির' কার্যক্রম আপাতত রেয়ন উৎপাদনের মধ্যেই সীমাবদ্ধ থাকবে। ঐ সময়ে ভারতের 'সেণ্ট্রাল কটন্ কমিটি' আর যোগাই অংশগ্রহণে, লিনটার, তাজ, অপচয়কৃত তুলো এবং তুলা বীজসিদ্ধি তুলো প্রভৃতি থেকে রাসায়নিক তুলোর উৎপাদনের বিষয় আলোচনা করেন। উক্ত ব্যবস্থা কার্যকরী ক'রবার জন্য কমিটি আবেদিকার প্রয়োজনীয় যন্ত্রপাতি আমদানির জন্য আবেদন নিবেদন এবং আমাদী করেক মাসের মধ্যেই কাজ চালু হবে বলে স্থির হয়। এই কমিটি 'বোর্ড অব সায়েন্টি-ফিক এণ্ড ইণ্ডাষ্ট্রিয়াল রিসার্চ কমিটি' যে ভারতীয় তুলো ছাড়া অন্যান্য কাঁচা মাল থেকে আলফা সেলুলোজ উৎপাদনের যন্ত্র স্থাপনের প্রস্তাব করেন তাতে সমর্থন জানায়; অবশ্য যদি সেই যন্ত্র বোম্বাইয়ের টেক্সটাইল্স ল্যাবরেটরীতে স্থাপনের ব্যবস্থা হয়।

যাই হোক এই সমস্ত পরিকল্পনা থেকে আমরা স্পষ্টভাবে কোনটি ধারণা পাইনে না কোন স্থির সিদ্ধান্তে আসবারও সুযোগ পাইনে। তবুও এতদূর জোর করেই বলা চলে যে, ভারতবর্ষে কৃত্রিম সিল্ক-বস্ত্র উৎপাদনের সময় এসেছে এবং বর্তমান অবস্থা তার অনুকূল। ভারতবর্ষ পৃথিবীর মধ্যে বস্ত্র-শিল্পে একটী বিশিষ্ট স্থান অধিকার করে আছে। কাপাস তুলো যোগদান করার ফলে যে অব-স্থার সৃষ্টি হয়েছে তাতে ভারতীয় শিল্পের এ তুল বিস্তারটীর ওপরে বাইরে থেকে কাঁচা মাল আমদানীর ব্যাপারে ব্যাঘাত সৃষ্টি হয়েছে। এ অবস্থায় রেয়ন নামক কৃত্রিম তন্তুটী উৎ-পাদনের চাহিদা যে বেড়ে যাবে তাতে আর আশ্চর্য কি! বড়ই সুখের বিষয় যে, দে-দেশে কৃত্রিম সিল্কের এত চাহিদা হয়েছে সে দেশের লোকদের বাইরে থেকে আমদানী করা কৃত্রিম সিল্ক বা রেয়নের দ্বারা অভাব মেটাতে হয়। এমনি করে বস্ত্র-শিল্পের বিরাট অব-হেলা করার ফলে এর উন্নতি থেকে বঞ্চিত হয়ে এবং ভারতবর্ষ এর বাজার থেকেও হয়েছে বিতাড়িত। সুতরাং যুদ্ধোত্তর যুগের যাতে আমরা এদিক থেকে পিছিয়ে না থাকি তার জন্যে এখন থেকেই পরিকল্পনা গঠনের প্রয়োজন হয়ে পড়েছে। বোম্বাই সরকার থেকে 'অল্ ইণ্ডিয়া ব্যাঙ্কিংকমিশন অরগানিজেশন' যে পুস্তিকা বের করেছেন তাতে এই কথাই স্পষ্ট করে বলা হয়েছে।

১৯২৪-২৫ খৃষ্টাব্দে বাইরে থেকে ভারত-বর্ষে যে কৃত্রিম সিল্ক-তন্তু এসেছে তার পরিমাণ ছিল ১,১৭১,০০০ পাউণ্ড, তার পর ১৯৩৯-৪০-এ আমদানীর পরিমাণ দাঁড়ায় ৩০,৭১৪,০০০ পাউণ্ড। সুতরাং দেখা যাচ্ছে যে, ভারতের বস্ত্র-শিল্প ক্রমশঃ বিদেশ থেকে আমদানীকৃত তাঁতবস্ত্রের ওপরে নির্ভরশীল হয়ে পড়ছে। এটা শুধু একটা ভয়াবহ উদাহরণই নয়, এ থেকেই আমরা দেখতে পাচ্ছি দেশীয় শিল্পের উন্নতির পথ রুদ্ধ হচ্ছে—দেশের অর্থনৈতিক পরিমাণে এটা একটা প্রকাণ্ড আঘাতও বটে। এবারকার দেশীয় তুল শিল্পকে পরমুখাপেক্ষী করে তোলা হচ্ছে, দ্বিতীয়তঃ যদি কোন রাজ-নৈতিক কারণে কোন দেশ থেকে আমদানী বন্ধ হয়ে যায় তবে বস্ত্র অনুবিধার সৃষ্টি হবে। জাপান যুদ্ধে যোগদানের ফলে আমরা এই ব্যাপারই দেখতে পেলাম—এরই কারণে ইণ্ডিগোর তুলো আমদানীও বন্ধ হয়ে যেতে পারে।

১৯৩৭-৩৮ খৃষ্টাব্দে বিদেশ থেকে ভারত-বর্ষে কৃত্রিম সিল্ক-তন্তু এসেছে ১৮,০৬,৮০০ পাউণ্ড-এর সঙ্গে অন্যান্য প্রকারের যে

বর্ত্তমান জীবন ও গতিবিধি [illegible] আমাদের দৈনিক শক্তি ক্ষয় করিয়াই কাজ করিতে হয়। সুস্থ ও সবল জীবনের আদর্শের প্রতিকূল হইয়াই আছে। কিন্তু যেখানে রহিয়াছে [illegible] সেখানে শক্তি সঞ্চয় হয়, সেখানে শরীর যে কোন ধারাবিষ্ট সহজে অপরাজিত হইয়া যায়।

দীর্ঘ বৎসরের অভিজ্ঞতার মাঝে বুঝিয়াছে যেখানকার আলোই স্বাস্থ্যের সৌধ। এই আলোকেই আমাদের সকলাপেক্ষা অধিক বিক্রয় [illegible] অর্থের সঙ্গে সঙ্গে এই আলোকই আমাদের কত বিস্তার লাভ করিয়াছে।

পবিত্রতা ও উৎকর্ষতায় অগ্রগামী

দ্বারিকানাথ ঘোষ এণ্ড সন্স লিঃ

ভারতের সর্ব্বাধিকারী বিলাতী বিশেষজ্ঞ, কলিকাতা

৩১,৫৮১,০০০ পাউণ্ড ঐ বৎসরেই আমদানী করা হয়েছিল তা যোগ করলে তাহলের অঙ্কটা—অর্থাৎ রেয়নের পরিমাণ দাঁড়াবে ৫০,০০০,০০০ পাউণ্ড। এই ভাবে দেশের অর্থের একটা বিরাট অংশ বিদেশীর পুঁজি-পতির পকেট ভর্তি করছে প্রতি বৎসর। এই খোলস বন্ধ করবার একমাত্র উপায় হচ্ছে রেয়ন উৎপাদক শিল্প প্রতিষ্ঠান দেশের মধ্যে গড়ে তোলা। 'অল ইণ্ডিয়া অ্যাড্ভান্সমেন্ট অব্ সায়েন্স'-এর প্রকাশিত পুস্তিকায় বলা হয়েছে,—"একথা সকলেই জানতাবে জানেন যে, তাহলের বস্ত্র-শিল্পের ক্ষেত্রে অন্ত ও আমের পাতায় তুলির শিল্পের উপযোগিকা সাধারণ তুলো এবং শিল্পের সবই সৃষ্টি পাচ্ছে। জাপান এবং ইউরোপীয় দেশগুলিতে 'রেয়ন ফাইবার' (যে তন্তুর মধ্যে সংকৃত তুলোর অংশগুলি জল ও রেয়ন আসাতন্তুটিতে প্রতিস্থাপন হয়) সাধারণ তুলোর বদলে মধ্যে কিছুটা সংকৃত করে তৈরী করা যায়। আমাদের দেশের কটন মিলগুলিতে এই একই প্রকার কার্য্য সাধন করা সম্ভব। অবশ্য এখনও আমেরিকা, আফ্রিকা এবং ইজিপ্টের তুলো দিয়েই আমাদের সে কাজ করতে হচ্ছে। এই একই ভাবে দেশে রেয়ন উৎপাদন করে বিদেশ থেকে আমদানী বন্ধ করে দেওয়া যেতে পারে। এই ভাবে দেশে রেয়ন উৎপাদক কারখানা এবং তার আনুষঙ্গিক 'রেয়ন ফাইবার' উৎপাদক যন্ত্র প্রতিষ্ঠা করে আমাদের দেশের বস্ত্রশিল্প প্রতিষ্ঠানগুলি বাইরে থেকে উচ্চ শুল্কের যে কাঁচামাল প্রচুর পরিমাণে প্রতি বৎসর আমদানী হয় তা বন্ধ করে দিতে পারে। তাছাড়া রেয়ন-তন্তু উৎপাদিত হলে রেয়ন-বস্ত্রের মিলও গড়ে উঠবে—সঙ্গে সঙ্গে রেয়ন-জাত দ্রব্যের আমদানীও যাবে বন্ধ হয়ে।"

এ প্রসঙ্গে আর একটি বিষয়ও চিন্তা করবার আছে। দেশে রেয়ন-শিল্পের উন্নতি হলে তুলোচাষী সিনটার-এর পরিমাণ কমাবে হবে না। সুতরাং রেয়ন উৎপাদনের কাঁচা মালের ব্যাপারে বাঁশের মতের কথাও চিন্তা করতে হবে।

রেয়ন তৈরীর আর একটি কাঁচা মাল হতে পারে তিসি তৈরী ক'রবার পরে আঁশের যে ছিবড়ে পড়ে থাকে সেইগুলি। কাঠ-মণ্ডের সঙ্গে তুলোর তুলনায় কাঠ-মণ্ডের দামই কম। আভাবিক সময়ে প্রতি পাউণ্ড রাসায়নিক তুলোর দাম পড়ে দুই আনা; অন্যদিকে বিদেশ থেকে কাঠ-মণ্ড আমদানী করলেও প্রতি পাউণ্ড হিসেবে তার দাম পড়ে এক আনা মাত্র পাই। কাঠ-মণ্ডে সাধারণ ৮৭ ভাগ আলফা-সেলুলোজ থাকে আর রাসায়নিক তুলোতে থাকে সাধারণ ৯৯ ভাগ। সুতরাং বাঁকী আলফা-সেলুলোজের দিক থেকে বিচার করলে রাসায়নিক তুলোর তোল উপরেই আবশ্যকীয় কাঠ-মণ্ডের ওজন বেশী হয় না। গুণের দিক থেকে বিচার করলে রাসায়নিক তুলো থেকে উৎপাদনের তন্তু প্রস্তুত হয়। অবশ্য একথাও মনে রাখা দরকার যে, কাঠ-মণ্ডের থেকে নিমটার-এর মাত্রাতের ঝাঁ-নাশা হয় খুব বেশী পরিমাণ। কারণ তুলোর তন্তুর সঙ্গে সঙ্গে লিগ্নিনের ভাগ ওঠানামা করে এবং একথা সকলেই জানেন যে, তুলোর বাজারে উঠতি-পড়তি হয় অনাধারণ।

কাঠ-মণ্ড দিয়ে রেয়ন উৎপাদন করতে হলেও আরও কয়েকটী সমস্যার সমাধান করতে হ'বে। এই কাজ সহজসাধ্য করতে হলে ক্যানাডা, সুইডেন, নরওয়ে, সুইটজেন প্রভৃতি স্থান থেকে একেবারে তৈরী কাঠ-মণ্ড আমদানী করতে হবে। অবশ্য তা সম্ভব না হলে দেখেই কাঠ-মণ্ড তৈরীর ব্যবস্থা করা উচিত। হিমালয় পর্বতের নীচু শৃঙ্গগুলিতে একপ্রকার সরল বৃক্ষ (সুরদারু) পাওয়া যায়। সেগুলি থেকে বেশ ভাল সেলুলোজ তৈরী হতে পারে।

কাঁচামালের পর দেশের আবহাওয়া এবং জল সরবরাহের সুব্যবস্থাও চিন্তা করা দরকার। কাঁচা মাল অনুবিধা সত্ত্বেও কৃত্রিম উপায়ে প্রস্তুত করা চলে, তবে প্রয়োজনানুযায়ী ও ভাল ফলের জন্য ভাল জায়গা নির্বাচন প্রয়োজন। এমন জায়গা নির্বাচন করতে হবে যেখানে রাসায়নিক পরীক্ষা অনুযায়ী বিশুদ্ধ জল পাওয়া যায় এবং জল ব্যবহারের পর সেটা ফিরে সহজেই নদীতে পড়তে পারে। কারণ জল ব্যবহারের পর রাসায়নিক দ্রব্যের মিশ্রণে বিষাক্ত হয়ে পড়ে। সুতরাং দেখা যাচ্ছে যে, ভারতবর্ষে রেয়ন-কারখানা স্থাপন করতে হলে সেটা নদীতের উপকূলভাগের সন্নিকটে স্রোতস্বতী নদীর তীরে হওয়াই বাঞ্ছনীয়। 'অল-ইণ্ডিয়া অ্যাড্ভান্সমেন্ট অব্ সায়েন্স' প্রকাশিত পুস্তিকা অনুযায়ী বোম্বাই-এর নিকটস্থ অরঙ্গাবাদ, বিহারের ডেহরি-অন-সোন অথবা বাঙ্গালার দামোদর নদীর তীরবর্তী কোন বড় সহরে কারখানা স্থাপিত হওয়া প্রয়োজন।

রেয়ন কারখানার জন্যে অনেকগুলি রাসায়নিক দ্রব্য প্রয়োজন হয়, বিশেষ করে 'কার্বন ডি সালফেট', কষ্টিক সোডা, সালফিউরিক এসিড—প্রভৃতির নাম উল্লেখযোগ্য। বর্তমানে রাসায়নের অগ্রগতির সঙ্গে সঙ্গে উক্ত জিনিষগুলি আর দুষ্প্রাপ্য নয়। ভারতবর্ষেও ঐ জিনিষগুলো প্রয়োজনমত পাওয়া সম্ভব। দেশে রেয়ন কারখানা চালু রাখতে পারে—এমন প্রতিষ্ঠানের অভাব নাই এবং রাসায়নের উন্নতির সঙ্গে সঙ্গে বিদেশ থেকে যন্ত্র আনিয়ে আনবারও আজ অসুবিধে নেই। হিসেব করে দেখা গেছে যে, যে কারখানা প্রতিদিন ৪ টন করে রেয়ন উৎপাদন করে তাতে ৭৫০ জন লোক হলেই যথেষ্ট। তা' ছাড়া রেয়ন উৎপাদন কার্য্য এমন কিছু জটিল নয়—অতি সহজেই তা শ্রমিকদের শেখানো চলে। চার টন উৎপাদন উপযোগী যন্ত্র স্থাপন করে বিশেষ লাভ নাই, কমপক্ষে দৈনিক ছয় টন পরিমাণ রেয়ন উৎপাদন সক্ষম এইরূপ যন্ত্র দিয়েই কাজ আরম্ভ করা উচিত। অবশ্য যন্ত্রের উৎপাদন ক্ষমতা যত বেশী থাকবে,

একটি প্রথম শ্রেণীর জাতীয় ব্যাঙ্ক

ভারতী সেন্ট্রাল ব্যাঙ্ক

লিঃ

স্থাপিত ১৯৩০ ইং | হেড অফিস—১৫নং ষ্ট্রাইভ ষ্ট্রীট, কলিকাতা। | টেলিগ্রাম Paymost.
টেলিফোন :—কলি ২৫৪৬

অন্যান্য শাখা

ডালহাউসী, ঢাকা,	বড়বাজার, নারায়ণগঞ্জ,	বালীগঞ্জ, শিয়ালদহ,	কলেজ ষ্ট্রীট, কলিকাতা,
রাজবাড়ী,	মুন্সীগঞ্জ,	খোলাবদি,	কুমিল্লা,
রাজেন্দ্রবাড়িয়া	আলমনেোল,	খোলা,	গৌহাটী,
টাংগেল,	জোড়হাট,	খরমপুর,	শিলেটী,
করিমগঞ্জ,	গোলাঘাট,	আলমপুর,	ষ্টেশনরোড়
রাজমহল,	রাজমহলবর্ষাও,	বেনারস,	সোনারপুর,
পাটনা,	গয়া,	পাবনা,	

সকল প্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

ম্যানেজিং ডিরেক্টর :—মিঃ এস সি মল্লিক, এম-এ, বি-এল।

বাজারে লাভের আশা থাকবে তত বেশী। 'অল ইণ্ডিয়া ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের' বিশেষজ্ঞগণ হিসেব করে দেখিয়েছেন যে যদি দৈনিক ১০ টন পরিমাণ রেয়ন উৎপাদক যন্ত্র স্থাপন করা যায় তা' হলে ভারতবর্ষে পর পর কয়েক বৎসরে যে পরিমাণ রেয়ন বস্ত্রকার যন্ত্রে তার শতকরা ১৫ থেকে ২০ ভাগ উৎপাদন হতে পারে। সুতরাং এই ধরণের যন্ত্রের উৎপাদিত রেয়ন কোনদিনই প্রয়োজনকে ছাপিয়ে উঠতে পারবে না। তারপর রেয়ন একবার চালু হয়ে গেলে লোকে এর প্রয়োজন সম্বন্ধে সচেতন হবে এবং প্রয়োজনকে যদি একেবারে মিটিয়ে ফেলা না যায় তা হলে দেশে এবং আশেপাশে রেয়ন তন্তু যাতে বিক্রি করে বেশ লাভবান হওয়া যাবে। দেশে উৎপাদিত রেয়নকে আমদানী-শুল্ক দিতে হবে না, তাই বিদেশের চেয়ে অপেক্ষাকৃত অল্প মূল্যে বিক্রয় করা সম্ভব হবে। এই পরিকল্পনা অনুযায়ী কাজ করলে বিদেশী রেয়নের সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকা যাবে এবং ভবিষ্যতে অনুরূপ কোন প্রতিযোগিতা গড়ে উঠলে তখন তাকে গলা টিপে মেরে ফেলা যাবে।

হিসেব করে দেখা গেছে যে, এই ধরণের কোন কারখানা চালু করতে গেলে এক কোটিরও বেশী টাকা প্রয়োজন এবং প্রথম শ্রেণীর ১৪০ ডেনিয়ার ফুটির শিল্প-তন্তুর গড়পড়তা মূল্য হবে প্রতি পাউণ্ড ১২ আনা ৩ পাই। তা হলে প্রতি পাউণ্ডে শতকরা ৫০ ভাগ কারাক না হয়ে আনা করে লাভ থাকবে। যদি ধরে নেওয়া যায় যে বৎসরে ৩০০ দিন কাজ করে প্রতিদিন ৩,০০০ টন বা ৬৬,৭০,০০০ পাউণ্ড রেয়ন উৎপাদন করে তা হলে বৎসরের শেষে লাভের অঙ্ক উঠবে ১৮ লক্ষ টাকা। এর সঙ্গে যদি আরও কারখানা এবং 'কেমিক্যাল ম্যাটিরিয়ল' উৎপাদনকারী যন্ত্র থাকে তা' হলে ঐ কারখানা থেকেই আরও ৫ লক্ষ টাকা লাভ হতে পারবে। এ অবশ্য মোটামুটি একটা হিসেব—কারখানা চালু হলে পরবর্তীকালে এই কারখানা থেকে যথেষ্ট টাকা লাভ করা সম্ভব।

উপরোক্ত পরিকল্পনা দেশের পুঁজি-পতিদের স্বার্থের দিক থেকে বলা করা হয়েছে। উৎপাদন বিক্রয় করে তন্তু মূল্যের শতকরা হারের উপযুক্ত মূল্যে রেয়ন বিক্রয় করে কি ভাবে প্রচুর মুনাফা করা যায় —পরিকল্পনা-রচয়িতারা সেই দিকেই দৃষ্টি দিয়েছেন। সুতরাং এভাবে পরিকল্পনা কার্যকরী হলে দেশে রেয়ন উৎপাদন ভারসাম্য চালু হয়েছে হলে তবে তবে বর্তমান অনুযায়ী কৃষকের প্রয়োজন পূরণ-সাধারণ তার ফল ভোগ করতে পারবে না। সাধারণ শিল্প, পরন প্রভৃতি যেমন বিলাসী ধনিক শ্রেণীরই ব্যবহারের সামগ্রী—রেয়নও তেমনি তাদের বিলাসোপকরণের আর একটী সংখ্যা বৃদ্ধি করবে।

দেশের পুঁজিপতিদের সজাই যদি এ বিষয়ে আগ্রহান্বিত থাকে তবে তাদের দৃষ্টি আকর্ষণ করা দরকার।

ইণ্ডিয়ান মেডিক্যাল গাজিনের রিপোর্টের রোগাক্রান্ত রোগাক্রান্ত স্থান ভর্তি কি রোগা বর্তমান মহামারী আরম্ভ হইবার পূর্বে বিশেষ অনুসন্ধান করিয়া এই সিদ্ধান্তে উপনীত হইয়াছিলেন যে, সমগ্র ভারতবর্ষে শতকরা ৬৯ জন লোক উপযুক্তরূপ পুষ্টিকর আহার্য-দ্রব্য পাইতে পারে, শতকরা ৩১ জন নিম্নশ্রেণীর খাদ্য পাইতে বাধ্য হয় এবং শতকরা ২০ জনের একপ্রকার কোন রূপ পুষ্টিকর আহারই জোটে না। বর্তমানে খাদ্যদ্রব্যের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি হেতু এই অবস্থা যে আরও অধিকতর শোচনীয় হইয়াছে তাহাতে সন্দেহ নাই।

দেশের পুঁজিপতি, ব্যবসায়িক ও যন্ত্রশিল্পের অধিনায়কগণ যদি এবিষয়ে একটা সুষ্ঠুভাব পরিপ্রেক্ষিতে এই কার্যে অগ্রসর হন তবে সত্বর আমরা রেয়নজাত দ্রব্য ব্যবহার করতে পারবো। আমরা জানি যে সুতোর আমে আমাদের দেশের কতকগুলি সুতো কারখানা, আমেরিকা থেকে রেয়ন উৎপাদনে সফলতা অর্জন করে এসে বেশীর ভাগ লাভ করছে। এক কোটি টাকা খরচ করে ঐ সমস্ত সুতোকলের সমাহারের অবসানেই দেশে এই ভূমিকা শিল্পের প্রসার ঘটানো যেতে পারে।

অবশ্য এ বিষয়ে সরকারের দিক থেকেও সহানুভূতি প্রদর্শনের প্রয়োজন আছে বলে আমরা মনে করি। যারা দেশের বিভিন্ন শিল্প প্রচেষ্টার ধারা অধিকার করেছে বিদেশের দিক থেকে মুখ ফেরে অন্যের দৃষ্টি নিয়ে সুদূর সাম্রাজ্যের থেকে শিল্পজাত দ্রব্য আমদানী করে সুতোর প্রয়োজন মেটাচ্ছেন তাঁরা কি দেশের এই নূতন প্রচেষ্টা অভিনন্দন দেবেন?

কলিকাতা ও দিল্লীর কয়েকটি খবরে প্রকাশ যে, দেশের কয়েকজন পুঁজিপতি মিঃ বিড়লার নেতৃত্বে কয়েকটি নূতন শিল্প-প্রচেষ্টার জন্মী হয়েছেন। এতে তাঁরা ২০ থেকে ২৫ কোটি টাকার মূলধন নিয়োগ করবেন। বিড়লা ব্রাদার্স মোটরগাড়ী শিল্প চালু করবার ব্যবস্থা করেছেন বলে প্রকাশ। এ ছাড়া ঐক্য পুঁজিপতিরা বিমান-শিল্প, সিমেন্টের কারখানা, তুলির শিল্প এবং রাসায়নিক দ্রব্য প্রস্তুতেরও পরিকল্পনা করেছেন। রেয়ন উৎপাদনের জন্যে ২ কোটি টাকা বিনিয়োজিত হয়েছে বলে প্রকাশ। এর মধ্যে এক কোটি টাকা সাধারণ শেয়ার (প্রতিটি শেয়ার ১০০ টাকা হিসেবে) এবং অপর এক কোটি প্রত্যেকটি ১০০ টাকা হিসেবে শতকরা ৪; ভাগ ট্যাক্স-মুক্ত ডিবেঞ্চারের শেয়ার বিক্রী করা হবে বলে স্থির হয়েছে।

এই প্রচেষ্টার মধ্যেও আমরা একটী ভীত আশার রশ্মি দেখতে পাচ্ছি। সুতোর চাহিদা মেটে মেটে যখন অনুকূল তৈরী করে আসল জিনিষের প্রয়োজন মেটাবার ব্যবস্থা হবে তখন ভারতবর্ষেও সে প্রচেষ্টা না হবার কারণ নেই। আমরা আশা করছি অদূর ভবিষ্যতে অপরাপর পুঁজিপতিরা শিল্পগুলির ক্ষেত্রেও এইরূপ অগ্রগতির দেখতে পাব।

জাগ্রত ভারতের স্বর্ণ যুগে

আমাদের কর্মপ্রচেষ্টা

নিশ্চয়ই জনসমাজের সহায়ক হইবে

আমাদেরই হাতে গড়া :—
● অয়েল ষ্টোভ
● লেবার ষ্টোভ
প্রভৃতি।

সর্বপ্রকার দ্রব্যের
একমাত্র
সরবরাহকারী

আমাদেরই নিজস্ব তৈরী।—
ধনপিটারা সিরিঞ্জ
● রবার স্পুন
ওয়াটারবটল

ইণ্ডাষ্ট্রিয়াল সিণ্ডিকেট

ফোন : বি. বি. ৩৪৯২ ৩২।১ জ্যাকসন লেন, কলিকাতা ফোন: ২য় ৮০

সমস্যোত্তর গৃহ-সমস্যা

[শ্রীতরুণ বোস]

যুদ্ধ-সমস্যা আজ যেমন যেমন একটা জাতীয় সমস্যা হয়ে দেখা দিয়েছে। আজ এ সমস্যাটা যত সমস্যাটাকে একটা ব্যক্তিগত সমস্যা মাত্র ছিল। দুনিয়া যে জমশই ব্যক্তি-স্বাতন্ত্র্যের মূল উপড়িয়ে ফেলে এ তারই লক্ষণ। যত সভ্যদেশের সরকারের দায়িত্বের মধ্যে পড়ল লোকের, খাদ্যের ও বেসরকার : এ সভ্যতাতে আর বাকী রইল যে : জাতির সর্বপ্রকার ব্যক্তিবিশ্বাসের ভার পড়েছে তার উপর। দুনিয়া নিঃসন্দেহে সমাজতন্ত্রের দিকে চলেছে।

দেশের লোকের উপযুক্ত আহার-স্থান আছে ত? বাড়ী-ঘরের সংখ্যা কম নয় ত? সেগুলি স্বাস্থ্যকর, সুন্দর ত? এই হচ্ছে সমসাময়িক গৃহ-সমস্যা। এ-সমস্যা নিয়ে আজ মাথা ঘামাচ্ছে, যে-সব দেশের উপর দিয়ে যুদ্ধের ঝড় এবং ইস্পাতের স্রোত অহ বিয়ে বয়ে গিয়ে ব্যাপকভাবে বিধ্বস্ত করেছে শুধু সে-সব দেশে নয়, আমাদের দেশেও যত যে-সব দেশ যুদ্ধের আওতায় পড়ে সমরোপোযোগ এর ও ভার নিরোধ করছে শুধু সে-সব দেশেও নয়, যে-সব দেশ যুদ্ধের প্রত্যেক অব্যবহিত পরেই ভবিষ্যতে হচ্ছে সে-সব দেশেও। তাতেই বোঝা যাচ্ছে, গৃহ-সমস্যাটা যুদ্ধ-কালীন একটা আকস্মিক ব্যাপার নয়, এটা ঠিক যুদ্ধজাত নয়। এটা মানব-সভ্যতার স্রোত-ফেরার একটা লক্ষণ।

সমরোত্তর গৃহ-সমস্যা সমাধানের পরিকল্পনা বানাবেশে আরম্ভ হয়েছে। ব্রিটেনের স্বাস্থ্য-বিভাগের মন্ত্রী মিঃ ষ্টেফেন্স কিছুদিন আগে বলেছেন, "যুদ্ধের পরে, প্রথম দুই বছর একটা সাময়িক বিধান জারী করে, সাধারণ প্রয়োজন মেটাবার মত ৩ লক্ষ বাড়ী তৈরী করার উপযুক্ত জমি—প্রয়োজন হলে আবশ্যিকভাবে—সংগ্রহ করে রাখার শক্তি স্থানীয় কর্তৃপক্ষদের হাতে (মিউনিসিপ্যালিটী প্রভৃতিকে) দেওয়া হবে।"

ইন্দিপেন্ডেন্ট নিউজ পত্রে এক প্রবন্ধে আমরা পাই, "যুদ্ধের ফলে জমির দরে, মেরামতের কাজ যেমে রাখার ফলে, আর বহু পাঁচ বছর নতুন বাড়ী একরকম তৈরী হয়নি বলে, ব্রিটেনে এখন যে সংখ্যক লোক বাস করে তাদের একটু আরামে পারিবারিক জীবন যাপন করতে দিতে হলে প্রায় ৯০ লক্ষ নতুন বাড়ীর প্রয়োজন হবে।"

"ব্রিটিশ সরকার স্থির করেছেন, তাদের যে কর্মসূচী তৈরী হয়েছে তদনুযায়ী এই সব নতুন বাড়ী তৈরী করতে সময় লাগবে দশ বছর। দশ বছর ধরে, এর আগে ও-পেশে যে-রোজো-এক বছরে তৈরী বাড়ীর উৎপাদন সংখ্যার চেয়ে পনের হাজার বেশি বাড়ী প্রতি বছর তৈরী করা হবে। যত যুদ্ধের পর, প্রথম বছরে বাড়ী তৈরী হয়েছিল মাত্র ৭১৪ খানা, দ্বিতীয় বছরে প্রায় ৩০ হাজার খানা। বর্তমান যুদ্ধ লাগবার সময় এই সংখ্যা দুগুণ হয়েছিল—৩ লক্ষ ৫০ হাজার।

দেখা যাচ্ছে, ব্রিটিশ সরকারের পরিকল্পনা অনুযায়ী যুদ্ধের পর দুটোনে প্রতি বছরে বাড়ী তৈরী হবে ৩ লক্ষ খানা করে; দশ বছর ধরে এমনি চলবে। এই বাড়ী তৈরী করার জন্যে প্রয়োজন—রাজমিস্ত্রী, শ্রমিকের। বাড়ী তৈরীর ব্যাপারে ব্রিটেনে শ্রমিক-সমস্যাই বড় করে দেখা দিচ্ছে। শ্রমিকদের বেশির ভাগ ফিরেছে যুদ্ধে; ফিরে এসে এদের সকলেই যে যার-পূর্বের কাজে যোগ দেবে, এমন নয়; ও-দেশে যুদ্ধে যাওয়া খুব শক্ত নয়। এই কথা ভেবে স্থির করা হয়েছে যে, ২ থেকে ৩ লক্ষ নতুন লোককে অল্পদিনের মধ্যে কাজ শিখিয়ে নিতে হবে। (ব্রিটেনে রাজমিস্ত্রীর কাজ শিখতে প্রায় ৬-মাস বছর লাগে।)

এ প্রসঙ্গে শ্রমিক-সমস্যার আর একটা দিক মনকে পড়েছে। সেটা মজুরীর দিক। ব্রিটেনে মজুরীর হার যেরকম সরকার ১০৫ ভাগ; মজুরী বিভাগের বেশি হার দিয়েছে। যুদ্ধ থামলে এই মজুরী খানিক একটা কমান, কিন্তু যুদ্ধের ফলে বিশেষ অবস্থা বাদ বিশেষ মজুরী। হার বাড়বেই—বিশেষ করে দেখা দিয়েছে—সরকার প্রায় ৭০ ভাগ। বাড়ী তৈরী করতে তাদেরই খরচ পড়বে বেশি, সুতরাং বাড়ী ভাড়াও বাড়বে নিশ্চিত। ব্রিটেনে সরকার ৭৫ ভাগ লোক মজুরী করে, তাদের মজুরী না বাড়ালে এই বেশি ভাড়া তারা দিতে পারবে কি? বিশেষজ্ঞেরা বলেন, সরকারী সাহায্যের প্রয়োজন হবে।

সুতরাং বাড়ী তৈরী সমস্যা সর্বত্র দাঁড়াচ্ছে; সস্তায় বাড়ী তৈরী করতে হবে। কম খরচের বাড়ী চাই। বাড়ীর মালমশলা যন্ত্রপ্রসাদে কারখানা হতে তৈরী হয়ে আসবে—সেগুলো জোড়া দিলেই বাড়ী খাড়া হয়ে যাবে—এমনি ব্যবস্থা চাই। তাতে খরচ কম পড়বে, আর, বিশেষজ্ঞদের মতে, বাড়ীর স্থায়িত্ব কমবে না অথচ বাড়ীর আয়ুও ডাবল হবে। একজন বড় ইঞ্জিনীয়ার বলেছেন, "সমস্তলীয় ১০০ ইঞ্চি আয়তন একটা বাড়ীর জায়গায় ৪০ ইঞ্চি আয়তন বাড়ী খাড়া করা চলবে—আরাম কমবে না একটুও, অথচ খরচ পড়বে হাজার পাউণ্ডের জায়গায় মাত্র ৬০০ পাউণ্ড।"

ব্রিটেন জোড়া-বিলাত; মার্কিন যুক্তরাষ্ট্র তা নয়। সেখানে কিন্তু গৃহ-সমস্যার দিকে লোকের নজর পড়েছে অনেক দিন। সেখানকার ডাকনাম হাউজিং এজেন্সির (জাতীয় গৃহ-নির্মাণ সমবায়) হিসাবে দেখি, ১৯৪০-সালের গ্রীষ্মকাল থেকে ১৫ লক্ষ বাড়ী তৈরী দেখ করা হয়েছে, আরও তিন লক্ষ তৈরী হচ্ছে বা আরম্ভ হবে। এখানে বাড়ী বলতে অবশ্য বাগান জোড়াচ্ছে না—একই বাগানে অনেক বাড়ী থাকতে পারে—বাড়ী বলতে জোড়াচ্ছে একটা পরিবার থাকবার মত ব্যবস্থা আছাড়ন।

যুদ্ধের আগেকার ডাকনামের মার্কিন দেশের ডাইরেক্টর সাহেবের সাথে আমরা দেখেছি—এখন তিনি যুদ্ধের অন্তে আমাদের পর আমাদের বানাচ্ছেন। তিনি আরও বলেছেন, যুদ্ধের পর সস্তা-বাড়ী তৈরীর কারখানা খুলবেন। তাঁর কারখানা থেকে প্রায়-তৈরী-ঘরে-আসা বাড়ীর দাম হবে ২০ শো ডলার থেকে ২৪ শো ডলার। যুদ্ধের আগে আমেরিকায় সাধারণ ছোট বাড়ীর দাম পড়ত এর দ্বিগুণ।

বলা হয়েছে, যুদ্ধ সমস্যাটা ঠিক যুদ্ধ-কালীন সমস্যা নয়, যদিও এটা যুদ্ধের সময় অত্যন্ত উৎকট আকারে দেখা দিয়েছে। আজকাল সব দেশেই জাতীয় পরিকল্পনার গৃহনির্মাণ স্থান পেয়েছে। যে যেসে সত্যি সত্যিই জাতীয় পরিকল্পনা করা হয় জাতির সর্বজনের কল্যাণে, সে-দেশে এ সমস্যা কী ভাবে গ্রহণ করা হয় দেখা যাক। সোভিয়েট রুশিয়ার তৃতীয়-পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ করার সময় মোলোটভ্ বলেন, "দ্বিতীয়-

ডিজাইনের
সৌষ্ঠব
এম বি সরকার এণ্ড সন্স
একমাত্র লিমি স্প্রীংয়ের অলঙ্কার নির্ম্মাতা

পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হলে দেখা গেল, ২ কোটি ৬০ লক্ষ বর্গ গীটার আয়তনস্থান তৈরী হয়েছে।" তৃতীয়-পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রকাশকালে, মোলেটভ বলেন, এই পরিকল্পনা কালে পরিসর করার সময়ে ৩ কোটি ৫০ লক্ষ বর্গ গীটার নতুন আয়তনস্থান লোকের ব্যবহারে এসে যাবে। এ ছাড়া আরও ১ কোটি বর্গ গীটার পরিমাণ বাড়ী নির্দিষ্ট ভাড়ায় দেবার ব্যবস্থা হয়েছে।" ভবিষ্যতে এ-সব পরিকল্পনা হয়েছিল গার্হিত সম্বন্ধে। সে দেখে, গার্হিত সম্বন্ধেও লোকের অন্তে বাড়ী অন্তর ব্যবস্থা করার ভার সরকারের। যুদ্ধে অর্থিতে থাকায় তৃতীয়-পঞ্চবার্ষিক পরিকল্পনা স্থগিত হয়েছে; এখন ভবিষ্যতে সর্বপ্রথমেই যুদ্ধের জন্যে নিয়োজিত।

বিদেশের কথা যথেষ্ট হল। এখন দেশের দিকে তাকান যাক। আমাদের অন্তের সমস্যারও পরিকল্পনা করা হয়েছে। বোম্বাইয়ের শিল্পপতিদের পরিকল্পনার কথা হয়েছে, গৃহ-সমস্যা সমাধানে এখানকার আগে মনে রাখা উচিত যে, প্রতি মানুষের জন্যে প্রয়োজন ৩ হাজার কিউবিক ফুট তাজা হাওয়া আর ১০০ বর্গ ফুট ভূমিস্থান। এ কথাটা মেনে নিলে আমাদের গৃহ-সমস্যা যে সত্যিই কত বড় সমস্যা তা বোঝা যাবে। ১৯৪১ সালের লোকসংখ্যা. আমরা দেখি তাদের মোট গৃহ-সংখ্যা ছিল ৭ কোটি ৬০ লক্ষ, আর তার মধ্যে কলু সহরেরই গৃহসংখ্যা প্রায় এক কোটি। ১৯৪১ সালে গৃহ-প্রতি লোকের সংখ্যা ছিল ৫ জন করে, ১৯৪১ সালে দাঁড়িয়েছিল ৫'১ জন।

বিভিন্নপ্রদেশ অনুসারে গৃহের তুলনায় জন-সংখ্যা অবশ্য দেখি। বোম্বাই প্রদেশের কথা বলা যাক। ১৯৪৮ সালে বোম্বাই সহরে জন প্রতি আয়তনস্থান ছিল ৫'৭৫৮ বর্গ ফুট, আমেদাবাদে ৪০'৪ বর্গ ফুট, আর সোলাপুরে ২৪'৯০ বর্গ ফুট মাত্র।

এ থেকে আয়তনস্থানের গৃহ সমস্যার অবস্থা সহজে একটা আন্দাজ পাওয়া যাচ্ছে। বোম্বাইএর শিল্পপতিরা তাঁদের পরিকল্পনায় বলছেন, এদেশে যে-সব নতুন বাড়ী তৈরী হবার ও পুরানো বাড়ীকে নতুন করে গড়ার প্রয়োজন, সেগুলো সব তৈরী করতে গেলে খরচ পড়বে মোটামুটি ১৪০০ কোটি টাকা, আর বাড়ীগুলোকে ভালো অবস্থায় রাখবার জন্যে খরচ পড়বে বছরে ২৫৮ কোটি টাকা।

যুদ্ধ আরম্ভ হবার পর থেকে আজকে বাড়ী তৈরী হয়েছে অল্পই; তৈরী বাড়ী আগেও মেরামত অভাবে জীর্ণ হয়ে যাচ্ছে—মালমশলা দুর্মূল্য, মজুর দুষ্প্রাপ্য। এ ব্যাপার শুধু সহরে নয়, গ্রামেও। সহরে অনেক বাড়ীর সমস্যা অবশ্য উৎকট হয়ে উঠেছে। যুদ্ধের ফলে বিশেষ অবস্থার সহরে লোকসংখ্যা কমেই গেছে কিন্তু নতুন বাড়ী তৈরী হয়নি বা বললে কম; অনেক বাড়ী একেবারে অব্যবহার্য হয়ে আছে। সরকার যদি সে বাড়ীগুলোর নির্মাণ নিজের হাতে নেন তবে ভাড়া খাটিয়ে খরচটা উঠিয়ে নেন তাহলে কিছু সুবিধা হয়। কিন্তু আমাদের সরকার সে দিকে মোটেই অবহিত নন, বাড়ীর সংখ্যা যা বাড়িয়ে তাঁরা চাইছেন বাড়ীভাড়া নিয়ন্ত্রণ করেও।

উপরের আলোচনা থেকে আমরা গৃহ-সমস্যার কয়েকটা দিক দেখতে পেলাম। প্রথমতঃ, দেশবাসীর স্বাস্থ্য ও নৈতিক মান রাখতে হলে উপযুক্ত সংখ্যায় আবাসস্থলের ব্যবস্থা করা দরকার। দ্বিতীয়তঃ, সে বাড়ী হওয়া চাই বিজ্ঞানসম্মতভাবে তৈরী—সে বাড়ী হওয়া চাই স্বাস্থ্যকর, সুরুচিকর কথা না হয় আপাততঃ বাদই দেওয়া গেল। তৃতীয়তঃ, যে বাড়ী তৈরী হবে, তা সস্তা হওয়া চাই। ব্রিটেনে ভবিষ্যতে যা মার্কিন যুক্তরাষ্ট্রে কারখানায় তৈরী বাড়ীর প্রচলন হতে চলল; আমাদের এই কর্মশীল দেশে তা হতে অনেক বিলম্ব হবে। অন্য দেশের চেয়ে আমাদের দেশেই কিন্তু সস্তা বাড়ীর বেশি দরকার, কারণ আমরা দরিদ্র।

'যুদ্ধোত্তর পরিকল্পনা'

এস্থলে আমরা চিরন্তন জীবন-যুদ্ধেরই কথা বলিতেছি। এই অখণ্ড জীবন-যুদ্ধ একাধারে ব্যক্তিগত এবং বংশগত ব্যাপার। আর্থিক সচ্ছলতাই এই বংশানুক্রমিক জীবন-যুদ্ধে জয়ী হইবার একমাত্র উপায়।

হাওড়া ইন্‌সিওরেন্স কোম্পানী লিঃ

চেয়ারম্যান—অর্দ্ধেন্দুশেখর আশুতোষ দাশ

হেড অফিস: ৩০নং ষ্ট্র্যাণ্ড রোড :: কলিকাতা।

ফোন—বড়বাজার ১৪৭

মহাচীনের কৃষি

[জীবনযাত্রা ৪র্থ-এ]

মহাচীনের পঞ্চাশ কোটি অধিবাসীর জীবন-ধারণের একমাত্র উপায় কৃষি। ইং ১৯৩৭ সাল হইতে চীন-জাপান যুদ্ধের জন্য অবশ্য চীনের বহু লোক লাঙ্গল-কাস্তে ছাড়িয়া রাইফেল ধরিতে বাধ্য হইলেও চীনের শতকরা আশীজন লোক চাষ-আবাদ করিয়া জীবন-ধারণ করে। অথচ ইহাদের চাষের বহু প্রাগৈতিহাসিক যুগের সেই আদিম লাঙ্গল। জমি—সমীর আদিম প্রভাতে যারা মনুষ্যবর্গ হইতে ধীরে ধীরে মাথা তুলিয়া উঠিয়াছিল—সেই জমি। ইহা লাল-চীন, উইঘি-চীন; মঙ্গোলিয়ার এবং অন্যান্য খুলি-মুড়ি-পরিবর্জিত ভূমিখণ্ড। তবু, যেখানে অন্যান্য দেশে (অবশ্য জাপান ছাড়া) প্রতি একরে ধানের ফলন পাওয়া যায় মাত্র ২০০০ পাউণ্ড কিংবা তাহার কমী, সেখানে চীনের জমিতে প্রতি একরে উৎপন্ন হয় মাত্র ৭০০ হইতে ৮০০ পাউণ্ড। অথচ চীনা চাষীদের পরিশ্রমের বিরাম নাই, চেষ্টার ত্রুটী নাই—ইহারা মাথার ঘাম পায়ে ফেলিয়া দিবারাত্র খেটে খাবারে কাজ করে—তবু ইহাদের পেট, ভরিয়া অন্ন জোটে না—দেহের বস্ত্রও মেলে না—এক মুঠো খুদ হয় না।

আজকের আদিম মনোবৃত্তি নাম্ ইহাদের চোখের চেতনায় ইহাদের আসন। সেই আসনের ফলে ইহারা বুঝিয়াছে যে, চীনের প্রকৃত উন্নতি করিতে হইলে কিংবা চীনকে অন্যের সমকক্ষ করিয়া দাঁড়াইতে হইলে আগাছে এক দিকে দেহের শিল্প-সাধনা করিতে হইবে, অন্য দিকে তেমনি অন্ন-ব্যবস্থাও করিতে হইবে। অন্যথা, কেবল অন্ন-ব্যবস্থা কিংবা কেবল শিল্প-সম্ভার লইয়া এই মহাজাতি দাঁড়াইতে পারিবে না। চাষেরই যে সব উন্নতির অভাব হইয়াছিল নাম্ ইহাং সেনের আমলে তাহার পরিচয় দেখিতে পাওয়া যায় ইং ১৯৩৭ সালের পরে অর্থাৎ সিনো-জাপানী যুদ্ধ সুরু হইবার পর। চীনদেশে জাতীয় কৃষি-অন্বেষণা-সমিতি (National Agricultural Research Bureau) প্রতিষ্ঠিত হয় ইং ১৯৩০ সালে। ইহার কাজ ছিল চীনের অধিবাসীদের জন্য অধিক খাদ্য-সম্ভার ব্যবস্থা করা, অধিক বিভিন্ন অধিক ও উৎকৃষ্ট ফসল উৎপন্ন করা এবং চাষের ও অন্যান্য নূতন জমিতে জন্য তৈলবাহীর বীজের চাষ করা। ইহাদের কাজ ছোট হইলে তখিতেছিল এমন সময়ে বাধিয়া উঠিল মহাযুদ্ধের ঢেউ। ফলে এই যুদ্ধের ফলে সমিতিকে যারা হইয়া ইহার নূতন আফিস-গৃহ সামরিক প্রয়োজনে ছাড়িয়া দিতে হইল, ইহার সভ্যগণ নানাস্থানে বিক্ষিপ্ত হইয়া পড়িলেন; কিন্তু তবু ইহারা ইহাদের কাজ ছাড়া আর কিছু করিতে রাজী হইলেন না। ইহারা বিভিন্ন স্থানে "NPK TEST" নাম দিয়া চীনের মাটি পরীক্ষা করিয়া উহাতে রাসায়নিক সারের কোন্ কোন্ উপকরণের অভাব আছে, তাহা বুঝাইয়া দিতে বদ্ধপরিকর হইলেন।

দি সিলেট ইণ্ডাষ্ট্রীয়াল ব্যাঙ্ক লিমিটেড

কলিকাতা অফিস :—৬, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা
ফোন : কলি : ২৮০৭ টেলিগ্রাম :—সিণ্ডাষ্ট্রীয়াল

রেজিঃ অফিস : সিলেট
ফোন সিলেট : ১৯ টেলিগ্রাম : ইণ্ডাষ্ট্রীয়াল

অনুমোদিত মূলধন	১০,০০,০০০৲ টাকা
বিক্রীত মূলধন	৫,০০,০০০৲ টাকা
আদায়ীকৃত মূলধন	৩,২৫,০০০৲ টাকা
কার্য্যকরী মূলধন	৭৫,০০,০০০৲ টাকার উপর

অন্যান্য শাখাসমূহ
ঢাকা, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোণা, চট্টগ্রাম, শিলং, গৌহাটী, নওগাঁও, শিলচর, করিমগঞ্জ, করিমগঞ্জ বাজার, মৌলভীবাজার, হবিগঞ্জ ও হাফলং

সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়
পত্র লিখিলে সর্ত্তাদি জানান হয়

মিঃ পি, কে, চক্রবর্ত্তী
ম্যানেজিং ডিরেক্টর।

মিঃ জে, এম, দাস
জেনারেল ম্যানেজার।

তাঁহাদের পরীক্ষায় জানা গেছে যে, পূর্বে যাহাদিগকে যে জমিকে উর্বরা ও শস্য-শ্যামলা বলিয়া জনসাধারণ বিশ্বাস করিত, তাহা সত্যসত্যই উর্বরা নহে। চীনের প্রায় বারো আনা জমি অনুর্বর বিধায় কৃষির উৎপাদনের সম্পূর্ণ অনুকূল নহে। সেচুয়ান (Szechwan) প্রদেশের লাল মাটি এবং নদীর মোহনার পলি মাটি বাদ দিয়া অন্য চীনের অধিকাংশ মাটিই রাসায়নিক সারবিহীন, তন্মধ্যে প্রায় বারো আনা মাটিতে নাইট্রোজেন (Nitrogen) এবং পাঁচ আনা মাটিতে ফসফেট (Phosphate) এবং দুই-আনা মাটিতে পটাশের (Potash) অভাব দেখা যায়। দক্ষিণ চীনে যেখানে বাঁশ জন্মে, সেখানে ফসফেট ও পটাশের অভাব এত বেশী যে, এই সব রাসায়নিক সার ভিন্ন সেই সব স্থানে বাঁশ ভালো হওয়া সম্ভবপর নহে। এই সব পরীক্ষার ফল যে কতখানি নির্ভুল-প্রণালী তাহা অনুমেয়। চীনাদের অনুমানি যে, জমির যোগানুযায়ী চিকিৎসা হইলে চীনদেশে বর্তমান সময়ে যে-জমিতে ধানের চাষ হয়, সেই জমিতেই আরও ১০ (দশ) কোটি বেশী লোকের খাদ্য উৎপন্ন হইতে পারে। সেইজন্য এখন হইতেই য়ুনান (Yunnan) উপত্যকার জন্যই যুক্ত রাসায়নিক সার প্রস্তুতির মিল গড়িয়া উঠিতেছে। যখন যুদ্ধ শেষ হইবে তখন ঐ সার ব্যবহার করিয়া কৃষি-কার্য যে কি রকম প্রসারের পথিকে উন্নতির পথে চলিবে তাহা সহজেই অনুমেয়।

জমির উৎকর্ষ প্রসঙ্গে জাল বীজ ও "লোক্যা-ধানকের" কথা আসে। জাতীয় কৃষি-অন্বেষণা-সমিতি এ দিকে এক দিনের জন্যও কোন ত্রুটী করেন নাই। তাঁহারা বিদেশ হইতে ভাল ভাল বীজ আনিয়া চীনা মাটি পরীক্ষা করিয়া দেখিয়াছেন এবং যে সকলটীর চীনা মাটিতে সুফল মিলিয়াছে তাহা সাদরে গ্রহণ করিয়াছেন। বীজের বেলায় চীনা আবহাওয়া এবং মাটির সঙ্গে খাপ খায় নাই, সেগুলি চীন দেশীয় বীজের সঙ্গে মিলাইয়া এক নূতন বীজের সৃষ্টি করিয়াছেন। এই ভাবে আজ বীজ চীনা মাটি ও আবহাওয়ার অনুকূল হোয়া গিয়াছে; এই বীজ হইতে ফসলও প্রচুর হয়।" লোক্যা-ধানকের, যাহা আদিম ভাল হইতে উদ্ভাবনের প্রেরণাদাত্রী বলিয়া পূর্ব ও পশ্চিম দেশে পরিচিত, আরও সৃষ্টি করিবার জন্য তাঁহারা উদ্যোগ করিয়াছেন। আমেরিকার রকফেলার ফাউণ্ডেশন (Rockfeller Foundation)-এর সাহায্যে ইঁহারা কার্পাস ও রবারের চাষের বীজ করিতে উদ্যোগী হইয়াছেন। এজন্যই স্থানীয় অনেক স্থান পরিদর্শন হইতেও ইঁহারা কীট-বিনাশক ঔষধাদি প্রস্তুত করিতেছেন।

কিন্তু কেবল বীজ ও কার্পাসের রোগ নিবারণ করিলেই কৃষি-সমস্যার সমাধান হয় না। চীনদেশে উইপোকা, বিশেষ করিয়া তার-দেশের মত ম্যালেরিয়ার মূর্তিমান-দূত। চীনের আলো দেশের মত অঞ্চলের ৮০ ভাগ লোক ম্যালেরিয়ার ভুগিয়া থাকে। চীনের দক্ষিণ এবং দক্ষিণ-পশ্চিম ভাগে এই রোগের বেশী প্রকোপ। চীনের জাতীয় স্বাস্থ্যের আরোগ্যের রকফেলার ফাউণ্ডেশন এই সঙ্গে তিন বৎসর যাবৎ সহযোগিতা করিয়া মুকাম প্রদেশে পরীক্ষার ব্যবস্থা করিতেছেন। তাঁহাদের কার্যসূচী সেচুয়ান প্রভৃতি অন্যান্য প্রদেশেও আস্তে আস্তে ছড়াইয়া পড়িয়াছে। ১৯৪১ ইং সালের বিবরণীতে দেখা যায় যে, এই পরীক্ষার ফল চীনের নানাস্থানে ৬৮টী প্রথম-কেন্দ্র এবং ৩১৪টী দেশী-কেন্দ্র স্থাপিত হইয়াছে, ৩০টী ভ্রাম্যমান চিকিৎসা-বাহিনী গ্রামে গ্রামে ঘুরিয়া ফিরিয়া কাজ করিতেছেন; এই সব কাজে অভিজ্ঞ প্রাচীন চিকিৎসক আছেন ১৮০ জন, তাঁহাদের সহকারী চিকিৎসক আছেন ৫০০ জন; শিক্ষিকা সেবিকার সংখ্যা ৩০০। ইঁহারা গ্রামে গিয়া তথাকার পায়খানার অবস্থা, রান্না-বান্নার অবস্থা, পাতকুয়া এবং পানীয় জলের অবস্থা খুঁটিনাটিরূপে অনুসন্ধান করেন এবং রোগী ও প্রতি রোগে মৃত্যুর সংখ্যা ইত্যাদির বিবরণ প্রধান আস্থা-কেন্দ্রে পাঠাইয়া দেন। আরও প্রধান আস্থা-কেন্দ্র হইতে ঔষধ, পথ্যাদি লইয়া তাঁহারা ম্যালেরিয়া-নিধনে বাহির হন। এই সব কাজ পরিচালন করিবার জন্য সরকারের পক্ষ হইতে একজন ডিরেক্টার ও পাঁচজন ইন্সপেক্টার নিযুক্ত আছেন। তাঁহারা সত্যসত্যই দেশ-সিদ্ধকের রত্নী এবং কাজের জন্য প্রায় প্রতি মাসেই রাজধানী হাজার মাইল ভ্রমণ করেন। তাঁহাদের অভিজ্ঞতার এক স্থানীয় তথ্যসমূহ মন্থাবক পাব্লিক হেল্থ বুলেটিন (Public Health Bulletin) নামক কাগজে নিয়মিতরূপে প্রকাশিত হয়। ইহা শুধু চীনের ও রোগের বিষয় নিয়াই নিরস্ত কর্তব্য সমাপ্ত করে না, ইহার মন্তব্যসমূহ সাধারণকে স্বাস্থ্য-নীতিও শিক্ষা দেওয়া হয়।

কৃষির ভাগ্যনিয়ন্ত্রণের জন্যও অনেক চীন শিক্ষকে অবহেলা করে নাই। সেচুয়ান, নানকিং, সেচু (পশ্চিম চীন) ইত্যাদি স্থানে কৃষি-কলেজ ও স্কুল স্থাপিত হইয়াছে। ইহা ছাড়া ঘরে ঘরে গিয়া মেয়েদিগকে শিক্ষা দিবার ব্যবস্থা করা হইয়াছে মেয়েদের পাঠ্যসূচীতে লেখাপড়া, গণিত, নাগরিক-বিদ্যা (Civics), সাধারণ-জ্ঞান এবং সঙ্গীত বাধ্যতামূলক। সঙ্গে সঙ্গে ঘরে ঘরে গিয়া রোগ-আরোগ্যের কথা শিক্ষা দেওয়া, মেয়েদীক্ষা পালন, মেয়ে-মুমূর্ষ শিক্ষা দেওয়াও চলে। এক একটী প্রদেশেই প্রতি বৎসর ৭০০ থেকে ১০০০ হাজার পরিবারকে উন্নত ধরনের রেশম তোলার প্রণালী শিক্ষা দেওয়া হইয়া থাকে। এই ভাবে প্রতি প্রদেশে, প্রতি মহকুমার প্রতি বৎসর শিক্ষা দেওয়া হইতেছে। এই সব ব্যাপার শিক্ষা দেওয়া এবং শিক্ষা ফলবতী হইতেছে কি না দেখিবার জন্য ও কৃষির উন্নতি বিধান করিবার জন্য প্রতি একদল পরিদর্শকের উপর একজন করিয়া স্থানীয় নেতা আছেন, তাঁহার চীনা নাম পাও-চাং (Pao-Chang) এবং তাঁহার অধীনে প্রতি দশটী পরিবারের উপর একজন করিয়া স্থানীয় নেতা আছেন, তাঁহার চীনা নাম চীয়া-চং (Chia-Chang)। পাও-চা সপ্তাহে একদিন যুবকদিগকে নৈশ-বিদ্যালয়ে শিক্ষা দেন এবং তাঁহার পত্নী ঘুরে ঘুরে নিম্ন শ্রেণী-শিক্ষার ব্যবস্থা করেন। অজ্ঞান অন্ধকার দূর করিবার জন্য এইরূপ আগ্রহ দেখা গিয়াছে।

চীনের কৃষি-উন্নতির মূলে ব্যাঙ্কসমূহের সাহায্যের কথা না বলিলে এই প্রবন্ধ অসম্পূর্ণ থাকিয়া যাইবে। চীনের বড় যে বারটী ব্যাঙ্ক আছে তাহাদের মধ্যে ফার্মার্স ব্যাঙ্ক (Farmer's Bank) সর্ব-কনিষ্ঠ। চীনের হপী (Hopi), হিয়াসি, হোনান এই কয়টী প্রদেশ লইয়া এই ব্যাঙ্কটীর প্রথম প্রতিষ্ঠা হয় ১৯৩৩ সালে। তখন ইহার কর্মসূচী ছিল শুধু বারটী প্রদেশেই সীমাবদ্ধ ছিল। ইহার মূলধন তখন ছিল মাত্র ৫০ লক্ষ ডলার। ইং ১৯৪০ সালে আবার ইহার মূলধন পরিবর্তন করা হয় নূতন ভাবে। তখন ইহার নাম রাখা হয় চীনের কৃষক ব্যাঙ্ক (Farmer's Bank of China) এবং ইহার মূলধন হয় এক কোটি ডলার। বর্তমান সময়ে ইহার ৮০ (আশী)টী শাখা-প্রশাখা চীনের নানাস্থানে কাজ করিতেছে। এখন ইহার কর্মী-সংখ্যা ১৯টী প্রদেশে এবং ১৪৩টী মহকুমায় বিস্তৃত। প্রায় ৬০ (ষাট) লক্ষ চাষী এই ব্যাঙ্কের মিত্রতা হইতে টাকা ধার লইয়া উপকৃত হইয়াছে।

চীনে সমবায়-প্রথাও যথেষ্ট প্রসার পাইয়াছে। সমবায় সমিতিগুলি তিন প্রকারের।

ক্যালকাটা ন্যাশনাল ব্যাঙ্ক
লিমিটেড

হেড অফিস ঃ—৩০৯, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

জাতীয়তার প্রতীক

দেশ ও জাতির মেরুদণ্ড দেশের শিল্প ও বাণিজ্য। জাতির উন্নতি নির্ভর করে শিল্প ও আর্থিক দৃঢ়তার উপর। আপনি ও দেশবাসী যত বেশী ব্যাঙ্কের সহিত কারবার করিবেন ততই দেশীয় ব্যাঙ্কের উন্নতির কাজে সাহায্য করিবেন। আজ জগৎব্যাপী এই দুর্দ্দিনে যে সমস্ত প্রতিষ্ঠান দেশের দুর্গতি মোচনে সচেষ্ট হইয়াছে তাহাদের মধ্যে দেশীয় ব্যাঙ্কের দান কোন ক্রমেই নগণ্য নয়। এইরূপ একটী উন্নতিশীল ও নির্ভরযোগ্য ব্যাঙ্ক আজ আপনাদের সহযোগিতা কামনা করে।

দেশের সেবায় নিয়োজিত আমাদের শাখাসমূহ

বৈদ্যনাথ (দেওঘর), (এস, পি), রায়সড় (বি, এন, আর), চম্পা (সি, পি), হিলাসপুর (সি, পি), আটাগাড়া (সি, পি), বাগপুর (দমঃ), নাগপুর (সিটী), চিন্দওয়ারা (সি, পি), বেতুল (সি, পি), সাগর (সি, পি), চান্দা (সি, পি)।

বোম্বাই, পুণা, আমেদাবাদ প্রভৃতি স্থানে আমাদের এজেন্সী আছে।

সকল প্রকার সুষ্ঠু ও সুবিধাজনক সর্ত্তে ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

জেনারেল ম্যানেজার ঃ—এস এম বসু

সমবায়ের কর্মপদ্ধতির অন্যতম হইতেছে সমবায়-ভাবে সর্বসাধারণের প্রয়োজন কার্য্য করিয়া তুলিতে হইবে। কৃষির কাজ বৃদ্ধি করা এবং উন্নত ধরণের জন্য সমবায় সমিতিরা (কো-অপারেটিভ) সস্তা সুদে টাকা ধার পাইতে পারে। প্রতি ক্ষেত্রেতে পড়ে ২০ (কুড়ি) টাকার করিয়া টাকা ধার দেওয়া হয়। যে টাকা লাভ-আদায়ের উন্নতির জন্য সমিতিগুলি হইতে দাদন করা হইয়াছে, তাহার শতকরা ৪৩ ভাগ বাদন দেওয়া হইয়াছে ভাল বীজের জন্য, শতকরা ২৩ ভাগ ভাল যন্ত্রপাতির জন্য, শতকরা ৫২ ভাগ সেচ-সমিতির জন্য, শতকরা ৩ ভাগ ধানিয়া ও ভাড়া দেওয়ার জন্য এবং অন্যান্য কাজে শতকরা ১১ ভাগ ধার দেওয়া হইয়াছে। লেনদেন প্রসঙ্গে কৃষকের এক উন্নতি হইয়াছে যে, আজ-কাল মেয়াদকালে কৃষক মিজেকে আর কেবল চাষী বলিয়াই মনে করে না। কার্যকরী ব্যাঙ্ক ও কো-অপারেটিভ ব্যাঙ্কের কল্যাণে চীনা চাষী এখন সরকারী ব্যাঙ্ক হইতে টাকা ধার করিয়া বীজ-সার কেনে, জমি কেনে এবং নিজেকে একাধারে চাষী ও ব্যবসায়ী বলিয়া মনে করে।

এই সমস্ত উন্নতির মূলে চীনের জাতীয় সরকারের শুভ উদ্যোগ যাদ অবশ্যই বর্তমান আছে দেখিতে পাওয়া যায়। যুদ্ধের পূর্বে কৃষি-বিভাগ শিল্প-বিভাগের মন্ত্রীর অধীনে ছিল। যুদ্ধ বাধিবার পর অর্থনৈতিক সচিব দপ্তরের (Ministry of Economic Affairs) সৃষ্টি হয়। উহার অধীনে কৃষি-বিভাগ, কৃষি-ঋণ-দান-বিভাগ এবং জাতীয় কৃষি-সুরক্ষণ-সমিতির সৃষ্টি হয়। ইং ১৯৪৮ সালে কৃষির উন্নত কৃষি করিবার জন্য 'কৃষি-উন্নয়ন-বৃদ্ধি-সমিতি'র (Agricultural Production Promotion Committee) সৃষ্টি হয়। তাহার পর আসে খাদ্য-সংস্থান (Food-Administration)-এর সৃষ্টি হয়। যুদ্ধ যত ভীষণাকার ধারণ করিল, তখন চীনও অভাবের আশঙ্কার জন্য তত প্রস্তুত হইতে থাকিল। ইং ১৯৪০ সালে কৃষি ও বন-বিভাগের সচিবের পদের সৃষ্টি হয়। ইঁহাদের সমবেত প্রচেষ্টার ফলে চীনে কৃষির যে অভাবনীয় উন্নতি হইয়াছে তাহার বিবরণ দেওয়া সম্ভবপর নহে, তবে যতটুকু জানা গিয়াছে তাহাতে দেখা যায় যে, চীনে খাদ্য-শস্য উৎপাদন শতকরা ৪২ ভাগ বৃদ্ধি পাইয়াছে, লোকা-সংকট ও পশুপালন শতকরা ৩২ ভাগ বৃদ্ধি হইয়াছে, বিশ কোটি নূতন গাছ রোপণ করা হইয়াছে, ১০০০০ মাইল পর্যন্ত বাঁধ নির্মাণ করিবার জন্য উদ্যোগ-আয়োজন করা হইয়াছে এবং ১৩০০০ পুকুর খোঁড়া হইয়াছে। নূতন ক্ষেত্রে প্রস্তুত করিবার জন্য ৭৬ লক্ষ কুড়ি হাজার একর জমি চাষের আওতায় আনা হইয়াছে।

বিভিন্ন-ক্ষেত্রে আর্থিক-যোগ আর্থিকার উন্নতির দিকে তাকাইলে আমাদের মনে বাস্তু-সংঘর্ষ জাগিয়া উঠিবে কি না জানি না।

গত ১৯৪০ সালে ভারতবর্ষে যে পরিমাণ নোট চলতি ছিল তাহা তাকাইলে জার্মান ছিলাবে গবর্মেণ্টের হাতে মোট নোটের শতকরা ৮০'৯ ভাগ স্বর্ণ ও রৌপ্য মজুত ছিল। ১৯৪৫ সালে উহা কমিয়া শতকরা ৭০'৯ ভাগে দাঁড়ায়। ১৯৪৯ সালের সেপ্টেম্বর মাসে উহা আরও কমিয়া শতকরা ২০ ভাগ এবং ১৯৪১ সালের সেপ্টেম্বরে শতকরা ১৫ ভাগে পরিণত হয়। ১৯৪৩ সালের আগষ্ট মাসে উহা শতকরা মাত্র ৬ ভাগ ছিল। বর্তমানে চলতি নোটের তুলনায় স্বর্ণ ও রৌপ্যের পরিমাণ আরও হ্রাস পাইয়াছে।

দি চিটাগং ইঞ্জিনিয়ারিং এণ্ড ইলেকট্রিক

সাপ্লাই কোম্পানী লিমিটেড

হেড অফিস :—১ গঙ্গারাম পালিত লেন, কলিকাতা।

শাখাসমূহ :—চট্টগ্রাম, নারায়ণগঞ্জ, রাজসাহী, ফরিদপুর ও সিরাজগঞ্জ।

অনুমোদিত মূলধন :—২,০০,০০,০০০৲ বিলিকৃত মূলধন :—৯২,০০,০০০৲

আদায়ীকৃত মূলধন দশ লক্ষ টাকার উপর

বাংলার ও বাঙ্গালীর এই সাফল্যমণ্ডিত কোম্পানী সর্বপ্রথম চট্টগ্রাম সহরে ২৩।৩।২৭ তারিখে বৈদ্যুতিক শক্তি সরবরাহ আরম্ভ করে। তৎপরে এই কোম্পানী বাংলার নানাস্থানে বিদ্যুৎ সরবরাহের ভার গ্রহণ করিয়াছে।

কোম্পানীর অগ্রগতি এবং সাফল্যের গৌরবোজ্জ্বল নিদর্শন

কার্য্যকরী বৎসর	শতকরা মুনাফার হার
১ম বৎসর ১৯২৮ ইং হইতে ১৯৩০ পর্য্যন্ত	৬% ইনকাম ট্যাক্স বাদ
২য় বৎসর ১৯৩০	৬% ,, ,,
৩য় বৎসর ১৯৩১	৭% ইনকাম ট্যাক্স সহ
৪র্থ বৎসর ১৯৩২	৬% ইনকাম ট্যাক্স বাদ
৫ম বৎসর ১৯৩৩	৬% ,, ,,
৬ষ্ঠ বৎসর ১৯৩৪	৬% ,, ,,
৭ম বৎসর ১৯৩৫	৬% ,, ,,
৮ম বৎসর ১৯৩৬	৬% ,, ,,

কার্য্যকরী বৎসর	শতকরা মুনাফার হার
৯ম বৎসর ১৯৩৭ ইং হইতে ১৯৪৩ পর্য্যন্ত	৬% ইনকাম ট্যাক্স বাদ
১০ম বৎসর ১৯৩৮	৬% ,, ,,
১১শ বৎসর ১৯৩৯	৬% ,, ,,
১২শ বৎসর ১৯৪০	৬% ,, ,,
১৩শ বৎসর ১৯৪১	৬% ,, ,,
১৪শ বৎসর ১৯৪২	৬% ,, ,,
১৫শ বৎসর ১৯৪৩	৬% ,, ,,

ম্যানেজিং ডিরেক্টর :—মিঃ কে কে সেন

আইনসঙ্গত ব্যবসা-বাণিজ্যে ওজন ও মাপের তাৎপর্য

[সংবাদদাতা সরকার, এম-এ]

প্রমাণ ওজন ও মাপের প্রয়োজনীয়তা

বাংলার ব্যবসা-বাণিজ্য ক্ষেত্রে প্রমাণ ওজন ও মাপের অভাব আমাদের ভাবিবার অবিদিত নয়। জনসাধারণের পক্ষে ইহা মারাত্মক হইয়াই দাঁড়াইয়াছে। সাধারণভাবে ক্রয়-বিক্রয়ে প্রচলিত ও স্বীকৃত ওজন ব্যবস্থার বিলম্ব দূর করা তাহাও স্থানীয় ব্যবসা-বাণিজ্য সুবিধাজনের জন্য প্রমাণ ওজন ও মাপের প্রচলন থাকা একান্ত উচিত। ওজন ও মাপের প্রমাণ দ্বারা প্রবর্তনের প্রয়োজনীয়তা দেশে অনেক দিন হইতেই অনুভূত হইতেছে। পণ্যদ্রব্যের আমদানী ও রপ্তানী ব্যাপারেও প্রমাণ ওজন ও মাপের অভাব দেশে বিশেষ গোলযোগ ও অসুবিধার সৃষ্টি করে। তাহা ছাড়া প্রচলিত মুদ্রার বিনিময়ে নির্দ্ধারিত ওজনের পণ্য-দ্রব্য পাওয়ার সুব্যবস্থা না থাকিলে সহজাত ও প্রত্যক্ষভাবে জনসাধারণ অর্থলোভী ব্যবসায়ীদের হস্তে ক্রমি পীড়িত হইতে বাধ্য হয়। বর্ত্তমান যুদ্ধের পরিস্থিতিতে অবিলম্বে তাহাতে দেশের ব্যবসা-বাণিজ্য বহুল পরিমাণে লক্ষ্যভ্রষ্ট লাভ করিয়াছে। প্রদেশের বিভিন্ন স্থানে ওজন-মাপের তারতম্য থাকায় এই সময়ে ব্যবসা-বাণিজ্যের যে অসুবিধা প্রকট হইয়া উঠিয়াছে তাহা আমরা দেখিতে পাইতেছি।

বাংলার প্রমাণ ওজন ও মাপ প্রচলন বিষয়ে এ পর্য্যন্ত বিশেষ কিছু করা হয় নাই। কিন্তু সম্প্রতি বাংলা সরকার বাংলার বিভিন্ন স্থানের প্রচলিত ওজন সম্পর্কে তথ্য ও মাপ নির্দ্ধারণ করিবার জন্য একটী কমিটি নিয়োগ করিয়াছেন। প্রচলিত অসুবিধাজনক ব্যবসায়ী ও জনসাধারণের কোন অসুবিধা অথবা বিক্ষোভের সৃষ্টি না করিয়া কি ভাবে ভারত সরকারের প্রবর্ত্তিত ১৯৩৩ সনের ষ্ট্যাণ্ডার্ড্স অব ওয়েট এ্যাণ্ড (Standards of Weight Act, 1939) এর ধারাগুলি সহজ বাংলাদেশে অথবা পরীক্ষামূলক হিসাবে নির্দ্ধারিত ২।১টী জিলায় প্রবর্ত্তন করা যায় সে বিষয়ে কমিটী সুপারিশ করিবেন। বাংলা সরকারের পক্ষে উক্ত কমিটী নিয়োগ যে খুবই সময়োপযোগী হইয়াছে তাহাতে সন্দেহ নাই।

সাধারণতঃ আমরা জানা যেন যে, বাংলা সরকারের উক্ত কমিটীর অনুসন্ধান কার্য্য আরম্ভ করিয়াছে। বিভিন্ন স্থানের ওজন-মাপ সম্বন্ধে প্রচলিত ধার ইত্যাদি নির্ণয় করিবার জন্য প্রদেশের সর্ব্বত্র বিশেষ বিশেষ প্রতিষ্ঠানকে প্রশ্নাবলী প্রেরণ করা হইয়াছে এবং প্রধান প্রধান ব্যবসায়-কেন্দ্রগুলিতে যথার্থ তথ্যাদি সংগ্রহ করিবার জন্য কর্ম্মচারী প্রেরণ করা হইতেছে। ওজন ও মাপের প্রমাণ-ধার নির্দ্ধারণ করিবার সহিত দেশের ব্যবসা-বাণিজ্য সংক্রান্ত বহু সমস্যা বিশেষভাবে জড়িত। সুতরাং সেই দিকে লক্ষ্য রাখিয়া খুব সতর্কতার সহিত কমিটী সুপারিশ করিবেন আমরা এই আশা করি।

বিভিন্ন ব্যবসাক্ষেত্রে ওজন ও মাপের তারতম্য ভারত সরকারের ষ্ট্যাণ্ডার্ড্স অব ওয়েট এ্যাক্ট দ্বারা ১৮০ গ্রেনে তোলা, ৮০ তোলায় সের ও ৪০ সেরে মণ ও ইংরাজী ৭০০ গ্রেনে পাউণ্ড প্রমাণ-ধার বলিয়া ধার্য্য করা হইয়াছে। সাধারণতঃ ভাবনগরে, আদালতের দলিল পত্রাদিতে অবশ্য উক্ত ধারেই প্রমাণ বলিয়া উল্লিখিত হইয়া থাকে। কিন্তু বস্তুতঃ বিভিন্ন ব্যবসায়ে এবং একই ব্যবসায়ের ভিন্ন ভিন্ন ব্যবসায়-কেন্দ্রাদিতে ওজন-মাপের তারতম্য খুব বেশী।

মহুয়া—ইহার চাষ বাঙ্গলার সর্বত্র হইয়া থাকে। মহুয়া হইতে যে রং বাহির করা হয় তাহার বর্ণ সাধারণতঃ উজ্জ্বল পীত। 'ক্রোম' ধাতুর রং-এর সঙ্গে ইহার সাদৃশ্য আছে। ইহাকে গরম জলে লিম্ব করিলে অতি অল্প সময়ের মধ্যে রং বাহির হইয়া আসে। এই রং-এর সহিত ফিটকারী অথবা 'এলিউমিনিয়ম এসিড' মিশানো হয়। ইহাতে বর্ণের উজ্জ্বলতা বেশী বাড়ে। সাধারণতঃ ৬০০ সি উত্তাপমান পর্যন্ত গরম জলে লিম্ব করিতে হয়। সাজিমাটীর সঙ্গে মহুয়ার রং মিশাইয়া

পত্রে লেবুর রস মিশাইলে বাসন্তী রং উৎপন্ন করা যায়।

আমলকী বা এমাস্থ—ইহা একপ্রকার মনোরম ফল। ইহার ফুল দানা। বাঙ্গলা দেশে ইহার চাষ হয়। ইহার বীচি এবং খেজুর কোমলাংশে হইতে যে উৎপন্ন করা যায়। বীচি পরম জলে সিদ্ধ করিয়া ক্ষার-বর্জিত করিতে হয়। এমাস্থুল বীচি এবং খেজুর কোমলাংশে সিদ্ধ করিয়া পিষ্টকে পরিণত করিতে হয়। ইহা মেরিটে কতকটা লাক্ষা অথবা গীলের মত। ইহার সঙ্গে লেবুর রস এবং আয়োডিন মিশাইলে গাঢ় বাদামী রং উৎপন্ন করা যায়। আমলকীর বীচি এবং খেজুর কোমলাংশের সহিত সোডাজল মিশাইয়া জলে ফুটাইতে হয়। বর্তমানে রেশমী বস্ত্র এবং চোকোলেটে রং করিতে এমাস্থুল রঞ্জন দ্রব্যের ব্যবহার হইয়া থাকে।

লাক্ষা—এক শ্রেণীর পোকা গাছের রস হইতে নির্য্যাস বাহির করিয়া লাক্ষার উপাদান সৃষ্টি করে। পলাশ এবং কুলগাছে এই পোকা ছাড়িয়া দিলে পোকাগুলি ঐ গাছের মুকুল এবং ডালের উপর এক প্রকার আঠা উৎপন্ন করে, তাহা হইতে লাক্ষা উৎপাদিত হয়। যে সমস্ত লাক্ষার রং খুব গাঢ় লাল, তাহা হইতে সাধারণতঃ রং বাহির করা হয়। আজকাল 'এলিজারিন' নামক রঞ্জন পদার্থে লাক্ষা রং-এর অনুকরণ রিসাবে ব্যবহার হইতেছে।

খুঁত গাছ—বাঙ্গলাদেশের সকল স্থানেই খুঁত গাছ জন্মান যায়। মুর্শিদাবাদ জিলায় ইহার বেশীর ভাগ চাষ হয়। ইহা একটী ছোট আকারের গাছ। ইহা জন্মিবার ৪ বৎসরের মধ্যেই রং উৎপন্ন করিবার উপযুক্ত হয়। রাসায়নিক প্রক্রিয়া দ্বারা খুঁতগাছের মূলকে রঞ্জন দ্রব্যে পরিণত করা যায়। ইহার রং লাল। 'এলিজারিন' রং ইহার স্থান অধিকার করিয়াছে।

হরিতকী ও বহেরা—ইহা হরিতকী জাতীয় গাছের ফল। এই ফল হইতে কালো এবং খাকী রং প্রস্তুত করা যায়। ইহার ফলের ফলের সহিত 'ফেরাস সালফেট' মিশাইয়া যায় কালো রং উৎপন্ন করা যায়। হরিতকী এবং বহেরাকে ভাঙ্গিয়া ইহার ভিতরের আঁটিগুলিকে যায় ফিকে হয়। খোসাকে গুঁড়া করিয়া পরম জলে সিদ্ধকরিলে কালো অথবা খাকী রং পাওয়া যায়।

রক্তচন্দন—এই বৃক্ষ বাঙ্গলাদেশে পাওয়া যায়। ইহার কাঠের বর্ণ সাধারণতঃ হিঁকে লাল। কাঠগুলি খুব সরু করিয়া ইহা হইতে রং বাহির করা হইয়া থাকে। কাঠকে টুকরা টুকরা করিয়া কাটিয়া গুঁড়া করিতে হয়। এই গুঁড়াকে কিছু দিন জলে ভিজাইয়া রাখিতে হয়। যে পর্য্যন্ত গুঁড়া হইতে সমস্ত রঞ্জন পদার্থ নিষ্কাশিত না হয় ততক্ষণ পর্য্যন্ত ইহাকে পরম জলে সিদ্ধ করিতে হয়। ইহার পরে যে রং উৎপন্ন হয়, তাহার আভা লাল-বাদামী।

শাকসব্জী সংরক্ষণ-শিল্প

আজকাল পৃথিবীর সর্ব্বত্র শাকসব্জী রাসায়নিক প্রক্রিয়ায় শুকাইয়া টিনে সংরক্ষণ করিবার শিল্প অনুষ্ঠিত হইয়া উঠিয়াছে। ইহাকে ডিহাইড্রেশন বলে। বর্তমান যুদ্ধের সময় শাকসব্জী এইভাবে সংরক্ষণ করিয়া বিভিন্ন রণাঙ্গনে সৈন্যদের প্রয়োজন মিটাইতে প্রেরিত হইতেছে। ভারতবর্ষেও এই শিল্পটী গড়িয়া তুলিবার চেষ্টা দেখা দিয়াছে। সম্প্রতি একটী সংবাদে প্রকাশ যে, ভারত সরকার খাদ্যদ্রব্যাদি শুকাইয়া সংরক্ষণ করিবার জন্য কয়েকটী আধুনিক কারখানা স্থাপন করিবার উদ্যোগ আয়োজন করিতেছেন। ১৯৪৩ সালের ডিসেম্বর মাসে পুনার হইতে একটী 'ডিহাইড্রেশন মিশন' ভারতে এই শিল্পের সম্পর্কে তথ্যাদি সংগ্রহ করিতে



ইণ্ডাষ্ট্রীয়াল এণ্ড প্রুডেন্সিয়াল
এ্যাসুরেন্স কোং লিঃ

স্থাপিত—১৯১০

হেড অফিস ঃ বোম্বাই

১৯৪৩ সালের নূতন বীমার পরিমাণ
১ (এক) কোটি ৩৫ লক্ষ টাকা

আধুনিক সর্ব্বপ্রকার সুবিধা দেওয়া হয়।

কলিকাতা আফিস ঃ—
১২, ডালহৌসী স্কোয়ার, কলিকাতা।

আনিয়াছিল। ভারত সরকারের খাদ্য বিভাগ ভারতের বিশ্ববিদ্যালয়সমূহ এবং অন্যান্য বিভাগ সংযুক্তে এই ব্যাপারে বিশেষজ্ঞ ইঞ্জিনিয়ারদের সাহায্য অনুসন্ধান করিবার জন্য অনুরোধ জানাইয়াছেন।

শাকসব্জী শুকাইয়া সংরক্ষণ করিতে হইলে উহার বিভিন্নভাগ জলীয় অংশ এমনভাবে নিষ্কাশন করিতে হয়, যাহাতে সেই শাকসব্জীর মধ্যে অল্প কোনরূপ পীলাণু, পচনি অথবা ঘুণ ধরা ছাড়ার মত কোন কিছু সঞ্চারিত হইতে না পারে। বৈজ্ঞানিক প্রণালীতে কৃত্রিম উপায়ে তাপ এবং বায়ু সঞ্চালন ও টানা করিয়া শাকসব্জীর ওজন এবং আয়তনকে এমনভাবে কমান যায় যে, তাহা টিন প্রভৃতির উপযুক্তরূপে সংরক্ষণ করিয়া অনায়াসে চালান দেওয়া সম্ভব হয়। টিনে এইরূপে সংরক্ষিত শাকসব্জী অনেক দিন তাজা থাকে। ফল সাধারণতঃ রোদে শুকানো যায়। কিন্তু শাকসব্জী রোদে শুকাইলে তাহা শক্ত, বেঁবিতে বিশ্রী এবং দুর্গন্ধযুক্ত হয়। পক্ষান্তরে শাকসব্জীকে কৃত্রিম প্রক্রিয়া দ্বারা সংরক্ষণ করা খুবই সহজসাধ্য। শাকসব্জীকে সাধারণতঃ দুই শ্রেণীতে ভাগ করা যায়। উহার মধ্যে মিষ্টে আলু, কচুর ডাঁটা, টমেটো, বাঁধাকপি, পালং ও বীটকে অনায়াসেই শুকাইয়া সংরক্ষণ করা যাইতে পারে। ইহা ছাড়া কতগুলি শাকসব্জী আছে যাহাকে সাধারণ প্রণালীতে টিনে সংরক্ষণ করা যায় না। উহার মধ্যে গোল আলু, পেঁয়াজ, গাজর, শালগম, পালং শাক প্রভৃতি পড়ে। শাকসব্জী শুকাইয়া সংরক্ষণ করিলে উহার রাসায়নিক উপাদানের কোনরূপ পরিবর্তন হয় না। শুধু উহার জলীয় অংশ উবিয়া যায়।

আলু, গাজর, শালগম প্রভৃতি মূলযুক্ত সব্জী এবং টমেটো শুকাইয়া সংরক্ষিত করিবার পূর্বে উহাদিগকে আধুনিক দুর্গন্ধনাশক যৌগকরণ দ্রব্যে পরিষ্কার করিয়া লইতে হয়। ছোট ছোট শিল্প-প্রতিষ্ঠানে ইষ্টক-নির্মিত জলাধারে উহাদিগকে ভিজাইয়া রাখা হয়। এই সকল জলাধারের উপর তারের একটি আবরণ দিতে হয়। এই সকল সব্জী জলে ভিজাইবার পর উহার খোসা ছাড়াইতে হয়। আলু প্রভৃতি মূলযুক্ত সব্জীর খোসা ছাড়াইতে সরল যন্ত্র ব্যবহার করা যায়। কিন্তু অনেক সময় হাত দিয়া খোসা প্রভৃতি ছাড়ান অপরিহার্য হইয়া পড়ে। 'খোসা-ছাড়ানো' কলের যন্ত্রে ৪০ মণেরও বেশী পরিমাণ আলু ১ মিনিটে ছাড়ান যায়। ইহাতে এই সকল সব্জীর শতকরা ৩৬ ভাগ বাহির হইয়া যায়। পেঁয়াজের খোসা সাধারণতঃ হাত দিয়া ছাড়ান হলে, জলের মধ্যে উহার খোসা ছাড়াইতে দেওয়া হইয়া যায় এবং বাহিরের খোসা ভালভাবে ছাড়ান যায় না। বীট, মিষ্টে আলু প্রভৃতি প্রথমতঃ গরম জলে সিদ্ধ করিয়া উহাদের বহিরাবরণ হাত দ্বারা ছাড়াইতে হয়। এজন্যই গাজর এবং মিষ্টে আলুর খোসা জলের সহিত উহার শতকরা ১০ ভাগ তরল সোডা মিশাইয়া সিদ্ধ করিলে সুফল পাওয়া যায়। টমেটোর খোসাও উপরোক্ত প্রক্রিয়া দ্বারা ছাড়ান যায়। কিন্তু উহা না করিয়া প্রায়ই টমেটোকে টুকরা টুকরা করিয়া কাটা হয়। বাঁধা কপির বাহিরগুলি কাটিয়া ফেলা হয় এবং বাহিরের পাতাগুলি ছাড়ান হয়।

অনেক শাকসব্জীর বর্ণ এবং স্বাদ শুকাইলে নষ্ট হইয়া যায়। কিন্তু শুকাইবার পূর্বে উহাকে গরম জলে কতকটা সিদ্ধ করিলে আর তাহা হয় না; কিন্তু টমেটো, লঙ্কা অথবা পেঁয়াজ গরম জলে সিদ্ধ করিলে উহার স্বাদ-সুধার বিশেষ কোনরূপ উন্নতি হয় না। বাঁধা কপি 'সোডিয়াম কার্বনেট'-এর লঘিষ্ঠ মিশ্রিত দুই গরম জলে সিদ্ধ করিলে ভাল হয়। 'বাইকার্বনেট' দ্বারা শাকসব্জীর স্বাভাবিক বর্ণ রক্ষিত হয় এবং শুকানোও সহজ হয়।

শাকসব্জী শুকাইবার জন্য সাধারণতঃ দুই প্রকার যন্ত্র আছে, এক প্রকার যন্ত্রকে 'ব্যাচ টাইপ' বলে; উহার তলদেশ ছিদ্রযুক্ত এবং ওজনে ১২ মণ এবং উচ্চতায় ৯ ফুট। যন্ত্রের যে প্রকোষ্ঠে শাকসব্জী শুকাইবার জন্য রাসায়নিক প্রক্রিয়া সাধিত হয় তাহা দৈর্ঘ্য এবং প্রস্থে যথাক্রমে ১০ ফুট। উহার দুই পার্শ্বে ২ ফুট অন্তর দুইটী দুয়ার আছে। এইরূপ যন্ত্রে যে কোন শ্রেণীর শাকসব্জী অনায়াসে শুকান যাইতে পারে। উহার সঙ্গে একখানা পাখা সংযুক্ত থাকে। এই পাখা শাকসব্জী শুকাইবার জন্য যে বায়ু-প্রবাহের প্রয়োজন হয় তাহা প্রতি মিনিটে ২ হাজার ঘনফুট হারে প্রেরণ করিতে পারে। যন্ত্রের ভাপকেশে যে নল বসান থাকে তাহার ছিদ্র দিয়া এই বায়ু বাহির হয়। উহার পর আরও কয়েকটী পর্য্যায়ে শাকসব্জীকে বৈজ্ঞানিক প্রণালীতে শুকাইতে হয়।

শাকসব্জী শুকাইবার আরও একপ্রকার যন্ত্র আছে। তাহাকে 'টানেল টাইপ' বলা হয়। এইরূপ যন্ত্রের প্রকোষ্ঠ খুব আঁটা-আঁটিভাবে নির্ম্মাণ করিতে হয়। উহার প্রত্যেক কোণের দেওয়ালে হাওয়া আটকাইবার জন্য ফালপথ থাকে। উহার নির্ম্মাণে আলানী কাঠ, তৈল অথবা কয়লা দ্বারা গরম করিতে হয়। এই যন্ত্রের প্রকোষ্ঠের মধ্যে শাকসব্জী সাজাইয়া একটার উপর একটা রাখিতে হয়। উহার মধ্যে যে ফাঁকা জায়গা থাকে তাহার পথ দিয়া গরম হাওয়া বহিয়া যাইতে পারে। এই যন্ত্রকে সকল

সময়ই গরম করিয়া রাখিতে হয়। তাহা হইলে অল্প খরচে অধিক পরিমাণ শাকসব্জী শুকানো যায়।

অল্পের শাকসব্জীর ভিতরকার জলীয়াংশ অতি সহজেই উড়িয়া যায়। শাকসব্জী বৈজ্ঞানিক প্রণালীতে শুকাইতে হইলে প্রথমতঃ ১৮০ ডিগ্রি হইতে ১৮৫ ডিগ্রি 'ফ্যারেনহাইট' এবং পরিশেষে ১৪০ ডিগ্রি হইতে ১৪৫ ডিগ্রি পরিমাণ তাপ বিশেষ প্রয়োজন। দেশীয় তাপ শাকসব্জীই ৬ ঘণ্টার কম সময়ের মধ্যে সংরক্ষণের উপযোগী করিয়া শুকাইতে পারা যায়। আলু শুকাইতে প্রায় ৮ ঘণ্টা সময় লাগে।

শাকসব্জী টিনে সংরক্ষণ করিবার পূর্ব্বে দেখিতে হইবে যে, শুকানো শাকসব্জীতে যেন উহার স্বাভাবিক জলীয় ভাগের শতকরা ৬ ভাগের বেশী না থাকে। ইহাতে বেশী জলীয় অংশ থাকিলে শাকসব্জীর বর্ণ এবং স্বাদ উভয়ই নষ্ট হইবে।

আলু সংরক্ষণ—আলু সংরক্ষণ করিতে হইলে ইহাকে ভাল করিয়া ধুইতে হয়, বেশী বিলম্ব করিতে হয়, যন্ত্র দ্বারা অথবা হাতে লম্বালম্বি সরিষা খোসা ছাড়াইতে হয়। ইহাকে $\frac{1}{8}$ ইঞ্চি পরিমাণে টুক্‌রা টুক্‌রা করিয়া কাটিতে হয়। তারপর ইহাকে ২ হইতে ৫ মিনিটকাল পর্য্যন্ত ১৮০ ডিগ্রি হইতে ২১২ ডিগ্রি 'ফ্যারেনহাইট' তাপমান যন্ত্রের মাত্রায় গরম করিতে হয়। পরে ইহাকে ঠাণ্ডা জলে ডিজাইতে হয়। গরম জলে ডিজানো আলু যখন যন্ত্রে শুকানো হয় তখন যদি ইহাতে তাওয়ার জলীয় অংশ কম থাকে তাহা হইলে ইহা শক্ত হইয়া যায় এবং যদি ১৫০ ডিগ্রি 'ফ্যারেনহাইট'-এর বেশী মাত্রা তাপ পায় তাহা হইলে ইহার বর্ণ লাল-কালচে যুক্ত হইয়া যায়। আলু যদি ঠিকমত শুকানো এবং রন্ধন করা হয় তাহা হইলে ইহার রং সাদা অথবা অত্যন্ত হাল্কা পীত হইবে।

মিঠে আলু সংরক্ষণ করিতে হইলে উহাদের ধুইয়া একটী লোহার পাত্রে রাখিতে হয়। ইহার পর ৯ হইতে ১২ মিনিট পর্য্যন্ত ২৪০ ডিগ্রি 'ফ্যারেনহাইট' তাপমাত্রায় ইহাকে গরম করিলে ইহার ছাল ঢিলা ও নরম হইয়া যায়। পরে হাত দিয়া ছাল ছাড়াইতে হয়। খোসা ছাড়ানো মিঠে আলু বিভিন্ন উপায়ে শুকানো যায়। ইহাকে লম্বালম্বিভাবে অথবা পরিমাণে অথবা ইহার আকারের এক-চতুর্থাংশ হিসাবে কাটা হয়। পরে ইহাকে সিদ্ধ, সেঁকা অথবা ভাজিতে হয়। ইহা সোজা আলুর মত নয়। অতএব ইহাকে ১৭৫ ডিগ্রি 'ফ্যারেনহাইট' তাপমাত্রায় উষ্ণ করা যায়।

পেঁয়াজ—পেঁয়াজ সংরক্ষণ করিতে হইলে উহার খোসা ছাড়াইয়া ছাড়াইতে হয়। পরে উহাকে ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে ভাগ করিতে হয়। তাহা না হইলে পেঁয়াজের মোটা খণ্ডগুলি শক্ত হইয়া যায় এবং উহার রং কালো হয়। ঠাণ্ডা জলে উহার সরঞ্জাম ৫ ভাগ লবণ মিশাইয়া ৩ মিনিট হইতে ৫ মিনিট পর্য্যন্ত ভিজিতে হয়। তাহা হইলে উহা শুকাইবার সময় অথবা টিনে সংরক্ষণ করিবার পর উহার রং কালো হইবে না। পেঁয়াজ শুকাইবার সময় ১৪০ ডিগ্রি 'ফ্যারেনহাইট' তাপমান যন্ত্রের মাত্রার বেশী গরম করা উচিত নয়। শুকনো পেঁয়াজ গুঁড়া করিয়া মসলার জন্য করা যায় এবং উহাকে ঝোল, ঝাড়ন প্রভৃতি খাদ্যের স্বাদ বৃদ্ধি করিবার জন্য ব্যবহার করা যায়।

বাঁধা কপি—ইয়োরোপে ব্যাপকভাবে বাঁধা কপি শুকাইবার ব্যবস্থা আছে। এই জন্য বাঁধা কপির বাহিরের ডালিগুলি ছাড়াইয়া ফেলিয়া দেওয়া হয় এবং তাহার পরে ভিতরের পাতাগুলিকে খুলে খুলে করিয়া কাটিতে হয়। পরে ইহাকে ২ মিনিট কাল পর্য্যন্ত ভিজাইয়া রাখিতে হয়। জলের শতকরা ১ ভাগ পরিমাণ 'সোডা কার্ব্বনেট' মিশ্রিত করা উচিত। ইহাতে কপির রং ভাল থাকে। শুকাইবার সময় ইহাকে ১৪৫ ডিগ্রি 'ফ্যারেনহাইট' তাপের বেশী দেওয়া উচিত নয়। বাঁধা কপি যে পর্য্যন্ত ভঙ্গুর না হয় সে পর্য্যন্ত শুষ্ক করা উচিত। হাওয়া লাগিলে কপি কালো বর্ণ ধারণ করে এবং ইহার স্বাদ নষ্ট হইয়া যায়। ফুলকপি শুকনো অবস্থায় বেশ ভাল থাকে। ফুলকপিকে রান্নাদি রন্ধন করিবার উপযোগী করিয়া প্রস্তুত করিতে হয়। ইহার মাথাগুলি ছোট ছোট খণ্ড করিয়া শুকানো হয়। এইগুলিকে গরম জলে ৩ হইতে ৫ মিনিট কাল ভিজাইয়া রাখা উচিত। শুকনো করিবার সময় উহাকে ১৪০ ডিগ্রি 'ফ্যারেনহাইট' মাত্রার বেশী উত্তাপ দেওয়া উচিত নয়।

কড়াই শুঁটী—কড়াইশুঁটী সংরক্ষণ করিতে হইলে উহা অবশ্যই শুকানোর ব্যবস্থা করা উচিত। খোসা ছাড়ানো শুঁটীগুলি উহার ভিতরের বেজসমেত উপাদানগুলি শক্ত হইয়া যায় এবং শুকাইবার সময় উহা গুঁড়া গুঁড়া হইয়া যায়। শুঁটীগুলি খোসা হইতে ছাড়াইবার পর ১০ মিনিট কাল পর্য্যন্ত গরম জলে ভিজাইয়া রাখিতে হয়। উহার শুকাইবার উত্তাপের মাত্রা 'ফ্যারেনহাইট' তাপমান যন্ত্রের ১৪৫ ডিগ্রির অধিক না হওয়া উচিত। বেশী উত্তাপ পাইলে শুঁটীগুলি বাদামী রং ধারণ করে এবং উহার স্বাদ নষ্ট হয়।

শাকসব্জী শুকাইয়া সংরক্ষণ করিবার শিল্প প্রতিষ্ঠানে আজকে দুই একটী কথা লিখিতে হইতেছে। এই নূতন শিল্পটীর মধ্যেই সম্ভাবনা বাঙ্গলাদেশে রহিয়াছে।

যে কয়টী নূতন শিল্পের সুযোগ-সম্ভাবনার কথা আলোচনা করা হইয়াছে তাহা আধুনিক বৈজ্ঞানিক প্রণালীতে গড়িয়া তুলিতে হইলে এ বিষয়ে বিশেষজ্ঞদের দ্বারা নূতন নূতন অন্বেষণা চালান একান্ত বিধেয়। বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানাগার এবং সরকারী ও বে-সরকারী যে সকল শিল্প-বিজ্ঞান প্রতিষ্ঠান রহিয়াছে তাঁহারা যদি এ বিষয় অবহিত হন তাহা হইলে এই সকল শিল্প বাঙ্গলা দেশে প্রসার লাভ করিতে পারে। বাঙ্গলা সরকারের শিল্প বিকাশের উদ্যম হইতে এই সকল বিষয়ে অন্বেষণা চালান উচিত এবং বিভিন্ন দিকে কি কি সম্ভাবনা রহিয়াছে তাহা আবিষ্কার করার জন্য বৈজ্ঞানিকদের সাহায্য গ্রহণ করা কর্ত্তব্য। বাঙ্গলাদেশের শিক্ষিত যুবক এবং শিল্পপতিগণের এই সকল নূতন শিল্পের বিষয় চিন্তা করার সুবর্ণ সুযোগ আসিয়াছে।

স্থাপিত—১৯৩৮　　ফোন : ক্যাল্ ৪৭৩১ ও ৪২৭৫

গিরিশ ব্যাঙ্ক লিমিটেড

হেড্ অফিস : ২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা

নিষ্ঠা
রাপতা
গুপ্তমোপাধ্যায়

আমাদের সমস্ত শাখা ও কেন্দ্রের বৈশিষ্ট্য

শাখা সমূহ— আমহার্ষ্ট, বেলঘরিয়া, ভাদুয়াড়, জগদীশপুর, বর্দ্ধমান, হুগলী, রাইগঞ্জ, রাঁচী, শিউড়ী, শ্রীরামপুর, ঢাকা, বরিশাল, বৈদ্যনাথ, নিউমার্কেট, উত্তরপাড়া, পুরিয়া, জগদীশপুর (পুরিয়া)।

ব্যাঙ্কিং কার্য্যে অতুলনীয় সুবিধা এখানে পাইবেন

ডিরেক্টর-ইন্‌চার্জ : মিঃ জগদীশচন্দ্র মুখার্জ্জি

টেলিগ্রাম : ব্যাঙ্ক অফ্ এন্ড্ মুখার্জ্জি কলিকাতা, সকলপ্রকার ব্যাঙ্কিং ও পাবলিক এক্সচেঞ্জের, হুগলী।

যুদ্ধ ও ভারতীয় ব্যাঙ্ক

[শ্রীঅনীলনারায়ণ চট্টোপাধ্যায়, বি. কম্ ; সি. এ. আই. আই. বি]

সম্প্রতি যুদ্ধোত্তর পরিকল্পনা লইয়া দেশের মধ্যে নানা প্রকার আন্দোলনের সৃষ্টি হইয়াছে। যুদ্ধের সুযোগ লইয়া দেশের অর্থ যে সমস্ত শিল্প গড়িয়া উঠিয়াছে যুদ্ধের পর বাজারে সেগুলির বিক্রয় সামর্থ্য না হয় তাহা সেই সমস্ত বাজারে অনাকাঙ্ক্ষিত দুর্বিপ্রবাহ ভারতে নিয়ন্ত্রণ প্রসার লাভিক হয় ইহার জন্য দেশীয় শিল্পপতিগণ ইতিমধ্যেই নানা প্রকার পরিকল্পনা প্রস্তুত করিতেছেন। কিন্তু ভারতীয় ব্যাঙ্ক ব্যবসায়ের দিকে এ পর্যন্ত প্রয়োজনানুরূপ লক্ষ্য দেওয়া হয় নাই। অথচ যুদ্ধোত্তর পরিকল্পনা-প্রকৃতপক্ষে ব্যাঙ্কের কার্যকারিতার উপরই অনেকাংশে নির্ভর করিবে।

এই সম্বন্ধে কিছু আলোচনা করিতে হইলে যুদ্ধের প্রথমাংশ হইতেই সুরু করা কর্তব্য। নিম্নলিখিত তালিকা হইতে যুদ্ধের প্রভাবে ভারতীয় ব্যাঙ্কগুলির অবস্থা কিরূপ হইয়াছে তাহা বুঝা যাইবে।

(কোটী টাকা হিসাবে)

	১৯৩৯	১৯৪১	১৯৪৩
তালিকাভুক্ত ব্যাঙ্কের সংখ্যা	৫৪	৫৮	৭৪
মোট আদায়ীকৃত	২৫৩·৩০	৩১১·২৫	৩৫৮·১০
চলতি আদায়ীকৃত	১৭৪·৩৬	২১১·৩৫	৫০০·৯২
স্থায়ী আদায়ীকৃত	১৩৪·৭৪	১০৮·৪৫	১৫৭·৫৮
আমানতের পরিমাণ	৮৮৫·০৯	১৫৫·২৪	৯৯৭·৮০

উপরোক্ত সংখ্যাগুলি সম্পর্কে কিছু আলোচনা করার পূর্বে ভারতীয় ব্যাঙ্ক সম্পর্কে কতকগুলি জ্ঞাতব্য বিষয় বলা কর্তব্য। ১৯০৬ সালে রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার সংগঠনের পূর্বে ভারতে কোনও কেন্দ্রীয় ব্যাঙ্ক ছিল না। এই সময় ইম্পিরিয়াল ব্যাঙ্ক অব ইণ্ডিয়াই সরকারের রাজস্ব কার্য করিয়া আসিতেছিল। কিন্তু ইম্পিরিয়াল ব্যাঙ্ক নিজেই একটী কমার্শিয়াল ব্যাঙ্ক; সুতরাং অন্যান্য কমার্শিয়াল ব্যাঙ্কের সাথে উহার যে তীব্র প্রতিযোগিতা ছিল উহা বলা বাহুল্য। ফলে দেশের আর্থিক অবস্থার মধ্যে যে একটা অস্বাস্থ্যকর ভাবের সৃষ্টি হইয়াছিল তাহা সকলেই অনুমেয়। রিজার্ভ ব্যাঙ্কের সৃষ্টির পর হইতেই অর্থনীতিক্ষেত্রে সুশৃঙ্খলার ভাব পরিলক্ষিত হয়। রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া এ্যাক্টের ৪২(৬) ধারা অনুযায়ী কতকগুলি ব্যাঙ্ক উহার তালিকাভুক্ত হয় এবং তাহাদের আদায়ের অবস্থার উন্নতির জন্য ক্রমশঃই তৎপর হইয়া উঠে। যে সব ব্যাঙ্ক তালিকাভুক্ত হইবার সুযোগ পায় নাই তাহাদের যাহাতে তালিকাভুক্ত হইতে পারে এই উদ্দেশ্যে আদায়ী মূলধন ও রিজার্ভ তহ বৃদ্ধি করিবার জন্য সচেষ্ট হয়। কিন্তু রিজার্ভ ব্যাঙ্কের কার্যারম্ভ অনধিক চারি বৎসর কাল অতিবাহিত হইবার পরই এই মহাযুদ্ধ সুরু হয়। আশঙ্কা করা গিয়াছিল যে, ইহার ফলে দেশের অর্থনৈতিক ক্ষেত্রে একটা ভীষণ দোলাচলের সৃষ্টি হইবে। কিন্তু রিজার্ভ ব্যাঙ্কের সুশৃঙ্খলিত কর্মপদ্ধতির ফলে তাহা সম্ভবপর হয় নাই। বরং ব্যাঙ্কগুলির আদায়ের পরিমাণ ক্রমশঃই বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছে। উপরের তালিকা হইতেই ইহা সুস্পষ্টরূপে প্রতীয়মান হইবে।

যুদ্ধ বাধিবার সঙ্গে সঙ্গেই লোকের মনে ভীতির সঞ্চার হয় এবং এই কারণে ১৯৩৯ সালের শেষাংশে ব্যাঙ্ক হইতে জমা টাকা তুলিবার হিড়িক পড়িয়া যায়। কিন্তু এই অস্বাভাবিক অবস্থা বেশী দিন স্থায়ী হয় নাই। ১৯৪০ সালের প্রথমার্ধ হইতেই লোকের মানসিক ভয় অনেকটা কাটিয়া আসে; ফলে ক্রমশঃ ব্যাঙ্কগুলির আমানতের পরিমাণ বৃদ্ধি পাইতে থাকে। এই সালের শেষ ভাগে ব্যাঙ্কসমূহের মোট আমানত দাঁড়ায় ২৬৩ কোটী টাকা। কিন্তু ইহার মধ্যে একটা লক্ষ্য করিবার বিষয় এই যে, স্থায়ী আমানতের পরিমাণ চলতি আমানত অপেক্ষা অধিক বেশী বৃদ্ধি পায়। ১৯৩৯ সালের শেষে স্থায়ী আমানতের পরিমাণ ছিল ১০৪ কোটী টাকা; কিন্তু ১৯৪০ সালের যে মাসে উহা ১১০ কোটী টাকায় দাঁড়ায়। অথচ চলতি আমানত ঐ সময় ১৪৮ কোটী টাকা হইতে মাত্র ১৪৭ কোটী টাকায় বর্ধিত হয়। ইহার কারণ যুদ্ধ প্রচেষ্টায় অধিকতর সাহায্য করিবার জন্য ব্যাঙ্কগুলি স্থায়ী আমানত বৃদ্ধি করিবার দিকে বিশেষ মনোযোগী ছিল। যে মাস হইতে সুদহার যুদ্ধের দায়ভার বাড়িয়া উঠিলে লোকের মনে শঙ্কা উপস্থিত হয় এবং এই কারণেই ব্যাঙ্কগুলির মোট আমানত ২৬৩ কোটী টাকা হইতে দুইবার সেখে ২৫১ কোটীতে নামিয়া আসে। কিন্তু অল্পদিনের মধ্যে উহা পুনরায় ২৭৫ কোটীতে উঠে। এই সময়ের সর্বাপেক্ষা লক্ষ্যণীয় বস্তু এই যে, স্থায়ী আমানত ১০৭ কোটী হইতে ১০০ কোটীতে নামিয়া যায়, অথচ চলতি আমানত ১৪৪ কোটী টাকা হইতে ৮৭৫ কোটীতে বৃদ্ধি প্রাপ্ত হয়।

এইতো গেল আমানতের কথা; এখন ব্যাঙ্কগুলির ঋণদানের দিকে লক্ষ্য করা যাউক।

নির্ভরশীল জাতীয় প্রতিষ্ঠান

ক্যালকাটা ব্যাঙ্কার্স

লিমিটেড

হেড অফিস—৩৮নং ট্রাঙ্ক রোড, কলিকাতা।

ফোন ঃ ক্যাল—৩৩০৫

ব্রাঞ্চ—পি-২, হাওড়া ব্রীজ এপ্রোচ, কলিকাতা।

সকল প্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

ডিরেক্টরগণ—

মিঃ টি এন ব্যানার্জ্জি

মিঃ এ কে মুখার্জ্জী

যুদ্ধের অব্যবহিত পরের ব্যবসায়-বাণিজ্য তাণ্ডিয়া উঠাতে ব্যাঙ্কের আমানতের পরিমাণ ১৪৭ কোটী টাকায় দাঁড়ায়। ইহা ক্রমাগত বাড়িতেই থাকে এবং মার্চ মাসে ১৮০ কোটী টাকা পর্য্যন্ত উঠে। রিজার্ভ ব্যাঙ্ক গঠিত হইবার পর হইতে আমানতের পরিমাণের এতদূর বৃদ্ধি আর হয় নাই। এই সময়ে অবস্থা বিবেচনা করিয়া রিজার্ভ ব্যাঙ্ক কর্ত্তৃক বাজারে মুদ্রা বাড়াইতে চাওয়ার অভাব তখনও পরিলক্ষিত হয় নাই। কিন্তু এপ্রিল মাস হইতে বাজার মন্দা হওয়ায় এবং ব্যবসায় শৈথিল্য হেতু ব্যাঙ্কের আমানতের পরিমাণ ক্রমশঃই কমিতে থাকে। এই অবস্থা সেপ্টেম্বর মাস অবধি চলে। আশা করা গিয়াছিল যে, অক্টোবর মাস হইতে ব্যবসায়-কার্য্যে তৎপরতা সুরু হইলে পুনরায় ইহা বাড়িতে থাকিবে। কিন্তু প্রকৃতপক্ষে উহা ঘটিল না। নভেম্বর মাসে আমানতের পরিমাণ দাঁড়াইল ১০১ কোটী টাকা, অথচ ১৯৪৯ সালে এই সময় ইহার পরিমাণ ছিল ১২০ কোটী টাকা। আলোচ্য বৎসরে ব্যাঙ্কের শাখাও ইহার পূর্ব্ববর্ত্তী বৎসরের ন্যায় বৃদ্ধি প্রাপ্ত হয় নাই, ব্যাঙ্কের শাখা ১৭৭৭টি হইতে মাত্র ১৩৩৪টিতে দাঁড়ায়।

১৯৪১ সালে যুদ্ধ তৃতীয় বৎসরে পদার্পণ করিল। দুই বৎসর বিভিন্ন প্রকার বাধা-বিঘ্ন ও বাধ-প্রতিবাধ সহ্য করিয়া ব্যাঙ্কগুলির ভিত্তি দৃঢ়তর হইল। ফলে ১৯৪১ সালে তাহারা যে শুধু সুদৃঢ়ভাবে দাঁড়াইয়া সাঁজের যুদ্ধের অতিরিক্ত সহ্য করিল তাহাই নহে, এই বৎসর তাহারা উন্নতির পথে অনেকটা অগ্রসর হইল। এই বৎসর ২১শে নভেম্বর তারিখের মোট আমানতের পরিমাণ দাঁড়ায় ৩৪৭'৪০ কোটী টাকা, অথচ পর বৎসর ২৭শে ডিসেম্বর ছিল মাত্র ২৭৫'৮৩ কোটী টাকা এবং যুদ্ধের পূর্ব্বে ছিল ১৪৭'৮৬ কোটী টাকা। সুতরাং দেখা যায়, যুদ্ধ-পূর্ব্বকাল হইতে এই সময় আমানতের পরিমাণ প্রায় ১০০ কোটী টাকা বৃদ্ধি পায়। কিন্তু আরও একটা লইয়া বিষয় এই যে, স্থায়ী আমানত অপেক্ষা চলতি আমানতের পরিমাণই বেশীরূপে বৃদ্ধি পায়। যুদ্ধ-পূর্ব্বে চলতি আমানতের পরিমাণ ছিল ১৪১'৪০ কোটী টাকা, আর এখন দাঁড়াইয়াছে ২৪৪'৮০ কোটী টাকা অর্থাৎ প্রায় ১৪'২০ কোটী টাকা বেশী। অথচ এই সময় স্থায়ী আমানতের পরিমাণ মাত্র ৮'৪৭ কোটী টাকা বৃদ্ধি পায়। যুদ্ধের জন্য লোকের মনে অনিশ্চয়তা বৃদ্ধির একমাত্র কারণ। অবশ্য ব্যাঙ্কগুলিও শিল্প-কার্য্যে ঋণদানের পরিমাণ কমাইয়া দেওয়ায় স্থায়ী আমানতও এখন কমিতে অনেকটা অবকাশ করে। আলোচ্য বৎসরে প্রথম আট মাস ঋণদানের পরিমাণ বিগত বৎসর অপেক্ষা অনেক কম হয়। গত বৎসর মোট ঋণদানের পরিমাণ ছিল ১৪৫'০০ কোটী টাকা, আর এই বৎসর উহার পরিমাণ দাঁড়ায় ১২৬'৮৮ কোটী টাকা। সেপ্টেম্বর মাস হইতে অবশ্য উহার উর্দ্ধগতি পরিলক্ষিত হয় এবং ২১শে নভেম্বর ১১২'১৭ কোটী টাকা পর্য্যন্ত উঠে। পূর্ব্ব বৎসর এই সময় ছিল মাত্র ১০০'৬৪ কোটী টাকা। যুদ্ধের অস্বাভাবিক অবস্থা সত্ত্বেও এই বৎসর ব্যাঙ্কগুলির শাখা ১৯৪১ হইতে ১৯২১টিতে দাঁড়ায়।

১৯৪২ সাল যুদ্ধের দ্বিতীয় বৎসর। জাপানের সক্রিয় যুদ্ধ ঘোষণার ফলে এই বৎসর আমানতকারীরা ব্যাঙ্ক হইতে এতদ্বারে টাকা তুলিতে সুরু করিল। অনুমতি জাহাজের অপ্রাচুর্য্যের দরুণ মাল আমদানীর অসুবিধা হেতু ব্যাঙ্কগুলির অবস্থা আরও অসোয়াস্ত হইয়া দাঁড়াইল। কিন্তু যে মাস হইতে ব্যাঙ্ক আমদানী জাপানীদের তৎপরতা করিয়া আসিলে ব্যাঙ্কগুলির অবস্থার কিছুটা উন্নতি হয়। এই সময় হইতেই দেশের মুদ্রাস্ফীতি এবং ব্যবসায়-কার্য্যের সঙ্কোচ হেতু দেশের লক্ষিত অর্থের অসদ্ভাব সৃষ্টি হয়। এই বৎসর ব্যাঙ্কগুলির চলতি আমানতের পরিমাণ ১২৫ কোটী টাকা বৃদ্ধি পায়; কিন্তু স্থায়ী আমানতের পরিমাণ মাত্র ১৯ লক্ষ টাকা। লক্ষ্য করিবার বিষয় এই যে, যুদ্ধের পূর্ব্বেও চলতি আমানতের পরিমাণ স্থায়ী আমানত অপেক্ষা বেশী ছিল—কিন্তু উহাদের ব্যবধান ছিল মাত্র ৩২'১২ কোটী টাকা; অথচ এই বৎসর উহা দাঁড়ায় ১৪২'৩০ কোটী টাকা। এই অস্বাভাবিক ব্যবধানের কারণ সহজেই অনুমান করা চলে। যুদ্ধের সময় সাধারণ লোকের মনে অনিশ্চয়তার সৃষ্টি হয় এবং সেই কারণে তাহারা দীর্ঘকালের জন্য ব্যাঙ্কে টাকা খাটাইতে না রাখিয়া চলতি আমানত হিসাবেই টাকা রাখা নিরাপদ মনে করে। এই কারণে ব্যাঙ্কগুলিও তাহাদের নগদ টাকা (cash) ও রিজার্ভ ব্যাঙ্কে রক্ষিত টাকার পরিমাণ বর্দ্ধিত করে। পূর্ব্বাপেক্ষা এই বৃদ্ধির পরিমাণ যথাক্রমে ৪'৩০ কোটী টাকা ও ২১'৮৩ কোটী টাকা। রিজার্ভ ব্যাঙ্কের ৪২ ধারা অনুযায়ী তালিকাভুক্ত ব্যাঙ্কগুলির উপর নিকট তাহাদের চলতি আমানতের শতকরা ৫ টাকা ও স্থায়ী আমানতের শতকরা ২ টাকা রাখিতে হয়। কিন্তু প্রকৃতপক্ষে এই বৎসর ৪ঠা ডিসেম্বর রিজার্ভ ব্যাঙ্কের নিকট তাহারা নিয়ম অপেক্ষা ৪১'৬৩ কোটী টাকা অধিক রক্ষিত রাখে। সুতরাং এই বৎসর ব্যবসায়-কার্য্যের অপ্রসারতা হেতু ব্যাঙ্কের ঋণদানের পরিমাণও প্রায় ২৩ কোটী টাকা কমিয়া যায়। যুদ্ধের ফলে গবর্ণমেণ্ট বেশী পরিমাণ ডিবেঞ্চার ক্রয় করিবার ফলে দেশের শিল্প-ব্যবসায়ের অনেক প্রসারতা ঘটে নাই। কিন্তু যেহেতু এই সময় শিল্পগুলির প্রয়োজনীয় টাকা সরকারই যোগান দিতেছিলেন সেই জন্য দেশীয় ব্যাঙ্কগুলির ইহাতে কোনও আর্থিক সুবিধা হয় নাই। সুতরাং ব্যাঙ্ক-

"এক গাছি তৃণ আমি সযত্নে ছিঁড়ি
তুচ্ছ তুচ্ছ করি তারে, বাঁধি মত করী"

অতি ক্ষুদ্র হিসাবের সমষ্টিই বৃহৎ হিসাব সৃষ্টি করে। সুদসমেত সামান্য সামান্য সঞ্চয় ভবিষ্যতের বহু বিঘ্ন হইতে রক্ষা করে। এখন হইতে নিয়মিত সঞ্চয়ের অভ্যাস করুন।

দি চিটাগঙ্

সেনট্রাল ব্যাঙ্কিং কর্পোরেশন লিঃ

হেড অফিস—৯, ক্লাইভ রো, কলিকাতা। ফোন ক্যাল : ৩৪৬৭

শাখা—মুর্শিদাবাদ, জিয়াগঞ্জ, ভাগা, চিটাগঙ্, ও কাটিহার।

গভর্ণমেণ্ট বিল ও অনুমোদিত সিকিউরিটির জামিনে টাকা ধার দেওয়া হয়।

বোম্বাইবাজী, আগিকমত, জলপাইগুড়ি, কুমারখালি, খুলিয়ান, বহরমপুর, রাণাঘাট ও কাটোয়া শাখা শীঘ্রই খোলা হইতেছে।

বিস্তারিত বিবরণের জন্য লিখুন—

দেবব্রতোষ দাশগুপ্ত
ম্যানেজিং ডিরেক্টর।

গুলি এই সময় প্রধানতঃ সরকারী জমানুহই (Govt. Securities) টাকা লগ্নী করিতেছিল। এই কারণেই সরকারের পক্ষে এই বৎসর এত অধিক টাকা ঋণ গ্রহণ করা সম্ভব হয়। উদাহরণ স্বরূপ বলা যাইতে পারে যে, এই বৎসর সাপ্তাহিক ট্রেজারী বিল-এর টেণ্ডার ২ কোটী টাকা হইতে ১০ কোটীতে বৃদ্ধি পাইয়া ট্রেজারী বিল-এর ইতিহাসে শীর্ষস্থান অধিকার করে।

ব্যাঙ্কের আমানত ও লগ্নী বৃদ্ধির কথা বিবেচনা করিলে ১৯৪০ সালকে ভারতীয় ব্যাঙ্ক ব্যবসায়ের ইতিহাসে স্মরণীয় বৎসর বলা যাইতে পারে। যুদ্ধের গতির পরিবর্তন, লোকের মনে বিশ্বাসের পুনঃ প্রবর্তন এবং অস্বাভাবিক মুদ্রাস্ফীতি ও যুদ্ধের সুযোগ লইয়া নানা প্রকার ব্যবসায়ে অর্থাগমই ইহার প্রধান কারণ। গত দুই বৎসর অপেক্ষা ঐ বৎসর ব্যাঙ্কগুলির কার্য্যধারা কতদূর প্রসার লাভ করিয়াছে তাহা নিম্নের তালিকা হইতেই অনুমান করা যাইবে।

(কোটী টাকা হিসাবে)

	১৯৩৯	১৯৪১	১৯৪৩
চলতি আমানত	৪০০'৫২	৬৪৮'০৩	১০৩'৩৩
স্থায়ী আমানত	১৫৭'৯৫	১৯১'৭১	১৯৫'২৯
সময় টাকা	২৭'৪৯	১৯'০০	৮'৭৩
রিজার্ভ ব্যাঙ্ক জমা	৩৮'৭২	৪৪'১৫	৫৪'১৭
ঋণদান	১৮০'৮৯	১৮৭'৪৩	১০১'৫২
বিল ডাঙ্গান	৩'৭৪	২'৯৮	৩'৫৭

(Bills discounted)

সুতরাং দেখা যাইতেছে যে, যদিও যুদ্ধের প্রথমাবস্থায় ব্যাঙ্কগুলির আমানতের পরিমাণ কিছুটা কমিয়া গিয়াছিল কিন্তু তাহার পর হইতে উহা ক্রমাগতই বাড়িয়াছে। অবশ্য পক্ষে দায়ের চার ক্রমশঃই নিম্নগামী হইতেছে। ইহার কারণ (১) সুদের হারের হ্রাসগুলি বন্ধ হইয়া যাওয়ায় উহাদের অবস্থিতি স্থায়ীত্ব আনয়ন, (২) অস্বাভাবিক অবস্থা হেতু লোকের মনে সদা উপস্থিত ও ক্রমবর্দ্ধমান চলতি আমানতের সম্ভাবনা, (৩) যুদ্ধ-প্রয়োজনীয় শিল্পগুলি সরকার কর্তৃক পরিচালিত হওয়ায় শিল্পক্ষেত্রে টাকা লগ্নী সম্পর্কে ব্যাঙ্কের অনুপস্থিতি, (৪) অস্বাভাবিক মুদ্রাস্ফীতি, (৫) বীমা ব্যবসায়ে প্রভূত উন্নতি, (৬) নূতন শিল্প গঠনে সরকারী বাধা ও (৭) আমদানী এবং রিপ্তানির বিরোধ।

এইবার দেখা যাউক যুদ্ধকালীন ব্যাঙ্কগুলির অবস্থা। এখন যুদ্ধোত্তর কালে ব্যাঙ্কগুলির কর্মসূচী ও কার্য্যকারিতা সম্পর্কে কিছু আলোচনা করা যাউক। বর্ত্তমানে যুদ্ধের প্রয়োজনীয় বিভাগে ও তৎসম্পর্কীয় নানা-বিধ প্রতিষ্ঠানে যে লক্ষ লক্ষ লোক নিযুক্ত হইয়াছে যুদ্ধের পরের মাহাতে তাহাদিগকে কোন না কোন কাজে নিযুক্ত রাখা যাইতে পারে তাহার জন্য এখন হইতেই পরিকল্পনা সুরু করা হইয়াছে। কারণ তাহা না হইলে যে ব্যাপক বেকার-সমস্যার সৃষ্টি হইবে তাহার ফলে দেশের সমস্ত আর্থিক ভিত্তি বিলীন হইয়া যাইবে। কিন্তু এই বিরাট জনসমূহকে কাজে নিযুক্ত রাখিতে হইলে প্রয়োজন দেশে শিল্পের প্রসার। ভারতবর্ষ কৃষি-প্রধান দেশ; সুতরাং কাঁচামালের অভাব হইবে না। বহু শিল্পের উন্নতির সঙ্গে কৃষিরও প্রভূত উন্নতি সাধিত হইবে। এই শিল্প ও কৃষির উন্নতি নির্ভর করিবে দেশীয় ব্যাঙ্কগুলির সাহায্যের উপর। সুতরাং ব্যাঙ্কগুলির যে বিশাল কর্মক্ষেত্র সম্মুখে পড়িয়া রহিয়াছে তাহাতে কোনও সন্দেহ নাই। কিন্তু ইহা একমাত্র বাহিরের প্রতিবন্ধকতার। তাই সরকার যদি এই সময় রক্ষণ-নীতি অনুসরণ না করেন তাহা হইলে দেশীয় শিল্পগুলি প্রভূত আঘাত পাইবে এবং ফলে ব্যাঙ্কগুলির অবস্থা আশঙ্কাজনক হইয়া দাঁড়াইবে। শ্রীযুক্ত বি এল মেটা মহাশয় কেন্দ্রীয় পরিষদে অর্থ ইতিহাস বেসরকারী বিলের অধিবেশনে এই আশঙ্কার কথাই জানাইয়াছেন। কিন্তু ভারতবর্ষ বিরাট দেশ—মহাযেশ বলিলেও চলে। তাই জনসাধারণের ক্রয়-ক্ষমতার মান যদি সামান্য উন্নীত করা যায় তাহা হইলেই দেশীয় শিল্পের ভবিষ্যৎ সম্বন্ধে চিন্তা করিতে হইবে না বা বিদেশের উপর নির্ভর করিতে হইবে না। প্রত্যেক বলিষ্ঠ-চেতন সরকার মহাশয়ও এই কথা বুঝাইতে যাইয়াই উদাহরণস্বরূপ বলিয়াছিলেন যে, যদি চীনারা তাহাদের মাটের মূল এক ইঞ্চি মাত্র বাড়ায় তাহা হইলে চীন ও মাঞ্চেষ্টারে প্রস্তুত সমস্ত কাপড় দিয়াও তাহাদের চাহিদা মিটান যাইবে না।

যুদ্ধোত্তর কালে দেশের উন্নতি ও তৎসহ ব্যাঙ্কগুলির উন্নতির জন্য রিজার্ভ ব্যাঙ্কের একটী বিশেষ দায়িত্ব গ্রহণ করিতে হইবে। কারণ দেশের কারেন্সী ও ক্রেডিটের ভার তাহার উপরই ন্যস্ত; পরন্তু দেশীয় ব্যাঙ্ক ও কৃষি বিষয়ে উন্নতি সাধনের জন্য এগ্রিকাল্-চারাল্ ক্রেডিট ডিপার্টমেণ্ট নামে ইহার একটী স্বতন্ত্র বিভাগ রহিয়াছে। নিম্নের তালিকা হইতেই দেখা যাইবে যে, প্রতি বৎসরই রিজার্ভ ব্যাঙ্ক অধিকতর লাভ করিয়া আসিতেছে। এই অতিরিক্ত লাভের একটা সামান্য অংশ মাত্র অংশীদারদিগকে দেওয়া হয়; বাকী সমস্ত টাকাই সরকারী তহবিলে জমা থাকে।

রিজার্ভ ব্যাঙ্কের লাভ

(লক্ষ টাকা হিসাবে)

	অংশীদারদিগকে প্রদত্ত লভ্যাংশ	সরকারকে প্রদত্ত টাকা	মোট লাভ
১৯৩৫	১৩'১০	১২'৯০	২৬'০০
১৯৩৬	১৭'৫০	৩৮'৯৭	৫৬'৯৭
১৯৩৭	১৭'৫০	১৩'৩১	৩০'৮১
১৯৩৮	১৭'৫০	৫০'৫৪	৬৮'৫৪
১৯৩৯	১৭'৫০	৫'১০	২২'৫০
১৯৪০	৮'৭৫	২০'৪৪	২৯'১৯
(অর্দ্ধ বৎসর)			
১৯৪১	১৭'৫০	২৯১'৭৫	২৭৯'২৫
১৯৪২	১৭'৫০	৩৫৩'০৪	৩৭১'৫৪
১৯৪৩	২০'০০	৭৪৯'৮১	৭৬৯'৮১

রিজার্ভ ব্যাঙ্কের লাভ যে আরও কয়েক বৎসর এইভাবে বৃদ্ধি পাইবে তাহা মনে করিবার যথেষ্ট কারণ রহিয়াছে। কিন্তু এই পর্য্যন্ত অংশীদারদিগকে শতকরা মাত্র ৩½ টাকা হিসাবে লভ্যাংশ দিয়া বাকী সমস্ত টাকাটাই সরকারী তহবিলে দেওয়া হইয়াছে, শুধু ১৯৪০ সালে শতকরা ৪ টাকা হিসাবে লভ্যাংশ দেওয়া হইয়াছে। ইণ্ডিয়ান সোসাইটী অব এগ্রিকাল্চারাল্ ইকনমিক্স্-এর বিগত অধিবেশনে রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন ডেপুটী গভর্ণর স্যর বনিলাল নানাবতি সরকারের এই নীতির তীব্র নিন্দা করেন। তিনি বলেন যে, এই অতিরিক্ত লাভের একটা অংশ লইয়া একটা ফণ্ড গঠন করা উচিত এবং উহা এগ্রি-কাল্চারাল্ ক্রেডিট ডিপার্টমেণ্টের তত্ত্বাবধানে দেশের কৃষি-শিল্পের উন্নতির জন্য ব্যয় করা কর্ত্তব্য। অষ্ট্রেলিয়াতেও এইভাবে কেন্দ্রীয় ব্যাঙ্কের লাভের শতকরা ২৫ টাকা কৃষির উন্নতির জন্য ব্যয় করা হইয়া থাকে।

মূলীভূত কারণ

[কালীচরণ ঘোষ]

বিশ্বের ব্যক্তিকে ভাঙাইয়া গোনা সম্ভব; কিন্তু যে আশিয়া ফুরাইবে, তাহার হিসাবও করা কখনও তাহারও লাভ নহে। আজ ভারতবর্ষ "পরিবহনার" সৃষ্টিতে কিছিয়া উঠিয়াছে। এমন কিছু নাই, যেখানে ভবিষ্যতের একটা না একটা "কার্যকরী" পরিবহনা সরকারী বা বে-সরকারী মহলে লাফাইয়া না উঠিতেছে। সরকার এই সকল "সুযোগের" পরিবহনায় খুবই উৎসাহ দিতেছেন; তাঁহারা কখনও প্রকাশ্যভাবে বলেন না, যুদ্ধকালে এই সকল পরিবহনাকে কিভাবে রূপ দেওয়া যায়। তাঁহারা জানিয়া আসেন, তাঁহাদের ১৯৭০ সালের পরিবহনাই কাজ করিতেছে—ভারতবর্ষের মধ্যে যাহার শিল্প গড়িয়া উঠিতে দেওয়া যায় না, তাহা হইলে তাহারা কেবল যে শিল্পে নিরস্ত্র হইবে তাহা নহে, লৌহ-ইস্পাত-শিল্পে অক্ষ হইলে তাহারা দেশীয় রাজন্যবর্গের সাহায্যে গোপনে কামান-বন্দুক গোলাগুলী তৈয়ারী করিয়া স্বাধীনতার সংগ্রাম বাধাইয়া দিবে। এ পরিবহনা ভারতের রাজশক্তি কখনও ভুলেন নাই। তাঁহারা এই বিষয়ে 'আশিয়া' আছেন, আর তুষের আগুনের মধ্যে যাহাতে শিল্প গড়িয়া উঠিবার পরিবহনাকে চিরকাল নানা উৎসাহ দিয়া আসিতেছেন। তাঁহারা যেন কোনও "কার্যকরী" পরিবহনার কথা কোনও দিন ভুলেন নাই।

যে সকল শিল্প ভারতে গড়িয়া উঠিয়াছে, উহাদের প্রয়োজনে তাহারা তাহা গড়িয়াছে। তাহারা সর্বদাই সজাগ ছিল যাহাতে নূতন কোনও শিল্প গড়িয়া না ওঠে। যুদ্ধারম্ভের পরও তাহারা জলযান, বিমানপোত ও মোটর-গাড়ী সম্পর্কিত শিল্পের গঠন সম্পর্কে যে মনোভাবের পরিচয় দিয়াছে, তাহাতে এদেশে কোনও শিল্প গড়িয়া এই সম্পর্কে আত্মনির্ভরশীল অবস্থায়, অর্থাৎ যতক্ষণ পর্যন্ত সমস্ত না দিলে যে পরিবহনাই থাক, তাহা কাগজে পরিণত করা হইবে হইবে।

আজ দুইশত বৎসর ধরিয়া ভারতের এই মনোভাব তাহাদের ঔপনিবেশিক শাসন ক্ষেত্রেই প্রভাব বিস্তার করিয়া আছে। মানুষ বাঁচিতে হইলে, সবল-সুস্থ চিত্ত ও দেহ লইয়া জীবনের সংগ্রামে জয়ী হইতে হইলে যাহা প্রয়োজন তাহা কাহার জানা নাই? এখন তাহার জন্য আবার নানা পরিবহনা গড়িয়াছে করিতেছে

খাইতে না পাইলে মানুষ বাঁচে না,—এ কথা বলিবার দিন, পরিকার প্রবন্ধ দিয়া বুঝাইবার প্রয়োজন নাই। কিন্তু এই খাইতে না পাওয়াটা এখনকার দৈনন্দিন ঘটনা। দেশ হইতে খাদ্য-উদ্বৃত্ত বন্যার মত বহিয়া গেলে যদি কেহ মনে করেন যে, লোকের আহারের পরিমাণের উদ্বৃত্ত অংশ বিদেশে যায়, তাহা হইলে বুঝিব, তিনি ভ্রান্ত। যাহারা প্রথম দুইকিস্তিকালে, অর্থাৎ ১৯৭০, ১৯৭৯, ১৯৪৭, ১৯৪৩ সালে দরাবরই প্রচুর রপ্তানী হইয়াছে। "পেট পুরিয়া" খাইয়া বাঁচিবার অবস্থার কথা রাজপুরুষরা ভাবে নাই, এ কথা মনে করা ভুল। কারণ ১৯৭০ সাল হইতে কোনও উদ্বেগ এমন কি কিস্তিকি পর্যন্ত ভারতবর্ষের কোনও দুর্ভিক্ষে মরে নাই। উপরুক্ত আমার যাহাতে পাওয়া যায়, তাহার জন্য উদ্বেগ ও এ্যাংলো-ইণ্ডিয়ানদের বেতনের হার অধিক। দেশে লোকসংখ্যা বৃদ্ধির সঙ্গে তখনের বৃদ্ধির চেষ্টা হয় নাই। তাহাতে কি করিয়া কিছু হইবে, ১৯৪৩-৪৪ সালে পরিবহনা যাহা আরম্ভ করিয়া যুদ্ধোত্তরকালে তাহা কার্যকরী করিবার জন্য এখন চলন হইতে বৃদ্ধি-পরিবহনা সমিতি বা কমিটী প্রয়োজন?

বৃদ্ধির আজ সময়ে দেশ এখনই যদি সম্পূর্ণ আমার হাতের ছোট না, তাহাদের বৃদ্ধির আমার আমার পরিবহনা সমিতির প্রয়োজন কি? সর্বপ্রথমে তাহাতে সকল প্রয়োজনানুরূপ যত শস্য এবং তাহার জন্য জমি, হল-লাঙ্গল, ভার ও সার আমাদের দেশে তাহার ব্যবস্থা সম্পূর্ণ হইলে, তখন কিস্তিকি, কালাজী প্রভৃতির বিদেশে সরিয়া যাহা দেখিতে পাইবে

বস্ত্র সম্বন্ধে এক চলিতেছে যে দেশের চেষ্টায় মন্ত্রী বলেন যে, পরিধেয় চাষের-এর প্রয়োজন নাই, তাহারা চাষ না করে চাষ সকল কাজই করে, তাহাদের জীবন কেহ পরিচালনা না সাংস্কৃতিক ক্রিয়াকলাপে উপস্থিত হইতে হইলে বস্ত্রের একখানি ছাড়া আবরণ দিবার প্রয়োজন নাই, দেশের বস্ত্রাদির পরিবহনার প্রয়োজন আছে বলিয়া মনে হয় না। তবে কি বলিতে হইবে, বাবু-পুরুষরা শীতাতপ ভেদে বস্ত্রের প্রয়োজন বুঝেন না? তাহা হইলে তাঁহারা প্রতি বৎসর অত্যধিক শস্য বস্ত্র ব্যবহার করিতেন না এদেশে তাঁহারা বলে করেন, তাঁহারা কি কখনও নহেন (নগরাদে এবং আই হাত বস্ত্রের পরিবর্তে) একটী ছোট গামছা বা খানি undies-wear পরিয়া চলাফেরা

করেন? অতএব প্রয়োজন নাই বলিয়া বাতিল দিলে "মরকে চাষ আবাদ" হয়।

শিক্ষা সম্বন্ধে এখনও পরিকল্পনার অন্ত নাই। কিন্তু দেখিলে মনের যে পরিকল্পনা বিদ্যমান, তাহাই এখনও বলবৎ। এখনে এখন শিক্ষা-বিস্তারের সময় ইংরেজ রাজপুরুষ কবিয়াছিলেন যাহাতে শিক্ষা শিক্ষা করিয়া ভারতবাসী ইংরেজকে ভালবাসে, নিজের শিক্ষা ও সংস্কারের প্রতি বীতরাগ হয় এবং সরকারী কাজের জন্য দেশীয়ের অভাব না হয়—ইহাই মোটা পরিকল্পনা। শিল্প-শিক্ষার বিষয় আমাদের রাজপুরুষেরা জানেন না যদি কেহ বলেন, তাঁহারা যেন ইংরেজের দেশের শিল্প-বিদ্যালয়ের তালিকা এবং শিক্ষা-প্রণালীর ধারা ও ব্যবস্থার বিষয় বেশ খোঁজ করিয়া জানিয়া লন। আজ "বেঙ্গল বয়েজ" (Bengal Boys) নেওয়া হইতেছে কেন? আজ R. I. N. Military Workshop Technicians, Factory Apprentice প্রভৃতি নানা রকমের ডাক পড়িতেছে কেন? এতদিন কারখানা বৃদ্ধি পায় নাই, যাহা ছিল তাহার মালিকদের সহিত ইংরেজ যুবক পরিচিত ছিল; ভারতবাসীর শিক্ষার অভাব কি ইংরেজের বুদ্ধি এড়াইয়া গিয়াছে? তাহা নহে, সমস্তই পরিকল্পনা মত চলিয়াছে। ১৪ই জুন ১৮৩৩ সালে যে এক পার্লামেন্ট House of Lords-এর Select committee-র সদস্যকে মেকলে বলেন যে, আমেরিকায় তুলা জন্মের স্থাপন করিয়া তুলা করার ফলে আমেরিকা স্বাধীনতা হইয়াছে, তাহাকে সেই তুলা করিতে আমরা প্রস্তুত নহি। ইহাই আসল পরিকল্পনা। তাহা না হইলে কোনও ভারতবাসী তাহার প্রয়োজনের উপযোগী শিক্ষা-বিস্তারের পরিকল্পনা করেন নাই, তাহা নহে। তাহা সেদিনও যেমন কাজে লাগে নাই, আজিকার পরিকল্পনাও তেমনিই কাজে লাগিবে না। ভারতবর্ষেই ইংরেজ পুলক-বালিকাদিগের শিক্ষার জন্য ভারতীয় সরকারী তাহার হইতে যথেষ্ট ব্যবস্থা আছে কি না একবার অনুসন্ধান করিয়া জানিয়া লইলে ভাল হয়।

স্বাস্থ্যের প্রয়োজন আছে কি না, ইহা কি কেহ বলিয়া দিবে? তাহা হইলে ইংরেজ তাহার দেশে, এমনকি এদেশেও কেন ৫০-৬০ বৎসর পরে বাঁচে, আমরা পঞ্চাশ্ব তখন ২৩ বৎসর ৭ মাস কেন? তাহার স্বাস্থ্যরক্ষার জন্য কি ব্যবস্থা আছে, তাহা একবার দেখিলেই ও পরিকল্পনাকারীদের যত পরিশ্রমের লাঘব হয়; (তাহাতে অবশ্য আর্থিক লোকসানের সম্ভাবনা সমধিক)। স্বাস্থ্যের সঙ্গে পুষ্টিকর আহার জীবনযাত্রার স্বাস্থ্যকর আনুষঙ্গিক উপায়, ব্যায়াম, ক্রীড়া এবং রোগকালে চিকিৎসার প্রয়োজন। কিন্তু এদেশের পরিকল্পনা কি? যে দেশে ম্যালেরিয়ায় প্রতি বৎসর দশ লক্ষাধিক লোক মরে, সে দেশে অনুকূল জমি ও আবহাওয়া বর্তমান থাকা সত্ত্বেও সিনকোনার চাষ হয় নাই। দেশীয় ঔষধ লোপ পাইয়াছে, আয়ুর্বেদ উপেক্ষা পাইয়া মৃতকল্প হইয়াছে। ঔষধমূল প্রচারের ফলে এখন আমরা বিদেশী ঔষধ ছাড়া সকল চিকিৎসা-বিধির উপর আস্থা হারাইয়াছি। ইহাই মূল পরিকল্পনা; ইহা প্রচলিত হইবার পর ইংরেজ আসিয়া ঘুচাইয়াছে; আর তাহাকে দোষও দেওয়া যাইতেছে না। দেশের শস্যপ্রণালী দিয়াছে, খাদ্য জোগা অঞ্চলে পানার জমি হইয়াছে, ইহাতে দেশের স্বাস্থ্য নষ্ট হয়, ইহা কি পরিকল্পনা করিয়া ঘুচাইতে হয়? পরিকল্পনা মতে দেশের মধ্যে রেল বিস্তার, বাঁধ সৃষ্টি, জল নিষ্কাশনের পয়ঃপ্রণালী প্রভৃতির ব্যবস্থা হইয়া দেশের স্বাস্থ্য গিয়াছে; মজার জল অমিতে উঠিয়া লাভ হইয়া যাইত, তাহাতে ভাল চাষ হইত; এখন সেই মজা জমাগুলি ভরাইতেছে। কারণ প্রতি পদে বাধা পাইয়া সে দুষ্টপ্রণালী হইয়াছে, গ্রাম জল-পথ ভালাইয়া লইয়া এখন ভীষণ হইয়াছে। এ সম্বন্ধে কি কোনও কথা উঠে নাই? লর্ড আর্থার হটন পয়ঃপ্রণালী উপেক্ষা করিয়া রেল বিস্তারকে মারাত্মক বিপজ্জনক ব্যাপার বলিয়া দিয়াছেন; সে ১৮৬৮ সাল। তাহার পর শত বৎসর গত হইয়াছে, কিন্তু সেই অবস্থার কোনও উন্নতি হয় নাই। যদি যেখানে সত্য সত্যই 'পরিকল্পনা' ছিল, সাময়িক প্রয়োজনে দেশের অঙ্গচ্ছেদে বিদেশী মাল পৌঁছান এবং তথা হইতে যাহা মাল বাহির করিয়া লইয়া যাইবার উদ্দেশ্যে রেল বিস্তারের যে সকলন ছিল, তাহাই সফল হইয়াছে। আর দেশে রেল সংক্রান্ত দ্রব্যাদি, রেল ইঞ্জিন, রেল লাইন, চাকা প্রভৃতি প্রস্তুত করিতে দিবার যে সকলন ছিল না, তাহা শতাব্দির বৎসর উৎসাহ করিয়াও আমরা ইংরেজকে সজাগ করা যায় নাই। কেবল গত যুদ্ধের ফলে মাল-গাড়ীর কতক পরিবার আর রেল লাইন প্রস্তুত করিতে দিয়াছে; এবার যুদ্ধের ফলে আরও কিছু বৃদ্ধি পাইতেছে। যুদ্ধের পরিস্থিতি ইংরেজকে অনেক বিষয়ে জাগাইয়া তুলিতেছে।

আজ যে সকল ব্যাপার লইয়া পরিকল্পনা সৃষ্টি হইতেছে, যুদ্ধোত্তরকালে যাহা কার্যকরী হইবে, তাহা পূর্বে আলোচিত হয় নাই এমন নহে। দেশের কৃষি ও স্বাস্থ্যের উন্নতির সহিত খনাদি সম্পদ উন্নতি হওয়া প্রয়োজন; লর্ড লিনলিথগো বক্তৃতাই হইয়া সাত বৎসরে কত উন্নতি করিয়া দিয়াছেন, তাহা সকলেই জানে। কৃষি, বন্দর, শ্রমিক, ব্যাঙ্কি, শিক্ষা, শিল্প প্রভৃতি কত কমিশন আসিয়াছে, গিয়াছে; যতটুকু নিতান্ত না হইলে নয় এবং তাহার পরিমাণ অতিশয় কম, তাহাই হইয়াছে।

একটী জাতীয় প্রতিষ্ঠান
দি সিন্ধিয়া ষ্টিম নেভিগেশন
কোং লিঃ
ভারতের জাহাজ শিল্পে, মাল ও যাত্রী বহনকার্যে,
ভারতের উপকূল বাণিজ্যে এই প্রতিষ্ঠানই অগ্রদূত।
ভাড়া ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়ের জন্য
নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন—
কলিকাতা ম্যানেজার,
৭, ডালহৌসী স্কোয়ার, কলিকাতা।

জীবনের প্রতি ক্ষেত্রে পূর্ণ পরিবর্ত্তনের প্রভাব দেখিতে পাওয়া যায়; তালিকা বৃদ্ধি করিয়া লাভ নাই। আমাদের দুরবস্থার কারণ হিসাবে শুনিতে পাই, দেশ অধিক, বাজারে কিছুই কেনা যায় না। প্রশ্ন উঠে, দেশ কি এমনিই ছিল? না দেশের লোকের সংখ্যা লইয়া হঠাৎ দেশ ধনী হইয়া গেল, কেবল আমাদের দেশে হওয়া সম্ভব হয় নাই। দেশ পরিবর্ত্তনশীল হইয়াছে। যদি দেশ অধিকই হয়, তবে এদেশের লোক এত অধিক কেনই বা জীবনযুদ্ধে কোথাও নাই কেন? লোক-পুরুষদের বাসের জন্য যে ইমারত-অট্টালিকা আছে, তাহা কি দারিদ্র্যের পরিচায়ক? পল্লী-বিদ্বেষ-তাড়নায় দূর করিবার জন্য মহাত্মা লী (Lee) কর্ত্তৃক ব্যবস্থিত বিলাতি লোক-পুরুষদের যাতায়াতের যে ব্যবস্থা দেওয়া আছে, তাহা কি নিম্ন দেশের উপযুক্ত? ইহারও তালিকা কত বৃদ্ধি করা যায়।

দেশ দরিদ্র না হইয়া উপায় কি? দেশের লোকের আয় বৃদ্ধির পথ সকলই রুদ্ধ করা হইয়াছে। যে দেশে সকল সুবিধা থাকিতে বিশ্ব প্রসারে লাভ করে নাই, অথচ লোক-সংখ্যা বৃদ্ধি পাইয়াছে, সে দেশের লোকের আয় বৃদ্ধির উপায় নাই। যে যাহা উপার্জ্জন করে, তাহা জীবনযাত্রা নির্ব্বাহ করিতে সমুলায় ব্যয় না, তখন দেশের উন্নতি সম্বন্ধে আশা করা যায় না। আমরা শুনিতেছি বর্ত্তমান যুদ্ধ উপলক্ষে লোকের প্রচুর আয় বাড়িয়াছে। যাঁহারা যুদ্ধ-সংক্রান্ত কাজে প্রথম হইতেই যোগ দিয়াছেন তাঁহাদের আয় বাড়িয়াছে, কৃষিজাত দ্রব্যের যা অন্যান্য যুদ্ধসংক্রান্ত বস্তুর যখন যত্রতত্রভাবে চাহিদা পড়িয়া উঠিতেছিল, তখন বিক্রয় করিয়া গ্রাম্য লোকেরও যে আয় বাড়ে নাই, তাহা নহে। কিন্তু আমার-পর যে অবস্থা দাঁড়াইয়াছে, সে কথা আর ইহাদের মুখে উচ্চারণ করে না। যাঁহারা প্রচুর লাভ করিলেন, তাঁহাদের কথা স্বতন্ত্র; কিন্তু বাকী লোকের অবস্থা কি দাঁড়াইল? চাষীর ধান পাট বিক্রয় করিয়া ২৫ লাভ হইতেছিল, আমার পর ক্রমবর্দ্ধমান মূল্যের চাপে যখন তাহাকে অন্যান্য দ্রব্য কিনিবার জন্য অত্যধিক ব্যয় করিতে হইল, তখন অবস্থা যে কি দাঁড়াইল, তাহা বলিয়া বুঝাইতে হইবে না। অন্নের অভাবে লোক না খাইয়া, বিনা অন্নে, বিনা চিকিৎসায় মরিল। যাহারা শিল্প, ছোট-খাটো শিল্প, দোকান ব্যবসা, আইন, চিকিৎসা প্রভৃতি হইতে আয় করিত, অর্থাৎ যাহারা মধ্যবিত্ত বলিয়া পরিচিত, তাহাদের দুর্দ্দশা চরমে উঠিল। জনপ্রতি ২৫৲ টাকা কম হইলে ৪ কোটী মধ্যবিত্ত বাঙ্গালীর ১০০ কোটী টাকা কম হইয়া গিয়াছে। আমার মনে হয়, যে-অবস্থায় লোকে জমি জমা, ঘর বাড়ী বিক্রয় করিয়াছে, ঘরের তৈজস, স্ত্রী পরিজনের সামান্য অলঙ্কার বিক্রয় করিতে বাধ্য হইয়াছে, তাহাতে এই অল্পের পরিমাণ জনপ্রতি ২৫৲ টাকারও অধিক। তাহা ছাড়া যে খাদ্য মূল্য দিয়া খাইতে হইতেছে, তাহাতে লোকের স্বাস্থ্য সম্পূর্ণরূপে নষ্ট হইতেছে এবং ফলে, গড়পড়তা প্রকৃতি জেলা হইতে রোগ অন্তরায় হ্রাস, মৃত্যুহার বৃদ্ধি এবং মোট জন্ম ও মৃত্যু-সংখ্যার সমাজতন্ত্রে হ্রাস ও বৃদ্ধির সংবাদ পাওয়া যাইতেছে, সমস্ত বাঙ্গলা ব্যাপিয়া এই কাহিনী শীঘ্রই শুনিতে পাওয়া যাইবে।

আমাদের সমস্যারই পরিবর্ত্তনা নাই, বলিব না। ইহাতে সাময়িক সুব্যবস্থা নাই, আছে "ফলাও-মলাও" করিবার। এই ব্যবস্থা মতে যে-দাতা টাকার যৌচ্ছ দান করিতেছে, তাহাকে কার্য্যকারিতা বৃদ্ধির ব্যবস্থা হইতেছে। আমাদের আশুতোষ থাকিতেছে, মহিম-কোতয়ালের "আয়া-ভোম্বা"র চাক-চিক্য মালিকের উন্নতি প্রভাব করিতেছে। আর অন্নের জিন, ব্রাস, বুটের লোভা (bits), চোরের ঠুলি অর্থাৎ ১৯১৮ সালের ৪ আইন, Defence of India Rules, Control, Ordinance প্রভৃতি জীবনের সকল ক্ষেত্রে প্রসার লাভ করিতেছে। ইহার সম্ভাবে পরি-কল্পনা নাই, কেহ বলিতে পারিবে না। যুদ্ধ আমাদের জন্য করা চাই; যে দেশে অর্থাভাবে কোনও কাজ করা যায় না, সেই দেশেই এই যুদ্ধে ৩০০ কোটী টাকা ব্যয় করিয়াছে, আরও কত করিবে, তাহার ইয়ত্তা নাই।

দরিদ্রের ও কথাই নাই, মধ্যবিত্ত সমাজ লইয়া বলিয়াছে। আমাদের অন্ন, বস্ত্র, শিক্ষা, স্বাস্থ্য, আবাস প্রভৃতির জন্য যে অর্থ বা পরিবর্ত্তনের প্রয়োজন তাহার জন্য বড় বড় কমিটীর প্রয়োজন নাই। কেবল মালিক শাসা-পাসি দিতে সম্মত হইলে সকল বাধা আপনিই উন্মুক্ত হইবে।

দেশের শিল্প প্রতিষ্ঠানের উন্নতিকল্পে
ও
জাতির সেবায়

দি ব্যাঙ্ক অব্ ইণ্ডাষ্ট্রিজ লিঃ

২৮নং ষ্ট্রাণ্ড রোড
কলিকাতা।

ব্যাঙ্কিং সংক্রান্ত যাবতীয় কার্য্য করা হয়।

ফোন—১১০৪　　ফোন কলি—৪৮৮০

ঔপনিবেশিক শিল্পায়নের পরিকল্পনা

(রামমূর্তি সরকার)

দুই বছরের দুটিন শাসনের অবসান ঘনায়-কাহিনী হচ্ছে ভারতের শিল্প-প্রসারের ইতিহাস। দুটিন শিল্প-স্বার্থের প্রভুত্ব থেকে মুক্তি পাবার জন্যে যখনই এদেশে নিজস্ব যন্ত্র-শিল্প প্রসারের দাবী উঠেছে, তখনই আছে নানা অজুহাতে তার গতি রুদ্ধ করা হয়েছে। এই বাধাদান-দাবা নীতির ইতিহাসের প্রতিটি স্তর দেশপ্রেমিক ভারতীয়ের কোন দিনই ভুলবার নয়। 'বোম্বাই' মিশন' এদেশে দুটিন ধনিক-স্বার্থ ঘোষণা করেছিল, দুশো বছরের ভারতবাসে তারাই এখন কোন নূতন ও প্রধান শিল্প প্রতিষ্ঠার প্রচেষ্টা মুক্তিযুক্ত হবে না। এবারকি নবরূপধারী 'বোম্বাই মিশন'কেও বাতিল করে দেওয়া হয়েছে এবং তাদেরও মত একটি অতি গুরুত্বপূর্ণ মূলধনের যন্ত্র-পাতি ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহের ব্যবস্থাকে কিছুদের মুঠি পর্যন্ত নেওয়া হয়েছে। কায়েমী স্বার্থের স্বার্থিরে এই যে হীন নীতি অনুসরণ, তা' আজ প্রত্যেক ন্যায়ী-বিবেকী স্বাধীনতাকামী ব্যক্তিমাত্রেরই আলোচনার বিষয় হয়ে দাঁড়িয়েছে।

সম্প্রতি কি কি বিষয়, যে আর কি চাই, এ আর পালাল প্রভৃতি ভারতীয় শিল্প-পতিদের একটি বিরাট পরিকল্পনা প্রকাশিত হয়েছে। এর মূল উদ্দেশ্য, পনের বছরে মৌলিক ও প্রধান শিল্পে বিনিয়োগে ভারতের অর্থনৈতিক উন্নতি সাধন। এই অর্থনৈতিক পরিকল্পনার আর্থিকার অতীব গুরুত্বপূর্ণ। এই পরিকল্পনার মারাত্মক আক্রমণের প্রধানিত হল, ভারতবাসীকে দীক্ষা দিয়ে ভুলিয়ে রাখবার দিন শেষ হয়ে এসেছে।

উপরোক্ত পরিকল্পনার মূল উদ্দেশ্য হিসাবে প্রকাশ করা হয়েছে, ভারতের বর্তমান জাতীয় আয় ২,২০০ কোটি টাকাকে পনের বছরে তিন গুণ বা ৬,৬০০ কোটি টাকায় পরিণত করা হবে। পনের বছরে স্বাভাবিক লোক-বৃদ্ধির পর আজকে প্রতি লোকের আয় বর্তমানের চেয়ে দ্বিগুণ হবে।

পরিকল্পনার অন্তর্ভুক্তরা বিভিন্নবিধ মৌলিক ও প্রধান শিল্প প্রতিষ্ঠা ও প্রসার সাধনের উপর বিশেষভাবে জোর দিয়েছেন। যেমন বিদ্যুৎ, খনি, ধাতু পরিষ্কার (Metallurgy), যন্ত্রপাতি মেরামত ও নির্মাণ, রাসায়নিক কারখানা, জাহাজ নির্মাণ, যানবাহন, লোহার ইস্পাত, রেলওয়ে ইঞ্জিন, জাহাজ নির্মাণ, বিমানপোত নির্মাণ ইত্যাদি। এগুলির সঙ্গে অন্যান্য আরও অনেকগুলি সাধারণ শিল্প-উদ্যমের কথা বলা হয়েছে : যেমন কাগজ, চর্ম, কাপড়, তৈল প্রভৃতি। ২,২৩০ কোটি টাকা মূল্যের বর্তমান শিল্পজাত উৎপাদনের হিসাবকে সামনে রেখে পরিকল্পনার প্রস্তাবকরা ঘোষণা করেছেন। নিম্নোক্তরূপের জন্য যে মূলধনের প্রয়োজন, তার পরিমাণ হচ্ছে ১৪৮০ কোটি টাকা। কৃষিজাত উৎপাদনে শতকরা ১০০ ভাগ উন্নতি সাধনের জন্য প্রয়োজন ১,২৪০ কোটি টাকার। তেমনি যানবাহন ব্যবস্থায় ৯৪০ কোটি টাকার, শিক্ষাব্যবস্থায় (বাধ্যতামূলক প্রাথমিক ও বয়স্ক শিক্ষা, মাধ্যমিক, বিশ্ববিদ্যালয় ও টেকনিক্যাল শিক্ষা প্রভৃতি) ৪৯০ কোটি টাকার, স্বাস্থ্য ব্যবস্থায় (সাধারণ ও মানুষজন হাসপাতাল, ঔষধালয়, হিলস বিলেষ রোগের চিকিৎসা) ৪৪০ কোটি টাকার, গৃহ নির্মাণ ব্যবস্থায় ২,১০০ কোটি টাকার প্রয়োজন। অর্থাৎ মোট পরিকল্পনায় ১০,০০০ কোটি টাকার মূলধনের প্রয়োজন হবে।

পরিকল্পনাটির কার্যকারিতা সম্পর্কে যথেষ্ট থাকা সত্ত্বেও এ কথা স্বীকার করতেই হবে যে, এই পরিকল্পনার বিষয় নিয়ে সমগ্র ভারতবাসীর একটা বিশেষ আশা-আকাঙ্ক্ষার কথা বিশেষভাবে প্রকাশ হয়েছে। পরিকল্পনার প্রস্তাবকরা সমগ্র জাতির একটা বিশেষ দাবীকে সুস্পষ্টভাবে তুলে ধরেছেন।

এখন পরিকল্পনাটির আলোচনা করতে গেলে প্রথমেই এক প্রশ্ন আসে, 'অভিজ্ঞতারা' একে জাতীয় পরিকল্পনা বলে যে দাবী করতে চেয়েছেন, তা কি ভারসঙ্গত ? 'জাতীয়' বলে সমগ্র পরিকল্পনাটির কোথাও সত্যি সত্যি কিছুই পাওয়া যায় না। সমগ্র জাতির স্বার্থের দিকে লক্ষ্য রেখে বাস্তবিকই এই পরিকল্পনা রচিত হয়নি।

জাতির জীবনযাত্রার মান উন্নত করা পরিকল্পনার অন্যতম প্রধান উদ্দেশ্য হিসাবে ঘোষণা করা হয়েছে। কিন্তু উৎপাদিত দ্রব্যসামগ্রীর বণ্টন-ব্যবস্থা ভবিষ্যত পরিকল্পনার জন্য তুলে রাখা হয়েছে। আমরা জানি, বণ্টন ব্যাপারে নৈরাজ্যিক দায়ানীতি ও সুব্যবস্থা না থাকলে সমগ্রভাবে জাতির জীবনযাত্রার মান উন্নতর করা অসীম কল্পনা মাত্র। বণ্টন সম্পর্কে একেবারেই উদ্দেশ্য দিয়ে নিয়োজিত চেষ্টা করার অর্থ সমাজের একদিকে অতিলোভের হাতে সমস্ত ধন-সম্পদকে কেন্দ্রীভূত করে দেওয়া এবং অন্যদিকে বিরাট জন-সমষ্টিকে সোচনীয় দুরবস্থা ও অসহনীয় দারিদ্র্যের মধ্যে ঠেলে দেওয়া। কলকারখানার বণ্টন-পদ্ধতির অভিজ্ঞতাই তাই। এই সত্যটি মনে রেখেই বিভিন্ন ভারতীয় সংবাদপত্র

টেলিগ্রাম 'ব্যাঙ্ক' কলিকাতা। টেলিফোন ২০৭৩ ক্যাল

বেঙ্গল ব্যাঙ্ক লিমিটেড

স্থাপিত ১৯২৬ সাল
২নং ক্লাইভ রো, কলিকাতা

মূলধন

অনুমোদিত	২৫,০০,০০০৲	টাকা
বিলিকৃত	১২,৫০,০০০৲	টাকা
গৃহীত	১২,৫০,০০৪৲	টাকা
আদায়ীকৃত	৬,২৫,০০০৲	টাকার উপর

১৯৪৩ সালে শতকরা ১০৲ হারে লভ্যাংশ দেওয়া হইয়াছে।

এ পর্যন্ত অংশীদারদের আর্বের শতকরা ১০০৲ টাকা লভ্যাংশ দেওয়া হইয়াছে।

জাতীয় পরিকল্পনা কমিটি কঠিন ব্যাপারের একটা সুসমঞ্জস বৈজ্ঞানিক নীতি অনুসরণ করবার প্রয়াস এখন করেছিলেন।

কঠিন-সমস্যার মূল বিশ্লেষণ প্রসূত সম্পর্কের পরিকল্পনা-কমিটিরা গ্রহণ নীতির অনুসরণ করেছেন। দ্রব্যাদির উৎপাদন ও কঠিন-নীতির বর্তমান পোষণীয় পলিসি থেকে আর আমাদের এই সিদ্ধান্ত গ্রহণ করা উচিত যে, সমগ্র শিল্প-ব্যবস্থার যদি জাতীয় কর্তৃত্ব না থাকে, তবে সমগ্রভাবে জাতীয় অর্থনৈতিক উন্নতি হওয়া ও মূলের কথা, অর্থনৈতিক সমষ্টিই আবার মানুষের সমাজে দেখা দিবে। ভারতীয় শিল্প-ব্যবস্থার সুপরিকল্পিত উৎকর্ষ লাভ অসম্ভব যদি কর্তৃত্ব ও অধিকারের প্রশ্ন আগে থেকেই নির্দিষ্টভাবে স্থির করা না হয়। অন্ততঃ মূল শিল্পগুলির উপর দৃষ্টিবের বলিকের হাতে সমগ্র জাতির কর্তৃত্ব স্থাপিত করতে হবে, ইহাই ছিল পণ্ডিত নেহেরুর নির্দেশ। কিন্তু শিল্পপতিরা আত্মোন্নতির ফলে ফলগুলি হয়ে জাতির এই কার্য দাবীটিকে ভুলে গেছেন। তাঁরা ভুলে গেছেন, জাতির শিল্প-ব্যবস্থায় অনুচ্চ ব্যক্তিদের কর্তৃত্বাধিকার স্থাপনের অর্থ জাতীয় আর্থিক উন্নতিসাধন নয়, জাতীয় বিশৃঙ্খলাকে কায়েম করে রাখা।

কৃষি সম্পর্কেও পরিকল্পনা-কর্তাদের দৃষ্টি-ভঙ্গী সোভনীয়। সেচ, জমির উৎপাদনী-শক্তি, বীজ, সার প্রভৃতি সমস্যাগুলিকে যথাযথভাবে বিশেষ স্থান দেওয়া হয়েছে। টুকরো টুকরো করে জমি চাষ করার প্রথার বীতিকেও তাঁরা স্পষ্টভাবে অগ্রাহ্য করেছেন। কিন্তু আমাদের দেশে কৃষি-ব্যবস্থার উন্নতির পথে বিশেষভাবে বাধা সৃষ্টি করে এমন কতকগুলি জাতীয় আর্থ-ও ব্যবস্থাকে তাঁরা পরিবর্তন করার আগ্রহ দেখান নি। ব্যক্তিগত সম্পত্তির যথাযথভাবে মোহ ও স্নেহের বশে তাঁরা মনে রাখতে পারেন নি যে, জমিদার ও মহাজনশ্রেণীই কৃষি-উন্নতির আসল অন্তরায়—যতদিন এই দুইটি শ্রেণী আছে ততদিন কৃষি-ব্যবস্থার উন্নতকল্পে কোন বৈজ্ঞানিক সংস্কার সম্ভব নয়। অন্ধ যদকাল অবধি প্রচলিত অনেকটা বিরাট শোষণ-কাহিনীর কথা তাঁদের মনেই আসেনি। কিন্তু কৃষি-ঋণের ব্যাপারটা তাঁরা কি ভাবে করলেন? গোড় ঋণ মহাজন ও জমিদারদের সহায়তায়। কৃষিজীবির আশ্রিত থাকবে জমিদার-মহাজনের হাতে। মূলধন সরবরাহ করবেন জমিদার-মহাজন। কৃষক হবে আরও মূলধন শোষণ-যন্ত্রের চূড়ান্তিক। এমন যে প্রত্যাবির কৃষি-ব্যবস্থার মূল আঘাতের সামনে তুলে ধরা হয়েছে, তার অধিকাংশ কোথায়? বর্তমান জমি-সম্পর্কের আমূল পরিবর্তন করে যে পর্যন্ত না সুসমঞ্জস বৈজ্ঞানিক কৃষি-ব্যবস্থার প্রবর্তন করা হবে, সেপর্যন্ত ভারতের কোন উন্নয়ন সম্ভাবনার ভবিষ্যৎ নেই—ভারতের কৃষকশ্রেণীর কোন উন্নয়নের ভবিষ্যৎ নেই।

সমগ্র পরিকল্পনার জন্য যে ১০,০০০ কোটি টাকা মূলধনের কথা বলা হয়েছে, তার সমবয়বের যতটা উপায়ের কথা বলা হয়েছে, তার অধিকাংশই মুদ্রা-স্ফীতি। মুদ্রা-স্ফীতির সোজা অর্থ ক্রয়-ক্ষমতার মোট প্রবর্তন। অর্থাৎ উৎপাদিত দ্রব্যের ক্রয়-মূল্য বর্তমান মূল্য পড়ি। এই মূল্য-বৃদ্ধি আমাদের জনসমাজকে দুটো এক সংকটের সম্মুখে টেনে আনবে। কারণ, মুদ্রা-স্ফীতির ফলে মূল্য-বৃদ্ধির সঙ্গে সাধারণ লোকের ক্রয়-ক্ষমতা সমান-তালে বাড়তে পারে না। ফলে সমাজের একটা বিরাট অংশকে হয় অপর্যাপ্ত বেতন, না হয় অনাহারের মরণ—এই দুই পন্থার একটিকে বেছে নিতে হয়। একথা অবশ্য স্বীকার্য যে, দেশের ও জাতির ভাগ্যে উল্লিখিত বিরাট পরিবর্তন সাধন করতে হলে দেশবাসীকে অনেকখানি ত্যাগ স্বীকার করতে হবে। কিন্তু দেখতে হবে, এই ত্যাগের যেন একটা সীমার মধ্যেই থাকে। এই ত্যাগের ভারভার যেন সমাজের সমস্ত শ্রেণী-গুলির মধ্যে একটা সুসমঞ্জস ও প্রগতিপন্থী নীতি অনুসারে বন্টন করে দেওয়া হয়। কিন্তু বর্তমান সমাজ-ব্যবস্থায় মুদ্রা-স্ফীতির অভিশাপ নিম্নশ্রেণীর জনসমষ্টিকেই বহন করতে হয়। এই দিক দিয়ে মুদ্রা-স্ফীতি প্রকারান্তরে শোষ্য-বৃদ্ধিরই নামান্তর। এবারের দুর্ভিক্ষে এই শোষ্যবৃদ্ধির যে বিরাট কলঙ্ক-রেখা পঞ্জি জন-সমাজকে দায়ন করেছে গেল, তার পুনরাবৃত্তি কোন ক্রমেই বাঞ্ছনীয় নয়।

পণ্ডিত জওহরলাল নেহেরুর নেতৃত্বে প্রতিষ্ঠিত জাতীয় পরিকল্পনা কমিটির প্রস্তাব ও সুপারিশগুলি মনে রাখলে ভারতীয় শিল্প-পতিদের এই পরিকল্পনার সুদূরপ্রসারিত ফল-গুলি আজি সহজেই ধরা পড়ে যায়। প্রগতি-পন্থী দৃষ্টিভঙ্গীর অভাবে ও প্রাচীনপন্থী মোহাচ্ছন্নতার ফলে সমগ্র পরিকল্পনাটি শোষণীয়ভাবে ব্যর্থ হতে যায়।

উপরোক্ত সাবধানের কথাগুলি থাকা সত্ত্বেও আমরা আশাবাদীর মনোবৃত্তি নিয়েই বলব, পরিকল্পনার মূল সুর ভাবীবংশধারী ভারতীয়েরই সুর। কারণ শিল্প-প্রতিষ্ঠার ও শিল্প-প্রসারের বিরাট জাতীয় সংগ্রাম ছাড়া ভারতের মুক্তি অসম্ভব।

সর্বশেষে আবার আমরা বলব প্রকৃত বৈজ্ঞানিক ও প্রগতিপন্থী জাতীয় অর্থনৈতিক পরিকল্পনার সার্থক প্রচেষ্টা তখনই সম্ভব, যখন পরিকল্পনার উদ্যোক্তাদের দৃষ্টিভঙ্গী সংকীর্ণতার আচ্ছন্ন থাকবে না, যখন তাঁরা মুক্তমন জন-সমষ্টির সত্যিকারের কল্যাণ-কামনায় উদ্বুদ্ধ হয়ে মুনফাখোর প্রভাবকে সাহসের সঙ্গে স্বীকার করে নেবেন। জাতীয় পরিকল্পনা-কমিটি ভারতের কল্যাণ-কামীদের মনে এই আশাই জাগিয়েছিলেন।

কেশের জন্য
রস্ সং ফ্রো রস্

সুবাসিত নারিকেল তৈল

ঘাট এবং বৈজ্ঞানিক উপায়ে পরিশোধিত। ইহা কেশ পতন বন্ধ করে এবং কেশের শ্রী বৃদ্ধি করে।

ফ্রাঙ্ক রস্ কোম্পানী লিঃ
কলিকাতা।

ভারতের মুক্তিসংগ্রাম

(চর্চা ও প্রতিকার)

[মজলুম হকপন্থী ইত্যাদি]

যে কৃষক জাতির মেরুদণ্ড বলিয়া আমরা ছোট বয়সেই গান গাহিয়া খাঁচায় ভরি, আধুনিক দুনিয়ার তারাদের স্থান কোথায় সেই সম্বন্ধে একটু গভীর ভাবে চিন্তা করিলেই লজ্জায় ও দুঃখে মস্তক অবনত হইয়া আসে। তাহাদের মুখে হাসি নাই, প্রাণে স্নেহ নাই, বুকে সাহস নাই, দেহে শক্তি নাই, পেটে অন্ন নাই ও পরিধানে বস্ত্র নাই। বহুদিন অনাবৃষ্টির পর দিন ঊর্দ্ধে-দিগন্তে আকাশ তাকিয়েছিল, তখন তাহাদের দরিদ্রদল শুধু দুচ্ছর ফ্যাল ফ্যাল চোখের দিকে অসহায় হইয়া চাহিয়েছিল। আজও তাহাদের সেই গতির মোড় ফিরিল না। গত ১৯৩০ সালের দুর্ভিক্ষের কবলে পড়িয়া যাহারা জীবন্ত কঙ্কাল বেশে সহরে-বন্দরে এক মুষ্টি অন্নের জন্য "মার দুধা দু" "মার দুধা দু" বলিয়া দ্বারে দ্বারে হাত পাতিয়া বেড়াইয়াছে—পরিণামে দুঃখকে বরণ করিয়াছে, তাহাদের শতকরা ৯৯ জনই ছোট কৃষক ও ভূমি-জমা হীন কৃষি মজুর। এই পর্যন্ত দুনিয়ার দুর্যোগে বিপর্যয়ের যত বড় বড়াই আসিয়াছে, এই অন্ন, নিম্নে চাষীদের বুকের উপর দিয়াই তাহাদের বিজয়-রথটি অবাধে চলিয়া গিয়াছে। এই ভাবে ভারতীয় চাষী যুগে যুগে কালে কালে কত শত শত প্রকারের কালের অত্যাচার উৎপীড়ন নীরবে বুক পাতিয়া সহ্য করিয়া নিয়াছে। তথাপি আজও তাহাদের মুক্তি আসিল না। নিষ্কৃতিই বুঝি এই নিদারুণ পরিহাস। মজুরা যে দেশের কর্ণধার মজদুরদের শতকরা ৭৪ জন কৃষি-কর্মে নিয়োজিত এবং যাহাদের অন্ন-বস্ত্র আজ বড় কর্তাদের উদর পূর্তি হয় ও দেশের মুক্তি সম্পদ্রিক (?) সমস্যাগুলি যাহারা বীতির পক্ষাঘাতগ্রস্থল করিয়া চলিয়াছে, সেই দেশের কৃষক এত দরিদ্র কেন? তাহাদের এই দারিদ্র্য দূরীকরণে কি কোন পন্থা নাই বা ছিল না? ইহারা কি বিধাতার এমনই অভিশপ্ত জীব? দুনিয়ার কৃষক মজদুরের তারদের স্থান কোথায়, এই সম্বন্ধে অন্যান্য দেশের চাষিদলের আয়ের একটী তুলনামূলক হিসাব দেখাইতেছি। কৃষ-পূর্ব্ব সময়ে দুনিয়ার কয়েকটী প্রধান দেশে চাষীদের দৈনিক মাথা পিছু আয় ছিল নিম্নরূপ :—

আমেরিকা	৫৪০ আনা
ইংলণ্ড	৩৪০ "
জাপান	২৪০ "
ভারতবর্ষ	৵১০ পয়সা

এই দেখ দুনিয়ার দরবারে ভারতীয় চাষীদের স্থান।

এবারের কৃষকদের আর্থিক দুরবস্থার কথা চিন্তা করিলে যে সব কারণ লক্ষ্য করা যায় তাহা এই :—

(১) "ভারতের জনসংবৃদ্ধির বিপুল জনসংখ্যা, (২) কৃষক ও কৃষির অনগ্রসর অবস্থা (৩) কৃষির উপর অধিকারী শ্রেণীর ক্রমিক প্রসার, (৪) আবাদী জমির খণ্ড খণ্ড সংস্থান, (৫) অনাবাদি জমির অল্পতা, (৬) উৎপাদিকা শক্তি হ্রাস, (৭) কৃষি সম্বন্ধে শিক্ষার অভাব (৮) সরকারী কৃষি ঋণের অত্যধিক চাপ, (৯) গ্রাম্য ভূমীক-শিল্পের বিলোপ, (১০) চাষোপযোগের পক্ষে সরাসরি উপযুক্ত বৈজ্ঞানিক প্রক্রিয়ার প্রচলনে বিলম্ব ও কৃষি যন্ত্রপাতির অভাব, (১১) দো-পাল্লে কৃষকের অনভিজ্ঞতা, (১২) কৃষকদের উপযুক্ত খাদ্যাভাব, (১৩) কৃষকদের শস্য বিক্রয় করিয়া ন্যায্য মূল্য না পাওয়া (১৪) চাষীদিগের অশিক্ষা (১৫) কৃষকদের উপযুক্ত সস্তা অবোভাবাপন্ন মেয়াদ অভাব (১৬) সমাজের ধনীয় ব্যক্তিদের চাষীদের প্রতি বিরূপ অবোভাব ইত্যাদি ইত্যাদি।

এইবার উপরোক্ত কারণগুলি যথাযথভাবে আলোচনা করা যাউক।—ভারতের জনসংবৃদ্ধির অস্বাভাবিক বিপুলতা প্রতিপন্ন করিতে বেশী দূর না গিয়া ১৯০১-৪১ সালের আদম সুমারীর হিসাবের দিকে চাহিলেই বিষয়টী প্রকট হইয়া পড়ে। নিম্নে একটী হিসাব দিলাম :—

সাল	লোক সংখ্যা
১৯৪১ সাল	৩৮,১৯,৩৭,৯৪৪ জন
১৯৩১ "	৩৩,৩১,২৯,৯৪৪ "
১৯০১	২৮,৩৮,১১,০৪৯ "

পূর্বোক্ত ১৯০১ হইতে ১৯৪১ সন পর্য্যন্ত এক বৎসরে ভারতের লোকসংখ্যা ৫ কোটী ৮ লক্ষ ৩৮ হাজার ৮ শত একজন বাড়িয়াছে। সরাসরি ১৯০১ হইতে ১৯৪১ সন পর্য্যন্ত হিসাব করিলে দেখা যায় যে, মোট ১০ কোটী ১৫ লক্ষ ৫১ হাজার ৭ শত ৭ জন বাড়িয়াছে। পূর্ববর্তী সেন্সাস্ হইতে এইবার সেন্সাসে জনবৃদ্ধির অনুপাত সত্যই বিস্ময়কর। নিম্নে সেই অনুপাত দেখান হইল।

সাল	শতকরা বার বৃদ্ধি
১৯০১-১১	১২ জন
১৯১১-২১	১০৮ "
১৯২১-৩১	৯ "
১৯৩১-৪১	৮৭ "

স্থায়ী স্বদেশী শিল্প প্রদর্শনী

পণ্ডিত জহরলাল বলিয়া গিয়াছেন—
"এমন জনহিতকর প্রতিষ্ঠান সমগ্র ভারতে আর দ্বিতীয়টি নাই"

আসুন
দেখুন
শিখুন

জাতির শিল্প-প্রতিভার অদ্ভুত নিদর্শন
শিল্প-নৈপুণ্যের প্রত্যক্ষ প্রমাণ
শিল্প-প্রসারের বীরত্ব সাধনা
বাঙ্গলার : বাঙ্গালীর
বেকার-সমস্যা সমাধানের
অপূর্ব্ব ইঙ্গিত।

কমার্শিয়াল মিউজিয়াম

কলেজ ষ্ট্রীট মার্কেট : কলিকাতা।

ভারতের এই ক্রমবর্দ্ধিত বিপুল জনসংখ্যার অনুপাতে খাদ্যশস্যের উৎপাদনও যদি বাড়াইতে আমাদের মুক্তি নাই। বৈজ্ঞানিক প্রক্রিয়ায় উন্নত কৃষি-প্রণালী অবলম্বন করিলেই তাহিয়া আশিক খাদ্য সমস্যার সমাধান হইতে পারে। বিগত ১৯৪০ সালের মে মাসে আর্থিক যুদ্ধকালে মিত্রশক্তির প্রেরণগুলির প্রতিনিধিবৃন্দের এক সম্মিলনীতে স্থিরীকৃত হয় যে, যুদ্ধোত্তর কৃষ্ণ লোকের খাদ্য-সমস্যার নিরিখ উৎপাদনের পরিমাণ বর্ত্তমানের তুলনায় নিম্নলিখিত হারে বাড়াইতে হইবে।

চাউল	শতকরা ৫০ ভাগ
দুধ	শতকরা ৫০ ভাগ
ডাইল	শতকরা ৫০ ভাগ
মাংস	শতকরা ৯০ ভাগ
ডিম	শতকরা ১৫০ ভাগ

ফলমূল শাক-সব্জী ইত্যাদি শতকরা ৩০০ ভাগ।

ভারতে কৃষক ও কৃষির অবনতির অবস্থা বুঝাইবার জন্য মোটামুটিভাবে কৃষিজীবী অন্যান্য শ্রেণীর তুলনায় আয়ের একটী তুলনামূলক হিসাব প্রদর্শন করা চলে। বিভিন্ন শ্রেণীর কৃষক পরিবারের বাৎসরিক আয়ের তালিকা নিম্নরূপ :—

শ্রেণীর নাম	প্রতি কৃষক পরিবার পিছু আয় (গোটা বছর)
ছোট জিটেন	১২০৯৲ টাকা
আসাম	৫৩৪৲
মাদ্রাজ (কৃষক)	১৯৩১৲
বোম্বাই	৬৮৭৲
বাংলা	৬৪২৲
যুক্তপ্রদেশ	১৯৯৲

উপরোক্ত হিসাবে দেখা যায় যে, ভারতীয় কৃষী পরিবারের বাৎসরিক আয় নানা বিষয়ে কৃষকগণের পরিবার পিছু আয়ের চেয়ে ন্যূনতম। ভারতীয় উন্নতি সাধন করিতে হইলে এই উপার্জ্জনের মাত্রাকে কিভাবেও উন্নতত করিতে প্রয়াসী হইতে হইবে।

কৃষির উপর অধিকাংশ লোকের প্রসার অনুপাত হারে ক্রমশঃ হ্রাস পাইয়াছে। কিন্তু তাহা এত সামান্য যে তাহাতে কৃষি ব্যবস্থার কোনরূপ উন্নতি লক্ষিত হয় নাই। গ্রামী সমাজ নিরক্ষর। তাই অধিবাসীরা সুযোগ পাইয়া কৃষিজমির ৬৬-৯৯ ভাগ বৃদ্ধি করিয়া লইয়াছিল। মাত্র কয়েক বৎসর হইল কৃষি হস্তান্তরের নজর-সেলামী রহিত হইয়াছে। পূর্ব্বে কোন স্থানে অধিবাসের অনুমতি থাকাও পুরুষ, কূপ ও বাগ ইত্যাদি খনন করা যাইতে পারিত না। প্রয়োগন থাকলে দিতে গেলে থাকলেও উপর আয়ের কর আরোপের ইত্যাদি পরিশোধ করিতে হইত। দাখিলা আদিতে হইলে আমলা বাকুলের তহরী, মুহুরী বাকুলের তহরী, নিয়ামার রোজ ইত্যাদি কত প্রকারের খরচ দিতে হইত। এইগুলি দিতে আপত্তি করিলে বা খাজনা দিতে বিলম্ব করিলে অনেক প্রজাকেই জমিদারের আদায়ী মহল ভোগে দিবের পর দিন রায়ত কৃষিতে হইত। অনেক প্রজার খাদ্যির ব্যবস্থাও হইত। সেই সময় কৃষকপক্ষে জমিদারদের তাহাদের ক্ষেত্র কর্ত্তনকারী জন-মজুর হিসাবে যারা পাইতে পারে, আর দিয়া বাকীটুকু তাহাদের দুঃখের আদিবার নিশ্চয়ই ব্যবস্থার করিয়া লইয়াছিল। আজও সেই গুলি সমাক্ পরিবর্ত্তিত হয় নাই।

উপরোক্ত ব্যবস্থার প্রতিকার করিতে হইলে নিম্নলিখিত বিষয়গুলির প্রতি দৃষ্টি দিতে হইবে। যেমন (ক) অতিরিক্ত খাজনার হার হ্রাস করা, (খ) খাজ জমার পরিবর্ত্তে শস্য ভাগে টাকা জমা ধার্য্য করা, (গ) অবৈধ আবওয়াব ইত্যাদি কঠোর হস্তে দমন করা (ঘ) খাজনার জন্য অন্যায় উৎপীড়ন বন্ধ করা; ইত্যাদি।

অন্যায়ী জমির যত যত সংস্থান বড়ই অধিকর ও চাষের পক্ষে প্রতিকূল। গ্রামের কৃষি-ক্ষেত্রে সাধারণতঃ এক বিঘা হইতে তাহি

ক্যালকাটা কমার্শিয়াল ব্যাঙ্ক লিমিটেড

হেড অফিস : ১৫নং ক্লাইভ ষ্ট্রীট : কলিকাতা।

ফোন : ক্যাল ৫১৩০ (৪ লাইন)

রিজার্ভ ব্যাঙ্কের সিডিউলভুক্ত

গ্রাম : হেমন্তী কলিকাতা।

—: শাখাসমূহ :—

কলিকাতা	বাঙ্গলা		বিহার		আসাম		ইউ. পি
বড়বাজার	ঢাকা	রঙ্গপুর	ভাগলপুর	পাটনা	শিলং	ধুবড়ী	বেনারস
আলীবাগ	নারায়ণগঞ্জ	বরিশাল	মুঙ্গের	ডাইরাম।	করিমগঞ্জ	গৌহাটী	
বাগবাজার	জলপাইগুড়ি	কিশোরগঞ্জ	দেওঘর	সাহেবগঞ্জ	শ্রীহট্ট	শিলচর	
হাওড়া	বগুড়ার	রাজসাহী	গয়া	আরিয়ার	লোহারাই	ডিব্রুগড়	
	ময়মনসিংহী	সিরাজগঞ্জ	হাজারীবাগ	নাসরী			
			রাঁচী	মজাফরপুর	জেলপুর		

প্রভিডেণ্ট ডিপোজিট

মাসিক ১৲ জমায় ৩ বছরে ৪৮৲, ৮ বছরে ১২০৲, ১০ বছরে ১৬০০৲ দেওয়া হয়।
মাসিক ২৪৲ টাকা হইতে ১০৲ টাকা পর্য্যন্ত জমা লওয়া হয়।

সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

এইচ বসু,
ম্যানেজিং ডিরেক্টর।

বিঘা পরিমাণ যত ভূমি দৃষ্ট হয়। উহা হইতে অধিক মূল্যে বহু এক বিঘার ক্ষেত্রের জন্য পরিমিত যত ভূমিই অধিক। একটী ক্ষেত্রের আইল এক ফুট হইতে তিন ফুট পর্য্যন্ত থাকে। যাতায়াতি এক হস্ত ধরিয়া এক কাঠা জমির (১০ পরগণে, ৩০,৪০০ বর্গ হাত) আইল বাদ দিলে প্রত্যেক কাঠায় ১৯৬ বর্গ হাত জমি অনাবাদী থাকিবে এবং ১৯৬০ বর্গ হাত (১০২ পরগণে) জমি অনাবাদী থাকে। গত ১৯৪০-৪১ সনে ভারতে যত লোক মরিয়াছিল ২৪ কোটী ৮০ লক্ষ একর জমিতে। সুতরাং পড়ে একর পিছু অন্ততঃ এক কাঠা করিয়া জমি বরিয়া আইল বাদ দেলে ২ কোটী ৪০ লক্ষ একর জমি অনাবাদী থাকে। এই হিসাবে বাদ দিয়া ধরিলে ভারতে ২২ কোটী ৬২ লক্ষ একর জমি আবাদী বলিয়া ধরিতে হয়। ইহাতে বুঝা যেল যে, আইলে ফসলের যে ক্ষতি করে তাহা একেবারে উপেক্ষনীয় নহে। ইহার পরিপূরণ উপায় অনুসন্ধান করিয়া কার্য্যে প্রবৃত্ত হইলে এই পরিমাণের জন্য বেশী হইতে পারে। যত যত ভূমি ব্যবহার ফলকল্পে যে যে কর্ষণ ও বহু চেষ্টা অনুসারে ভূমির ফসল হয়। অনেকে দারিদ্র্যের তাড়নায় হালের বলদের অভাবে হাতিমত হাল চাষ না করিয়াই ফেলে ফেলে বীজগুলি ছিটাইয়া দেলিয়া রাখে। আইল তুলিয়া দিয়া সমস্ত গ্রাম ব্যাপী একটী বা দুল বিস্তৃত একাধিক যত ক্ষেত্র প্রস্তুত করিয়া চাষ করিলে ফসল চাষের সুবিধা খুব বাড়িত, ফসলের ফলনও বেশী হইত। বৈজ্ঞানিক প্রক্রিয়ায় ইঞ্জিন বা ট্রাক্টর দ্বারা ক্ষেত্র তৈরী করিতে বর্ণিত আইলের অনুবিধাই হইতেছে প্রধান অন্তরায়।

এই সব অসুবিধা দূরীকরণপূর্ব্বক উপরোক্ত ব্যবস্থা প্রচলন করিতে হইলে আবাদী জমির যত যত সম্ভাব দিলোপ করিয়া রাষ্ট্রিয় চাষীদের মত সমবায় নীতিতে কতিপয় কৃষকের জমি একত্র করিয়া বৈজ্ঞানিক প্রক্রিয়ায় কর্ষণপ্রথা প্রচলিত করিতে হইবে।

মাথা পিছু জমির অল্পতা ভারতীয় চাষীদের দারিদ্র্যের অন্যতম কারণ। ভারতের কোন চাষী পরিবারই আর এক একিমীর নহে। নিম্নে বিভিন্ন সভ্যদেশের চাষীদের মাথাপিছু জমির একটী তালিকা দিলাম।

দেশ	মাথাপিছু জমি (একর হিসাবে)
গ্রেট ব্রিটেন	২৩
হাঙ্গেরি যুক্তরাষ্ট্র	৮৭
কানাডা	১৪০
আর্জ্জেন্টী	১৭
ফ্রান্স	১০
জাপান	৪
চীন ভারত	৪

ভারতে মাথাপিছু যে তিন একর জমি পড়ে আমার মতে মাত্র ১·৫ একর জমি আবাদ করা হয়। বাকী অংশটুকু মাত্র ভারতে পতিত থাকে।

ভারতে বর্ত্তমান উপযোগী জমির পরিমাণ ৪৩ কোটী ৮০ লক্ষ একর কিন্তু তদুপযোগ নানা অসুবিধায় অধিক হয় না এমন জমির পরিমাণও কম নহে ;—১১ কোটী একর। এই ভূমি অনাবাদী থাকাও মাথাপিছু জমি হ্রাসের আংশিক কারণ। অবশ্য কারণ হইতেছে ভারতে ইংরেজ আগমনের প্রারম্ভিক যুগে বহু লোক দুর্ভিক্ষ-নিয়ে নিয়োজিত ছিল। কিন্তু পরে যন্ত্রশিল্পের মারাত্মক প্রতিযোগীতায় প্রায় কুটীর-শিল্পগুলি বহু পরিমাণে অস্তিত্বহীন হইতে থাকে। অনন্যোপায় হইয়া তখন সকলে চাষীদলের দিকেই বেশী ঝুঁকিয়া পড়ে। তখনকার জমির তুলনায় অধিক দিনের সংখ্যাধিক্য হওয়ায় মাথাপিছু জমির হ্রাসও আরও বর্দ্ধিত হয়।

উপরোক্ত মাথাপিছু জমির হ্রাসতা দূরীকরণকল্পে নিম্নোক্ত তিনটী পন্থা অবলম্বিত হইতে পারে। (ক) অনাবাদী ১১ কোটী একর জমিও আবাদ করিতে হইবে। (খ) আবাদী ২৪ কোটী ৮০ লক্ষ একর জমিতে বর্ত্তমানের তুলনায় ফসলের উৎপাদন বাড়াইতে হইবে।

হিন্দুস্থান
ইণ্ডাষ্ট্রীয়াল ব্যাঙ্ক লিঃ
স্থাপিত—১৯২৮
হেড অফিস :—
৫ ও ৬, হেয়ার ষ্ট্রীট, কলিকাতা
শাখা সমূহ
আমীনপুর, বড়দহ, বহরমপুর
কাটোয়া, নলহাটীপুর, ঢাকা (Dacca)
সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য
সুচারুরূপে নির্ব্বাহ করা হয়।
ম্যানেজিং ডাইরেক্টর—
মিঃ এস, এস, রায়চৌধুরী।
ডাইরেক্টর-ইন্-চার্জ—
এস, আর, গুহ।

নির্ভরযোগ্য জাতীয় প্রতিষ্ঠান
নর্দার্ন ব্যাঙ্ক লিঃ
স্থাপিত—১৯২৯
হেড অফিস :—
৫ ও ৬, হেয়ার ষ্ট্রীট, কলিকাতা।
শাখাসমূহ
সমরপুর, মেহিনীপুর, পাবনা, হাওড়া,
বালিগঞ্জ, কমরডলা।
ম্যানেজিং ডিরেক্টর :—
মিঃ এ, রায়, চৌধুরী।

জমির উৎপাদিকা শক্তি হ্রাস হইবার কারণ অবশ্যিক চাষীরা "বাবা আদমের" কাল হইতে আমাদের নিয়ন্ত্রিত সেই একই প্রণালীতে জমি চাষাবাদ করিয়া আসিতেছে। উপযুক্ত সারের যোগ অথবাবশ্যক তাহারা জমিতে জানে না এবং করে নাই। জমির স্বাভাবিক শক্তি না জমিয়া বীর্যবিহীন একই জমিতে একই জাতীয় ফসলের চাষ করার ফলে জমির উর্বরতা শক্তি হীন হইয়া পড়িয়াছে। প্রায় সাত বৎসর পূর্বে ইংলণ্ডের জনৈক কৃষি বিশেষজ্ঞ ভারতীয় কৃষিক্ষেত্র স্বচক্ষে পরীক্ষা করিয়া বলিয়াছিলেন—কৃষির উৎপাদিকা শক্তি হ্রাসই ভারতীয় চাষীদের আর্থিক জীবনে গুরুতর সমস্যা।

ভারতে কৃষি-জমির উৎপাদিকা শক্তি যে কিরূপ কম, অন্যান্য দেশের তুলনায় একরে প্রতি ফসল উৎপাদনের কথা আলোচনা করিলে তাহা আমরা সুস্পষ্টরূপে বুঝিতে পারি—

একরে উৎপন্ন গমের পরিমাণ
(১৯৩৩ সাল)

দেশের নাম	পাউণ্ড হিসাবে
ইউরোপ (সমগ্রভাবে)	১৯৩৩
মার্কিন যুক্তরাষ্ট্র	৮৫৬
আর্জেন্টিনা	৭৮৩
অষ্ট্রেলিয়া	৭১৪
ভারতবর্ষ	৫৩৬

একরে উৎপন্ন চাউলের হিসাব
(১৯৩৮-৩৯ সাল)

দেশ	পাউণ্ড হিসাবে
স্পেন	৩৮৩
ইতালী	২৯৩৩
জাপান	২২৭৬
মিশর	২১৬৩
মার্কিন যুক্তরাষ্ট্র	১৩৬৬
ব্রহ্মদেশ	৯৪৯
থাইল্যাণ্ড	৯৬৩
ভারতবর্ষ	৯১৮

একরে উৎপন্ন তুলার পরিমাণ
(১৯৩৬ সাল)

দেশ	পাউণ্ড হিসাবে
মিশর	৪১৫
রাশিয়া	২৬৯
মেক্সিকো	২২০
মার্কিন যুক্তরাষ্ট্র	১৯৭
পেরু	১৬৩
ভারতবর্ষ	১০০

প্রতি একরে আলুর উৎপাদন
(১৯৩৩ সাল)

দেশের নাম	মণ হিসাবে
বেলজিয়াম	২১৩
গ্রেটব্রিটেন	১৮৩
জার্মানী	১৭৩
অষ্ট্রিয়া	১৪৪
চেকোশ্লোভাকিয়া	১৩৩
পোলাণ্ড	১৩৭
রুশিয়া	১১৩
ভারতবর্ষ	১০৯

একরে ইক্ষু উৎপাদন
(১৯৩৪-৩৫ সাল)

দেশের নাম	মণ হিসাবে
বাতাভিয়া	১৪১১
পেরু	১১৩৩
জাভা	১০১৬
পোর্টোরিকো	৬৩৬
কিউবা	৪৩৭
অষ্ট্রেলিয়া	৩৩৭
ভারতবর্ষ	৩০৭

একরে তামাক উৎপাদন
(১৯৩৩ সাল)

দেশের নাম	পাউণ্ডের হিসাবে
জাপান	১৩৩৯
বাতাভিয়া	১০১৮
ইতালী	৯১৩
ভারতবর্ষ	৯০০

ভারতের চাষী সমাজী সকলেরই অল্পসময়ের মধ্যে সমাধান করিতে হইলে মোটামুটি ভাবে নিম্নলিখিত বিষয়গুলির প্রতি বিশেষ মনোযোগ হইতে হইবে। (ক) চাষাবাদে বিজ্ঞানসম্মত প্রণালী প্রবর্তনপূর্বক সত্বর ভাবে জমি উর্বর করিতে হইবে। আজকাল আমাদের দেশে গৃহস্থগণ কাঠের লাঙ্গল দিয়া জমি চাষ করে। তাহাতে মৃত্তিকা মাত্র ৩।৪ ইঞ্চি পর্য্যন্ত কর্ষিত হয়। কিন্তু বিলাতে যে লাঙ্গল ব্যবহার করে।

সঞ্চয়

"ক্ষুদ্র ক্ষুদ্র বালুকণা বিন্দু বিন্দু জলে
গড়ে তোলে মহাদেশ সাগর অতলে
মুহূর্ত নিমেষ কাল তুচ্ছ পরিমাণ
রচে যুগ যুগান্তর অনন্ত মহান্।"

আপনার আয়ের সামান্য অংশও নিয়মিত সঞ্চয়ে এক বিরাট ধনভাণ্ডার রচিত হইতে পারে। কালমাত্র বিলম্ব না করিয়া এই শুভ কাজ আরম্ভ করুন।

বিশুদ্ধ জাতীয় প্রতিষ্ঠান—

বেঙ্গল মেট্রোপলিটান ব্যাঙ্ক লিমিটেড

হেড অফিস :—৩নং মহর্ষি দেবেন্দ্র রোড, কলিকাতা ব্রাঞ্চ :—হাওড়া ও কুষ্টিয়ায়।

সেভিংস একাউণ্ট—২০৲ টাকায় খোলা যায় এবং ১০ আনা হারে সুদ দেওয়া হয়।
সেভিংস একাউণ্ট—৫৲ টাকায় খোলা যায় এবং ১৷৷০ হিসাবে সুদ দেওয়া হয়।
চেক দ্বারা টাকা উঠান যায়।
ফিক্সড ডিপোজিট—১০০৲ টাকায় খোলা যায় এবং ৬৲ টাকা হইতে ৫৲ টাকা সুদ দেওয়া হয়।

সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

অন্যান্য বিবরণের জন্য পত্র লিখুন

আর, কে, চক্রবর্ত্তী, ম্যানেজিং ডাইরেক্টর।

জাতীয় বৃদ্ধিতা এক হইতে বেড় ফিট পর্যন্ত গভীরভাবে কর্ষিত হয়। (খ) জমিতে রাসায়নিক সার প্রয়োগ করিতে হইবে। এইগুলির মধ্যে "সাইলেট", "অমনেট", "অমনুরাস" ইত্যাদি বেশ উপযোগী। তবে "এমোনিয়াম সালফেট"ই মৃত্তিকার পক্ষে বিশেষ উপকারী। ভারতের কৃষকে "এমোনাইট" ও "অমনুরাসে"র অনেক খনি আছে তথাপি এইগুলি ভারতের চাহিদার পক্ষে পর্য্যাপ্ত নহে। ভারতের জমিতে বাৎসরিক একর পিছু ২০ পাউণ্ড করিয়া হিসাব করিলে ২০ লক্ষ ২০ হাজার টন "এমোনিয়াম সালফেট"এর প্রয়োজন পড়ে। কিন্তু ভারতে বাৎসরিক মাত্র ২৮ হাজার টন প্রস্তুত হয় এবং বিশেষভাবে চেষ্টা করিলেও ভারতের কারখানায় মাত্র ৩৩ হাজার টন "এমোনিয়াম সালফেট" তৈয়ারী হইতে পারে। ভারত সরকার গঠিত খাদ্য-শস্য সম্পর্কিত নীতি নির্দ্ধারণ কমিটীর (Food-grains Policy Committee) মতে ভারতীয় কৃষিক্ষেত্রে বাৎসরিক অন্ততঃ ৫০ লক্ষ ৫০ হাজার টন "এমোনিয়াম সালফেট" ব্যবহার করা হয় তাহা হইলে ভারতের শস্যোৎপাদন অনেকাংশে লাভজনক হইতে পারে। যুদ্ধ-পূর্ব্ব সময়ে ভারতে মাত্র ১৬ হাজার টন "এমোনিয়াম সালফেট" ব্যবহৃত হইত। তাহার কতকাংশ বহির্দেশ হইতে আসিত। কিন্তু যুদ্ধে সেই আমদানী বন্ধ হইয়া গিয়াছে। ভারতের জন্য রাসায়নিক সারের এত প্রয়োজন সত্ত্বেও ১৯৪৩-৪৪ সালে ভারত হইতে ৪৮ লক্ষ টাকা মূল্যের সার ও ২২ লক্ষ টাকা মূল্যের তাঁত (bone) অতিরিক্তে রপ্তানী করা হইয়াছিল। অবিলম্বে এই রপ্তানী বন্ধ করিতে হইবে। ভারতে রাসায়নিক সার প্রস্তুতের জন্য যন্ত্রপাতির বিশেষ অভাব। তথাপি গবর্ণমেণ্ট এইদিকে লক্ষ্য না করিয়া সম্প্রতি ইংলণ্ড হইতে কোটী কোটী টাকা মূল্যের সার কিনিলেন, যব ইত্যাদি এই দেশে আমদানী করিতেছেন। এইগুলির পরিবর্ত্তে উপরোক্ত সার প্রস্তুতের যন্ত্রপাতি, ও অন্য যন্ত্রপাতি আমদানীর ব্যবস্থা করিতে হইবে। (গ) ভারতীয় চাষীরা খুব অসাবধানতার সঙ্গে খোলা স্থানে গোবর সংরক্ষিত করে। ইহাতে গোবরের সারাংশ রৌদ্রে পুড়িয়া ও বৃষ্টির জলে দ্বিতীয় হইয়া নষ্ট হইয়া যায়। তাহা উহার প্রণালীতে সংরক্ষণ করিতে হইবে। (ঘ) আজকাল গবর্ণমেণ্ট "কম্পোষ্ট" সার তৈয়ার করিবার জন্য উপদেশ দিতেছেন। এই দিকে চাষীদের অনেকেরই আকর্ষণ করিতে হইবে। (ঙ) মৃত্তিকে প্রয়োজন মত জল-সেচের ব্যবস্থা। করিবার জন্য উপযুক্ত সংখ্যক কূপ, নলকূপ বা খাল খনন করিতে হইবে। যুদ্ধ-পূর্ব্ব সময়ে বাংলার ১০০টী জল-সেচন সমিতিতে ১১৮০৪ জন লোকে ১৪৮১৪৭ বিঘা জমিতে জল সেচন করিয়াছিল। বৈজ্ঞানিক প্রক্রিয়ায় এই ব্যবস্থাকে আরও উন্নতভর করিয়া জলসেচের ব্যাপক ব্যবস্থা করিতে হইবে। (চ) অনেক স্থলে জলে দ্বিতীয় হইয়া জমির উর্ব্বরাশক্তি ও পলিমাটী নষ্ট হইয়া যায়। সেই সব স্থলে বাঁধ দ্বারা জমির উর্ব্বরা শক্তি ও পলিমাটী রক্ষা করিয়া পরে সার প্রয়োগের ব্যবস্থা করিতে হইবে। (ছ) ভাল বীজের ব্যবস্থা করিতে হইবে। গবর্ণমেণ্ট স্থানে স্থানে বীজ পরীক্ষাগার স্থাপন করিয়া তাহাতে বৈজ্ঞানিক প্রক্রিয়ায় বীজগুলি পরীক্ষা করিয়া দিবেন বা গবর্ণমেণ্ট প্রতি মহকুমে পরীক্ষিত বীজ নিজেদের তত্ত্বাবধান হইতে সরবরাহ করিবেন এক বৎসরের পর হইতে কৃষি-বিভাগের দ্বারা ক্ষেতে ফসল পরীক্ষা করাইবেন। (জ) বৈজ্ঞানিক প্রক্রিয়ায় জমির গুণাগুণ পরীক্ষা করিয়া কোন্ এলাকায় কোন্ ফসল উপযোগী গবর্ণমেণ্ট তৎসম্পর্কে কার্য্যকরী নির্দ্দেশ দিবেন। গবর্ণমেণ্ট এদেশে কৃষি সম্বন্ধে কিছু গবেষণা পরিচালনা করিয়াছেন, কিন্তু তাঁহাদের অভিজ্ঞতালব্ধ জ্ঞান শুধু সরকারী দপ্তরেই নিবদ্ধ থাকে। সম্প্রতি চীনা কৃষি-বিশেষজ্ঞ ডেক্টর হি: পাং এই দেশের কৃষি বিষয়ক গবেষণাগার ও অন্যান্য ভারতের বিভিন্ন কৃষিক্ষেত্র পরিদর্শন করিয়া এই সম্বন্ধে প্রকাশ করিয়া দিয়াছেন :—"এ দেশের কৃষি গবেষণা উচ্চ ও প্রশংসনীয়, কিন্তু অভিজ্ঞতালব্ধ জ্ঞান কেবল বিশেষজ্ঞের করা হয় না, উহাই দুঃখ"। কৃষি সম্বন্ধে শিক্ষা দিবার জন্য হাট, মাঠ, রেল ষ্টেশন, চলন্ত গাড়ী ইত্যাদিতে ব্যাপকভাবে প্রচার কার্য্যের সুবন্দোবস্ত করিতে হইবে। গ্রামে গ্রামে "মডেল ফার্ম" (Model farm) প্রস্তুত করিয়া চাষীদিগকে হাতে কলমে শিক্ষা দিতে হইবে। এই সম্বন্ধে বিশেষজ্ঞগণকে ব্যাপকভাবে আলোচনা করিতে অনুরোধ জানাইতেছি।

গ্রাম্য শিল্পের বিলোপ সাধন এতদিনে হয় নাই। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী (East India Co.) এই বাংলা দেশের মুখে আসন পাতিয়া বস্ত্র-শিল্পসহ অন্যান্য এই দেশে প্রচুর পরিমাণে আমদানী করিতে থাকে। ফলে দেশীয় কুটীর-শিল্পগুলি প্রতিযোগীতায় হারিয়া যায়। আজই এই সমস্ত শিল্পের লোপ ভারতের শিল্প ব্যবসায়ে বিশেষ ভাবে অভিশাপ হইয়া কৃষি-কার্য্যের দিকেই ঝুঁকিয়া পড়ে। ইহাতেই কুটীর-শিল্পের ক্রমশঃ বিলোপ সাধিত হইয়া চাষীদের অনুপাত





বাড়িয়া উঠে। ১৮৮১ সালে ভারতে গরুরগাড়ী ৫৮ লক্ষ ছাড়ী ছিল, সেই স্থলে আজ ৭৪ লক্ষ দাঁড়াইয়াছে।

শিল্পক্ষেত্রে ভারত নানা ঘুনিয়ার শিরমে। কিন্তু ভারতের কৃষিকার্য্যে বল লোকের সংখ্যা এত বাশিয়া ছাড়া অন্যান্য দেশের চাইতে বেশী। রাশিয়ার শতকরা ৮৬ জন কৃষক। কৃষির-বিজ্ঞের অবস্থাকে উন্নততর না করিলে কৃষির উপর লোকের এই একান্ত নির্ভরতা কমান যাইবে না।

ভারতের কৃষক গো-পালনের অবহিত। ইহারা অনেক স্থলে গাভী দ্বারা ক্ষেত্র কর্ষণ করিয়া থাকে। ইহা বড়ই অন্যায়। ভারতের পশ্চিমাঞ্চলের বল আকারে বেশ বড়; কিন্তু পূর্ব্ব-ভারতীয় গোজাতির আকার ছোট। ভারতীয় প্রায়ই এইগুলি যেমনই অপারগ। বিলাতের একটী গাভী যে-স্থলে বৎস হইতে পরিত্রিশ সের পর্য্যন্ত দুগ্ধ দেয়, ভারতীয় গাভী সেই স্থলে বড় জোর পনর সের পর্য্যন্ত দিয়া থাকে। পূর্ব্ব-ভারতে—বিশেষতঃ বাংলার একটী গাভী দোহন করিলে বৎস সেবের বেশী দুগ্ধ পাওয়া যায় না। উপযুক্ত প্রজননের অভাবে এ দেশের গোজাতির উন্নতি অনেক পরিমাণে ব্যাহত হইয়াছে। আমাদের দেশে মহিষের সংখ্যা খুব বড়। বিস্তীর্ণ জলাভূমির পার্শ্ববর্ত্তী স্থানসমূহ মাত্রই মহিষ বড় একটা দুই হয় না। পূর্ব্বে এদেশে প্রতি গ্রামেই গো-চারণ মাঠ ছিল, কিন্তু আজ তাহার বড় অভাব। কৃষকগণ দেশের চারে অরণ্যস্থানের বহুল সমস্ত গো-চারণভূমি সমাজক্ষেত্রে পরিণত করিয়াছে। তথাপি সমাজ অরণ্যস্থান হয় নাই। গো-জাতির অবনতির জন্য নিম্নলিখিত কারণগুলি দায়ী। এইগুলির আশু প্রতিকার করা একান্ত বাঞ্ছনীয়। (১) গো-জাতির উপযুক্ত আহারের সংস্থান নাই। (২) গো-চারণ মাঠ নাই। (৩) উপযুক্ত খোরাক নাই। (৪) নিয়মিত স্নান পান না,—গো-স্থানের পুকুর নাই। (৫) রোগে উপযুক্ত প্রতিকার পায় না। (৬) উপযুক্ত বাঁড়ের অভাব।

উপযুক্ত ডাক্তারের নিয়মিত এ দেশের চাষীরা কল্প ও কাহিল। অনিয়মিত পরিশ্রমে তাহারা অকালে বার্দ্ধক্য বরণ করে ও মৃত্যুমুখে পতিত হয়। তাহারা রোগে ভুগিতে পারে, জীবন দান করিতে পারে, কিন্তু রোগের প্রতিকার করিতে পারে না।—তাহাদের সেই আর্থিক সংস্থান নাই। তাহাদের কাহারও থাকিলেও নিকটে উপযুক্ত ডাক্তার বা ডাক্তারখানা নাই। টাকা দিয়াও ঔষধ সংগ্রহ করিতে পারে না; পূর্ব্ব-পূর্ব্ব বংসর ম্যালেরিয়া ও কালা-জ্বরের কবলে পড়িয়া বাঙ্গলা প্রায় ধ্বংসের মুখে যাইতেছে এবং কেহ কেহ জীবন্ত কঙ্কাল হেমে আজও সেই রোগের প্রকোপে পড়িয়া আছে, তাহাদের শতকরা ৯৫ জনই কৃষক বা কৃষকের উপর নির্ভরশীল। সমগ্র ভারতবাসীর বড় আয়ু যেখানে ২৭ বৎসর, শুধু কৃষক সম্প্রদায়ের বড় হিসাব করিলে তাহাদের আয়ুকাল নিশ্চয়ই কমিয়া যাইবে না।

ভারতের মৃত্যুসংখ্যা হিসাব করিলে তাহার অধিক হিসাব চাষীদের ঘাড়েই পড়ে। কারণ দেশের শতকরা ৫ জন লোক সহরে বাস করে এবং আরও ৫ জন এমন স্থানে বাস করে, যেখানে তাহারা উপযুক্তরূপে চিকিৎসিত হইতে পারে, প্রসূতির অধিক উপযুক্ত ধাত্রী ছিলে। তাহাই এই দশ জন লোকের মধ্যে শিশু-মৃত্যুর হার বা অন্যদের মৃত্যু-হার বিশেষ কোন চিন্তনীয় নহে। নিম্নে ১৯৩৭ সালের বাৎসরিক মৃত্যু-হারের একটী তালিকা দিলাম।

বিশেষ বিজ্ঞপ্তি

(ইহা প্রসপেক্টাস বা শেয়ার বিক্রয়ের আমন্ত্রণ নহে)

[মহামান্য ভারত-সরকার ভারতীয় আইনের ৮৬-এ ধারা মতে মাত্র লক্ষ টাকার মূলধন শেয়ার বিক্রয়ের অনুমতি দিয়াছেন। ইহা পরিচালকমণ্ডলী জানা আবশ্যক যে, এই অনুমতি প্রদান করিয়া ভারত সরকার কোম্পানীর কোন পরিচালকের অধিকারিত্ব বিধির সুপারিশ অথবা সে সম্পর্কে কোন মন্তব্য বা মতামত প্রকাশের যথার্থতা সম্পর্কে কোন দায়িত্ব গ্রহণ করিতেছেন না।)

ন্যাশনাল কেমিক্যাল এণ্ড সল্ট

ওয়ার্কস্ (ইণ্ডিয়া) লিমিটেড

হেড অফিস—৫নং কমার্শিয়াল বিল্ডিংস, কলিকাতা

কারখানা—১নং ওলবাই (চিল্কা, উড়িষ্যা), ২নং নৌপদা (ভিজাগাপটম, মাদ্রাজ)

এই কোম্পানী ভারত সরকার আইনের ২৬-এ ধারা অনুযায়ী ভারত সরকারের অনুমতি ক্রমে ৯,০০,০০০৲ টাকার মূলধন শেয়ার ইস্যু করিতেছে। ইহা প্রতি অংশ ১০৲ টাকা হিসাব ৯০০০০ অংশে বিভক্ত।

এই কোম্পানী অত্যন্ত মূলধন নিয়াও অবশ্যাবধি উৎপাদনের উপযোগী সবে অবলম্বন হইতেছে এবং ১৯৪০ খৃষ্টাব্দ হইতে নিম্নলিখিত হারে লভ্যাংশ দিয়া আসিতেছে :

১৯৪০ খৃঃ—	শতকরা ৬০	১৯৪৫ খৃঃ—	শতকরা ৭৫
১৯৪১ ,,	,, ৬০	১৯৪৬ ,,	,, ৫৲ (ইন্টেরিম)

সম্প্রতি এই কোম্পানীর প্রস্তুত টেবিল্ সল্ট বাজারে বিশেষ আদৃত হইয়াছে।

ভারতের বাজারে এদেশের তালাবা হইতে লবণ আনা বিশেষ অসুবিধা কিন্তু তাহা দেখে আধুনিক যন্ত্রপাতি সম্বলিত একটী কারখানায় অন্তত করার জন্য এই কোম্পানী পরিচালকমণ্ডলী ব্রত অবলম্বন হইয়াছেন।

বিশেষ বিবরণের জন্য নিম্নলিখিত ঠিকানায় অনুসন্ধান করুন :—

ফোন—কলিকাতা ৪৫৮৪
টেলি—NACHALT, Calcutta.

বেঙ্গল সেন্ট্রাল ট্রেডার্স
জেনারেল এজেন্টস্
৫নং কমার্শিয়াল বিল্ডিংস্, কলিকাতা।

মাথাপিছু খরচা হার

দেশ	প্রতি হাজারে মৃত্যু সংখ্যা	প্রতি হাজারে শিশু মৃত্যু সংখ্যা
অষ্ট্রেলিয়া	৮·৪	৩৮
বার্মিংহাম যুক্তরাষ্ট্র	১১·২	৫৩
জার্মানী	১১·৬	৪
চেকোস্লোভাক	১৫·৩	৭৮
জাপান	১৭·১২	১০৬
ভারত	২২·৩	১৮১ ৬

উপরোক্ত দেশগুলোর মধ্যে কোনটাই কার্য্যকরী পন্থা অবলম্বন না করিলে দেশের কল্যাণ নাই। দুধ, দুগ্ধজাত দ্রব্য, ফল-মূল, তরিতরকারী, মাছ মাংস ইত্যাদি খাদ্যের অত্যন্তুত প্রয়োজন, স্বাস্থ্যের অনুকূল ভাবে উপযুক্ত মত জোগান দিতে হইবে। গ্রামে গ্রামে বা ইউনিয়নে ইউনিয়নে স্বাস্থ্য চিকিৎসালয় স্থাপন করিয়া কৃষকদের চিকিৎসার জন্য সুব্যবস্থা করিবার দায়িত্বও একমাত্র গবর্ণমেণ্টেরই।

ভারতের চাষীরা চাড়ভাঙ্গা খাটুনী দিয়া যে বিনিময় উৎপাদন করে তাহারা তাহার ন্যায্য মূল্য পায় না। তাহাদের আর্থিক প্রয়োজনে তিনিয় বিক্রয়কাল করে তাহারা ধারিতে পারে না বলিয়াই ব্যবসায়ীরা তাহাদিগকে কম মূল্য দিয়াই তাহাদের মুখের রক্ত-পুষ্ট বিনিময় করিয়া নিয়া যায়। যুদ্ধপূর্ব সময় পর্য্যন্ত ভারতীয় কৃষক অঞ্চলের চাষীরা প্রধান ফসলী ফসল হিসাবে পাটের চাষ করিয়াছে। কিন্তু তাহারা অত্যন্ত ও একজাতীয় ফলিয়া উহার ন্যায্য মূল্য পায় নাই। আজ হয়ত মহাসমরের কল্যাণে ধান চাউলের মূল্য বাড়িয়াছে। কিন্তু চাষীরা উপকৃত হয় নাই, বরং এই বর্দ্ধিত মূল্যের বলাই বাহুল্য লক্ষ লক্ষ মহাজনী ১৯৪৩ সালের দুর্ভিক্ষে অত্যন্তাবে অকালে প্রাণ হারাইয়াছে। প্রধান ফসল পাটের দর না পাইয়াই বাংলার চাষী দিনের পর দিন শুধু অনেকদিনের দিকেই ঠেলিয়া দিয়াছিল। গবর্ণমেণ্টের এই দিকে অবহিত হওয়া প্রয়োজন। নতুবা চাষীদের উৎপন্ন জিনিষ বৈষম্যমূলকভাবে ধরে মজুদ থাকিয়া মূল্য আদায় করিবার সামর্থ্য তাহাদের নাই। গবর্ণমেণ্টের হাতে সেই দায়িত্ব গ্রহণ করিতে হইবে। বিক্রয়ের পূর্ব-মুহূর্ত পর্য্যন্ত চাষীদের আর্থিক অনটন হইলে গবর্ণমেণ্ট নিজ তহবিল হইতে দিয়া তাহা জিনিষ বিক্রয়ের পর মূল্য হইতে কর্ত্তন করিয়া রাখিবেন।

ভারতের চাষীরা নিরক্ষর। মহাজন-বণিকরা অনেকেই লেখাপড়া জানে। কিন্তু মহাজন-বণিকরা ও পল্লীবাসী কৃষক সকলকে দিয়া খত বিলাইয়া হিসাব করিলে আমাদের মধ্যে শিক্ষিত লোকের হার হয় শতকরা ১১ জনের অনধিক।

উপরোক্ত শিক্ষিতের হার দিয়া কৃষকের মহাজনের নিকট আমাদের স্থান কোথায় চিন্তা করিলে লজ্জায় মস্তক অবনত হইয়া আসে। চাষীরা যে তাহাদের চাষ আবাদে মন দিতে জানে না, উহা প্রণালীতে চাষ করিতে জানে না, উপযুক্ত সময় মত বীজ বপন করিতে জানে না, উপযুক্ত সময় মত নিড়ান দিতে জানে না, উপযুক্ত সময় মত ফসল কাটিতে জানে না, তাহা নহে। তাহারা সকল সময় মূলীভূত করিতে জানে বলিয়াই তাহাদের নিজেদের অপ্রয়োজনীয় হওয়া দ্বারা সমস্যার সৃষ্টি হয়। যতদিন ইহাদের নিকট নিকায় আলোক বিকীর্ণ না হয়, ততদিন তাহাদের জীবনযাত্রার কৃষিকার্য্য শিক্ষা দেওয়া কঠিন। কাজেই কৃষির উন্নতি সাধন করিতে হইলে কৃষকদের নিজের স্বার্থের জন্য শিক্ষার প্রচলন করিতে হইবে।

ভারতবর্ষে বর্ত্তমানে নানা প্রকারের ব্যাঙ্ক রহিয়াছে : যথা—(১) রিজার্ভ ব্যাঙ্ক (একটী বিশেষ আইন বলে প্রতিষ্ঠিত কেন্দ্রীয় ব্যাঙ্ক), (২) ইণ্ডাস্ট্রিয়াল ব্যাঙ্ক (বিশেষ আইন বলে প্রতিষ্ঠিত এবং গবর্ণমেণ্টের নিকট হইতে বিশেষ সুবিধাপ্রাপ্ত অন্যান্য ব্যাঙ্ক), (৩) অন্যান্য ব্যাঙ্ক—ব্যাঙ্কসমূহ যারা সাধারণতঃ কমার্শিয়াল ব্যাঙ্ক নামে অভিহিত এবং যারা ভারতীয় কোম্পানী আইন দ্বারা শাসিত, (৪) বিদেশী এক্সচেঞ্জ ব্যাঙ্কসমূহ—যে সমস্ত ব্যাঙ্ক প্রধানতঃ মুদ্রা-বিনিময়ের কাজ করিয়া থাকে, (৫) সমবায় ব্যাঙ্কসমূহ—এই সমস্ত ব্যাঙ্ক কেন্দ্রীয় ও প্রাদেশিক সমবায় আইন দ্বারা শাসিত, (৬) দেশীয় ব্যাঙ্ক বা কুঠি—এই সব ব্যাঙ্ক রেজেষ্টীকৃত নহে, তবে উহারা অনেকটা আধুনিক প্রণালীতে ব্যাঙ্ক ব্যবসা পরিচালনা করে, (৭) পোষ্ট আফিসের সেভিংস ব্যাঙ্ক—এই সব ব্যাঙ্ক গবর্ণমেণ্টের ডাক বিভাগ কর্ত্তৃক পরিচালিত। দেশের বহু আয়-বিশিষ্ট ব্যক্তিদের নিকট হইতে আমানত গ্রহণের মধ্যেই এই সব ব্যাঙ্কের কাজ সীমাবদ্ধ।

পিপলস্ ক্রেডিট ব্যাঙ্ক লিঃ

পি ২, হাওড়া ব্রিজ এপ্রোচ ফোন : কলি ৩৪৩৩

(ক্যানিং ষ্ট্রীটের সংযোগ স্থলে)

পৃষ্ঠপোষক

"হাতোয়ার" মহারাজা বাহাদুর

শাখা :—শ্যামবাজার, রঘুনাথপুর (মেদিনীপুর)

স্থায়ী আমানতের সুদের হার ৩৲ হইতে ৫৲

এ সকল প্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

শ্যামবাজারের নিকটে ১৫ বিঘা জমি ক্রয় করা হইয়াছে। শীঘ্রই ছোট ছোট প্লট বিক্রয় করা হইবে।

এস চৌধুরী, ম্যানেজিং ডিরেক্টর।

ইউনাইটেড ইণ্ডাষ্ট্রীয়াল ব্যাঙ্ক লিমিটেড

স্থাপিত ১৯৪০ ফোন : কলি ৬৮৭৩

হেড অফিস—৭, ওয়েলেসলী প্লেস, কলিকাতা

সিডিউলভুক্ত ব্যাঙ্ক।

বিলিকৃত মূলধন ৫০,০০,০০০৲ টাকা

বিক্রীত মূলধন ২২,১২,৪০০৲ ,,

আদায়ীকৃত মূলধন ১৬,৩৭,২১৫৲ ,,

আমানত—৮৫,০০,০০০৲ টাকার উপর

(১৯৪৩ সালের ৩১শে আগষ্টের পর্য্যন্ত)

চেয়ারম্যান—শ্রীযুক্ত যদুনাথ রায়

অভিজ্ঞতাসহ সর্ত্তে সাধারণ ব্যাঙ্কিং কার্য্যের সকল প্রকার কাজ করা হয়।

নিয়মাবলী ও সর্ত্ত অনুসন্ধানে জানা যায়

শাখা—বড়বাজার ও শ্যামবাজার (কলিকাতা), নারায়ণগঞ্জ, চাঁদপুর এবং ঢাকা

সে-অফিস। নিয়োগাদি

নিরঞ্জন রায়—ডিরেক্টর ইন্‌চার্জ

কেরাণী

[শ্রীতারাদাস সিংহ]

বর্ত্তমান সভ্যতা যাহারা অত্যন্ত-ভাবে সুখের বস্তু মনে করিয়াছে, সর্ব্বজন-স্বীকৃত কেরাণী তাহাদের মধ্যে অন্যতম। কলকারখানা, ব্যবসায়-বাণিজ্য প্রভৃতি আধুনিক সভ্যতার ভবিষ্য সৃষ্টি ও সঞ্চালন বহু-বিস্তৃতভাবে করিতেছে। মজুর, মালিক ও সরকার—ইহারাই যে শুধু বাহুশক্তি, মূলধন ও বুদ্ধিপরিচালনার সাহায্যে বিরাটরূপ ভবিষ্য সৃষ্টি ও সঞ্চালনে নিযুক্ত তাহা নহে। তাহাদের পাশে দাঁড়াইয়া অলক্ষ্যে কেরাণীও লেখনী-সাহায্যে আর্থিক জগৎকে যথেষ্ট প্রভাবান্বিত করিতেছে। তাহাকে বাদ দিলে বিশ্বের সৃষ্টি ও বিশ্বে দিনে দিনে সঞ্চালন একেবারে অসম্ভব হইয়া পড়িবে।

দুঃখের বিষয় এই যে, বিশ্বজগতের সম্পদ্ সৃষ্টিতে কেরাণী যে কতখানি অপরিহার্য তাহা সে নিজেই জানে না; উপরন্তু অনেক নির্বোধ ব্যক্তি তাহাকে পরশ্রীকাতরী বলিয়া মনে করিয়া থাকেন। এই অজ্ঞতার জন্য সে নিজেদের সোজা করিয়া চলিতে অক্ষম এবং ব্যক্তির হইতে কোন সাহায্য আদায় দিতে আসে না। আজ এইটী বেশ ভাল করিয়া বুঝিতে হইবে যে, (১) বর্ত্তমানে কেরাণীর স্থান আছে, (২) সে মনুষ্যত্বই একটী শ্রেণী, (৩) তাহার কাজে সমাজ বিশেষভাবে ক্ষতি-গ্রস্ত হইবে এবং (৪) বর্ত্তমান যুদ্ধ তাহার যে অবস্থা আনিয়াছে তাহার আশু প্রতীকার একান্তভাবে দরকার।

বহুর কথনও আগে কোনো এক বিখ্যাত কোম্পানীর বহুর লক্ষ টাকার বিল বেলওয়ে বোর্ডের নিকট না-মঞ্জুর হইয়া পড়িয়া থাকে। উহাতে মালের ওজন সংক্রান্ত কিছু ভুল ছিল। উক্ত কোম্পানীর বড়সাহেব ছোট সাহেবকে লিখিলেন, "কোন্ বাবু এই ভুল করিয়াছে, তাহাকে খুঁজিয়া বাহির কর ও যথোচিত শাস্তি দাও।" ছোটসাহেব অপরাধীকে খুঁজিয়া বাহির করিয়া লিখিলেন, "অপরাধীকে পাইয়াছি। কিন্তু তাহাকে শাস্তি দিবার আগে জানিতে চাই যে, বাবার ভুলের জন্য লক্ষ টাকা আটকাইয়া যায় তাহার তিন টাকা মাহিনা বাবা করা দরকার কি?"

১৯০৫ সালে একটী বণিক-প্রতিষ্ঠানে কেরাণী-বর্গটী মাসিক ৩০ টাকা স্থায়ী হইয়া যায়। ঐ সময় অনেকের মুখে শোনা যাইত টাকাকড়ি আদায়ের এত অসুবিধা হইয়াছিল যে, প্রভুর লোকদের মাসান্তে লইয়া বাড়িতেরা প্রতিষ্ঠানটী বিক্রয় করিতে বাধ্য হন।

এই দুইটী ঘটনা হইতে বেশ বোঝা যায় যে, বাণিজ্য-প্রতিষ্ঠানের অঙ্গপ্রত্যঙ্গে কেরাণীর স্থান কতটা গুরুত্বপূর্ণ। বর্ত্তমান যুগে তুলনা সম্বন্ধে আলোচনা করিতে হইলে সরস্বতীর সাহায্য চাই। কেরাণীর লেখনী সেই সাহায্যই করিয়া থাকে। কারখানার মালিক অর্থের জন্যই কারবার করেন। যদি আয় না হয়, লাভ না পাওয়া যায় তাহা হইলে প্রব্যাদি উৎপাদনের কোনো সার্থকতাই থাকে না। তাহার কাজে কত পাওয়া যাইবে সেই সমস্ত হিসাব কেরাণীই রাখে। সাধারণ-

An Announcement under Section 93 (I C) 3

INDIAN MINERAL INDUSTRIES LIMITED.

MANUFACTURERS OF
MINERALS & MINERAL PRODUCTS

22-1, Dum Dum Road, Calcutta. Phone : B. B. 6465

Paid-up Capital Exceeds Rs. 1,00,000.

DIVIDEND

Paid on Ordinary Shares (Free of Income Tax)	
In 1942	7½%
In 1943	9%

Limited number of 6½ Cumulative Preference Shares of Rs. 50/- each are available.

Consent of the Central Government has been obtained under Defence of India Rules for further issue of Capital. Government of India do not take any responsibility for the financial soundness of any scheme or the correctness of any statement made or opinion expressed with regard to them.

সাহেব অভিমান নেই করে। তাহার জন্যই টাকাকড়ি আদায়পত্র হয়। শিল্প-বাণিজ্যের অঙ্গপ্রত্যঙ্গ বিশ্লেষণ করিলে দেখা যায় "ক্রেডিট"। এই "ক্রেডিট" কে চিরন্তন করিয়া টাকার আবিষ্কারক কেরানী। আইনসঙ্গত খাঁটিয়া সে এই সমস্ত ব্যবস্থা করিয়া থাকে। ইহা ছাড়া দ্রব্যাদি নির্মাণের সময় অনুমোদন (Order Sheet) নির্দেশনামা (Drawing List), নক্সা (Drawing) প্রভৃতি প্রস্তুত করিতে তাহাকে যথেষ্ট প্রয়োজন (ব্লাডপ্রিন্ট্যান্স, টাইপিং প্রভৃতি কেরানী দ্বারা আজ কিছুই নয়)।

আজ কথায় বলিতে বলিতে হয় যদি মালের খাতাপত্র নষ্ট করিয়া ফেলা হয় তাহা হইলে সমস্ত ব্যবসায়-বাণিজ্য নষ্ট হইয়া যাইবে। নক্সা না হইলে কারিগর কিছুই নির্মাণ করিতে পারিবে না। বিলপত্র না করিলে টাকা আদায় অসম্ভব। এখানে প্রশ্ন উঠিতে পারে যে, অর্থের প্রবাহকে কেরানী সুগম রাখে নক্সা, কিন্তু তাই বলিয়া তাহার কার্যকে আমরা বিক্রয়শীলতা (Productive) কি হিসাবে বলিব ? অর্থনীতিতে উৎপাদক ও অনুৎপাদক শ্রম লইয়া বহু তর্ক-বিতর্ক আছে। তাহার বিস্তারিত আলোচনা না করিয়া শুধু এইটুকু বলি সেই যথেষ্ট হইবে যে, বর্তমান উৎপাদন-প্রণালীর বৈচিত্র্য এর সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে আলোচনা করিয়াছে যে, কোনো বিশেষ ব্যক্তিকে বস্তুবিশেষের উৎপাদক না বলিয়া যে সমস্ত ব্যক্তির সম্মিলিত শ্রমে উহা উৎপাদিত হইয়াছে সেই সমস্ত ব্যক্তিকেই উহার উৎপাদক বলা উচিত। একটী রোলারের (Road Roller) প্রকৃত নির্মাতা তাহাকে বলিব ? একজন নক্সা করিয়াছে, আর একজন কলা গড়িয়াছে, অপর ব্যক্তি চালাই করিয়াছে। এই তিন জনের কোনো একজনকেও বাদ দেওয়া অসম্ভব। যে মেশিনে ফেল দেয় বিক্রয়শ্রী হইতে তাহাকে বাদ দিতে পারি না। সেইরূপ যে শ্রমের সাহায্যে অর্থের গমনাগমন সুগম রাখিয়া, চার্ট ও নির্দেশনামা প্রস্তুত করিয়া দ্রব্যাদির নির্মাণে সহায়তা করিতেছে সেই কেরানীকে বিক্রয়শ্রীর অঙ্গস্বরূপ কর্মী না বলিব কেন ?

কেরানীকে অনেক ব্যক্তিই শ্রমিকশ্রেণী-ভুক্ত করিতে নারাজ। তাঁহাদের যুক্তি হইতেছে এই যে, যাহারা মৈথিক শ্রম করে তাহারাই শ্রমিক। কেরানী মানসিক বা বুদ্ধি-সম্বন্ধীয় শ্রম করে, সুতরাং সে শ্রমিক হইতে পারে না। এইরূপ পার্থক্য নির্দেশ অযৌক্তিক। মজুরের সুদক্ষ মৈথিক শ্রমের সঙ্গে সঙ্গে মানসিক শ্রমও করিতে হইতেছে। কারিগরকে যেমন মোট ও মজুরি দুইটীই খাটাইতে হয় কেরানীকেও ঠিক তেমনি। টাইপরাইটার, কম্পটোমিটার প্রভৃতি যেসিনে যাহারা কাজ করে, এবং যাহারা কলম পেশে, তাহাদের মৈথিক পরিশ্রম যথেষ্ট হয়।

আর একদল বলেন, উৎপাদিত দ্রব্যে আমরা মজুরের ঘর্মাক্ততার শ্রম উপলব্ধি করিতে পারি, কিন্তু কেরানীর কোনো শ্রম উপলব্ধি করা যায় না। ইহার উত্তরে এইটুকু বলিলেই যথেষ্ট হইবে যে, এখন বহু শ্রেণীর শ্রমিক আছে যাহাদের শ্রম-উপাদান ধরা যায় না। যে যান্ত্রিক দক্ষতে পাঁয়ত কাটিয়াছে তাহার মেহনত উহার পরিবর্তন ঘটাইয়াছে ; কিন্তু যে লোহার রড (Rod) ধরিয়াছে বা চালাই করিয়া পরাইয়াছে তাহার মেহনতের কোনো ছাপই ঐ দক্ষতে পাওয়া যাইবে না।

ইহা ছাড়া যদি আর্থিক অবস্থার দিক দিয়া বিচার করি তাহা হইলে দেখিব, কেরানী-মজুরে বিশেষ পার্থক্য নাই। মজুরের মত অনেক স্থানে কেরানীরও মৈথিক হারে মাহিনা নির্ধারণ হইতেছে। কি আর্থিক অবস্থা, কি উৎপাদনে আজ এমন যে দিক দিয়াই দেখি না কেন কেরানী মজুরেরই একটী শাখা-শ্রেণী মাত্র। "মিস্ত্রি" ও "মুন্সিতে" যেরূপ পার্থক্য সেরূপ তাহারা শ্রমিক, কেরানীও ঠিক সেইরূপ।

ভারতের বাজার জনসংখ্যায় কেরানীর সংখ্যা অল্প নহে, তথাপি তাহার একটা স্থান আছে (কারখানার যেখানে মজুরের স্থান শতকরা ৮৮·৫%, কেরানীর স্থান সেখানে ৬·৫%)। বিদ্যালয়ে যাহারা লেখাপড়া করে তাহাদের বেশীর ভাগই হইতেছে কেরানীর ছেলেদের। ইহাদের (কেরানী) আয় হইলে শিক্ষাপ্রতিষ্ঠানগুলি বেশীর ভাগ অর্থ-শূন্য হইবে। বাঙ্গলার অধিকাংশ হাসপাতাল সমূহে ইহারাই কৃষকদের লইয়া, সিনেমা দেখিয়া, পোষাক-আসাক পরিধান করিয়া নভেল নাটক পাঠ করে। বেশীর ভাগ ইহাদের চাহিদার উপর নির্ভর করিয়া অনেক ছোটোখাটো ব্যবসায়ী ব্যাপারী জীবিকা আছে। ইহাদের অভাবে তাহারাও অর্থাভাবগ্রস্ত হইবে ; সে অর্থের অভাব হইবে সুদূরপ্রসারী।

বর্তমান যুদ্ধে প্রায় সকল শ্রেণীই অল্প-বিস্তর অর্থাভাবগ্রস্ত হইয়াছে। কিন্তু কেরানী যে কি ভাবে দিন দিন অকূলের গহ্বরে নামিয়া যাইতেছে তাহা অনেকেই ভাবিতে পারিতেছে না। ইহা বলিতে চাহি না যে, কৃষক-শ্রমিকের অবস্থা খুবই ভাল। আমাদের বলিবার উদ্দেশ্য এই যে, কেরানীর অবস্থা এমন ভয়াবহ হইয়া দাঁড়াইতেছে যে, প্রত্যেক চিন্তাশীল ব্যক্তির এই দিকে অবহিত হওয়া একান্ত প্রয়োজন।

মূলা সাধারণ মধ্যবিত্তের মতন নিজের অবস্থা সে যতদূর সম্ভব চাপিয়া রাখিতে চেষ্টা করে। তাহার আয়-ব্যয়ের হিসাব লইলে বেশ বুঝা যাইবে যে, সে কি ভাবে ঋণগ্রস্ত ও সর্বস্বান্ত হইতেছে। আগুনী ভাতা এ অবস্থার কোনো প্রতীকারই করিতে পারিবে না। তাহার মাসিক আয় ধরে ৫০৲ ও খোরাকের সংখ্যা ধরে ৬টী করিয়া বলিলে বেশী যাইবে

যে, বর্ত্তমান রেশনিং প্রথা অনুযায়ী চাউল, আটা ও চিনি বিলিতেই তাহার ৪০৲ খরচ হইয়া যাইবে। কয়লা ও তৈল বাবদ ১০টী টাকা পৃথক করিবে। বাড়ী ভাড়া বা খাজনা, ট্যাক্স, মেরামতী, খুচরা, জামা, ছেলেদের স্কুল মাহিনা প্রভৃতি অন্যান্য প্রয়োজনীয় খরচপত্র নির্ব্বাহ করা তাহার পক্ষে এখন দুরূহ সমস্যার বিষয়। প্রয়োজনীয় খাদ্যের অভাবে ও অন্যান্য দ্রব্যাদি পাইতে যারা হওয়ায় কেরাণী ও তাহার পরিবারবর্গ রোগগ্রস্ত হইতেছে। চিকিৎসা করাইবার সামর্থ্য তাহার নাই।

অর্থনৈতিক দুরবস্থার সহিত রোগ ও স্বাস্থ্যহীনতার যোগ রহিয়াছে। শুধু যে চিকিৎসার জন্য পয়সা খরচ হয় তাহা নহে, অনুপস্থিতির দরুণ আয় কম হয়, মাহিনার অঙ্কও কমিয়া যায়, অকাল-মৃত্যু পরিবার-বর্গকে অনিশ্চয়তার মধ্যে ঠেলিয়া দেয়। ভবিষ্যৎ দুর্ভাবনার দাহিয়া ও দুরদৃষ্টিতা অশান্তিদায়ী হইয়া দাঁড়ায়।

বাংলার কেরাণী-সমাজ আজ এমন অবিচারের মধ্যে আসিয়া উপস্থিত যাহা কল্পনাতীত। কেহ কেহ পুত্রের বিদ্যালয় যাওয়া বন্ধ করিতে বাধ্য হইতেছেন। কেহ কেহ এ আর পিতে ছেলেদের নিযুক্ত করিতেছেন। অনেকে পরিবার ও আত্মীয়-বিজন সুদ্ধ করিয়াছেন। যেরূপ দ্রুতগতিতে দৈন্য-দুর্দ্দশা এই সমাজকে আক্রমণ করিতেছে তাহা যদি আর বেশী দিন চলে তাহা হইলে এক বিশাল সর্ব্বহারা সমাজের সৃষ্টি অবশ্যম্ভাবী। কেরাণীদের নৈতিক ও মানসিক অবনতি শুধু যে তাহাদের নিজেদের জীবনকে অতিষ্ঠ করিতেছে তাহা নয়, দেশের আর্থিক জীবনে অতি জটিল আকার ধারণ করিতেছে। তাহাদের ব্যাপক অসন্তোষ কোম্পানী ও কারখানার অপ্রত্যক্ষ খরচ (overhead charges) বাড়াইয়া দিতেছে।

স্বতন্ত্রভাবে ব্যবসায়ী প্রতিষ্ঠানের দ্বারা এ অবস্থার প্রতীকার হইতে পারে না। সরকারকে উহার দায়িত্ব লইতে হইবে। বর্ত্তমান অবস্থায় যারা সম্ভব ও সুসাধ্য সেইরূপ কয়েকটী উপায় আমরা এই স্থলে উল্লেখ করিতেছি :—

(১) খাদ্য ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহের ব্যবস্থা। রেশনিং প্রথায় বহু ত্রুটী থাকা সত্ত্বেও তাহা এখন অত্যন্ত কার্য্যকরী। অবশ্য উহার সংশোধন আবশ্যক। যথা জাল কার্ডের ব্যবস্থা করা দরকার। অসাধুতাগ্রস্থের সরবরাহ ভাণ্ডার স্থাপন আর একটী কল্যাণকর পন্থা।

(২) দুর্গতি-নিবারক তহবিল সৃষ্টি। সরকার ও মালিকেরা মোটা টাকা দান করিয়া একটী তহবিল সৃষ্টি করিবেন এবং মাসে কেরাণীর মোট টাকা বাদ দিয়া ঐ তহবিলে অর্থ আদায় করিবেন। ঐ টাকা হইতে কেরাণীরা প্রয়োজনমত ধার পাইবে। কোম্পানী যারা দান করিবেন তারা সাধারণ খরচার মধ্যে না ফেলিয়া খাতায় "এসেট" হিসাবেই এখন ধরা হইবে। পরে যখন ভাল সময় আসিবে তখন যা খরচের কিছু কিছু অংশ খরচার হিসাবে লিখিয়া উহার ব্যবস্থা করা যাইবে।

(৩) কেরাণী সমিতির প্রতিষ্ঠা। প্রতিষ্ঠান সংঘের অন্তর্ভুক্ত করিয়া বা পৃথকভাবে কেরাণী সংঘের আইনসঙ্গত প্রতিষ্ঠান আবশ্যক। তাহাদের অভাব-অভিযোগ জিজ্ঞাসা অনুসন্ধানেরও থাকিয়া যেতে। দিন দিন মালিকেরা কেরাণীদের অধিকার ও দাবীসমূহ এমনভাবে লঙ্ঘন করিতেছেন যে, কেরাণীরা এখন সঙ্ঘবদ্ধ না হইলে তাহাদের দুরবস্থার সীমা থাকিবে না।

"জাতীয় ব্যাঙ্ক মানে 'স্বজাতি দ্বারা পরিচালিত'—শুধু এই নয়। জাতির অর্থনৈতিক ভিত্তি গড়ে তুলতে যারা সাহায্য করে তারাই-----"

আপনার টাকা আপনার ছাত্রদের সন্তান হয়ে থেকেও দেশের ও জনের কাজ করতে পারে, জাতির অর্থ-নৈতিক ভিত্তি দৃঢ় করতে পারে—

সেণ্ট্রাল ক্যালকাটা ব্যাঙ্ক লিমিটেড

বিলীত মূলধন　　— ১০,০০,০০০৲ টাকা
আদায়ী মূলধন　　— ৪,৩১,১২৮৷৵৯ পাই

১৯৪১ সালে ৭½٪ ও ১৯৪২ এবং ১৯৪৩ সালে ৭½٪ আয়কর-মুক্ত লভ্যাংশ দেওয়া হইয়াছে।

হেড অফিস :—
১৩, ক্লাইভ-ষ্ট্রীট, কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টর—
দেবীদাস রায়, বি এ

ভারতীয় জীবন-বীমার সাম্প্রতিক সমস্যা

(শ্রীপ্রভাকর মিত্র)

সম্প্রতি বোম্বাই সহরে ইণ্ডিয়ান লাইফ অফিসেস্ এসোসিয়েশনের বার্ষিক অধিবেশনে সভাপতি মিঃ ডে এক নাতিদীর্ঘ ভাষণে ভারতীয় জীবন-বীমা ব্যবসায় সম্মুখে যে দুরূহ সমস্যার উদ্ভব হইয়াছে তাহার বিশদ বিশ্লেষণ করিয়াছেন। তিনি বলিয়াছেন, "১৯৪৯ সালের জীবন-বীমা আইনের সাহায্যে আভিজাত্য বাহাতে আমাদের দৃষ্টি মোহাচ্ছন্ন না হয় তৎসম্বন্ধে সতর্কবাণী উচ্চারণ করা আমি কর্তব্য বলিয়া বিবেচনা করি। এ ব্যবসা অবস্থিবিলম্বে যে সঙ্কীর্ণ অবস্থায় উপনীত হইবে তাহার সম্যক উপলব্ধি এখনই হিতের। জীবন-বীমা ব্যবসার অগ্রগতির পথে বাধা স্বরূপের উপকরণগুলি আমা তুলিয়া দাঁড়াইতেছে। এতদবস্থায় ব্যবসা পরিচালনার অনুকূলসাধারণ বিক্রয়-কার্য্যের অনুষ্ঠিত না হইলে আপাতসুন্দর লাভ-ক্ষতির ভবিষ্যৎ দ্রুত-পরিবর্তন ঘটিতে পারে।

"আমী কালের ক্রম বর্ধমানি বর্ধনপ্রাপ্ত আমাদের মনে হয় ভারতীয় বীমা ব্যবসা আজের বহু শক্তির ও ব্যয়ের দুরূহ বহনের উপর সফলের সম্পূর্ণ নির্ভর করিবে। বস্তুতঃ এখন হইতেই এই প্রতিকূল কারণগুলি কার্যকরী হইয়াছে। ইহাদের যে কোন একটি কালেই যথেষ্ট অস্বস্তিকর।"

সমস্যার জটিলতা ও গুরুত্ব সম্যক হৃদয়ঙ্গম করিতে হইলে জীবন-বীমা ব্যবসার বিশেষত্ব ও কি কি উপাদানে এই ব্যবসা গঠিত তাহার কিঞ্চিৎ আলোচনা করা প্রয়োজন মনে করি। সাধারণ ব্যবসা বা কারবারে মালের বিক্রয়-মূল্য ও ক্রয়-মূল্যের যে পার্থক্য তাহা হইতে খরচপত্র ইত্যাদি বাদ দিয়া যাহা উদ্বৃত্ত থাকে তাহাই লাভরূপে লাভ তুলিয়া অভিহিত। যদি বিক্রয়-মূল্য ক্রয়-মূল্য হইতে কম হয় তাহা হইলে কারবারে লোকসান সুনিশ্চিত। খরচপত্রের পরিমাণ ও মালের বিক্রয়-মূল্য হইতে ক্রয়-মূল্যের পার্থক্যের উপর কারবারের লাভের পরিমাণ নির্ভর করে। কিন্তু খরচপত্রের স্থানবিশেষ দেশের আর্থিক অবস্থার সহিত জড়িত। কোন খরচের এ তারতম্য খরচপত্র বেশী ও কোনও খরচের কম হইতে পারে, তখন লাভের পরিমাণও কম ও বেশী হইবে; এ বিষয়ে ব্যবসায়ী কোনরূপ নিয়ন্ত্রণ করিতে পারে না। কিন্তু জীবন-বীমা ব্যবসার গঠন এ প্রকৃতি সম্পূর্ণ ভিন্ন প্রকার। এখানে মালের বিক্রয়-মূল্য পূর্বাহ্নেই নির্ধারিত হয়। মাল বাজারে আসিবার পূর্বেই তাহার মূল্য নিরূপিত হইয়া যায়। ব্যবসায়ী মালের বিক্রয়-মূল্যের অতিরিক্ত ব্যবস্থায় অন্যান্য খরচপত্র নিয়োজিত করিতে পারে, নতুবা লোকসান। এ আধার সাধারণ ব্যবসার ন্যায় সাময়িক বাৎসরিক লোকসানে নয়—ব্যবস্থার অতিরিক্ত খরচপত্র করিয়া চলিলে "অ্যাডুয়েলনে" বাইতি ঘটিবে। এই হইল প্রথম কথা। দ্বিতীয় কথা এই যে, সাধারণ ব্যবসায়ী খরচের খরচপত্র বাদে উদ্বৃত্ত অর্থ বিনিয়োগ করিয়া মূল অর্জন করিতে থাকে। যদি অবশ্য সেটা তাহার অভিপ্রেত। কিন্তু জীবন-বীমা ব্যবসার প্রকৃতি এইরূপ যে, খরচের উদ্বৃত্ত অর্থ পৃথক করা বা তহবিলে তলাতুলির করিয়া সমূহ তহবিলের উপর ব্যবস্থানুযায়ী সুদ অর্জন অবশ্য কর্তব্য। নতুবা এক্ষেত্রেও 'অ্যাডুয়েলনে' বাইতি ঘটিবার আশঙ্কা। সুতরাং দেখা যাইবে, 'অ্যাডুয়েলন' কি এবং জীবন-বীমা ব্যবসায় উহার গুরুত্ব কতখানি। বাৎসরিক প্রিমিয়ম বা টাকা দিয়া জীবন-বীমা ক্রয় করা হয়। তাহাতে মৃত্যু ঘটিলে বা নির্দিষ্ট পরিমিত কাল উত্তীর্ণ হইলে জীবন-বীমার অর্থ পাওয়া যায়। যাবৎ না ঐটা পর্যন্ত প্রিমিয়ম দিতে হয়। এই প্রিমিয়ম গঠনে মানুষের মৃত্যু-হার, ভাবী খরচের ও সুদের হার নির্ধারিত থাকে। প্রতি খরচের বা অন্ততঃ পাঁচ খরচের অন্তর একবার কোম্পানীর গতি ব্যবসায় অ্যাডুয়েলন করিয়া বাড়তি বিতরণ করিতে হয়। তাহাতে গতি জীবন-বীমার মোট বাড়তি নিরূপিত হয়। যদি উপরি-উক্ত তহবিল (যাহা জীবন-বীমা তহবিল নামে খ্যাত) হইতে নিরূপিত মোট বাড়তি কম হয় তাহা হইলে উদ্বৃত্ত অর্থ কোম্পানীর 'লাভ্যাল্' বা লাভ। এই লাভ হইতে কোম্পানী জীবন-বীমাকারীদের ও অংশীদারদের বোনাস ও ডিভিডেণ্ড বা লভ্যাংশ দিয়া থাকেন। অবশ্য এটি দেখা গিয়াছে যে, কোম্পানীর মোট বাড়তি তাহার তহবিলে গচ্ছিত মোট সম্পত্তি হইতে বেশী তাহা হইলে অ্যাডুয়েলনে বাইতি ঘটিয়াছে বলিতে হবে।

ভারতের অধিকাংশ কোম্পানীগুলিরই প্রিমিয়মের হার ৪%—৫½% সুদে বাঁধা। তাহারা গড়পড়তা এই হারেই ভ্যালুয়েশন সুদ ধার্য্য করিয়া আসিতেছিলেন। বর্তমানে হ্রাসকৃত সম্ভা-মূল্য-নীতি অবলম্বনের ফলে সুদ অর্জনের পথ ক্রমশঃ বন্ধুর হইয়া উঠিয়াছে। এখনে অনেক সময়ে ৫৫০ টাকায় সুদ পাওয়া যায় না। ১৯৪২ সালের

নোয়াখালী ইউনিয়ন ব্যাঙ্ক লিঃ

হেড অফিস—৭৩, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

অন্যান্য কলিকাতা অফিস—

বাগবাজার, ভবানীপুর, বড়বাজার ও শ্যামবাজার

অন্যান্য শাখাসমূহ

ঢাকা, ফিদোরেগঞ্জ, নয়াগ্রামবাজ, নোয়াখালী, লোনাপুর, চৌমুহনী, টাঁদপুর, পুরাণবাজার, বেলী, কুমিল্লা, নবাবপুর, বর্ধমান, চৌমুহনী, পূর্ণিয়া, পাটনা, বেনারস, আরা, রাঁচী, তাজপুর, আসানসোল, জলপাইগুড়ী ও শিবসাগর।

কার্য্যকরী তহবিল—

১,০০,০০,০০০৲ এক কোটি টাকার উপর

এতদ্দেশী ভারতের সর্বত্র বড় বড় ব্যবসাকেন্দ্রে

এজেন্সি দিবেন। :—মিঃ এস, সি, পাল।

ইহার মূলে মুনাফাসিকারীগণই অধ ইণ্ডিয়েবেল লভ্যাংশবৃদ্ধির প্রস্তাব করিয়াছেন যে, বর্তমানে সাধারণভাবে ডিভিডেণ্ডের লভ্যতা ৫০ টাকার বেশী মূল্য অনুমান করা সঙ্গত নয়। তবে আয়কর ইত্যাদি বাদ দিলে অনেক ক্ষেত্রে এই হার দাঁড়ায় ৩% মূল্যে মাত্র সহকার। তাহা হইলে লভ্যতা কতখানি অকিঞ্চিৎকর একবার ভাবিয়া দেখুন। ১৯৪১ সালের শেষে দেখা গেল ভারতীয় কোম্পানীগুলির ব্যাঙ্কার মোট ২৩৭·২৪ কোটি টাকার দায়ী দেনা আছে। তাহার প্রিমিয়াম প্রায় ১১·২৭ কোটি টাকা। এই প্রচুর প্রিমিয়ম আয়ের বিতরণে বাধ দিলেও যথেষ্ট পরিমাণ অর্থের উদ্ধার কোম্পানীগুলির অন্ততঃ ৪% মূল্য অর্জন করা ব্যবসা রক্ষার্থে প্রয়োজনীয়। এখন মুনাফাসিকারীদের অর্থনৈতিক ৫% বিদ্যা ৩½% মূল্যে ডিবেঞ্চার-গুলি ভাঙ্গিলে অনেক কোম্পানীরই ভাঙ্গিয়া চুরমার হইবার সম্ভাবনা। সর্বসম্মুখ ফিলিপ্টাস কোম্পানীর অংশই ৩½% মূল্য হইতে ৩% মূল্যে ডিবেঞ্চারগুলি করার ফলে তাহাদের মোট বাড়তি ৪৪ লক্ষ টাকা দায়ীদারী বা পলিসি-হোল্ডারগণের জন্য সঞ্চিত রাখিতে হইয়াছে। কোম্পানীর হাতে প্রচুর অর্থ সঞ্চিত না থাকিলে নিম্ন সুদের হারে ডিবেঞ্চারগুলির প্রতিস্থাপনা করা কোম্পানীর পক্ষে অসম্ভব। তাই মি: নায়েক বলিয়াছেন—"বাড়তি আয়ের পথ, সম্ভবতঃ পরিবর্তিত অবস্থানুযায়ী প্রিমিয়ম-হার, সংশোধন করিয়া আয়ত্তে না আনা হইলে লভ্যাংশ যে সম্পূর্ণে আসিবে তাহা অনুমান করিতে বিশেষ কিছু বিদ্যাবুদ্ধির আবশ্যক হয় না।" এক্ষেত্রে আমরা প্রিমিয়মের হার বৃদ্ধি পাইলেই যে কোম্পানীগুলি লভ্যাংশযুক্ত হইবে তাহার আশ্বাস দিতে ভরসা পাই না। কারণ অবস্থানুযায়ী প্রিমিয়ম-হার বর্ধিত হইলে কোম্পানীগুলির নূতন আয়ের বেলায় যে প্রিমিয়ম-আয় তাহারই সুবিধা হইবে। কিন্তু চলতি আয়ের বেলায় যে প্রিমিয়ম-আয় দাঁড়াবে ৩½% মূল্যে জমা আছে তাহার বিশেষ কিছু সুবিধা হইবে বলিয়া মনে হয় না। তবে হয়ত বর্ধিত প্রিমিয়ম ধরণের হারের ব্যবস্থায় কিছু উন্নতি-বিশেষ ঘটিতে পারে। সুতরাং যে ভারবাদে সুদের হার ইতিপ্রোভাবে ধরিয়া লেই সুদের কোন হানি ঘটিলে বিপর্যয় অবশ্যম্ভাবী।

একেত সুদের আয় ক্ষীণ হইয়া আসিতেছে, তাহার উপর আবার ট্যাক্সের চাপ উত্তরোত্তর বৃদ্ধি পাইতেছে। ১৯৩৯-৪০ সালে টাকায় ৪২ পাই মোট ট্যাক্স ছিল।

বর্তমানে মিঃ এস আর রায়, বি-এল, ডিরেক্টর বেঙ্গলের তেরোমাসাধিকে আমাদের প্রতিষ্ঠান যোগদান করিয়াছেন। তাঁহার সুযোগ্য পরিচালনায় এই প্রতিষ্ঠান বিশেষভাবে সুপরিচিত হইয়াছে। মূল্য ডিরিজ উপর অতিরিক্ত প্রতিষ্ঠানসমূহ স্থাপন করা সম্পর্কে তাঁহার প্রাপ্তি আমাদের সহিত আলোচনা ও সহযোগিতা করিতেছেন।

আজ সকলের সর্বোপরি প্রয়োজন প্রচুর অর্থের। ব্যবসায় বহিয়া আনা করার সঙ্গে ইহা বাস্তবিকই একটি উত্তম প্রতিষ্ঠান। আমাদের ব্যয়ের টাকা যথাযথ ভাবিলে আপনি নিশ্চয়ই আনন্দ লাভ করিবেন, কারণ আধুনিক ব্যাঙ্ক-ব্যবসায়ের মূলে: ডিরিজ উপর এই ব্যাঙ্কটী স্থাপিত; আর প্রচুর অর্থ লইয়া পরিচালনা, বিশেষ ও বর্তী ডিরেক্টর বেঙ্গলের অর্থনে এই ব্যাঙ্কটী পরিচালিত হইতেছে।

বাণীয়ন ও প্রবাসবাসীদের প্রয়োজনীয় সাধার (যাহা শীঘ্রই খোলা হইবে) প্রাক আমেরিকার সহিত ক্রমক ও প্রবাস-প্রতিনিধিদানী ব্যাঙ্কিং যাবতীয় বিষয় হইতে যথাযথ আশ্বাস করা যাইতেছে। সর্বাধি উন্নত। আমন্ত্রণ জানী।

বাঙ্গলা, বিহার, উড়িষ্যা এবং আসামের প্রতিটি ব্যবসায়-কেন্দ্রসমূহে শীঘ্রই শাখা অফিস স্থাপন করা হইবে। যোগ্য ব্যক্তিদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

সিভিল ব্যাঙ্ক অব ইণ্ডিয়া লিঃ

৩৯নং ম্যাঙ্গো লেন, কলিকাতা

কেবল: বনাগার

১৯৫০-৫১ সালে তাহা বর্দ্ধিত হইয়া ৬৫½ পাই-এ উঠিল। ১৯৫১-৫২ সালে তাহা ৫৬ পাই, ১৯৫২-৫৩ সালে ৬৩ পাই এবং অবশেষে ১৯৫৩-৫৪ সালে মোট ট্যাক্সের ভার দিয়া ৭৯ পাই দাঁড়াইল। বর্ত্তমানে ট্যাক্সের ভার টাকায় সর্ব্বোচ্চ ৬৩ পাই ধার্য্য করা হইবে বলিয়া অর্থমন্ত্রী স্থির করিয়াছেন। এখানেও জীবন-বীমা যে সাধারণ ব্যাপার নয়, সমাজ-সেবা ও লোকের সঞ্চিত অর্থের তত্ত্বাবধান যে তাহার কর্ম্ম ও কার্য্য তাহা বিশেষভাবে করা হইয়াছে। সে কথা বিবেচনা করিলে সর্ব্বোচ্চ ট্যাক্সের হার আরও কম করিয়া নির্দ্ধারণ করাই পরামর্শদাতাদের পক্ষে সঙ্গত ছিল।

এইত গেল বর্ত্তমানের সুদের সমস্যা। ভবিষ্যতে অর্থের যে অবস্থার উন্নতি ঘটিবে তাহা অনেকে মনে করেন না। পুনর্গঠনের যে খরচ দেখা যাইতেছে তাহাতে 'সস্তা-মুদ্রা'-নীতি যে সুদের পরের প্রভাবিত করিবে সন্দেহ নাই। বর্দ্ধিত প্রিমিয়ম হইলে বীমা কোম্পানীর সমস্যার কথঞ্চিৎ উপশম ঘটিবে বটে। তবে ভারতীয়ের গড়ে আয় অতি অল্প, সে হিসাবে সমাজ-সেবা ও জনপ্রিয়তার দিক দিয়া জীবন-বীমার মূল্য বৃদ্ধি কোন প্রকারেই পরিমাণ খুব হইবার আশঙ্কা নিরবধান।

মানবিধির অবস্থাভেদে খরচের হার অধিকতর বৃদ্ধি পাইয়াছে। অনেক মৃত্যুপূর্ব-কালীন অবস্থা কোম্পানীরাই খরচের হার সন্তোষজনক ছিল না, তবে তখন মন্দাবাজি খুব অর্জনের পর প্রকৃত আয়ের আভিমুখ্য কথঞ্চিৎ পরিপূরণ হইত। বর্ত্তমানে খুব অর্জনের পর কীণ হইয়া আসায় অনেক কোম্পানীই খরচের হার হ্রাস করিতে বাধ্য হইয়াছেন। ইহা অবশ্য আশাপ্রদ, কিন্তু খরচের হার হ্রাস করিবারও একটা সীমা নিশ্চই আছে। ব্যবসা পরিচালনার পক্ষে মূলধনের যে কর্ম্মকুশলতা আবশ্যক তাহার লাভকল্পে অযোচিত খরচ অবশ্যত্যাগী।

সুতরাং ভারতীয় জীবন-বীমা কোম্পানী-গুলি যে বর্ত্তমানে উন্নতি-সমৃদ্ধির সম্মুখীন হইয়াছে তাহাতে কোন সন্দেহ নাই। এক দিকে যেমন সুদের আয় কীয়মান, অপরদিকে তেমনি খরচের বহর বর্দ্ধমান। অনেকে মনে করেন যে, সুদের মূলতা ও খরচের আভিমুখ্য সন্তোষজনক মৃত্যু-হারের দ্বারা কথঞ্চিৎ পরিপূরণ হইতেছে। যথার্থ বলিতে গেলে, এক সর্ব্বগ্রহণ এডিয়েটাল ব্যতীত কোন ভারতীয় জীবন-বীমা কোম্পানীর বাস্তবিক মৃত্যু-হারের অভিজ্ঞতা নাই। এতদ্ব্যতিরেকে ভারতের সীমান্তে মুদ্রের যে বর্ত্তমান পরিস্থিতি তাহাতে মৃত্যু-জনিত মৃত্যুদাবের অভিজ্ঞতা ভারতীয় কোম্পানীগুলির ভাগ্যে কিরূপ ঘটিবে তাহা পূর্ব্বাহ্নে বলা কঠিন। সকল দিক দিয়া ভারতীয় বীমা ব্যবসায়ের সম্মুখে যে সব সমস্যা মুর্ত্ত হইয়া উঠিতেছে তাহার সুসমাধানের জন্য দেশের বীমাব্যবসায়ীদের সম্মুখে এখন হইতে একযোগে সচেষ্ট হওয়া কর্ত্তব্য।

মুদ্রাস্ফীতি (inflation) ভারতীয় সমস্যা। মুদ্রাস্ফীতির জন্য বাঁহারা দায়ী তাঁহারা এক জায়গায় উহারই অবসানাবাসনের সম্ভাবি করিয়া থাকেন। উহাদের মধ্যে পার্থক্য এই যে জায়গাকে কেহ দেখা যায়—কিন্তু মুদ্রাস্ফীতি চর্ম্মচক্ষুর অগোচর থাকে। জায়গা সমুদ্রের সমস্ত জায়গাটি করে—কিন্তু মুদ্রাস্ফীতি সর্ব্বসাধারণ লোকের অনিষ্ট করে; জায়গাটির ফলে অল্প বা একাধিক ব্যক্তির অনিষ্ট হয়—মুদ্রাস্ফীতির জন্য সমগ্র জাতির অনিষ্ট হইয়া থাকে; জায়গাকে ধরিয়া আদালতে বিচারার্থ প্রেরণ করা যায়—কিন্তু মুদ্রাস্ফীতি একটা আইনসঙ্গত পন্থা (অধ্যাপক সি এন ভকীল প্রণীত ইণ্ডিয়া ডিপি শীর্ষক পুস্তক, ১৪ পৃষ্ঠা)।

বেঙ্গল ববীন এ্যাণ্ড
প্লাইউড্ কোং লিঃ
সর্ব্বপ্রকার—
ববীন, প্লাইউড, চায়ের বাক্স প্রস্তুতকারক।



সর্ব্বপ্রকার
কাঠের
জন্য
যোগ করুন
কমার্শিয়াল টিম্বার

ম্যানেজিং এজেন্টস—
মেসার্স—সন্তোষ চাটার্জ্জি এ্যাণ্ড কোং
৪৪-৫৯, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা।
টেলিগ্রাম :—ব্যবসাদী
ফোন :—কলিকাতা ১৮৩৭

সমসাময়ী প্রেসিডেন্সের মহিমা

[অমনী]

সর্বপ্রথমেই প্রেসিডেন্সের কথা মনে পড়লেই সঙ্গে সঙ্গে আমার কবি বান্ধবের "লেডি"-র কথাই মনে পড়ে যায়। কিছুতেই রাজী হবেন না—বাইবার 'না' 'না' 'না', তবু অবশেষে রাজী হবে যান,—যখন 'হাঁ' 'হাঁ' 'হাঁ'।

ইনফ্লুয়েঞ্জার কথাটাই বলা যাক্। কিছু-দিন আগেই ঐ মারাত্মক ব্যাধির লক্ষণগুলি দেখে সর্বপ্রথমেই সতর্ক হয়েছিলেন। কিন্তু মুদ্রাস্ফীতির অপরাধের কথা অভিমানী সরকার কিছুতেই স্বীকার করবেন না। স্থির-বুদ্ধি অর্থনীতিবিশারদরা বরাবরই বলছিলেন, ইনফ্লেশনের লক্ষণ স্পষ্ট ও প্রত্যক্ষ হয়ে উঠ্‌ছে, সিটিন ও নরাদিল্লীর বড় বড় মুখপাত্ররা তবুই তারস্বরে ঘোষণা করছেন "নহে নহে নহে"। তাদের মতিমের উক্তিতে, তাদের বক্তৃতায়, তাদের বাণিজ্য-সচিব ও অর্থ-সচিবের বিবৃতি-বিজ্ঞপ্তিতে কেবলি বারবারে ঘুঘের জোরে অস্বীকারের সে কী অক্লান্ত প্রয়াস! সত্য কথা স্বীকার করলে প্রেস্টিজ নষ্ট হয়, দুনিয়ার বাজারে অকারণে কথা ছোট হয়ে যায়!

• • •

কিন্তু মাস কয়েক যেতে না যেতে সরকার পক্ষ থেকেই হঠাৎ সঙ্গে কথার ওঁতে ওঁতে স্বকৌশলে ঘোষণা-করা কথাটিকে একটু-আধটু করে চালু করার চাতুরময় প্রয়াস দেখা দিল। সেখানে কেবল অনুষ্ঠ খীকৃতিই নয়, বহু বহু মূল্য আইনে মুদ্রাস্ফীতি নিবারণের চেষ্টার কথা বিবিধবার্তা পর্যন্ত ঘোষণা করতে হল। ইনফ্লেশনই যদি "নয় নয় নয়," তবে "এ্যান্টি-ইনফ্লেশনারী মেজারস্"-এর অকারণ প্রয়োজন পড়ল কেন। জবাব খুবই সরল এবং "এক্সেডেন্ট অভিযোগের"। প্রেস্টিজ! প্রেস্টিজ!!

• • •

অসহায়তা ও অনুসন্ধিৎসার অনাবশ্যক "ডাক ছাড়" অবশ্য অন্যান্য ক্ষেত্রেও নাইই প্রেস্টিজ। এই দুরন্ত অভিমান ছাড়ে তবু ফসকায় না। এই বঙ্গ-জলাভূমি কলাকৌশল যে কোন থেকে আমদানী হয়েছে, সে-দেশের একখানি প্রথম শ্রেণীর সংবাদপত্রের অনুসন্ধানীয় আগ্রহ এ প্রসঙ্গে মনে পড়ে গেল। শুনেছি ঐ বিখ্যাত বিদেশী সংবাদপত্রে একটি ছোট্ট প্রথাত ইংরেজ ভদ্রলোকের মৃত্যু-সংবাদ বার হল। ভদ্রলোক যে-ক্ষেত্রে দশটাতে তবুও ছেড়েই আসেন সেক্ষেত্রে তিনি সম্পাদকের কাছে তাঁর মৃত্যু-সংবাদের বিরুদ্ধে লিখিত এক প্রতিবাদ-পত্র পাঠালেন। সম্পাদক ঘাবড়ে গেলেন। মস্ত একটা ভুল করে ফেলে বসেছি, তাই বলে ঐ সংবাদপত্র তার প্রেস্টিজ হারাতে পারে না। তাঁরা ভুল লেখাই দিয়েছে এমন কথা স্পষ্ট-ভাবে কিছুতেই স্বীকার করা চলে না। এদিকে জীবিত লোককে মেরে ফেলার অধিকার নেই। এখন উপায়? প্রেস্টিজ রক্ষারও একটা সমস্যার সামনে পড়তে হল। সম্পাদক ঐ সংবাদপত্রে ছোট্ট একটু সংশোধন বার করলেন: অমুক স্থানের অমুক বিখ্যাত লোকটি অমুক

পরীক্ষা করবার ছাইতে পরীক্ষিত ঔষধ ব্যবহার করুন

রেক্যালসিন—ক্যালসিয়াম গ্লুকোনেট, ক্যালসিয়াম ল্যাকটেট, ক্যালসিয়াম ল্যাকটোবিওনেট প্রভৃতি সংমিশ্রণে গঠিত ঔষধ। ক্যালসিয়ামের অভাবে জনিত রোগের চিকিৎসায় ইহা বিশেষ উপযোগী। অম্বরোগ, পেপ্টিক, ডিউডেনাল, ডায়াবেটিস বা গ্যাস্ট্রো, নার্ভি, ব্রঙ্কাইটিস, ইত্যাদি, রক্তহীনতা, ছুর্বলতা, ইনফেকশাস ডিজিজ, ম্যালেরিয়াজনিত রক্তহীনতা প্রভৃতি রোগে রেক্যালসিন অত্যন্ত ফলপ্রদ।

ইনজেকশনের জন্য—৩ ও ৫ সি, সি, এম্পুল সপ্তাহে দুইবার করিয়া (ইন্ট্রাভেনাস) দেয়। প্রথম ডোজ ২।৩ সি, সি, পরে সহ্যমত ডোজ বৃদ্ধি করা উচিত।
অন্যান্যঔষধের সঙ্গে ও দুর্বল রোগীদের পক্ষে এর ব্যবস্থা।

পানের জন্য—সিরাপ রেক্যালসিন। মাত্র ডাকমাশুল, বিনে ২।৩ বার অথবা ডাক্তারের উপদেশ অনুযায়ী।

পলিটোন—রোগ ভোগের পর রক্ত স্বাস্থ্যোন্নতির পক্ষে ইহা অতিশয় উপযোগী। পলিটোন ক্ষুধা বৃদ্ধি করে, হজমে সাহায্য করে, দেহের রক্ত বাড়ায় এবং ক্লান্তি অবসাদ দূর করে। রোগ ভোগের পর, অস্ত্রোপচার অবসাদ ও উহার পরে পলিটোন বিশেষ উপকারী। পলিটোনে শতকরা ১৪ ভাগ আয়ুর্বেদীয় বিশ্বাস থাকে।

উপাদান—ভিটামিন 'বি' সমবেত, ফিনাইল গ্লুকোর্সেট, থাইল ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, পটাসিয়াম, লেসিথিন, আয়রন (লৌহ), ইনসিলিন, পেপ্‌সিন, পেপ্‌টোন, ডায়াস্টেসিস ইত্যাদি, সালসাপ্যারিলা, অশ্বগন্ধা, শতমূলী, অমৃতমূল, অর্জুন, তুলসী ইত্যাদি।

ম্যালোসিড—ম্যালোসিড ম্যালেরিয়ার মহৌষধ ও রিল্যাপ্সের ঔষধ।

উপাদান—নিম্নলিখিত উপাদান (কুইনাইন, কুইনিডাইন, সিঙ্কোনিডিন), আর্সেনিক, লৌহ, সিকেল, কোরাণ্ডী, ম্যাগ্নেসিয়া, ডায়ু, বাসকপিতা, এবং ফোরাইড, ডায়াটিমিয় যন্ত্র ও অন্যান্য রোগে পরিচালক ও রক্তের ঔষধ এবং ম্যালিয়া, অম্বল, শাটা প্রভৃতি ম্যালেরিয়া প্রতিষেধক শ্রেষ্ঠ ভেষজাবলী সমবেত ম্যালোসিড প্রধান ঘর।

ম্যালোসিন—ম্যালেরিয়া ও অন্যান্য সংক্রামক জ্বরে।

বেরীসাইড—আঙ্গুর-পুদিনা, বাসক-সার, লৌহ, ম্যাগনেসিয়াম, ফিনুগ্রোগ্লুকেট, ইনসিন, এসেন্সিয়াল ইত্যাদি উপাদানে প্রস্তুত। ইহা যাবতীয় যকৃদ্রোগের, পা ফুলা এবং দৌর্বল্যে অনিদ্র রোগীর যেমনধান ও পুরাতন উদরাময়ে অত্যন্ত উপযোগী।

পলিক্লিনিক্যাল ল্যাবরেটরি লিঃ
১নং মতি শীল ষ্ট্রীট, কলিকাতা।

সালে অর্থমন্ত্রণ করেছিলেন : তাঁর বয়েস এখন এত ; তিনি এখনো সুস্থ শরীরে বেঁচেই আছেন ; ইতিমধ্যে তাঁকে বৈধব্যযন্ত্রণার সম্মুখে হয়েছিল বলে কোনো সাক্ষ্য পাওয়া যায় কি ইত্যাদি !

* * *

দুর্ভিক্ষ শ্রেণীর কথা তাদের সরকারের আত্মরক্ষাব্যাপারের আমরি ভীতিপ্রসূত। তাই তার মতের "আর্থিক জগৎ"-এর এই বার্ষিক সংখ্যায় লিখতে গিয়ে ভয় হয়। দুর্ভিক্ষে পড়েছিলাম। আমার আলোচ্য বিষয় ছিল বাঙলার আসন্ন দুর্ভিক্ষ। মন্বন্তরের সব লক্ষণ তখন আর ঢাকা নেই, সর্বত্র পুরোদমে প্রকট হয়ে পড়ছে। তবু সেই প্রথমে 'দুর্ভিক্ষ' এই শব্দটা ব্যবহার করার জো ছিল না। পেনাল কোডের ধারা খুলছে। মনে আছে ভয়ে ভয়ে লিখতে হয়েছিল। বাস্তব সত্য বলতে হয়েছিল ঘুরিয়ে ফিরিয়ে পরোক্ষ ভাষায়। আসল কথা অর্থাৎ দুর্ভিক্ষের কথা আমাকে বাড়ি নি, কিন্তু কলমের মুখে 'দুর্ভিক্ষ' শব্দটা এসে গেলেই তাবলদের অবাধ্যতে প্রয়োগের চিহ্ন দিয়েছি। কখনো বা ঐ অপরিহার্য শব্দের সঙ্গে 'যদি' 'তা হলে' ইত্যাদির সংযোজন করে তার মেরুদণ্ড ভেঙে দিয়ে মনের কথাকে কেবলি ইঙ্গিতে পৌঁছে দিতে হয়েছে। সরকারী শ্রেণীদের গায় আঁচড় লাগে এমন কিছু লেখা নয়।

* * *

সংবাদপত্রগুলি সব ঠিক সময়ে সঠিক শব্দটা স্বাধীনভাবে ব্যবহার করতে পারছিল না। অবশেষে কী করে যেন অমন কঠিন কাজ সহজ হয়ে গেল। সর্বশেষেও "বলতে হবে-না বলে-না" ভাবের ভেতর দিয়ে যেন বলতে না দিতে আর পারলেন না। ওদিকে অবশ্য লাভ-লোভের নদীর পারের দিকে আবেদি থেকে শুরু করে অনেক মধ্যে মন্ত্রিসভার মহারথীরা পর্যন্ত সকলেই একবাক্যে জানাচ্ছেন : "বাঙলায় দুর্ভিক্ষ যেমা যেমনি—যেমেও না। যেমন শুনছ যা, তা দুর্যোগ ও দুর্ভিক্ষ মাত্র—দুর্ভিক্ষ নয়।" পরে জানিয়ে জানান হচ্ছিল, যেমে চালের মাইনি নেই—যানবাহন-ব্যবস্থার অনিবার্য বিশ্রাটের ফলে সরবরাহে কিছুটা অসুবিধা ঘটছে এই যা। কথার কথা নয়। মন্ত্রাবিদ্রী সংখ্যাতত্ত্ব যেঁটে অঙ্ক কষে ঘণ্টা মিনিটে হিসাব দাখিল করে জানান : না খেয়ে কেউ যদি মরে তো সে হবে কেবল অর্থাভাবে, খাদ্যাভাবে নয়। অবশ্য আমেরের গাইডে চলে যাচ্ছে, তবু সরকার পক্ষ থেকে ঘোষণা করা হচ্ছে না যে, সেটা বেআইনী মারণ দুর্ভিক্ষ। শ্রেণীতে যায় যে !

* * *

'মা' অক্ষরের 'ভী' হল—অনেক পরে অবশ্য। কিন্তু ঘাটবড় দুর্ভিক্ষে মেরের লোকের কথাটা আদায় করে নিতে হল। 'দুর্ভিক্ষ' সরকারী দুষ্পাচ্যের মতন ও বিদ্যুটে চালু হয়ে গেল। অবশ্যই ভাজ-শব্দিতেও অবাধ্যির শব্দটা বিশেষণে দুর্ভিক্ষ হয়ে অনেকটা নরম হয়ে এসে বড় দুরবেই ব্যবহার হতে হল। এদিকে তখন 'দুর্ভিক্ষের' ছড়াছড়ি—সাংবাদে, সম্পাদকীয় প্রবন্ধে মন্তব্যে, ছবিতে-ছটোতে, প্রকাশ্যসভা, অবশেষে বেতারেও পর্যন্ত। দেখে শুনে মনেহই হয় : সেই তো হল বসালি, তবে কেন লোক হাসালি ?

* * *

বর্তমান ভারতের রাজনৈতিক অঙ্গন অক্ষুণ্ণ রাখার সর্বপ্রকার প্রচেষ্টাও দুর্ভিক্ষ শ্রেণীদের গায় আঁচড় খেয়ে খেয়ে কেবলি ব্যর্থ হয়ে যাচ্ছে। একশ্রেণীর মুখরক্ষা যেনতেনপ্রকার হলেও বড় ! কাগজকে দিয়ে আগে তৈরী

INDIAN FABRICS—House of Graceful & Sarees

বিবাহে, পূজায় ও ঈদ-সবে—

প্রিয়জনকে উপহার দিতে

"ইণ্ডিয়ান ফেবরিকসের"

আধুনিক ডিজাইনের সিল্ক ও সুতীর

বে না র সী



আনবার্তীয়

ঢাকাই, টাসাইল, বালুচর, মাদ্রাজ, বোম্বে-দাপা ও ক্রেপ শাড়ী, শান্তিপুর মস্লিনডামার

ধুতি ও শাড়ী ইত্যাদি

সস্তায় পাইবেন ..

সকলের সহানুভূতি ও পরীক্ষা প্রার্থনীয়—

অভিযোগ করুন অভিযে নিয়ে হবে, এইসব ক্ষেত্র-বিশেষের দক্ষ অনুযোগ উপদেশের "নৈব নৈব চ"। কিন্তু এই শ্রেণীর বা সর্বাঙ্গীণভাবে একটির আক্রমণে—যেমন করে ইতিমধ্যে দিনতে হয়েছে, উপভোক্তাদের অভিযোগ যখন করতে হয়েছে, তেমনি করে আলোচ্য-সীমানার পরেও আসতে হবেই। কিন্তু ইতিমধ্যে সরকারী মুরুব্বির হাল ধিয়ে নিয়ে বিদেশীরা যেন উজোড় হতে বসেছে। আমাদের আর্থ-বিধাতাদের ধরণ-ধারণই এই যে, তাঁরা অনেক কিছুই যেতে যেন—কিন্তু যেতে নেন খুব দেরীতে। ইতিমধ্যে ঔদাসীন্যের ফলে যে অপূরণীয় ক্ষতি হয়ে যায়, তার পূরণ করতে ঢের সময় চলে যায়। চোর পালালে পর যাদের বুদ্ধি খোলে তাদেরকে আমাবিধাতারা অবশ্য আদৌ বলে মনে করেন। তাঁরা অত অল্প নন। বহু আগে থেকেই জানেন সবই, বোঝেন সবই—শুধু কিছু জানেন না, বোঝেন না। তাঁরা জানেশানী! এই সত্যেরও মুরুব্বীই নাম শ্রেণীর!

* * *

কায়েমী স্বার্থের ঔরসে ও অন্যান্য অবশ্যম্ভাব গর্ভে এই সরকারী শ্রেণীরও জন্ম। তাই বার বার ক্ষমতা জাহির করতে হয়—অন্তত ক্ষমতার জান বজায় রাখতে হয়। ফলে এরই প্রচুর প্রাক্তন বিভিন্ন হয়ে যে বহুকাল বহু লোকের অবসর বিনোদনের খোরাক হয়ে থাকে। ট্রাওার্ড ফ্লুর বাজারে "এই এল, এই এল" করতে করতে এক বছর পার হয়ে গেল। তার পর যখন এল, তার পরিমাণ এতই কম যে একটানা খবার পরে কিছুকালের পরেলা খাকতে যেমন করে দুকার্ড মুষ্টিভিক্ষা টেনে নেয়, তেমনি বাজারে আসতে না আসতে গরীব-মারা কালোরা আর দেরী নেই। পরে ট্রাওার্ড ফ্লুর সম্পর্কে যা-হক একটা ব্যবস্থা হল। কিন্তু চালের সমস্যা মিটছে না। যেমনি "ঘরে ঘরে" করতে করতে কয়েক মাস নির্বিবাদে কেটে যায়। বিস্তর পরিষদি ও টালবাহানার পরে অবশেষে সেদিন সুরু হল—এখনো ঠিক ভালভাবে সারু হয়েছে বলতে পারি না। বলতে পারলে খুশীই হতাম। তালে কাঁকর বহু টাৎকারের পর কলে আসতে থাকে তো আগের চালের ভাল ও আটা খারাপ হতে আরম্ভ করে। পূর্ণ প্রতিশ্রুত কেরোসিন ও সরিষার তৈল এখনো প্রতিশ্রুতই হয়েই রইল। আবার কলা বিস্কুট! কলাও মিলছিল সরবরাহের সুখবর আর লোকে বিশ্বাস করছে না। সর্বনেশেটার কী জোর? ওঁরা এত কম দিয়ে সামলাবেন? সমস্যাটা পুরনো হেঁড়া কাপড়ে তালি দেওয়ার মতো। এদিকে একটু জোড়া দিয়ে চালালেই অমনিই ওখানে আবার নতুন করে ফাঁক দেখা দেয়। বহু-দিনের অনাদৃত-এ সে জাতি আপাতত একটু চাঙা পড়তেই আর এক ক্ষেত্রে আর এক নতুন উপসর্গ দেখা দেয়। অবস্থাটা যেন ছোট জামা-কাপড় পরে বৃদ্ধি ফুলবেন্ড তার আরু রক্ষা করতে চাইছে, তাই তাঁর লজ্জা ঢাকতে গেলে খোলটা ঢাকে না, আবার মাথার আঁচল টানতে গেলেই কোমরটি বার!

* * *

শুধু শ্রেণীর; শুধু জনসাধারণের আস্থা-ভাজন যোগ্য ব্যক্তিদের নিয়ে তাঁদের সাহায্য ও সহযোগিতায় সমস্যা সমাধানের চেষ্টা কেউ। নিজেরা পারবেন না, অন্তত যাঁরা অনায়াসে করতে পারেন তাঁদের কথাটা ভেবে-চিন্তে এবং মনে মনে মেনেও তাঁদের হাত দিতে বাধা কাটা যায়; সর্বজন-প্রমাণ অক্ষমতা একান্ত দিবালোকের মতই পরিষ্কার—সাক্ষিদের তরফে, লাল দুনিয়ার কাছেই। শুধু মুখে পরাজয় মানলে না। শুধু যুক্তির ও তর্কিবের অভাব ঘটে না। কবি গোল্ড-স্মিথের ফুল মাস্টারের মতো though vanquished could argue still. তখন পাবেন জনমত অধীকার করে, অনাদেরও সভা-সমাবেশ অভ্যাস করে "the lady protests too much." কিন্তু পেটে ভোজ সুখে লাজ! কথাটা তখন খাঁটিয়ে করতেই হয়, কি যে সুরুত অভিমানে লাগে যে! তখন লজ্জা সরম পথ ছেড়ে ধরিত্রীর আশ্রয় নিতে হয়—সরাসরি স্বীকার না করে মানা ভাবে নানান কৌশলে আস্তে ধীরে একটু একটু করে "না-না"কে "হা" করাতে হয়। কিন্তু ইতিমধ্যে অবস্থা আরো জটিল আরো ঘোরালো হয়ে দাঁড়ায়। তখন আবার নতুন করে মান-মর্যাদার বজায় রাখার চিন্তাকর্ষক খেলা। নিরপেক্ষ দর্শক হয়ে আমরা এই অবশ্য প্রয়োজন বেশ উপভোগ করেই যেতে পারতাম, যদি না ঐ প্রক্রিয়ার অভিনয়ের সঙ্গে দেশের জনসাধারণের জীবন-মরণ অস্তিত্বের কার্যকারণ সম্পর্ক থাকত—যদি না লক্ষ লক্ষ লোকের ক্ষুধার গ্রাস ঐ ছলনাময়ীর সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত হয়ে থাকত!

ইষ্ট এণ্ড ওয়েষ্ট ইনসিওরেন্স কোং
স্থাপিত—১৯১৩ লিমিটেড কোন—ক্যাল ২৭৪৪
হেড অফিস—ইষ্ট এণ্ড ওয়েষ্ট বিল্ডিংস্, বোম্বাই
সুপরিকল্পিত অর্থনীতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত একটি প্রগতিশীল বীমা প্রতিষ্ঠান
—সর্বত্র সম্ভ্রান্ত এজেন্ট ও অর্গানাইজার আবশ্যক—
আবেদন করুন :
চীফ এজেন্টস্ :—মোহন এণ্ড চৌধুরী
১০৫২ চার্চ রো, কলিকাতা

ভারতীয় কাঠ ও তাহার ব্যবহার

[শ্রীসরোজকুমার চট্টোপাধ্যায়, এম-এ]

বর্তমান যুদ্ধের প্রারম্ভকাল হইতেই রেলওয়ে ও সৈন্য বিভাগের তাগিদে ভারতীয় কাঠের চাহিদা যথেষ্ট বৃদ্ধি পাইয়াছে। ভারতে যে পরিমাণ কেতা কাঠ উৎপন্ন হয় তাহার অধিকাংশই উপরোক্ত দুইটি বিভাগ ক্রয় করিয়া লইয়াছেন। এমনকি অনেক ক্ষেত্রে আমাদিগকে চাহিদা দিয়া মাল আটকাইয়া রাখা হইয়াছে। সাধারণতঃ সেনাবিভাগের কাজে যে কাঠ ব্যবহৃত হয় তাহা 'কমিসেরাল' জাতীয় গাছের কাঠ। কল কোম্পানির আকৃতি এবং বর্ণিমা এই গাছকে বলা হয় 'কমিসেরাল'। গত কয়েক বৎসর যাবৎ এই জাতীয় গাছের প্রতি ভারতীয় বন-বিভাগ দৃষ্টি রাখিয়াছেন, সেই কারণেই আজ ভারতের এই বন-সম্পদ প্রচুর পরিমাণে যুদ্ধের কাজে লাগান হইতেছে। অল্পকাল স্থায়ী অথচ খুবই তাড়াতাড়ি বেশী ঘোট-ঘাট ঘর তৈরী করার প্রয়োজন আসিয়া পড়ে সেই প্রয়োজন মিটাইবার পক্ষে 'কমিসেরাল' জাতীয় কাঠ যথেষ্টই মূল্যবান। এই কাঠের তক্তাগুলি লম্ব লম্ব আর পাওয়া, সেজন্য অতি সহজেই এই তক্তাগুলিকে পেরেক দুঁকিয়া ঘরে পরিণত করা যাইতে পারে।

বাড়ী ঘর তৈরীর জন্য এইদেশে দেবদারু, চির, পাইন, নানাজাতীয় ফার ইত্যাদির কাঠ ব্যবহার হইতে পারে। হিমালয়ের বিভিন্ন উচ্চতায় এই সকল গাছ জন্মায় এবং উহাদের সংখ্যা অনেক। ৬০ হইতে নয় হাজার ফুট উচ্চে দেবদারু বন পাহাড়ের গায়ে মাইলের পর মাইল বিস্তৃত দেখা যায়। তারপর, যার তাহার ফুট উচ্চতা পর্যন্ত কেবল ফার গাছের জন্য। দেবদারু এবং ফার, এই উচ্চতা শ্রেণীর গাছই এতদঞ্চল হইতে দেড়শত ফুটের বেশী পর্যন্ত আস্তরনে বাড়িয়া চলে, এই সমস্তের পর গাছগুলির বেশী বাড়িলেও তাহাদের আস্তরন পূর্বের তুলনায় বেশীর অনুপাতে বৃদ্ধি পায় না। এই বয়সে কেবল যে আস্তরন-বৃদ্ধি করিয়া আসে তাহাই নয়, গাছের ভিতরে পচন সুরু হইয়া যায়। তবে দেবদারুর কথা অন্য; এই গাছ পচিতে আরম্ভ হইবার পূর্বেই অনেক বেশী কাটিয়া যায়।

হিমালয়ের অভ্যন্তরদেশ হইতে গাছ কাটিয়া লোকালয়ে আনিয়া কোথায় কাজ বন-বিভাগের কর্মচারীর উপর ন্যস্ত থাকে। অল্প গাছের কোনরূপ ক্ষতি না করিয়া সাবধানে গাছ কাটিয়া যাওয়ার কাজে দক্ষতার প্রয়োজন আছে যথেষ্ট। সাধারণতঃ শীতকালে কোমলী পাহাড়িয়ারা এই কাজ করে। কর্তিত গাছ অনেকের উপর পড়িলে তাহার কোন ক্ষতিই হয় না। কাঠুরিয়ারা গাছে উঠিয়া প্রথমে সমস্ত ডালপালা কাটিয়া ফেলে, তারপর আসল গাছটী কাটা হয়। গাছটী কাটা হইয়া গেলে সেই গাছটিকে নানা খণ্ডে বিভক্ত করা হয়; পাহাড়িয়া মজুরেরা সেই খণ্ডগুলি পাহাড় হইতে বাহিয়া আনে সমতলভূমিতে। নদীতে ভাসাইয়া দেওয়ার জন্যে বড়িয় সেতু আর লোকালয়ের প্রয়োজন হইয়া পড়ে।

ভারতবর্ষে যেসব কাঠের বাজার আছে তাহাদের মধ্যে পাঞ্জাবের বিলাস নদীর তীরের বাজারই সর্বাপেক্ষা বৃহৎ। এখানে বৎসরে প্রায় ৪ লক্ষ ঘন ফুট কাঠ বিক্রয় হইয়া থাকে। এই সব কাঠ প্রধানতঃ কাশ্মীরের বন হইতে আমদানী করা হয়। সরকারী সামরিক এবং বে-সামরিক কাঠ-পরিদর্শক বিভাগ কাঠ পছন্দ করিয়া দেওয়ার পর তাহা সরকারী কাঠ-কেতা কলে পাঠান হয়। যুদ্ধ আরম্ভ হওয়ার পর সরকারী সরবরাহ বিভাগ কর্তৃক ১৯৪২ সাল পর্যন্ত যে-পরিমাণ কাঠ এবং কাঠের জিনিস ক্রয় করা হইয়াছে তাহার মূল্য ১০ কোটী টাকারও অধিক। ১৯৪১-৪২ সালে প্রায় সাড়ে নয় কোটী টাকার কাঠ এবং কাঠের জিনিস ভারত সরকার ক্রয় করিয়াছেন। ১৯৪০-৪১ সালে এই টাকার পরিমাণ ছিল মাত্র তিন কোটী। জিনিস বাঁধিবার তার, কোদালের হাতল, ছোট-ছোট মুগুরের বাঁট, হাতুড়ির কাঠ ইত্যাদি কাজের জন্য ১৯৪২ সালেই প্রায় ১০ লক্ষ ঘন ফুট কাঠের চাহিদা দেখা দেয়।

ব্রহ্মদেশ ও আন্দামানদ্বীপ হইতে কাঠের আমদানী বন্ধ হইয়া যাওয়ার পর ভারতীয় সেগুন কাঠের ব্যবহার বৃদ্ধি পাইয়াছে। মোটর গাড়ীর কাজে, সোলাগুলি পাঠাইবার প্রয়োজনে এবং অন্যান্য যুদ্ধের দরুণকে সেগুন কাঠ প্রচুর পরিমাণে ব্যবহৃত হইতেছে। পুরাতন বন হইতে বেশী সংখ্যক গাছ কাটিয়া নামান হইতেছে; অনেক নূতন বনের সন্ধান দেওয়া হইতেছে।

যুদ্ধের প্রয়োজন মিটাইবার জন্য বোম্বাই, মধ্যপ্রদেশ, হায়দ্রাবাদ, মহীশুর ও পূর্ব ভারতীয় স্বাধীন রাজ্যগুলির বন-বিভাগ তৎপরতা দেখা দিয়াছেন।

বর্তমান যুদ্ধের প্রভাবে ভারতবর্ষে যে কয়টি নূতন শিল্পের প্রতিষ্ঠা হইয়াছে প্লাইউড্-শিল্প তাহাদের একটি। প্লাই-উড্ সাধারণতঃ তিন খণ্ড কাঠের চির দ্বারা অথবা আঠার সাহায্যে একত্র করিয়া তৈরী করা হয়, এই কাঠ ছাড়া অন্যান্য মজবুত। চায়ের বাক্স, প্যাকিং বাক্স, আসবাবপত্র এবং নরজা জানালার জন্য এই কাঠ প্রচুর ব্যবহার হয়, যুদ্ধের আগে প্লাইউড্ বিলেতের, ক্যানাডা, অষ্ট্রেলিয়া, আমেরিকা এবং জাপান হইতে আসিত। বর্তমানে বাংলা এবং আসাম প্রদেশে এই কাঠ যথেষ্ট পরিমাণে তৈরী হইতেছে; প্রধানতঃ শিমুল কাঠের চির হইতেই এই কাঠ প্রস্তুত হয়। শিমুল ছাড়া আম এবং জামাই কাঠের চিরও কাজে আসে। ভারতবর্ষে প্লাইউডের শিল্পকে উন্নত করিয়া তোলার পথে এখনও বহুদূর অগ্রসর হইতে হইবে। কাঠে ঘাতাতে পোকা না লাগে তাহার ব্যবস্থা করা, জোড়া লাগাইবার পদ্ধতি উন্নত করা ইত্যাদি অনেক বিষয়ই এখনও বিবেচ্য আছে।

ভারতীয় কাঠের চাহিদা বহু পরিমাণে বৃদ্ধি পাওয়ায় দেরাদুনের বন-সম্পদ গবেষণা বিভাগ সাধারণের নূতন বন-বিভিন্ন-অঞ্চলে বালবাবলিয়া ও নিম গাছের জন্মি-আবাদ আরম্ভ করিয়াছেন। গাছ কিনা কাঠ ব্যবহারে লোকের হাত হইতে সহজে ছকা পায় তাহার ব্যবস্থার উপরোক্ত গবেষণা বিভাগ যথেষ্ট চেষ্টা করিতেছেন।

ফোন কলি :—৫১৪১

ন্যাশনাল ইকনমিক ব্যাঙ্ক

লিমিটেড

হেড অফিস : ১৪ হেয়ার ষ্ট্রীট, কলিকাতা

শাখাসমূহ

ভ্রাম্যবাজার, আমতা, মধুপুর।

অত ১লা মে হাওড়া শাখা খোলা হইয়াছে

সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

বিজ্ঞাপন সার্থক হয় কি ভাবে

[রাধালদাস চক্রবর্তী]

প্রত্যহ খুম হইতে উঠিয়া মুখ-হাত ধোয়ার পর আমরা প্রায় সকলেই খবরের কাগজের উপর একবার চোখ বুলাইয়া লই। কিন্তু খবরের কাগজে কেবলমাত্র সংবাদই থাকে না, আরো অনেক কিছু থাকে। বিজ্ঞাপন তাহাদের মধ্যে একটা বিরাট অংশ। পণ্য-ব্যবসায়ীরা বহু অর্থ ব্যয়ে এই সব বিজ্ঞাপন দিয়া থাকেন। কিন্তু এই সব বিজ্ঞাপনের সবগুলি আমাদের দৃষ্টিকে আকর্ষণ করিতে পারে না। ইহার দোষ বিজ্ঞাপনের স্থান বা আকারের নয়—প্রধান দোষ বিজ্ঞাপনের ভাষায় এবং সজ্জায়। অবশ্য কর্পূরঘটিত বিজ্ঞাপন, সরকারী বা ব্যবসা সংক্রান্ত নোটিশ, টেণ্ডার আহ্বান প্রভৃতি বিজ্ঞাপন সংগ্রহে ব্যক্তি বিশেষই খুঁজিয়া লেন। কিন্তু পণ্য-দ্রব্যের বিজ্ঞাপনের ব্যাপারে এই কথা মোটেই খাটে না।

পণ্য-দ্রব্যের বিজ্ঞাপনের উদ্দেশ্য হইল, বিজ্ঞাপনের ভাষা এবং সজ্জায় পাঠক-সমাজের দৃষ্টি ঠকিতে আকর্ষণ করা এবং সেই সঙ্গে বিশেষ জিনিষটি সম্বন্ধে তাঁহাদের ঔৎসুক্য জাগাইয়া তোলা। আমি অনেকের মুখেই শুনিয়াছি, "বিজ্ঞাপন দিয়ে কি হবে? ও দিয়ে আর ব্যবসার প্রসার হয় না।" ইহাদের দোষ দেওয়া যায় না। কারণ বিজ্ঞাপন জিনিষটা রীতিমত আর্টের অধীভূত।

পূর্বেই বলিয়াছি, বিজ্ঞাপন জিনিষটা সম্পূর্ণরূপে আর্টের অধীভূত। দৃষ্টিশক্তির স্বচ্ছতা, রুচির সুপরিচ্ছন্নতা এবং সৌন্দর্য-বোধের নিপুণতা যদি না থাকে তবে বিজ্ঞাপনকে সাজাইয়া তোলা কোনক্রমেই সম্ভব নয়। তাহার কতকগুলি নিয়ম থাকিলেই এক বিজ্ঞাপনের আকার বড় হইলেই পাঠক-সাধারণের দৃষ্টি তাহে আকর্ষিত হয় না।

ভালো ভালো বিজ্ঞাপন দেখিলেই বোঝা যাইবে—বিজ্ঞাপনের কতকগুলি নির্দিষ্ট অংশ আছে। এই অংশগুলির সমাবেশেই বিজ্ঞাপন সার্থক ও আকর্ষণীয় হইয়া উঠে। অংশগুলি সাধারণতঃ—শিরোনামা (Headline), চিত্র (Illustration), জিনিষের নাম, বিজ্ঞাপনের বক্তব্য বিষয় (Body matter), জিনিষের মূল্য এবং কোম্পানী বা বিজ্ঞাপনের দাতার নাম। তবে এই সবগুলিই যে প্রত্যেক বিজ্ঞাপনে নিয়মিতভাবে নিয়মে সন্নিবেশ থাকিবে এমন নয়। প্রয়োজন-সিদ্ধির সুকৌশল যোজনার উপর ইহা নির্ভর করে।

শিরোনামার কথাই বলা যাউক। শিরোনামার প্রধান উদ্দেশ্য হইতেছে পাঠকের দৃষ্টি সেদিকে আকর্ষণ করিয়া বিজ্ঞাপনটি সম্বন্ধে তাঁহাকে কৌতূহলী করিয়া তোলা। কাজেই প্রথম দৃষ্টিতেই যেন পাঠক বিরক্ত না হইয়া উঠেন—শিরোনামাটি কাটা হইবে অল্প ২।৩টি কথায় এবং এমনভাবে সজ্জিত যে পাঠক বিজ্ঞাপনের বক্তব্য বিষয়টি পড়িবার জন্য আগ্রহান্বিত হন।

তারপর শিরোনামাটি মূলতঃ থাকিবে বিজ্ঞাপনের বক্তব্য বিষয়ের সংক্ষিপ্ত সার—এক কথায় সকলেই যেন বিজ্ঞাপনটি সম্বন্ধে সচেতন হইয়া উঠেন। বক্তব্য মুটামুটি বিলা হইলাম। একটী ট্রাক ছবি করিয়া তুলিয়া

বালিগঞ্জ ব্যাঙ্ক লিমিটেড

১৮৭নং রাসবিহারী এভিনিউ, কলিকাতা।

স্থাপিত—১৯৩৩

টেলিগ্রাম—বিল্ড সোসাইটী ফোন—পি কে ৩৯১০ ও ১৯৪

অনুমোদিত মূলধন ১,০০,০০,০০০৲ টাকা

বিক্রয়ার্থ ... ১০,০০,০০০৲ "

বিক্রীত ... ৮,৫০,০০০৲ "

আদায়ীকৃত ... ৩,৫০,৩৫৫৲ "

বোর্ড অব ডিরেক্টরস

(১) মিঃ কে এন বসু, এম-পি (৫) মিঃ সতীশচন্দ্র দাস

(২) মিঃ সুনিলকৃষ্ণ রায় (৬) প্রোঃ এস সি মৈত্র এম এ, বি-এল

(৩) মিঃ কে সি ঘোষ (৭) মিঃ সুধীরচন্দ্র সাহা

(৪) ডাঃ এন এন সিংহ, এম-বি

কেবলমাত্র স্থায়ী আমানতই গ্রহণ করা হয়।

স্থায়ী আমানতের সুদের হার

৩ মাস ২½%
৬ মাস ৩%
৯ মাস ৩½%
১ বৎসর ৪½%
৩ বৎসর ৪৩%
৫ বৎসর ৫%
৭ বৎসর ৫½%
৮ বৎসর ৫½%
৯ বৎসর ৫৩%
১০ বৎসর ৬%

সুদ প্রতি তিন মাসে দেওয়া হয়।

জমি বিক্রয়

১। গড়িয়া স্যাণ্ড ষ্টেশন—২৫০০৲ টাকা হইতে ৩০০০৲ টাকা।

২। বালিগঞ্জ গ্রেস স্যাণ্ড ষ্টেশন—১৫০০৲ টাকা হইতে ২০০০৲ টাকা।

৩। খোলা-মুক্তা-শিবতলা স্যাণ্ড ষ্টেশন—৫০০৲ টাকা হইতে ৫০০৲ টাকা

৪। কোর্ট অফ কোর্ট ষ্টেশন—৩০০০৲ টাকা হইতে ৩০০০৲

শিশুদের পরিপূর্ণ স্বাস্থ্যই
আনন্দের অমৃতধারা আপনার
গৃহকেও প্লাবিত করিবে—

যদি আপনি
নিয়মিতভাবে খেতে দিন—
বৈজ্ঞানিক উপায়ে
বিশেষভাবে মিশ্র
তত্ত্বাবধানে প্রস্তুত—

সুপারভীট মল্টেড মিল্ক

খাঁটি গোদুগ্ধের সহিত খাটি ও সবের মল্ট সংমিশ্রণে প্রস্তুত। দুধ ও মল্টের সমস্ত গুণ ইহাতে পূর্ণ মাত্রায় আছে ইহা সহজ পাচনের পক্ষে বিশেষ সহায়ক।

প্রসূতি ও রোগীর পক্ষে মহা উপকারী

খাদ্যের জন্য দুধের পরিবর্তে স্বাভাবিক অবস্থায়ও ইহার ব্যবহার প্রশস্ত ও নিরাপদ। সর্বত্র পাওয়া যায়।

ব্রীশ কেমিকেল ওয়ার্কস্

১৭৯নং, আর জি কর রোড, কলিকাতা।

দেন। ইহাদের গায়ে বিজ্ঞাপন আছে, কিন্তু পড়িলেন না বা পড়িতে পারিলেন না। এই যে ত্রুটি ইহা চলন্ত ট্রামের নয়, ত্রুটি বিজ্ঞাপন-কৌশলের। বিজ্ঞাপনের বিষোপযোগী আপনার কৌতূহলকে আকর্ষণ করিতে পারিল না বা বিষোপযোগীর দৃষ্টিগোচর হয় তাহা পড়িতে পারিলেন না। তাহেই বিষোপযোগী এমন হইবে যাহে চলন্ত অবস্থায় তা অতি সহজে পড়া যায়।

তারপর আসে চিত্রের (Illustration) কথা। চিত্র যে বিজ্ঞাপনের অর্থেক কার্য সম্পন্ন করে তাহা বলাই বাহুল্য। অনেক সময় দেখা যায় বিজ্ঞাপনের অন্য সব কিছু চমৎকার কিন্তু চিত্রটিকে আকর্ষণীয় করিয়া তুলিলে বিজ্ঞাপনের আসল উদ্দেশ্য সফল হয়। সুতরাং চিত্রটি এমন হইবে যাহে বিজ্ঞাপিতব্য দ্রব্যের সঙ্গে তার সম্পর্ক পূর্ণ মাত্রায় থাকে। বিজ্ঞাপনের বক্তব্য বিষয়টি দেখার সঙ্গেই প্রচার-শিল্পীর সমস্ত কৌশল নিয়োজিত করিতে হয়। কারণ, বিজ্ঞাপনে একবার চিত্রে আকৃষ্ট হইয়া যে পাঠক বক্তব্য বিষয় পড়িতে আরম্ভ করিলেন তিনি যদি ইহার ভাষা এবং রচনা-কৌশলে বিমুগ্ধ হইয়া পড়েন তবে বিজ্ঞাপনের সমস্ত প্রচেষ্টা সার্থক হইয়া গেল। তাহেই এক্ষেত্রেও দেখা যায় এই ব্যাপারে সাংবাদিক বা সাহিত্যিকদের সহযোগিতা অপরিহার্য। কারণ, সাংবাদিকগণ সাধারণ একটি সংবাদকে তাঁহাদের ইচ্ছানুযায়ী আকর্ষণীয় করিয়া তুলিতে পারেন। সাহিত্যিকগণও তাঁহাদের রচনা-কৌশলে একটি বিষয় বস্তুকে বা জিনিষের বিবরণ সুখপাঠ্য করিয়া তুলিতে পারেন। তাহেই কোন প্রতিষ্ঠানের প্রচার-কর্মী নিয়োগকালে সাংবাদিক বা সাহিত্যিকের দিকে তাহের সন্ধান করা উচিত। কারণ, কারখানার বা প্রতিষ্ঠানের যান্ত্রিক প্রচারশিল্পের ভার হইলেও, এদের কোন বিপদ্ধতা নাই। তাঁহারা একাগ্রতা নিয়োজিত হয় উৎপন্ন দ্রব্যের সৌষ্ঠব সাধনে। কিন্তু তার প্রচারে তিনি বক্তব্য বিষয়টি ফোটাইতে পারেন না। ইহাতে সংবাদ বা সাময়িকের কিছু যায়, যেমন সংবাদ নাই কোন সাহিত্যিকের পক্ষে কাব্যিক বা ধরণের জন্য। সাধারণের বিশ্বাসের দৃষ্টি থাকে তৈরী জিনিষের সৌন্দর্যের দিকে। কিন্তু প্রচার-শিল্পীর লক্ষ্য হয় মানুষের মন—কি ভাবে উৎপন্ন দ্রব্যের নাম ও পরিচয় সাধারণের মনে দৃঢ় করিয়া তুলিবে।

তবে প্রচার-শিল্পীকেও একটা জিনিষের প্রতি লক্ষ্য রাখিতে হইবে। তাহা হইতেছে, বিজ্ঞাপনের ভাষা যেন যাদুমন্ত্রমণ্ডিত হয়, আকর্ষক ও অলঙ্কার করকগুলি বিশেষণে যেন বিজ্ঞাপিত জিনিষের মাহাত্ম্যকে কণ্টকিত না করিয়া তোলা হয়। এইভাবেই সাধারণের মনে বিশ্বাস স্থাপনে অধিকতর সুবিধা হয়।

বিজ্ঞাপনদাতার নাম বিজ্ঞাপনের কোন-জায়গায় থাকিবে, সে সম্বন্ধে কথা বলার নাই। তাহাতে সাধারণতঃ দুই রকমের বিজ্ঞাপন দেখিতে পাওয়া যায়। একটি উৎপাদকের পক্ষ হইতে, অপরটি বিক্রেতার পক্ষ হইতে। উৎপাদকের বিজ্ঞাপন দেওয়ার উদ্দেশ্য হইতেছে তাঁহার উৎপন্ন দ্রব্যের সঙ্গে জন-সাধারণের পরিচয় করাইয়া দেওয়া। এই ক্ষেত্রে দ্রব্যের নামটাই প্রধান। যেমন ধরুন, 'পাইরেক্স'—সুদৃশ্য গৃহস্থালীদেরও এই নামটির সঙ্গে অনিষ্ঠ পরিচয় আছে। এই পাইরেক্সের নির্মাতা কে তাহারা জানে না বা জানিবার জন্য কোন আগ্রহও তাহাদের নাই। অথচ এই পাইরেক্সের বিজ্ঞাপন দেওয়া হইবে তখন ইহার নির্মাতার নামটা মুখ্য নয়। 'পাইরেক্স' কথাটিকেই এমন জায়গায় এমন ভাবে সাজানো হইবে যাহাতে সকলের দৃষ্টি সেদিকে পতিত হয়। কিন্তু যখন ঔষধটি বিক্রির যাইব তখন দোকানের নামটাই আমার কাছে প্রধান হইয়া উঠিবে এবং সেই নামটি এমনভাবে লক্ষিত থাকা চাই বিজ্ঞাপনের দিকে প্রথম দৃষ্টিপাত করিলেই যেন তাহা চোখে পড়ে।

আমার যদি কোন বিশেষ দোকানের কোন বিশেষ একটি দ্রব্য বিক্রয়ের প্রধান অধিকার (sole right) পাইয়া থাকেন তখন সেক্ষেত্রে হইবে, জিনিষের এবং বিক্রেতার নাম যেন সুস্পষ্টরূপে করা হয়। তাহা না হইলে বিজ্ঞাপনের আসল উদ্দেশ্য ব্যর্থ হইয়া যাইবে।

এইবারে যে বিষয়টি বলিব, তাহাতে খুব বিচক্ষণতা ও সূক্ষ্ম দৃষ্টির প্রয়োজন আছে। বিভিন্ন পত্র-পত্রিকার বিজ্ঞাপনদাতা অনেক সময় ঠিক করিতে পারেন না, কোন্ কাগজে বিজ্ঞাপন দিলে তাহা সার্থক হইবে। তাহেই বিজ্ঞাপনদাতার প্রথমেই লক্ষ্য রাখিতে হইবে তাঁহার জিনিষের গ্রাহক কোন্ শ্রেণীর লোক, আর যে কাগজে বিজ্ঞাপন দিতে যাইতেছেন তাহা তাঁহার পাঠকবর্গ পড়েন কি না। তারপর তিনি মোটার মাহীর বিজ্ঞাপন দিবেন। কিন্তু তিনি যে কাগজে বিজ্ঞাপন দিতে যাইতেছেন তাহার পাঠকবর্গ যদি সাইকেল মাহীর নয় তাহার কোন দাম জিনিষের সামর্থ্য না হয়ে যা তাহারা না করে তবে বিজ্ঞাপনের উদ্দেশ্য ব্যর্থ হইল এবং কয়েকটি টাকাও অযথা খরচ হইল। সুতরাং বিজ্ঞাপনদাতার লক্ষ্য রাখিতে হইবে পত্রিকার পাঠকদের উপর, তাহার বিক্রয়-সংখ্যার উপর নয়। আমাদের দেশে পত্রিকা কেনে একজনে, কিন্তু পাঠ করে দশ-জনে। তাহেই পত্রিকার বিক্রয়-সংখ্যা দিয়া তাহার প্রচার নির্ণয় করিতে যাওয়া ভুল।

তারপর একদিন একটা বিজ্ঞাপন দিলেই যথেষ্ট নয়। বিজ্ঞাপনের সার্থকতা নির্ভর করে ইহার অনবরত প্রচারে, বিভিন্ন স্থানে প্রচার এবং সময় এবং স্থানের ঔৎকর্ষের উপর। বিজ্ঞাপনদাতাগণ এই কথাটাই মনে রাখিবেন।

তারপর যদি, বিজ্ঞাপন একটি আর্ট, অন্যান্য সব আর্টের মতই ইহার বিশিষ্ট রীতি এবং ধারাবাহ আছে। আমার সার্থক বিজ্ঞাপনকে লক্ষিত-কলাই অন্তর্ভুক্ত গ্রহণ করা যায়।

"অন্নবিনা ঘরভরে বাঁচা চলে 'সন্তোষে',
সেতে তা'রে হয় না খুঁজে, আপনি ধরা দেয় যে সে।"
—প্রবাদ-কবি।

কবির বাণী ব্যর্থ হয় না।

"সন্তোষ-বিস্কুট কোম্পানীর"

কলে প্রস্তুত বিশুদ্ধ রুটী ও নানা জাতীয় কেক্ ও বিস্কুট যা' খাবে ও স্বাস্থ্যে অনুকূলীয়, শিশু-বৃদ্ধ-যুবের স্বাস্থ্য রক্ষা করে ও পুষ্টিকর হয়ে থাকে, সেখানকার ঠিকানা—

৮নং মুকিয়া ষ্ট্রীট, কলিকাতা। ফোন নং বি বি ৪৫৭৬

মনে রাখবেন, প্রতিষ্ঠানের নাম—

সন্তোষ-বিস্কুট কোম্পানী

ভারতে শিল্প প্রতিষ্ঠানের মূল্যায়ন

[ঐ —]

ইংরেজ আমলের পূর্বে ভারতের নানা-বিধ কীর্তনের অর্থনৈতিক ভিত্তি ছিল স্থানীয় মুষ্টিং-শিল্প। কৃষি ছিল জনসাধারণের প্রধান উপজীবিকা। গ্রামের অর্থনৈতিক কাঠামো ছিল স্বয়ংসম্পূর্ণ। কুটীর শিল্পের অবশ্য কতকটা ছিল, কিন্তু পণ্যের বদলে পণ্যের বিনিময়ই ছিল প্রধান। ইংরেজ আমলের অভ্যুদয়ের সঙ্গে উৎপত্তি হইল পুরাপুরি মধ্যস্বত্বভোগের। বিদেশী বণিকদের প্রতিযোগিতার মুখে ভারতের মুষ্টিং-শিল্পের ক্ষেত্রে উপস্থিত হইল বিপর্যয়। প্রথম প্রথম ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী এবং বৃটিশ সরকার এদেশীয় শিল্পগুলিকে অর্থ দাদন করিয়া ইহাদের উৎপাদিত পণ্যাদি ইংলণ্ডে চালান দিত। কিন্তু যন্ত্রের আবির্ভাবের সঙ্গে সঙ্গে বিলাতী পণ্য আসিয়া ভারতের বাজার অধিকার করিল। ভারত সরকারও বাণিজ্যে নিরঙ্কুশ অবাধ-নীতি অনুসরণ করিতে লাগিলেন। ফলে বিদেশী একচাটিয়া ব্যবস্থা ভারতের অর্থনৈতিক ক্ষেত্রে ইহার প্রভাব বিস্তার করিল।

ইংরাজ বণিকেরা ভারতের কাঁচামাল আহরণ করিয়া এদেশে তাহার শিল্পজাত দ্রব্যাদির বাজার সৃষ্টি করিতে লাগিয়াছে; অপরদিকে তাহাদের মূলধনের জোরে এদেশেই কলকারখানা গঠন করিয়া এদেশের কাঁচামাল ও সস্তা শ্রমিক শক্তিকে লইয়া শিল্প প্রতিষ্ঠান স্থাপন করিবার প্রয়াস পাইয়াছে। সেইজন্য ভারতের শিল্পের অভ্যুত্থানের সঙ্গে বৃটিশ ও বৈদেশিক মূলধনের প্রশ্ন অঙ্গাঙ্গীভাবে জড়িত। ভারতের বাণিজ্য-শিল্প ও মূলধনের উপর বৃটিশ-শাসনের সূত্র ধরিয়া। ভারতের শিল্প-অভ্যুদয়ের ইতিহাসের ক্রম-পরিণতির পথে বিদেশী মূলধন ও দেশীয় মূলধন উভয়ই পাশাপাশি স্থান অধিকার করিয়াছে; কিন্তু প্রারম্ভে বিদেশী সওদাগর এবং বিদেশী মূলধনের হাতে ছিল ভারতের শিল্প-বাণিজ্যের একচেটিয়া আধিপত্য।

১৮১৪ সালের পূর্ব পর্যন্ত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী আফ্রিকার পূর্ব উপকূল হইতে আমেরিকার পশ্চিম উপকূল পর্যন্ত ভারতের সহিত বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত ব্যাপারে আইনতঃ একাধিপত্যের অধিকার লাভ করিয়াছিল। আভ্যন্তরীণ বাণিজ্য ব্যাপারেও কতকগুলি বিষয়ে এই কোম্পানীর কর্মচারিগণ একাধিপত্য করিত এবং বেসরকারী ইংরেজদের এইজন্য ভারতে বাণিজ্য করিতে বিশেষ অসুবিধার পড়িতে হইত। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর এইরূপ একচেটিয়া আধিপত্য খর্ব করিবার জন্য কোম্পানীর অনেক কর্মচারী কর্ম ত্যাগ করিয়া কলিকাতায় কতকগুলি সওদাগরী অফিস স্থাপন করিল। তাহারা মহাজন, ব্যাঙ্ক এবং ব্যবসায়ী হিসাবে নীলকুঠি, খাদ্যশস্য এবং শিল্প অর্থ দাদন করিতে লাগিল এবং আভ্যন্তরীণ বাণিজ্য চালাইতে আরম্ভ করিল। তুলা, রেশম, অফিমের প্রভৃতি ব্যাপারে তাহারা অর্থ দাদন করিয়া এই সকল ব্যবসাকে কুক্ষিগত করিতে লাগিল। এইরূপ অবস্থার পরিপ্রেক্ষিতে তাহারা ৫০ লক্ষ টাকার ঋণ দিত এবং শতকরা শত-করা ১০ হইতে ১২ ভাগ অর্থ বাৎসরী অর্থের সুদরূপে গ্রহণ করিত। এই ভাবে ভারতে ব্যাঙ্ক স্থাপন করিয়া অর্থ দাদন করিবার জন্য প্রথম ব্যাঙ্কের সূত্রপাত হইল ১৭৭০ খৃষ্টাব্দের এপ্রিল মাসে। যাহা হউক, ১৮০৬ সালে 'দি ব্যাঙ্ক অব বেঙ্গল' নামে প্রথম ব্যাঙ্ক স্থাপিত হইল।

ভারতে শিল্প-প্রতিষ্ঠানের উদ্ভবের বিষয় আলোচনা করিলে দেখা যায় উনবিংশ শতাব্দীর মাঝামাঝি সময়ে ভারতে প্রথম যৌথ কোম্পানী গঠনের সূত্রপাত হয়। প্রথম কয়েকজন ইউরোপীয় দেশীয় ব্যবসায়ী কলিকাতার উপকণ্ঠে একটী চটকল স্থাপন করে। ভারতীয় ব্যবসায়ীরা ইহার কতকটা সুযোগ গ্রহণ করিয়াছিল। ইহার কিছুকাল পরে বোম্বাই সহরে ভারতীয় ব্যবসায়ীরা কয়েকটী কাপড়ের কল স্থাপন করে। কিন্তু অধিকাংশ শিল্পগুলি বিদেশীদের হাতেই গড়িয়া যায়। কাপড়ের কল এবং তুলা-শিল্প ছাড়া পাট, চা, কয়লা, তেল প্রভৃতি শিল্প-প্রতিষ্ঠানগুলি বিদেশীদের কবলিত হয়। ভারতের শিল্পের মূলধন যোগান দিয়াছে সাধারণতঃ যৌথ ব্যাঙ্ক-সমূহ, ম্যানেজিং এজেন্টস, সওদাগরী ফুলধন-সমিতিসমূহ, দেশীয় মহাজন প্রভৃতি। ইহার মধ্যে ম্যানেজিং এজেন্টসরাই শিল্পের কর্ণধার-রূপে মূলধন বিনিয়োগ করিয়াছে বেশী।

ভারতের শিল্প বিকাশের ক্রমিক ইতিহাস আলোচনা করিলে দেখা যায় যে, ১৯১৪-১৮ সালের যুদ্ধের পূর্বে ভারতের শিল্প একটী অত্যন্ত অনুন্নত স্তরে ছিল। ১৯০১ সাল পর্যন্ত ভারতে ১ হাজার ৪ শত যৌথ কোম্পানী ছিল এবং ইহাদের আদায়ীকৃত মূলধনের পরিমাণ ছিল ৩৭ কোটি টাকা। প্রত্যেক কোম্পানীর আদায়ীকৃত মূলধনের আনুমানিক হার ছিল ২ লক্ষ

অশান্তি ও অনিশ্চয়তার দিনে ভবিষ্যতের সংস্থানের প্রয়োজনীয়তা অনেক বেশী সে কথা প্রত্যেকেই জানেন

কোথায় এবং কি করে সব চেয়ে নিরাপদ ও বাঞ্ছনীয় ব্যবস্থা সম্ভব সে কথা আপনাকে বলে দেবে

বঙ্গলক্ষ্মী ইন্সিওরেন্স লিঃ

৮৪, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

ফোন: ক্যাল: ৩৩১৯

৫০ হাজার টাকা। এই সময়ে যে সকল শিল্প-প্রতিষ্ঠান গড়িয়া উঠে তাহাদের আদায় ছিল কম। পক্ষান্তরে এই ৩৭ কোটি টাকা মূলধনের মধ্যে ১৫ কোটি টাকা কারবারের কলকব্জায় বিনিয়োগ করা হইয়াছিল এবং ইহা ছাড়া মূলধন সেবন করার নিমিত্ত ২ কোটি টাকার মত থাকিয়া গিয়াছিল। অতএব মূলধনের শতকরা ৪০ ভাগ বিনিয়োগ করা হইয়াছিল মূলধনাগত দ্রব্যাদি প্রস্তুতকরণে নিমিত্ত। এতদ্ভিন্ন চা, কয়লা, তামাক এবং কাগজ-শিল্পের মূলধনের পরিমাণ ছিল ৬ কোটি টাকা। কিন্তু এই তিন শ্রেণীর শিল্প এতদূর প্রসার লাভ করিয়াছিল যে, ইহার দেশীয় ভাগ মূলধন টাকাতে পৃথীত হইয়াছিল। তাহা এই ৬ কোটি টাকার মধ্যে ধরা হয় নাই। এতদ্ভিন্ন বিদেশীরা ব্রহ্মদেশে এবং আসামের তৈলখনিতে বিরাট মূলধন বিনিয়োগ করিয়াছিল। উনবিংশ শতাব্দীর প্রথম দিকে ভারতে লৌহ ও ইস্পাতের কারখানা গঠন করিবার একটা চেষ্টা হইয়াছিল। ১৮৩০ খৃষ্টাব্দে কিন্তু এ প্রচেষ্টা সাফল্যলাভ করে নাই। উনবিংশ শতাব্দীর শেষভাগে মার্টিন কোম্পানীর অধীনে প্রথমে বেঙ্গল আয়রন কোম্পানী স্থাপিত হয়। ১৯০৭ সালে সাকচীতে টাটা কোম্পানী স্থাপিত হইবার পর ভারতে স্থায়ীভাবে প্রথম শ্রেণীর লৌহ ও ইস্পাতের কারখানা গড়িয়া উঠে। মাদ্রাজে ১৯০৯ সালে পোর্টল্যাণ্ড সিমেণ্ট উৎপাদন আরম্ভ হয়। ১৯১৪ সালে ডিগবই সিমেণ্টের কারখানা স্থাপিত হয়।

১৯০১ সালে ভারতের যৌথ কোম্পানী-সমূহের মূলধনের পরিমাণ যে স্থলে ছিল ৩৭ কোটি টাকা, সেস্থলে ১৯১৮ সালে এইরূপ আদায়ীকৃত মূলধনের পরিমাণ দাঁড়ায় ৭৬ কোটি টাকা। বস্ত্র, পাট, কয়লা, চা এবং তৈল-শিল্পের প্রসারের ফলে এইরূপ মূলধনের পরিমাণ বৃদ্ধি পাইয়াছিল। ১৯০১ সাল হইতে ১৯১৮ সালের মধ্যে যে ৪০ কোটি টাকা মূলধন বাড়িয়াছিল, তাহার মধ্যে ৩০ কোটি টাকা পৃথীত হইয়াছিল উপরোক্ত শিল্পগুলির জন্য। ১৯১৪-১৮ সালের যুদ্ধের সময় ভারতের শিল্পের নবজন্মের সূচনা হয়। তাহার পূর্বে ইহার ক্রমবিকাশের গতি ছিল মন্থর।

ভারতে আধুনিক যন্ত্র-শিল্পের সূত্রপাত হয় বিদেশী মূলধনের সাহায্যে এবং আজ পর্য্যন্ত বিদেশী মূলধনই অনেকাংশে ভারতের শিল্প-প্রতিষ্ঠানের প্রধান অবলম্বন হিসাবে ইহার অস্তিত্ব বজায় রাখিয়াছে। ভারতে যে সকল বিদেশী কোম্পানী রেজিষ্টী করা হয় এবং তাহাদের কর্তৃপক্ষ বিদেশী ব্যবসায়ী, তাহা ছাড়াও বহু বিদেশী কোম্পানী ভারতের বাহিরে গঠিত হইয়া এদেশে শিল্পকার্য্য পরিচালনা করিয়া থাকে। ১৯১৩ সালে এইরূপ বিদেশে গঠিত কোম্পানীর সংখ্যা ছিল ৫৭৯টী এবং ইহাদের আদায়ীকৃত মূলধনের পরিমাণ ছিল ২০ কোটী পাউণ্ড অথবা ৩ শত কোটী টাকা। এতদ্ভিন্ন কোম্পানীর মাধ্যমিতু গঠনপত্রের আদায়ীকৃত মূলধনের পরিমাণ ছিল ৫০ লক্ষ টাকা। পক্ষান্তরে এই সময়ে যে সকল ভারতীয় কোম্পানী এদেশে গঠিত হইয়াছিল, তাহাদের গঠনপত্রের মাধ্যমিতু আদায়ীকৃত মূলধনের পরিমাণ ছিল ৩ লক্ষ টাকা।

ভারতের শিল্প-প্রতিষ্ঠানের বিদেশী মূলধনের দেশীয় ভাগ এদেশে আসে ভারত সরকারের ঋণের আকারে। এদেশে রেলপথ স্থাপন করিবার জন্য ভারত সরকার ইংলণ্ডে যে ঋণ গ্রহণ করেন, তাহাই বিদেশী মূলধনের অধিকাংশ স্থান অধিকার করে। ১৯২৯-৩০ সাল পর্য্যন্ত ভারতের রেলপথসমূহের জন্য ভারত সরকারের ঋণের পরিমাণ দাঁড়ায় ৭৩৬ কোটি ৯০ লক্ষ টাকা। ইহা ছাড়া যে সকল কোম্পানীকে এদেশে রেলপথ পরিচালনা করিতে দেওয়া হয়, তাহাদের একটা সুনির্দ্দিষ্ট লভ্যাংশ বৎসর বৎসর দিবেন বলিয়া ভারত সরকার নিশ্চয়তা দেন এবং সেই সকল রেলপথ স্থাপন ও রক্ষণাবেক্ষণ করিতে ভারত সরকারের বৈদেশিক ঋণের পরিমাণ দাঁড়ায় ৩৩ কোটি ২০ লক্ষ টাকা। এতদ্ভিন্ন ১৯২৮-২৯ সাল পর্য্যন্ত ভারতে সেচ-ব্যবস্থা এবং বন্দর নির্ম্মাণের জন্য সরকার যে বৈদেশিক ঋণ গ্রহণ করেন, তাহার পরিমাণ দাঁড়ায় ১২৩ কোটি ২ লক্ষ টাকা।

ভারতের শিল্প-প্রতিষ্ঠানে বিদেশী মূলধনের সঠিক পরিমাণ বলা সম্ভব নয়, তবে কেহ কেহ এ বিষয়ে একটা আনুমানিক হিসাব প্রকাশ করিয়াছেন। ডাঃ ডি এল ঘুবের মতে ১৯৩১ সালে ভারতে বিদেশী মূলধনের পরিমাণ হইবে ৬০ কোটী পাউণ্ড এবং তাঃ এইচ আর সোমির মতে ৮০ কোটী পাউণ্ড। এতদ্ভিন্ন এদেশে নিজেই কেহার অব ফরেন ইনভেষ্টমেণ্ট কমিশনের নিকট সাক্ষ্য দিবার সময় যে বিদেশী মূলধনের হিসাব দাখিল করিয়াছিলেন, তাহাতে বিদেশী মূলধনের পরিমাণ ১ শত কোটী পাউণ্ড বলিয়া উল্লেখ করা হইয়াছিল।

ভারতের শিল্প-প্রতিষ্ঠানে দেশীয় মূলধনও কতকটা অংশ গ্রহণ করিয়াছে। বিশেষতঃ ১৯১৪-১৮ সালের যুদ্ধের সময় হইতে একটা দৃষ্টান্ত গ্রহণ করিলে দেশী মূলধনের প্রসার সম্বন্ধে কতকটা ধারণা করা যায়। ১৯১৩-১৪ সালে ভারত সরকারের মেয়াদী ঋণের পরিমাণ ছিল ১৪৬ কোটী টাকা, সেস্থলে ১৯৪০-৪১ সালে তাহা বৃদ্ধি পাইয়া ৬৭৪ কোটী টাকায় দাঁড়াইয়াছে। এতদ্ভিন্ন ১৯১৩-১৪ সালে ভারতে রেজিষ্ট্রীকৃত যৌথ-কোম্পানীসমূহের মূলধনের পরিমাণ ছিল মেয়াদে ৮০ কোটী টাকা, ১৯৩৯-৪০ সালের মধ্যে উহার পরিমাণ মেয়াদে হইয়াছে ২৯০ কোটী টাকা। বিগত যুদ্ধের সময় সামরিক প্রয়োজনে ভারত সরকার ভারতে শিল্প প্রসা-

নিরাপত্তা ও কার্য্যতৎপরতার জন্য—
দি ইষ্টার্ণ ইউনিয়ন
ব্যাঙ্ক লিমিটেড
হেড্ অফিস :—ঢাকা স্থাপিত—১৯২৮
শাখাসমূহ :—
ভোলা, পাইবান্ধা, চট্টগ্রাম, চরমুগুরিয়া, শ্রীহট্ট, ও নারায়ণগঞ্জ।
কলিকাতা শাখা :—
১৪, ক্লাইভ ষ্ট্রীট
ফোন : কলি : ৪৪০১
রাজসাহী ও বরিশাল ব্রাঞ্চ শীঘ্র খোলা হইবে।
আধুনিক সর্ব্বপ্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।
ম্যানেজিং ডিরেক্টর—বি এন ভট্টাচার্য্য।

যের দিকে লক্ষ্য দিতে বাধ্য হয়। ১৯১৯ সাল হইতে ১৯২৮ সালের মধ্যে ভারতে শিল্প সম্প্রসারণের একটী বিশেষ গুরুত্বপূর্ণ পরিচয়ের হয়। ১৯১৯, ১৯২০ এবং ১৯২১ সাল—এই তিন বৎসরে ভারতে সড়পড়তায় বৎসরে ৯ নয় যৌথ কোম্পানী রেজিষ্ট্রী হইয়াছিল। মোটামুটী ১৯১৯ সাল হইতে ১৯২৮ সালের মধ্যে ভারতে ৭ হাজার নূতন যৌথ কোম্পানী রেজিষ্ট্রী হইয়াছিল।

কিন্তু দুঃখের বিষয়, ভারতীয় যৌথ কোম্পানীর মধ্যে' অনেকগুলি স্থায়ীভাবে অস্তিত্ব বজায় রাখিতে পারে নাই। ১৯১৯ সালে ভারতে ৩ হাজার যৌথ কোম্পানী কাজকারবার চালাইতেছিল এবং উহার পরবর্ত্তী দশ বৎসরে উহার সংখ্যা বৃদ্ধি পাইয়া ৭ হাজারে দাঁড়ায়। কিন্তু ১৯২৮ সালে যৌথ কোম্পানীর মোট সংখ্যা ছিল ৬ হাজার। সুতরাং এই দশ বৎসরের মধ্যে ৪ হাজার যৌথ কোম্পানী মেটলিয়া হইয়া যায়। এই সকল কোম্পানী মেটলিয়া হওয়ায় ৬৪ কোটী টাকার মূলধন ক্ষতিয়া যায়। ১৯০২ সালে ভারতীয় যৌথ কোম্পানীসমূহের আদায়ীকৃত মূলধনের পরিমাণ ছিল ১৭০ কোটী টাকা। উহার মধ্যে ৫৯ কোটী টাকার মূলধন ছিল ব্যাঙ্ক এবং বীমা কোম্পানীসমূহের। এই সময়ে মোট আদায়ীকৃত মূলধনের এক-চতুর্থাংশ কাপড়ের কল, চটকল, পশম ও রেশম শিল্পে বিনিয়োগ করা হইয়াছিল। খনিজাত কোম্পানীসমূহের মূলধনের পরিমাণ ছিল ২২ কোটী টাকা, রাবার প্রভৃতির ১৩ কোটী টাকা এবং অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের মূলধন ৯৬ কোটী টাকা। পক্ষান্তরে ১৯৩১ সালে যে-সকল বিদেশী কোম্পানী ভারতে কাজকারবার চালাইতেছিল (কিন্তু যাহারা ভারতের বাহিরে গঠিত ও অন্তর্ভুক্ত হইয়াছে) তাহাদের সংখ্যা ছিল ৯০৬টী এবং আদায়ীকৃত মূলধনের পরিমাণ ছিল ৮৮ কোটী ২০ লক্ষ পাউণ্ড অর্থাৎ প্রায় ১২ শত কোটী টাকা। বড় বড় শিল্প প্রত্যেক বিদেশী কোম্পানীর মূলধনের পরিমাণ ছিল ১ কোটী ৩০ লক্ষ টাকা।

সরকারী ঔদাসীন্য, ভারতের দারিদ্র্য, শিল্পপতি ও ব্যবসায়ীদের অনভিজ্ঞতা অনেকাংশে, শিল্পে ভারতীয় মূলধন বিনিয়োগের অনেকটা অন্তরায় হইয়া দাঁড়াইয়াছে। অধিকন্তু ভারতীয় শিল্প-প্রতিষ্ঠানসমূহের আকার ও উৎপাদন-ক্ষমতা অন্যান্য দীনাবস্থ। কিন্তু এসত্ত্বেও ১৯১৯-২৪ সালে এবং ১৯৪৬-৪৮ সালে ভারতে যে সকল যৌথ কোম্পানী রেজিষ্ট্রীকৃত হইয়াছে তাহাদের তথ্যাদি সংগ্রহ করিলে ভারতীয় মূলধনের সম্প্রসারণের কথাই প্রমাণিত হয়।

ভারতের শিল্প-প্রতিষ্ঠানে বিদেশী মূলধনের প্রভাব প্রকৃতপক্ষে ভারতের অর্থনীতিক্ষেত্রে বিদেশী বণিক্ ও শিল্পপতিদের অনেকটা সার্বভৌম কর্তৃত্ব প্রদান করিয়াছে। অন্যান্য দেশের যে বিদেশী মূলধন শিল্পে বিনিয়োগ করা না হইয়াছে তাহা নহে। জাপান এবং মার্কিণ যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে কোন কোন ক্ষেত্রে বিদেশী মূলধন খাটিতেছে। ভারতে বিদেশী মূলধন আমদানী সম্বন্ধে সাধারণতঃ দুই রকম মতবাদ দেখা দিয়াছে। একদলের মতে বিদেশী মূলধন ভারতীয় রাজনীতিক ও অর্থনীতিক স্বার্থের পরিপন্থী। এইরূপ মোটামুটি বিশ্বাস তাহাদের উহার বিরোধিতা করেন। প্রথমতঃ বিদেশী মূলধন দেখিয়া যাবার উহার লভ্যাংশ বিদেশে চলিয়া যায়। ইহা ছাড়া দেশের প্রাকৃতিক সম্পদ বিদেশীদের স্বার্থের জন্য ব্যবহৃত হয়



এবং ভারতের মূল শিল্প-প্রতিষ্ঠানের ব্যাপারে মাথা ঘামায়। বিটীশের বিদেশী ব্যবসা ও শিল্প-প্রতিষ্ঠানসমূহ ভারতের পরিচালকমণ্ডলের নিয়ন্ত্রণের বেশ বাহিরে এবন করে। ভারতীয়-দের ইহার মধ্যে দেওয়া হয় না। অধিকন্তু শিল্প-প্রতিষ্ঠানে ভারতীয়দিগকে উচ্চ কার্য্যকরী বিভাগে চাকরীর সুযোগ দেওয়া হয় না। ফলতঃ বিদেশী মূলধন এদেশে কায়েমী স্বার্থ বজায় রাখিবার জন্য বৈদেশিক রাজ নীতিকে ভারতীয় রাজনৈতিক ও অর্থনৈতিক প্রগতিমূলক আন্দোলনকে বাধা দিতে সাহায্য করে। পক্ষান্তরে বিদেশী মূলধনকে এক-শ্রেণীর দেশের এদেশের নিয়ন্ত্রণকারির পক্ষে সহায়ক বলিয়া মনে করে। ভারতের অন্য ভারতবর্ষকে মূলধন যদি কম সুদে বিদেশ হতে এখন করা যায় তাহা হইলে এদেশের নিজে তাহা বিনিয়োগ করিয়া অল্প সময়ে দেশের জাতীয় সম্পদ বৃদ্ধি করার সুবিধা হয়। ইহা ছাড়া যখন ভারতে মূলধন পাওয়া যায় তাই তখন বিদেশ হইতে মূলধন এখন করিয়াই এদেশে শিল্প স্থাপন করা সহজসাধ্য হইয়াছে, ইহাতে দেশের শ্রমশক্তি বৃদ্ধি পাইয়াছে এবং প্রাকৃতিক সম্পদ ব্যবহারের কাজে লাগান যিয়াছে। ভারতের শিল্প-ক্ষেত্রে দেশীয় মূলধন আসায় পরও ইহা দ্বারা সুবিধা হইয়াছে।

ভারতে বিদেশী মূলধনের কার্য্যকারিতা এবং সুবিধা-অসুবিধা সম্পর্কে যে পরস্পর-বিরোধী মতবাদ দেখা যিয়াছে, তাহা ছাড়া আর একটী মতও দেখা যায়। ইহারা এই দুই মতের মিলনে একটী সামঞ্জস্য বিধান করিতে চাহেন। কয়েকটী বিধিনিষেধ এবং সর্ত আরোপ করিয়া তাহারা বিদেশী মূলধন এদেশে আমদানী করার পক্ষপাতী। ভারতের মধ্যে বিদেশী কোম্পানীসমূহ ভারতে রেজিষ্ট্রী করাইতে হইবে এবং ইহার মূলধন টাকায় রূপান্তরিত করিতে হইবে। ভারতের জাতীয় স্বার্থের পরিপোষক হিসাবে ভারতের জন-সাধারণকে এই সকল কোম্পানীতে মূলধন বিনিয়োগ করিবার সুযোগ-সুবিধা দিতে হইবে। ভারতীয়দিগকে বিদেশী কোম্পানী পরিচালনা করিবার জন্য উপযুক্ত রূপ সুযোগ দিতে হইবে। এই সকল কোম্পানীর হিসাব-নিকাশের জন্য ভারতীয়দের জন্য একটী নির্দিষ্ট সংখ্যক স্থান সংরক্ষিত করিবার ব্যবস্থা করিতে হইবে। ইহা ছাড়া এই সকল কোম্পানীতে ভারতীয়দের কারিগরী এবং অন্যান্য শিক্ষা-দিক্ষার ব্যবস্থা করিবার জন্য বাধ্যতামূলক আইন করিতে হইবে।

আশা করিতে পরিমান মূল ভারত হইবার পর বিদেশী রূপ ও মূলধন সম্পর্কে নূতন পরিস্থিতি দেখা দিয়াছে। ভারত সোভিয়েট দেশ হইতে পাওনাদার দেশে পরিণত হইয়াছে। ইংলণ্ডের ভারতের যে ষ্টার্লিং রূপ ছিল তাহার একটী বিরাট অংশ পরিশোধ করা হইয়াছে। ১৯২০ সাল হইতে ১৯২৫ সালের মধ্যে ভারতে বিদেশী মূলধনের মধ্যে ২৬ কোটী পাউণ্ড তুলিয়া লওয়া হয়। ১৯৩৭ সালের মার্চ মাসের শেষভাগ পর্য্যন্ত ভারতের মোট ষ্টার্লিং ঋণ ছিল ৩৪ কোটী ৬০ লক্ষ ৫ হাজার পাউণ্ড। ইহার মধ্যে ১৯৪৬ সালের মার্চ মাসের শেষভাগ পর্য্যন্ত ৩০ কোটী ৭ লক্ষ ২৬ হাজার পাউণ্ড পরিশোধ করা হয়। ভারত সরকার বৃটিশ সরকারকে বেলওয়ের যাবতীয় প্রাপ্য একালীন পরিশোধ করিবার জন্য ৩ কোটী ৪০ লক্ষ ১৫ হাজার পাউণ্ড প্রদান করিয়াছেন। এতদ্ব্যতীত রেলওয়ের ১ কোটী ৮০ লক্ষ ৫৮ হাজার পাউণ্ডের ডিবেঞ্চারও পরিশোধ করা হইয়াছে। এইরূপ ১ কোটী ১০ লক্ষ ১ হাজার পাউণ্ডের আরও ডিবেঞ্চার এক বৎসরের মধ্যে পরিশোধ করিবার মেয়াদ দেওয়া হইয়াছে। কিন্তু ইহা ছাড়াও ইংলণ্ডের ৪৫ কোটী পাউণ্ডের মূলধন ভারতের বিভিন্ন শিল্পে খাটিতেছে, ষ্টার্লিং ঋণ পরিশোধ করিবার পরিপূরক হিসাবে ভারত সরকারের ষ্টার্লিং ঋণের পরিমাণ বৃদ্ধি পাই-য়াছে। ১৯৪২-৪৩ সাল পর্য্যন্ত ভারত সর-কারের ষ্টার্লিং ঋণের পরিমাণ দাঁড়াইয়াছে ১ হাজার ৩০৫ কোটী টাকা। অপর দিকে বৃটিশ সরকারের নিকট ভারতের যে ষ্টার্লিং-সম্পদ জমা হইয়াছে তাহার পরিমাণ হইবে ১৯৪৪ সালের ৩১শে মার্চ পর্য্যন্ত ৭৭৯ কোটী ৮০ লক্ষ ৯৯ হাজার টাকা। ভারতের শিল্প-প্রতিষ্ঠানে যে সকল বৃটিশ মূলধন খাটিতেছে সেগুলি যাহাতে ভারত হইতে সম্পূর্ণরূপে অপসারণ করিবার ব্যবস্থা করে তজ্জন্য ভারতে প্রবল জনমত দেখা দিয়াছে।

বর্ত্তমান যুদ্ধকালীন বিভিন্ন সমস্যার মধ্যে ভারতের শিল্প-সমস্যা বিশেষভাবে প্রাধান্য লাভ করিয়াছে। যুদ্ধের সাময়িক সুযোগে ভারতে কিছু কিছু বৃহৎ শিল্পের প্রসার ও উন্নয়ন হইয়াছে। কিন্তু বিরাট সম্ভাবনার সামান্য অংশই আজ পর্য্যন্ত কাজে লাগান হইয়াছে। ভারত সরকারের ঔদাসীন্য এবং বিরূপ মনোভাবই এজন্য দায়ী। ভারতের দারিদ্র্য দূর করিতে হইলে বর্ত্তমানের তুলনায় ভারতের অন্ততঃপক্ষে শিল্প সম্প্রসারণ করা এবং কৃষিকে আধুনিক বৈজ্ঞানিক প্রণালীতে উন্নীত করা যে একান্ত কর্ত্তব্য তাহা সকলেই স্বীকার করেন। যত গুলি পরিকল্পনা রচিত হই-য়াছে, ইহার মধ্যে সর্ব্বসম্মতে ১০ হাজার কোটী টাকা বিনিয়োগের প্রস্তাব লইয়া যে সর্ব্বপ্রথম বার্ষিকী পরিকল্পনা রচিত হইয়াছে তাহাই ভারতের শিল্প-প্রতিষ্ঠানের মূলধন-সমস্যাকে একটী নিশ্চিত স্থান প্রদান করি-য়াছে।

ভারতবর্ষ শিল্পের দিক দিয়া একটী অনুন্নত দেশ। কৃষিকে প্রাথমিক ও মূল শিল্প ধরিয়া আধুনিক বিজ্ঞানসম্মত উপায়ে বাস্তব সাম-

টেলিগ্রাম : মেসোয়েন্তাম টেলিফোন : ক্যাল ৫৭৬৬

দি ক্যালকা ব্যাঙ্ক লিঃ

হেড অফিস :—ঊদয়পুর (ত্রিপুরা)

শাখা :—পুরানবাজার, ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ

সুদের হার—সেভিংস্ ব্যাঙ্ক ২½%, কারেণ্ট ১%

যাবতীয় ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

কলিকাতা অফিস—২১, ষ্ট্রাণ্ড রোড, কলিঃ

মিঃ অমরেন্দ্র নাথ, ম্যানেজিং ডিরেক্টর। মিঃ এইচ চক্রবর্ত্তী, বি-এল, কলিকাতা এজেন্ট।

সম্ভাবনা সম্বন্ধে ভারতে নিজের সন্দেহলাভ করিতে হইবে। ইহা করিতে হইলে বিস্তারিত মূলধনের প্রয়োজন হইবে। সেই মূলধন যোগাড় করিবার সম্ভাবনা সম্বন্ধে অত্যন্তভাবে তথ্যের ভারতের শিল্পোন্নতির প্রশ্ন।

অনেকগুলি শিল্পোন্নত দেশের কথা আলোচনা করিলে দেখা যায় যে, ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের জন্য মূলধন যোগাড় করিয়া সেই সকল দেশের গবর্ণমেণ্ট শিল্পোন্নতি সাধন করিতে বিশেষ সাহায্য করিয়াছেন। জাপানের বর্ত্তমান শিল্পোন্নতির মূলে রহিয়াছে জাপান গভর্ণমেণ্টের অর্থ সাহায্য। তথাকার গবর্ণমেণ্ট শিল্পে সাহায্য দান ছাড়াও নিজেরা অনেকগুলি বৃহৎ শিল্প স্থাপন করিয়াছেন। ইহা ছাড়া জাহাজ-শিল্প এবং অন্যান্য বৃহৎ শিল্পের অনেক সেয়ারও গবর্ণমেণ্ট ক্রয় করিয়াছেন। জাপানে গবর্ণমেণ্টের তরফ হইতে যন্ত্র-শিল্প, লৌহ ও ইস্পাত-শিল্প, রেলপথ, জাহাজ-শিল্প, খনি ও তরলায় খনি প্রভৃতিতে প্রচুর মূলধন বিনিয়োগ করা হইয়াছে। এইরূপ জাপানে গবর্ণমেণ্ট শিল্পে মূলধন যোগান দেওয়ার একটী ব্যাঙ্ক স্থাপন করিয়াছেন। ক্ষুদ্রশিল্পগুলিকেও সরকারী সাহায্য দেওয়া হইয়াছে। জার্মাণ রাষ্ট্রের পক্ষ হইতে ছোট বড় সকল শিল্পকে সাহায্যদান করিবার জন্য আইন প্রণয়ন করা হইয়াছে। এইরূপ জার্মাণে কতকগুলি সমবায় সমিতি গঠিত হইয়াছে। ১৯০৩ সালে এইরূপ শ্রেণীর সমবায় সমিতির সংখ্যা ছিল ৯৫টী এবং ইহাদের শাখা ৩ শত। ইংলণ্ডে গবর্ণমেণ্টের পক্ষ হইতে কিছু দিন হইল বৃহৎ শিল্পগুলিকে অল্পসুদে পরিমাণে সাহায্য করা হইয়াছে। অনেক স্থলে কোন কোন প্রতিষ্ঠানের অর্দ্ধেক দেওয়ার বৃটীশ সরকার ভার করিয়াছেন। ১৯৩০-৩১ সালে বৃটীশ সরকার বিভিন্ন শিল্প-প্রতিষ্ঠানকে ৫৪ লক্ষ পাউণ্ড সাহায্যদান করিয়াছেন।

ভারতের অনেকগুলি প্রাদেশিক সরকার স্থানীয় কুটীর-শিল্পগুলিকে অল্পসুদে সাহায্যদান করিবার জন্য আইন প্রণয়ন করিয়াছেন। বাঙ্গালী সিলাবাস, শিল্পে অর্থ সাহায্য এক্ট প্রভৃতি সম্পর্কিত তথ্যাদি সরবরাহ করার এইরূপ সাহায্যদানের অন্যতম। বাঙ্গলা সরকার এইরূপ অর্থ সাহায্য করিয়াছেন এবং ১৯৩৯ সালে স্থানীয় ব্যবস্থা পরিষদ একটী অর্থ দাদন সালস স্থাপন করিবার প্রস্তাব সমর্থন করিয়াছেন। ১৯২৯ সালে বাঙ্গালা, পাঞ্জাব, বিহার ও যুক্তপ্রদেশে শিল্পে সরকারী সাহায্যদান নীতি সম্পর্কিত আইন বিধিবদ্ধ হইয়াছে। অনুরূপ আইন বাঙ্গলা দেশে এবং অন্যান্য প্রদেশে যথাক্রমে ১৯৩১ ও ১৯৩৩ সালে পাশ হইয়াছে। বোম্বাই প্রদেশেও ক্ষুদ্র শিল্পগুলিকে সাহায্যদান করার নীতি ১৯৩৪ সাল হইতে অবলম্বিত হইয়াছে। এতদ্ব্যতীত ভারত সরকারও ক্ষুদ্র ক্ষুদ্র শিল্পগুলিকে অর্থ সাহায্য করিবার নীতি গ্রহণ করিয়াছেন। কিন্তু এই সাহায্যদান অতি সামান্য। ইহা ভারতের শিল্পোন্নতি সম্বন্ধীয় ব্যাপারে কোন উল্লেখযোগ্য অংশ গ্রহণ করিতে পারে না।

ভারতবর্ষ একটী বিশাল দেশ। ইহার জনসংখ্যা অধিক। প্রাকৃতিক ঐশ্বর্য্যশালী

ইহা গ্রেস্লীজ নহে—একটী ঘোষণা মাত্র

ফার্ম্মাসিউটিকেল লেবরেটরিজ্

অব্দ ইণ্ডিয়া লিমিটেড

(মূল ব্রাসায়নিক দ্রব্যাদির প্রতিষ্ঠান)

হেড অফিস : ১৩৩নং আপার সার্কুলার রোড, কলিকাতা। ফ্যাক্টরী : ৩৯এ নেবু বাগান রোড, হাওড়া।

প্রথম আর্থিক বৎসর পূর্ণ হওয়া মাত্র এই ১৯৪৩ সালে শতকরা ৩৫ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করিয়াছে।

কোম্পানী বর্ত্তমানে ক্যালসিয়াম ল্যাক্টেট এবং অ্যাসপ্রিন এসিড প্রস্তুত করিতেছেন। এতদ্ব্যতীত ইহা দ্বারা ক্যালসিয়াম গ্লুকোনেট, বাইজ্মিথ এসিড বাইয়ম ইত্যাদি অন্যান্য মূল রাসায়নিক দ্রব্যাদির আরও বহু প্রস্তুত করার পরিকল্পনা কোম্পানীর আছে। অর্থ ফেব্রুয়ারী হইতে যে মূলধন দেওয়া হইয়াছে, তাহা দ্বারা কারখানা ও অন্যান্য যাবতীয় স্থায়ী সম্পত্তি ক্রয় করা হইয়াছে এবং কোম্পানীর সরকারের অনুমোদন পাইয়াছে। ইহার হিসাবে এই কয়েকটী নাম বোর্ডভুক্ত করা হইয়াছে।

বর্ত্তমানে বিক্রয়ার্থ

প্রত্যেকটি ১০৲ টাকা করিয়া ১৪,৪৬৫টি অভিনারী শেয়ার ছাড়া হইয়াছে।

ডিরেক্টরবর্গ :

১। স্যার এস্ বি মুখার্জ্জী আই এম এস (অবসরপ্রাপ্ত, মেডিকেল অ্যাডভাইসার, ৩৭এ বেনেডক্স লেন ষ্ট্রীট, কলিকাতা।

২। ভূপেন্দ্রকুমার ব্যানার্জ্জি, এডভোকেট, এম এস্ সি, লণ্ডিনিয়ং, বেনার্স এল এ পাবলী এণ্ড বোর (লণ্ডিনিয়ং), ৩৮এ আশু বোস ষ্ট্রীট, কলিকাতা।

৩। মথুরানাথ বি প্যাটেল, এম্ বি, বি-এস, মেডিকেল অ্যাডভাইসার, রাজীবাজারবাজার, আগ্রা।

৪। স্যার রাজেন্দ্রনাথ মেন, এম্ বি, বি-এস, মেডিকেল অ্যাডভাইসার, বোম্বে অফিস, বম্বে, সাবপুর।

৫। স্যার মনুভূষণ সাহা, এম বি, মেডিকেল অ্যাডভাইসার, ডিরেক্টর—ফ্রাসম্ এণ্ড কেমিক্যালস্ (ক্যালকাটা) লিঃ, ঢাকা।

৬। ধরণীমোহন সেন, এডভোকেট, চৌধুরিক্যাম এজলাইনার এণ্ড ব্যাসোসিয়েট ডিরেক্টর অব ফ্রাসম্ এণ্ড কেমিক্যালস্ (ক্যালকাটা) লিঃ, ১৪নং কার্ণিভেল মেন্ট লেন, কলিকাতা।

৭। ইন্দ্রিসকুমার ব্যানার্জি এডভোকেট, এম, এস-সি (লিং), (এল-অক্সিনিয়), ডিরেক্টর—ফ্রাসম্ এণ্ড কেমিক্যালস্ (ক্যালকাটা) লিঃ, ৩৯এ ফ্রাট, ১৩৩নং আপার সার্কুলার রোড, কলিকাতা।

৮। নন্দলাল দত্ত এডভোকেট, বার-এট, (এল-অক্সিনিয়), ডিরেক্টর—ফ্রাসম্ এণ্ড কেমিক্যালস্ (ক্যাল) লিঃ, ৩৯এ আশুতোষ মাখার ষ্ট্রীট, কলিকাতা।

৯। অমিয়কুমার ব্যানার্জি, এডভোকেট, অক্সিবার (এল-অক্সিনিয়), ১৩ বি, বেনেডক্স লেন ষ্ট্রীট, কলিকাতা।

প্রস্পেক্টাস এবং অন্যান্য বিস্তৃত বিবরণাদি বেলা অফিসে পাওয়া যাইবে।

ভারতবর্ষ আইনের ৮৬-এ ধারা মতে দেয়ারহল্ডার বিক্রয়ের জন্য দেওয়ার সরকারের অনুমতি পাওয়া গিয়াছে। এই অনুমতি দ্বারা অনুক সরকার ইহাদের কোন পরিবর্ত্তনের আর্থিক মূল্য বিক্রয় অথবা ইহাদের সম্বন্ধে কোনরূপ্রকার করা হইলে তাহার দায়ীত্ব সম্বন্ধে কোন দায়ীত্ব লইতেছেন না।

সরকারের নিকট সঞ্চিত ভারতের ষ্টার্লিং সম্পদ দ্বারা বিদেশ হইতে যন্ত্রপাতি প্রভৃতি ক্রয় করিয়া ভারতে আবশ্যকীয় কৃষি ও শিল্পজাত দ্রব্যাদির উৎপাদন বৃদ্ধি করিবার জন্য ভারত সরকার নজর দেন, তাহা হইলে এই মূলধনের কতকটা অভাব মিটিতে পারে। অপরপক্ষে ভারত সরকার যদি অতিরিক্ত মুদ্রার্থে কর হিসাবে তাহা পাইতেছেন তাহার একটা বিশিষ্ট অংশ শিল্প সংস্থাপন করিবার জন্য ব্যয় করেন তাহা হইলেও মূলধনের অভাবটা দোষাড় হয়। ভারত সরকার মুদ্রাস্ফীতি রোধ করিবার অছিলায় যেভাবে মূলধন বিনিয়োগ নিয়ন্ত্রণ ব্যবস্থা অবলম্বন করিয়াছেন তাহাতে মূলধনের স্বাভাবিক গতি অনেকটা ব্যাহত হইয়া ভারতে নূতন নূতন শিল্পের উদ্ভবের পক্ষে বাধাস্বরূপ হইয়া দাঁড়াইয়াছে। ভারতে শিল্পোন্নতির যে সুযোগ দেখা দিয়াছে লোকে তাহার সদ্ব্যবহার করিতে না পারায় ভারতের অর্থনৈতিক ভবিষ্যৎ অনেকটা ঘোলাটে হইয়া দাঁড়াইয়াছে।

ভারতের অর্থনৈতিক প্রশ্ন রাজনীতির সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। ভারতের প্রয়োজনীয় মূলধন সংগ্রহ করিয়া শিল্প ও কৃষির উন্নতি সাধন করিতে হইলে ভারতে জাতীয় গবর্ণমেণ্ট স্থাপিত হওয়া একান্ত প্রয়োজন। জনসাধারণের বিভিন্ন স্বার্থের জন্য সমরাস্ত্রিক জাতীয় গবর্ণমেণ্টই যেমন প্রকৃত অর্থনৈতিক মুক্তি আনয়ন করিতে সক্ষম। ভারতের সম্মুখে যুদ্ধোত্তরকালীন জটিল অর্থনৈতিক সমস্যা রহিয়াছে। এই সমস্যার সমাধান করিতে পারে একমাত্র ভারতের জনগণের স্বাধীন রাষ্ট্রব্যবস্থা। ভারতের সমস্ত শক্তি ও সম্পদ সেচ্ছাকৃত করিতে পারিলেই ইহার বিবিধ অর্থনৈতিক প্রশ্নের সুরাহা হইতে পারে। যুদ্ধোত্তর কালে ভারত স্বাধীন হইতে না পারিলে আশঙ্কা করিবার যুক্তিসঙ্গত কারণ আছে যে, এদেশে বৈদেশিক অর্থনৈতিক সাম্রাজ্যবাদ কায়েম করিবার জন্য ভারতবর্ষকে কৃষিপ্রধান দেশে পরিণত করিবার চেষ্টা হইবে। স্বাধীন ভারতের যদি প্রয়োজন হয় তবে নির্দ্ধারিত সূদে বিদেশী মূলধন এদেশে আমদানী করা যাইবে। সেক্ষেত্রে বিদেশী মূলধন ভারতের অর্থনৈতিক উন্নতি বিধান করিবার কাজেই লাগিবে—বিদেশী সাম্রাজ্যবাদীদের শোষণ ব্যবস্থাকে ডাকিয়া আনিবে না। ভারতের অর্থনৈতিক সমস্যা, শিল্পোন্নতির প্রশ্ন এবং মূলধনের সমস্যা একসঙ্গে জটিল আকার ধারণ করিয়াছে এবং এই সমস্যার তীব্রতা যুদ্ধোত্তরকালে আরও বৃদ্ধি পাইবে। সেই সব সমস্যার সুসমাধান করিতে হইলে এদেশে প্রকৃত জাতীয় গবর্ণমেণ্ট স্থাপনের ব্যবস্থাই সর্ব্বাগ্রে প্রয়োজন।

স্থান পরিবর্ত্তন

পী ব্যানার্জ্জি কোং লিঃ

ও তৎসংশ্লিষ্ট নিম্নলিখিত প্রতিষ্ঠানগুলি—

(১) মোহনপুর টি কোং লিঃ. (২) সিমলা টি এণ্ড ট্রেডিং কোং লিঃ. (৩) দেশবন্ধু প্রভিডেণ্ট ইন্‌সিওরেন্স সোসাইটি লিঃ. (৪) ইক এণ্ড শেয়ার ব্রিলাস এসোসিয়েশন লিঃ.

(৫) পল্লী ব্যাঙ্ক লিঃ

নূতন অফিস :—৬নং ম্যাঙ্গো লেন, কলিকাতায় স্থাপিত হইয়াছে।

উক্ত ব্যাঙ্কের মৌলভীবাজার শাখার উদ্বোধন ২৯শে এপ্রিল খুলনা জিলা বোর্ডের সভাপতি মোহাম্মদ রায় সৈয়েদুজ্জামান মোদক মহাশয় কর্ত্তৃক শুভ উদ্বোধন হইয়াছে। বিভিন্ন স্থানে ব্যাঙ্কের শাখা স্থাপনের জন্য সত্বর মূলধনের প্রয়োজন। দেশবন্ধু প্রভিডেণ্ট ইন্‌সিওরেন্স সোসাইটীতে বীমা করুন এবং অবসর সময়ে এজেন্সির কার্য্য করিয়া লাভবান হউন

জে ব্যানার্জ্জি, সেক্রেটারী।

পী ব্যানার্জ্জি, এম এল এ, ম্যানেজিং ডাইরেক্টর।

নিঃ

বেঙ্গল ওরিয়েণ্টাল ব্যাঙ্ক লিমিটেড

স্থাপিত : ১৯৩৬ সন রেজিষ্টার্ড অফিস : কুমিল্লা

সেণ্ট্রাল অফিস :

পি-২৯, মিশন রো এক্সটেনসান, কলিকাতা

বিস্তৃত বিবরণের জন্য অনুসন্ধান করুন :

জেনারেল ম্যানেজার এ বি ঘোষ।

ম্যানেজিং ডিরেক্টর এস কে ভট্টাচার্য্য, বি-এল।

বাঙ্গলায় ব্যবসায়িক প্রচেষ্টা

বিভিন্ন প্রতিষ্ঠানের পরিচয়

দি আয়ুর্বেদ ঔষধ লিমিটেড

হেড অফিস—পুরাণবাজার (ঢাকাস্থ)

আয়ুর্বেদ চিকিৎসা ভারতীয় সভ্যতার অন্যতম শ্রেষ্ঠ নিদর্শন। চিকিৎসা-বিজ্ঞানে আয়ুর্বেদের বিশিষ্ট স্থান আধুনিক কালেও সর্বজন-স্বীকৃত। ত্রিপুরা জেলায় পুরাণ-বাজারের (ঢাকাস্থ) দি আয়ুর্বেদ ঔষধ লিমিটেড প্রতিষ্ঠানটি বিজ্ঞানের বৈজ্ঞানী শাস্ত্রীয় ঔষধসমূহ বাজারে চালাইয়া অতি অল্পদিনের মধ্যেই ব্যবহারকারীদের প্রশংসা অর্জন করিয়াছে। ইহার পরিচালকগণ চিকিৎসা-ব্যবসায়ে অভিজ্ঞ এবং অভিজ্ঞ। মুদ্রণাদির কাগজাভাবের অন্যান্য প্রতিকূল অবস্থার মধ্যে চলিয়াও ১৯৪০ সালে দি আয়ুর্বেদ ঔষধ লিমিটেড, অংশীদারগণকে বার্ষিক শতকরা ১০৲ টাকা (আয়কর রহিত) লভ্যাংশ প্রদান করিয়াছেন বলিয়া জানা গিয়াছে। বর্তমানে প্রতিষ্ঠানটিকে এই বড় করিয়া তুলিবার যে প্রচেষ্টা চলিতেছে আমরা সর্বান্তঃকরণে তাহার সাফল্য কামনা করিতেছি।

ইণ্ডাষ্ট্রীয়াল সিণ্ডিকেট

৩২-ই, আক্‌রুদ্দন লেন, কলিকাতা।

জাতীয় শিল্পের উন্নতি করিবার শুভ ইচ্ছা লইয়া এই প্রতিষ্ঠানটি স্থাপিত হওয়ার পর হইতে ক্রমশঃ প্রসার লাভ করিয়া চলিয়াছে। ইঁহারা নানাবিধ দ্রব্যের সহযোগে কয়েকটি বিশেষ কারখানার তত্ত্বাবধান করিতেছেন। যথা—মুক্তাভস্ম ওষধির এসেন্স, অরেঞ্জ স্কোয়াশ, এসেন্সের ফুল প্রভৃতি প্রস্তুত করিয়া থাকেন। ইঁহাদের ইচ্ছা শুভ এবং উদ্যম প্রশংসনীয়। আমরা এই কোম্পানীর উত্তরোত্তর উন্নতি কামনা করি।

ইণ্ডিয়া এষ্টেটস্ ব্যাঙ্ক লিমিটেড

হেড অফিস—৬১, ব্যাণ্ডেল লেন, কলিকাতা।

ইংরেজি ১৯৩৫ সালে প্রতিষ্ঠিত হইয়া ইণ্ডিয়া এষ্টেটস্ ব্যাঙ্ক লিমিটেড এই অতি অল্প সময়ের মধ্যে ব্যাঙ্কিং ব্যবসায়ে প্রতিষ্ঠা লাভ করিয়াছে। কলিকাতার হেড অফিস ছাড়া বালীগঞ্জ, বৌবাজার, বড়বাজার, ঢাকা, চট্টগ্রাম, রেঙ্গুন ও বরদমপুরে এই ব্যাঙ্ক শাখা অফিস খোলা হইয়াছে। এই ব্যাঙ্কটির ক্রমোন্নতির মূলে রহিয়াছে মিঃ এস বি ঘোষ বর্তমানের বিজ্ঞান পরিচালনা। আমরা এই নবীন ব্যাঙ্কটির সর্বাঙ্গীণ উন্নতি কামনা করি।

ইণ্ডিয়ান স্কাশনাল ব্যাঙ্ক লিঃ

হেড অফিস—৮৩এ লায়ন্স রেঞ্জ, কলিকাতা।

বাঙ্গলার ব্যাঙ্ক ব্যবসায় ক্ষেত্রে ইণ্ডিয়ান স্কাশনাল ব্যাঙ্ক লিমিটেডের নাম অল্পদিনের মধ্যে। এই ব্যাঙ্কের গত ১৯৪০ সালের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত হিসাবপত্র হইতে জানা যায় ঐ তারিখে ব্যাঙ্কটির আদায়ী মূলধনের পরিমাণ ছিল ৩ লক্ষ ১৩ হাজার ৬৩৬ টাকা। ঐ তারিখে উহাদের সাধারণের আমানতের পরিমাণ ছিল ২১ লক্ষ ১৪ হাজার ৫৯৪ টাকা ৩ আনা ৭ পাই। আলোচ্য বৎসরে পূর্ব বৎসরের উদ্বৃত্ত ২ হাজার টাকা সহ ব্যাঙ্কটির মিট লাভ হইয়াছে ২০ হাজার ৮৯৮ টাকা। ঐ টাকা হইতে পরিচালকগণ অংশীদারগণকে প্রতি প্রেফারেন্স শেয়ারে বার্ষিক শতকরা ৬ টাকা ও প্রতি সাধারণ শেয়ারে বার্ষিক শতকরা ৫ টাকা হারে লভ্যাংশ দেওয়ার প্রস্তাব করিয়াছেন। উপরোক্ত হিসাবপত্র হইতে ব্যাঙ্কটির ক্রমবর্দ্ধমান জনপ্রিয়তা উপলব্ধি করা যায়। হেড অফিস ছাড়া বোম্বাই, ব্রাঞ্চ-পুর, মোকলবসুর, চাইবাসা, রাঁচা, মজঃফরপুর, আসানসোল, আলমোরা, বড়বাজার ও দক্ষিণ কলিকাতায় এই ব্যাঙ্কটির শাখা অফিস স্থাপিত হইয়াছে। মিঃ আর লাহা ম্যানেজিং ডিরেক্টর রূপে যোগ্যতার সহিত এই ব্যাঙ্কটির পরিচালনা করিতেছেন। আমরা এই প্রতিষ্ঠানটির শ্রীবৃদ্ধি কামনা করি।

ইণ্ডিয়ান মিনারেল ইণ্ডাষ্ট্রীজ লিঃ

২২-১ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

এই কোম্পানীটি গত ১৯৪০ সালে প্রতিষ্ঠিত হয়। কার্য্য সুরু করিবার পর প্রথম বৎসরে এই কোম্পানীর বিক্রীত বিক্রিবাটনের পরিমাণ ছিল কম। আমাদের হিসাবে ঐ বৎসরে কোম্পানীর বিশু লোকসানের দেখা মিলিয়াছিল। কিন্তু দ্বিতীয় বৎসর হইতে সকল দিক দিয়াই এই প্রতিষ্ঠানের উন্নতিযোগ্য শ্রীবৃদ্ধিলাভ লক্ষ্য করা যাইতেছে। ১৯৪১ সালের এপ্রিল মাসের এক বৎসরে এই কোম্পানী ৮৩ হাজার ৫৮১ টাকার জিনিষ বিক্রয় করে এবং বরচপত্র বাদ দিয়া ঐ বৎসর কোম্পানীর ১৬ হাজার টাকা মিট লাভ হয়। ঐ লাভ হইতে কোম্পানী সাধারণ শেয়ারের উপর শতকরা ৬০ টাকা হারে লভ্যাংশ প্রদান করেন। ১৯৪২ সালের ৩১শে এপ্রিল পর্য্যন্ত বৎসরে কোম্পানী ১ লক্ষ ৩৬ হাজার টাকার জিনিষ বিক্রয় করিয়াছে। ঐ বৎসরে কোম্পানীর ২১ হাজার ৯৮২ টাকা মিট লাভ হইয়াছে এবং উহা হইতে সাধারণ অংশীদারদিগকে শতকরা ১ টাকা হারে লভ্যাংশ দেওয়া হইয়াছে। আমরা এই প্রতিষ্ঠানটির উত্তরোত্তর উন্নতি কামনা করি।

ইষ্ট বেঙ্গল মার্কেণ্টাইল ব্যাঙ্ক লিঃ

হেড অফিস—২০।১ সি লালবাজার, কলিকাতা

১৯২৬ সালে কতিপয় ব্যবসায়ীর নেতৃত্বে এই ব্যাঙ্ক কাজ আরম্ভ করে। বঙ্গদেশের ও কলিকাতার কতকগুলি ব্যবসা প্রতিষ্ঠানের সহযোগিতা লাভ করিয়া এই ব্যাঙ্ক উহার কার্য্যক্ষেত্র বাড়াইয়া তুলিয়াছে এবং আমানত-কারীদের আস্থা অর্জ্জন করিতেছে। এখানে প্রথম ১০০ টাকা মূলধনের উপর এই ব্যাঙ্ক সর্ব্বসাকুল্যে ৬৪ টাকা লভ্যাংশ প্রদানে সক্ষম হইয়াছে। কলিকাতার কয়েকজন বিশিষ্ট ব্যবসায়ী বর্তমানে ইহার পরিচালনার ভার গ্রহণের ফলে ইহার পুনরুজ্জীবনকল্পে উৎসাহিত হইবেন সন্দেহ নাই। আমরা এই প্রতিষ্ঠানটির সর্ব্বাঙ্গীণ উন্নতি কামনা করি।

ইণ্ডিয়ান মিউচুয়াল লাইফ এসোসিয়েশন লিঃ

হেড অফিস—মাদ্রাজ

ইণ্ডিয়ান মিউচুয়াল লাইফ এসোসিয়েশন লিমিটেড গত ১৯২৯ সালে মাদ্রাজে প্রতিষ্ঠিত হয়। ইহার সুযোগ্য জেনারেল সেক্রেটারী মিঃ সি এস শ্রীনিবাসনের সুদক্ষ পরিচালনার গুণে ইণ্ডিয়ান মিউচুয়াল উন্নতিলাভের উন্নতি দেখাইতে সমর্থ হইয়াছে। গত ১৯৪১ সালে এই কোম্পানী ১,০৩৭টি প্রস্তাবে মোট ১৪ লক্ষ ৪০ হাজার টাকার বীমাপত্র প্রদান করিয়াছে। যুদ্ধের সময়ে ব্যবসা পরিচালনা করিতে গিয়া দেশের অনেক কোম্পানীরই আয় বেশী রকম বরচপত্র করিতে হইতেছে। উহাতে ডিভিডেণ্ডের অনুপাতে মূলধন হ্রাস পাইতেছে। কিন্তু এই কোম্পানী ডিসেম্বর ১৯৪২ সালে ডিভিডেণ্ড-বণ্টনের সময়ে ৪৮ ভাগ বাদ করিয়াই আয় নির্ণয় করিয়াছে।

ইষ্টার্ণ কমার্শিয়েল ব্যাঙ্ক লিঃ

হেড অফিস—৬নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

ইষ্টার্ণ কমার্শিয়েল ব্যাঙ্ক লিমিটেড বাঙ্গলার ব্যাঙ্ক ব্যবসার ক্ষেত্রে পরিচিতি লাভ করিয়াছে। বর্ত্তমান কঠিন দিনের প্রতিটি প্রতিষ্ঠানের ম্যানেজিং ডিরেক্টর শ্রীযুক্ত ধীরেন্দ্রনাথ চৌধুরী এই প্রতিষ্ঠানটির পৃষ্ঠপোষক। তাহা ছাড়া বাঙ্গলার বোধহয় বাহাদুর এক আর কি এমন প্রমুখ প্রতিষ্ঠানের ব্যক্তি ইষ্টার্ণ কমার্শিয়েল ব্যাঙ্কের পরিচালক বোর্ডে রহিয়াছেন। বাঙ্গলাদেশের অনেক বাণিজ্য-কেন্দ্রে এই ব্যাঙ্কের শাখা অফিস ও এজেন্সি অফিস স্থাপিত হইয়াছে। আমরা আশা করি ম্যানেজিং ডিরেক্টর মিঃ সুনিলবিহারী গুহের সুপরিচালনার গুণে এই প্রতিষ্ঠানটি অদূর ভবিষ্যতে আরও উন্নতিলাভে সমর্থ হইয়া বাঙ্গলাদেশের শিল্পবাণি প্রসারে প্রভূত সহায়তা করিবে।

ইষ্ট এণ্ড ওয়েষ্ট ইন্সিওরেন্স কোং লিমিটেড

হেড অফিস—ইষ্ট এণ্ড ওয়েষ্ট বিল্ডিংস, বোম্বাই

ভীমা-বীমা ব্যবসায় প্রতিষ্ঠান হিসাবে ইষ্ট এণ্ড ওয়েষ্টের নাম সুপরিচিত। ইহার চলতি বীমার পরিমাণ ৯ কোটি টাকার উপর, বার্ষিক আয় প্রায় ১০ লক্ষ টাকা, বীমা তহবিল ৪৫ লক্ষ টাকার উপর ও মোট সম্পত্তি ৫৬ লক্ষ টাকার উপর। ইহার স্থানীয় চীফ এজেন্টস হইয়াছেন মেসার্স এস চৌধুরী, ১০, ক্লাইভ রো। কোম্পানীর অবস্থা দৃষ্টে আশা করা যায় ইহা উত্তরোত্তর উন্নতির পথে অগ্রসর হইবে।

এইচ বসু এণ্ড সন্স লিঃ

হেড অফিস—১৪ নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

বাঙ্গলার ব্যবসা বাণিজ্য ক্ষেত্রে মেসার্স এইচ বসু এণ্ড সন্সের নাম আজ সুপরিচিত। শ্রীযুক্ত হেমেন্দ্রনাথ বসু বীর অন্যান্য চেষ্টা ও কর্মনৈপুণ্যে অতি ছোটখাট কাজ হইতে ইহা ক্রমে ক্রমে আজ এক বড় ব্যবসা প্রতিষ্ঠানে পরিণত করিয়াছেন। ম্যানেজিং এজেন্টস, এজেন্টস ও চীফ এজেন্টস্ রূপে এই কার্য্য বহু কোম্পানীর ব্যবসা সম্প্রসারণে ও উন্নতি-সাধনে আত্মনিয়োগ করিয়াছে। ইঁহাদের পরিচালনায় বহু কোম্পানী ইতিমধ্যে যথেষ্ট প্রতিষ্ঠা ও সুনামের অধিকারী হইয়াছে। নিজ-ব্যবসায় শ্রীযুক্ত হেমেন্দ্রনাথ বসুর এই কৃতিত্বের দাম বাস্তবিকই অনুসরণীয়। তিনি দীর্ঘকাল জীবিত থাকিয়া আরও বহু কৃতিত্ব সুদূর ইহাই আমাদের কামনা।

এম বি সরকার এণ্ড সন্স

১২৮, ১২৯-১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

কলিকাতার, শুধু কলিকাতার কেন, সমগ্র বাঙ্গলা দেশে, অলঙ্কার-শিল্পে যে কয়টী প্রতিষ্ঠান অসাধারণের বিশ্বাসভাজন হইয়া বিরাজ করিতেছেন, এম বি সরকার এণ্ড সন্স সেগুলির মধ্যে অন্যতম। স্বর্ণের ন্যায় বহু মূল্য ধাতুর অলঙ্কার নির্ম্মাণে যাহা বিশেষভাবে সুবিধা থাকায় এ শিল্পে লোকের বিশ্বাস স্থাপন করা সাধুতার প্রয়োজন। স্বর্ণের বিশুদ্ধতা এম বি সরকার এণ্ড সন্সের বৈশিষ্ট্য বলিয়া তাঁহাদের পক্ষে আজিকার বাজারে অলঙ্কারাদির বিক্রয় ও আয় অক্ষুণ্ণ রাখা সম্ভব হইয়াছে। ইঁহারা কেবলমাত্র নিজ কারখানার প্রস্তুত যিনি স্বর্ণের গহনাই বিক্রয় করেন। অলঙ্কার ব্যবসায়ীর পুঁজি থাকাও একান্ত প্রয়োজন, এম বি সরকার এণ্ড সন্সের সে ভয় নাই বলিয়া তাঁহাদের প্রস্তুত অলঙ্কারেই পাওয়া যায়। সুন্দর ডিজাইন, অবাধন তাজা নমুনা ক্রেতাদেরই দৃষ্টি আকর্ষণ করে। এই কোম্পানী বিক্রয়ের জন্য সর্ব্বদা নানা ডিজাইনের অলঙ্কার এবং রৌপ্যের নানা সামগ্রী মজুত রাখেন, অর্ডার দিলে অল্প সময়ের মধ্যে পছন্দসই তৈয়ারী করিয়াও দেন। মফঃস্বলের অর্ডার যি পি ডাকযোগে পাঠাইবার ব্যবস্থাও ইঁহারা করিয়াছেন।

সুরুচি ও স্বর্ণের বিশুদ্ধতার জন্য যথেষ্ট খ্যাতি থাকিলেও এই কোম্পানী কাজের তুলনায় মজুরীর হার যথাসম্ভব সুলভ রাখিয়াছেন। আমরা এই প্রতিষ্ঠানটির উত্তরোত্তর শ্রীবৃদ্ধি কামনা করি।

ওভারল্যাণ্ড ব্যাঙ্ক লিঃ

হেড অফিস—৬, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

ওভারল্যাণ্ড ব্যাঙ্ক লিমিটেড অল্প কালের মধ্যে উল্লেখযোগ্য উন্নতি দেখাইয়াছে। ইহার আদায়ী মূলধন এখন ৬ লক্ষ টাকার দাঁড়াইয়াছে এবং মোট কার্য্যকরী মূলধন ১৪ লক্ষাধিক টাকায় পৌঁছিয়াছে। ক্লাইভ ষ্ট্রীটের হেড অফিস ব্যতীত বর্ত্তমান কলিকাতায় (ডিপুজা ষ্ট্রীট-এ) বোবাই, আঠারবাড়ী, নালিবা, গোপালপুর, আমলাপুর, নরিয়াবাড়ী, মোহনপুর, ঢাকা ও হবিগঞ্জে এই ব্যাঙ্কটির শাখা অফিস আছে। এই ব্যাঙ্কের বিশেষত্ব এই যে, ইহা স্বর্ণ-রৌপ্য ও অলঙ্কারের বিলের জামিনে টাকা ধার দিয়া থাকেন। ইঁহাদের আমানতের সুদের হারও বেশ সুবিধাজনক। শ্রীযুক্ত প্রমোদরঞ্জন রায় চৌধুরী মহাশয় ইহার চেয়ারম্যানরূপে এবং শ্রীগোবিন্দ চৌধুরী মহাশয় ইহার ম্যানেজিং ডাইরেক্টররূপে ব্যাঙ্কের কার্য্য অতি যোগ্যতার সহিত পরিচালনা করিতেছেন। আমরা ইহার উত্তরোত্তর উন্নতি কামনা করি।

কমারশিয়াল ব্যুরো

২৮, ষ্ট্রাণ্ড রোড, কলিকাতা

কমারশিয়াল ব্যুরো একটী ভারতীয় প্রতিষ্ঠান। ইঁহারা বিভিন্নপ্রকার মাইকানাইট চাদর, তাপ-প্রতিরোধক শক্ত মাইকানাইট চাদর, মাইকা ষ্টীভস, অভ্রের ফিতা, ঘষার পলিস্টন, ষ্টীকিং প্লাষ্টার প্রভৃতি প্রস্তুত

শেয়ার বিক্রয়ার্থ

ভারত সরকারের অনুমতি পাওয়া গিয়াছে

সি. ডিস্ প্রস্তুত ঔষধ ও ইমুলেক্সানস

সর্ব্বত্র বিশেষ সুনাম অর্জ্জন করিয়াছে।

কেমিক্যালস্ এণ্ড ড্রাগস্

ইণ্ডিয়া লিমিটেড

২৩নং ষ্ট্রাণ্ড রোড, কলিকাতা। ফোন : ক্যাল ১১৫৮

যেহেতু কর্ণধারেরা বিশেষ ভাবে ইহাতে মনোযোগ দান করায় এই কোম্পানীর আয়ের পথের বিঘ্নের আশঙ্কা নিঃশেষ হইয়াছে। এই কারণে ডাঃ ইহার অগ্রিমাংশের মাসুল, ফোনের বিলটির সরাসরি বা কোন্দ ভাবে কোনও প্রকার দায়িত্ব গ্রহণ করিতেছেন না।

করিয়া থাকেন। ইঁহাদের প্রত্যেক কর্মচারীর এ্যাকোমিক টেস্ট সরকারী টেষ্ট হাউসে পরীক্ষিত হইয়াছে। এই কোম্পানী ভারত সরকারের সরবরাহ বিভাগের রেজিষ্টীকৃত কন্ট্রাক্টর। আমরা এই কোম্পানীর উত্তরোত্তর শ্রীবৃদ্ধি কামনা করি।

মুর্শিদা ইউনিয়ন ব্যাঙ্ক লিঃ

হেড অফিস—৪নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

বাঙ্গালী পরিচালিত যে কয়টী ব্যাঙ্ক দেশবাসীর অকুণ্ঠ সহানুভূতি ও আস্থা লাভ করিয়া সমধিক সাফল্য প্রদর্শনে সমর্থ হইয়াছে মুর্শিদা ইউনিয়ন ব্যাঙ্ক তাহাদের অন্যতম। বর্ত্তমানে এই ব্যাঙ্কের সম্মিলিত কার্য্যকরী মূলধনের পরিমাণ দাঁড়াইয়াছে লাভ কোটী টাকারও উপর। বাঙ্গালী পরিচালিত কোন ব্যাঙ্কের ৭ কোটী টাকার উপর কার্য্যকরী মূলধন দেখার সৌভাগ্য হইবে এবং ইহার কার্য্যধারা দেখে ও দেশের বাহিরে এতদূর পরিমাণে প্রসারিত হইবে ইহা পূর্ব্বে কেহ কল্পনা করিতে পারে নাই। বৈজ্ঞানিক প্রণালীতে ব্যাঙ্ক পরিচালনা, সতর্কতামূলক আয়নীতি, সমর টাকার সদ্ব্যবহার, যে কোন হিসাবে বিবেচনা করা যাউক না কেন এই ব্যাঙ্কের সুদৃঢ় ভিত্তি সম্বন্ধে কোন দ্বিমত বিরাট কোন সন্দেহের অবকাশ থাকে না। তাই শান্তিভূষণ দত্ত ম্যানেজিং ডিরেক্টরক্রপে এই ব্যাঙ্কটি পরিচালনা করিতেছেন। তাঁহার কর্ম্মকুশলতায় ব্যাঙ্কটী উত্তরোত্তর উন্নতির পথে অগ্রসর হইতেছে। এই কৃতিত্বের জন্য আমরা তাঁহাকে আন্তরিক অভিনন্দন জানাইতেছি।

মুর্শিদা ব্যাঙ্কিং কর্পোরেশন

হেড অফিস—মুর্শিদা

বাঙ্গালী পরিচালিত প্রথম শ্রেণীর ব্যাঙ্ক প্রতিষ্ঠানগুলির মধ্যে মুর্শিদা ব্যাঙ্কিং কর্পোরেশন লিঃ অন্যতম। শান্তিনীতি ও নগদ টাকার সদ্ব্যবহার দ্বিগুণ দিয়া হিসাব করিলে সে দ্বিগুণও উহাকে ভারতীয়দের পরিচালিত অন্যতম আদর্শ ব্যাঙ্ক বলিয়া উল্লেখ করিতে হয়। সন ১৯৩২ সালের শেষে এই ব্যাঙ্কের আদায়ী মূলধনের পরিমাণ ছিল ২২ লক্ষ টাকা (বর্ত্তমানে তাহা দাঁড়াইয়াছে ৬২ লক্ষ টাকার উপর)। মজুত তহবিলের পরিমাণ ছিল ৯ লক্ষ টাকা (বর্ত্তমানে ৬৫ লক্ষ টাকারও উপর)। ১৯৩১ সালের শেষে এই ব্যাঙ্কে সাধারণের আমানতের পরিমাণ ছিল ২ কোটী ১৪ লক্ষ টাকা। কৃষী ও শিল্পের ব্যাঙ্ক-ব্যবসায়ী শ্রীযুক্ত সরোজরঞ্জন দত্ত ম্যানেজিং ডিরেক্টরক্রপে এই ব্যাঙ্কটী পরিচালনা করিতেছেন। তাঁহার কর্ম্মকুশলতায় ব্যাঙ্কটী উত্তরোত্তর শ্রীবৃদ্ধির পথে অগ্রসর হইতেছে। তাঁহার কর্ম্মকুশলতার গুণে মুর্শিদা ব্যাঙ্কিং কর্পোরেশনের দিন দিন শ্রীবৃদ্ধির পথে অগ্রসর হইতেছে।

সুবের ব্যাঙ্ক লিমিটেড

হেড অফিস—কলিকাতা

সুবের ব্যাঙ্ক বাঙ্গলার নূতন উন্নতিশীল ব্যাঙ্কগুলির অন্যতম। এই প্রতিষ্ঠানের পরিচালক মণ্ডলীতে যাঁহারা আছেন ব্যাঙ্কিং সম্বন্ধে তাঁহাদের অভিজ্ঞতা-সম্পন্ন, তাঁহাদের কর্ম্মকুশলতায় ব্যাঙ্কটী ক্রমশঃ উন্নতির পথে অগ্রসর হইতেছে। সুবের ব্যাঙ্ক লিমিটেড, আধুনিক ব্যাঙ্কিং সাফল্যের যাবতীয় তথ্যের সহিত মিলিয়া থাকেন। হেড অফিস ছাড়া কলিকাতার বড়বাজার, শ্যামবাজার, ভাওয়া, ভবানী, ভাটপ্রাম, বজবজ, রাজসাহী, কুষ্টিয়া, ঢাকা, সিলিগুড়ী, কালিম্পং প্রভৃতি প্রধান প্রধান সহরে ইহার শাখা অফিস প্রতিষ্ঠিত হইয়াছে। আমরা আশা করি ম্যানেজিং ডাইরেক্টর মিঃ এস কে সরকারীর সুযোগ্য পরিচালনায় ব্যাঙ্কটী উত্তরোত্তর শ্রীবৃদ্ধিলাভ করিবে।

কুষ্টিয়া ইউনাইটেড ব্যাঙ্ক লিঃ

হেড অফিস—কুষ্টিয়া

কুষ্টিয়া ইউনাইটেড—ব্যাঙ্ক লিমিটেড এত অল্পদিন পূর্ব্বে উহার কার্য্য সুরু করে। প্রথম প্রথম উহার কাজ কারবার তেমন ভালভাবে নির্ব্বাহ হত না। ছয় মাস পূর্ব্বে মিঃ বি রায়চৌধুরী ম্যানেজিং ডিরেক্টর হিসাবে উহার কার্য্যভার গ্রহণ করার পর হইতে ব্যাঙ্কটীর ক্রমে উন্নতি লক্ষ্য করা যাইতেছে। তাঁহার চেষ্টায় ব্যাঙ্কটীর সাধারণের আমানতের পরিমাণ পূর্ব্বের তুলনায় ৭৮ গুণ বৃদ্ধি পাইয়াছে। বাঙ্গলা ও বিহারে এই প্রতিষ্ঠানের ৮টী নূতন শাখা অফিস স্থাপিত হইয়াছে। এইসব শাখা অফিসের সাধারণের ব্যাঙ্কের কার্য্যধারা ভালরূপ প্রসারিত হইতেছে। কুষ্টিয়া ইউনাইটেড ব্যাঙ্ক ছোট ব্যবসায়ীদিগকে সময়োচিত ঋণ দিয়া সাহায্য করিয়া থাকে। আমরা এই ব্যাঙ্কটীর উত্তরোত্তর শ্রীবৃদ্ধি কামনা করি।

কুসুম ইণ্ডিয়ানারাজি কোং

রেজিষ্টার্ড অফিস—২৫, সোয়ালো লেন, কলিকাতা

বহু বছরের অভাবের মধ্যে যে কয়টী ইণ্ডিয়ানারাজি কোম্পানী প্রতিষ্ঠিত হইয়া প্রবল উন্নতির পথে অগ্রসর হইয়া চলিয়াছে কুসুম ইণ্ডিয়ানারাজি তাহাদের অন্যতম। ১৯৯৮ সালে ইহা কুসুমফুলমুখী বন্দুকধারী এবং পাঞ্জাবী এজেন্সী ফার্ম্ম স্থাপিত হয়। ১৯১৩ সালের এপ্রিল মাস অবধি কোম্পানী ইহারই পরিচালনাধীনে ছিল। এই সময়ে ইহা লিমিটেড কোম্পানীতে পরিণত হয়। কোম্পানী এখন রাইফেল বাদল প্রভৃতি নির্ম্মাণের জন্য যে সকল যন্ত্রপাতি প্রয়োজন তাহা তৈয়ার করেন এবং কুসুমের নিজস্ব প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্যাদি সরবরাহ করিয়া থাকেন। আমরা এই কোম্পানীর ক্রমোন্নতি কামনা করি।

ক্যালকাটা ফ্যার্মাসিয়াল ব্যাঙ্ক লিঃ

হেড অফিস—১৪, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

ক্যালকাটা ফ্যার্মাসিয়াল ব্যাঙ্ক বাঙ্গলার মুসলিমদের উন্নতিশীল ব্যাঙ্ক প্রতিষ্ঠান-সমূহের অন্যতম। ইহা ডিপার্ট ব্যাঙ্কের তালিকাভুক্ত ও ক্যালকাটা ক্লিয়ারিং হাউস্ এসোসিয়েশনের সাথে যোগ সংযুক্ত। সন ১৯৪১ সালে এই ব্যাঙ্কের আদায়ী মূলধনের পরিমাণ ছিল ৭ লক্ষ ৭৯ হাজার টাকা। ১৯৪২ সালের শেষে তাহা বাড়িয়া ৮ লক্ষ ৫৩ হাজার টাকা দাঁড়াইয়াছে। এই সময়ের মধ্যে ব্যাঙ্কে সাধারণের আমানতের পরিমাণও ৪৪ লক্ষ ৯৬ হাজার টাকা হইতে ৭৭ লক্ষ ৭০ হাজার টাকায় বর্দ্ধিত হইয়াছে। ১৯৪১ সালের শেষে ব্যাঙ্কে মজুত তহবিলের পরিমাণ ছিল ১০ হাজার টাকা। ১৯৪২ সালের শেষে উহা ৬৪ হাজার টাকায় পরিণত হইয়াছে। সন্তোষজনকভাবে ১৯৪৩ সালের শেষে ব্যাঙ্কটীর কার্য্যকরী মূলধনের পরিমাণ ৯২ লক্ষ ৯১ হাজার টাকায় দাঁড়াইয়াছে। মিঃ এইচ বক্স ম্যানেজিং ডিরেক্টরক্রপে এই ব্যাঙ্কটী পরিচালনা করিতেছেন। তাঁহার কর্ম্মকুশলতায় ব্যাঙ্কটী উত্তরোত্তর শ্রীবৃদ্ধির পথে অগ্রসর হইতেছে।

ক্যালকাটা সেফ ডিপজিট কোং লিঃ

১০১এ, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস : কলিকাতা

দাশ ব্যাঙ্ক লিমিটেড

৯-এ, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

নোয়াখালী ইউনিয়ন ব্যাঙ্ক লিঃ

হেড অফিস :—১০, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা,

অন্যান্য কলিকাতা অফিস—

বালীগঞ্জ, ভবানীপুর, বড়বাজার ও শ্যামবাজার

অন্যান্য শাখাসমূহ

ঢাকা, ডিব্রুগড়, নারায়ণগঞ্জ, নোয়াখালী, সোনাপুর, চৌমুহনী, চাঁদপুর, পুরাণবাজার, ফেনী, ফতেহাবাদ, ব্রাহ্মণপুর, ডলপাইগুড়ি, বর্ধমান, শিলাগঞ্জ, মৌলভীবাজার, পূর্ণিয়া, পাটনা, মেহেরপুর, আরা, রাঁচী, জামসেদপুর, জামশেদপুর।

কার্যকরী অফিস—

১,০০,০০,০০০ এক কোটি টাকার উপর

এতদেশী ভারতের সর্বত্র বড় বড় ব্যবসাকেন্দ্রে

ম্যানেজিং ডিরেক্টর :—মিঃ এস সি পাল।

দি হিন্দুস্থান সল্ট ওয়ার্কস লিমিটেড

কলিকাতা

হেড অফিস—৩১, ধর্মতলা ষ্ট্রীট।

ফ্যাক্টরী—ডায়মণ্ড হারবার, ডায়মণ্ড হারবার।

শ্রীসুরেশ্বর ঘোষ

ম্যানেজিং এজেন্টস্,

মেসার্স—অমলার্ড এজেন্সী।

উন্নতিশীল বীমা কোম্পানী

আর্য্যস্থানে

বীমা করিয়া

ব্যবসায়ে লাভের টাকার সংস্থিতি ও আয়করের ভার লাঘব করুন।

হেড অফিস

আর্য্যস্থান ইনসিওরেন্স বিল্ডিংস

১৫, চিত্তরঞ্জন এভিনিউ

কলিকাতা।

এম্পায়ার অব্ ইণ্ডিয়া লাইফ

এসিওরেন্স কোম্পানী লিমিটেড

স্থাপিত—১৮৮৩ সাল

●

—উন্নতির পরিচয়—

সম্পত্তির পরিমাণ	৬,৩০,০০,০০০৲ টাকার উপর
চলতি বীমার পরিমাণ	১৬,৪৯,০০,০০০৲ টাকার উপর
দাবী শোধ	৮,৩৮,৪০,০০০৲ টাকার উপর

বর্ত্তমান অনিশ্চিতকর সময়ে জীবন বীমার পলিসি ক্রয় করা আপনার পক্ষে অত্যাবশ্যক, কারণ পরিবর্ত্তনশীল জগতের বহুবিধ দুঃখ দুর্দ্দশার হাত হইতে আপনাকে একমাত্র রক্ষা করিতে পারে।

ডি, এম, দাস এণ্ড সন্স লিঃ

চীফ এজেন্টস

বাংলা, বিহার, উড়িষ্যা ও আসাম

২৮, ডালহৌসি স্কোয়ার, কলিকাতা।

সাদার্ণ ব্যাঙ্ক লিঃ

হেড অফিস :—৮১৫, লাইব্রেরী ষ্ট্রীট, কলিকাতা। ফোন নং: [illegible]

ব্রাঞ্চ—বড়বাজার, ধারবাজার, ধানবাদ, বরিশাল, খুলনা।

পাইকা ব্রাঞ্চ :—লোহারী রোড, বারাণসী।

[illegible] সুদের হার [illegible]

কারেন্ট—২% সেভিংস—২%

ফিক্সড ডিপোজিট—৩% হইতে ৪% পর্য্যন্ত

সুবিধাজনক সর্ত্তে টাকা প্লাস রেহন [illegible] সকল প্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

ডাঃ অবনীকুমার রায়চৌধুরী, এম-ডি, ম্যানেজিং ডিরেক্টর।

একটী জাতীয়-প্রতিষ্ঠান

দি সিন্ধিয়া ষ্টিম নেভিগেশন

কোং লিঃ

ভারতের জাহাজ শিল্পে, মাল ও যাত্রী বহনকার্য্যে, ভারতের উপকূল বাণিজ্যে এই প্রতিষ্ঠানই অগ্রদূত।

ভাড়া ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়ের জন্য নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন—

কলিকাতা ম্যানেজার,

৭, ওল্ডকোর্ট হাউস, কলিকাতা।

বাংলার বস্ত্র শিল্পের অগ্রদূত

মোহিনী মিলস্ লিঃ

এই মিলের

বস্ত্রাদির জনপ্রিয়তার কারণ ব্যবহারেই বোধগম্য হইবে।

১নং মিল	২নং মিল
মুটিয়া (মর্শিদা)	কেলবরিয়া (২৪ পরগণা)

ম্যানেজিং এজেন্টস :—

চক্রবর্ত্তী সন্স এণ্ড কোং

পোঃ মুটিয়া বাজার (মর্শিদা)

রেজিষ্টার্ড প্রবর্ত্তক স্থাপিত—১৯২৯ ফোন: বি, বি ৪১৮

প্রবর্ত্তক ব্যাঙ্ক লিঃ

চেয়ারম্যান—শ্রীমতিলাল রায় (প্রবর্ত্তক সঙ্ঘ প্রতিষ্ঠাতা)

হেড অফিস—৬১, বড়বাজার ষ্ট্রীট, কলিকাতা।

শাখা :—চন্দননগর, চট্টগ্রাম, সিরাজগঞ্জ ও রাজসাহী।

চলতি ও সেভিংস হিসাবে সুদ যথাক্রমে ২॥০ আনা ও ২৷৷০ টাকা।

ফ্যাস সার্টিফিকেট—প্রতি ২১৷০, ৪০৲, ৮০৲, ও ৮৪০৲ টাকায় ভিন্ন ভিন্ন মেয়াদে যথাক্রমে ২০৲, ৫০৲, ১০০৲ ও ১০০০৲ টাকা পাওয়া যায়।

স্থায়ী আমানত, প্রভিডেন্ট ফাণ্ড, ওভারড্রাফ্‌ট ও লোন সম্বন্ধে বিবরণ পত্র লিখিলেই জানান হয়।

সুবিধাজনক সর্ত্তে লেনদেন ও কোম্পানীর কাগজ ক্রয়বিক্রয় করা হয়।

SOUTH-1278

ডুপ্লেক্সে

মিত্র মুখার্জ্জীর গহনা

ইণ্ডিয়ান ফেব্রিক্সের

শাড়ী ও পোষাক অতুলনীয়

[illegible]

আর্থিক জগৎ

ARTHIK JAGAT

ব্যবসা-বাণিজ্য-শিল্প-অর্থনীতি বিষয়ক

সাপ্তাহিক পত্রিকা

সম্পাদক—শ্রীযতীন্দ্রনাথ ভট্টাচার্য্য

৭ম বর্ষ	কলিকাতা, ১৫ই মে, সোমবার, ১৯৫৬	৩য় সংখ্যা

বিষয় সূচী

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
সাময়িক প্রসঙ্গ	১৪৯-১৫১	অন্ন-বাস্থ্য ও আমার উন্নতির সমস্যা	১৫৫
রাজনৈতিক প্রসঙ্গ	১৫২	আর্থিক দুনিয়ার খবরাখবর	১৫৬-৬৭
মায়া কন্যা	১৫৩	কোম্পানী প্রসঙ্গ	১৬৮-৬৯
আন্তর্জাতিক শ্রমিক সম্মেলন ও ভারতবর্ষ	১৫৪	বাজারের হালচাল	১৭০-৭৬

সাময়িক প্রসঙ্গ

'টৈক্সিক' বনাম 'সাবসিডি'

দুদ্ধের পরে এদেশে শিল্প-সংরক্ষণ সম্পর্কে কি নীতি অবলম্বিত হইবে তাহা নিয়া সরকারী মহলে গবেষণা সুরু হইয়াছে। মি আর কে নেহেরু এই বিষয়ে তাঁহার অভিমত লিপিবদ্ধ করিয়াছেন। আন্তর্জাতিক অবস্থার ভবিষ্যৎ গতিপ্রকৃতি বুঝিয়া যুদ্ধোত্তর পরিকল্পনা কমিটীর পরামর্শদাতৃরূপে তিনি ঐ সম্পর্কে উপযুক্ত সরকারী কার্য্যনীতি স্থির করিবার চেষ্টা করিবেন। শিল্প-সংরক্ষণ ব্যবস্থা সম্পর্কে বর্তমানে যথেষ্ট প্রশ্ন নিয়া আলোচনা হইতেছে। প্রকাশ বাহিরের প্রতিযোগিতা হইতে এদেশের শিল্প-ব্যবসায়কে রক্ষা করিবার জন্য সরকারীভাবে উহাদের সাহায্য ও পৃষ্ঠপোষকতা করা যে একান্ত প্রয়োজন সে বিষয়ে আজ আর কাহারও মনে বিশেষ কোন দ্বিধা নাই। প্রশ্ন কিন্তু বিষয় দাঁড়াইয়াছে টৈক্সিক বা রক্ষণ-শুল্ক দ্বারা দেশীয় শিল্প সম্পর্কে সে পৃষ্ঠপোষকতার ভার অবলম্বন করা হইবে, না সাবসিডি বা অর্থ সাহায্য দ্বারা তাহাদিগকে মাথা তুলিয়া দাঁড়াইতে সাহায্য করা হইবে। অর্থনৈতিক নীতিবাদের দিক হইতে এই প্রশ্ন উঠিবার সঙ্গত কোন কারণ নাই। তবে এই বয়সের প্রশ্ন সমাধানের মধ্যে আপাতত শিল্পোন্নতির দাম ধার্য করিয়া কমিয়া যাওয়ার কোন অর্থ হয় না। উন্নয়নের উন্নতিশীল দেশের গবর্ণমেন্টসমূহ, স্বাধীন শিল্প-প্রসারের জন্য টৈক্সিক ও সাবসিডি এই উভয়বিধ পন্থাই কার্য্যকরীভাবে গ্রহণ করিয়াছেন।

তাহাতে শিল্পোন্নতির একান্ত প্রয়োজনীয়তা স্বীকার করিয়া লইলে এদেশের গবর্ণমেন্টের পক্ষেও সেভাবে কার্য্যধারা অবলম্বনের আর বাধা নাই। শিল্প ব্যবসায়ের উপর টৈক্সিক ও সাবসিডির প্রতিক্রিয়া প্রায় একই রূপ। দুপ্রতিষ্ঠিত বিদেশী শিল্প-ব্যবসায়গুলি কম খরচে মাল উৎপাদন করিয়া যেরূপ সস্তা দরে তাহা চালান ও বিক্রয় করিতে পারে কোন নব-প্রতিষ্ঠিত দেশীয় শিল্প কারখানার পক্ষে সেরূপ কম দরে মাল সরবরাহ করা সম্ভবপর নহে। এরূপ ক্ষেত্রে বাহিরের প্রতিযোগিতা হইতে দেশীয় শিল্পকে রক্ষা করিবার জন্য বিদেশাগত মালের উপর উপযুক্ত পরিমাণ রক্ষণ-শুল্ক ধার্য্য করিতে হয়। রক্ষণ-শুল্ক দ্বারা যে উদ্দেশ্য সাধিত হয় গবর্ণমেন্ট ইচ্ছা করিলে দেশীয় শিল্পের জন্য 'সাবসিডির' ব্যবস্থা করিয়াও সেই উদ্দেশ্য সাধন করিতে পারেন। পক্ষান্তরে শুল্ক বেশী ধরিয়া দেশীয় শিল্প প্রতিষ্ঠান বিদেশী শিল্প প্রতিষ্ঠানের মত কম দরে মাল বিক্রয় করিতে সক্ষম হয় না। কম মূল্যে মালপত্র বিক্রয়ের ব্যবস্থার ফলে সরকারী অর্থ সাহায্যে পরিচালনের ব্যবস্থা হইলে দেশীয় শিল্প প্রতিষ্ঠানগুলি এই অসুবিধা সহজেই কাটাইয়া উঠিতে পারে। তাহাতেই দেশীয় শিল্প-ব্যবসায়ের স্বার্থের কথা বিবেচনা করিলে টৈক্সিক ও সাবসিডি এই দুইয়ের কোনটাকেই একরূপ বলা চলে। উহাদের মধ্যে যিনু পার্থক্য তাহা লক্ষিত হয় রক্ষণাবেক্ষণের উপর চাপ সৃষ্টির দিক দিয়া। কোন শিল্পকে টৈক্সিকের সুবিধা দিলে রক্ষণ-শুল্কের পরিমাণ অনুযায়ী দেশী মূল্য দিয়া ক্রেতাসাধারণকে সে শিল্প-দ্রব্য ক্রয় করিতে হয়। দেশের ধনী ও মধ্যবিত্ত সকল শ্রেণীর লোককেই ক্রেতা হিসাবে সে বোঝা বহন করিতে হয়। অন্যদিকে সাবসিডি বা অর্থ সাহায্য প্রদান করা হইলে গবর্ণমেন্ট সে টাকা আদায় করেন ট্যাক্স-দাতাদের নিকট হইতে। দেশের অপেক্ষাকৃত সচ্ছলশ্রেণীর লোকদের উপরই সরকারী ট্যাক্সের বোঝা বেশী করিয়া নির্দ্ধারিত হইয়া থাকে। কাজেই সাবসিডি বা অর্থ সাহায্যের ব্যবস্থায় দেশের দরিদ্র লোকেরা উহার চাপ হইতে অনেকটা রেহাই পায়। এদিক দিয়া দেখিতে গেলে টৈক্সিকের তুলনায় সাবসিডিই অধিকতর উপযোগী বলা চলে। যাহা হউক, দেশের আর্থিক কল্যাণের জন্য শিল্পের প্রসার ও উন্নতি যখন একান্ত প্রয়োজন তখন টৈক্সিক ও সাবসিডির প্রশ্ন সমাধানের নামে সেই কর্ত্তব্য-কার্য্য উপেক্ষা করিয়া থাকা গবর্ণমেন্টের পক্ষে অনুচিত। টৈক্সিকই হউক আর সাবসিডিই হউক একটা কিছু সুনির্দ্দিষ্ট কার্য্য-নীতি অবলম্বন করিয়া গবর্ণমেন্ট অচিরে দেশীয় শিল্পের যথোচিত সাহায্য ও পৃষ্ঠপোষকতার ব্যবস্থা করিলে উহাই দেশের লোক তাঁহাদের নিকট প্রত্যাশা করে। নিছক আলোচনা ও গবেষণার সময় শেষ না করিয়া গবর্ণমেন্ট যদি সেরূপ সুনির্দ্দিষ্টভাবে কাজে প্রবৃত্ত হইতেন তাহাই আমরা কামনা করিতেছি।

ইনফ্লেশনের পরে ডিফ্লেশন্

যুদ্ধের সময়ে ইনফ্লেশন সৃষ্টির ফলেই বর্তমানে দেশের লোকের যথেষ্ট ক্রয়শক্তি বর্তমান রহিয়াছে। ইনফ্লেশনের ফলে ডিফ্লেশন দেখা দিবে যুদ্ধের পরে মূলধন করিয়া আবার ব্যবসা-বাণিজ্য পূর্বে প্রচলিত অবস্থায় আসিতে আরম্ভ করে। জাতীয় অর্থ নৈতিক সংগঠনের মূলোচ্ছেদ পুনর্গঠন বিভাগের সভাপতি করিতে গিয়া ব্যবসায়ীমহল বিশেষজ্ঞ মিঃ হি এল মেটা তাঁহার অভিভাষণে সেই সমস্যার কথা বিশেষ-ভাবে উল্লেখ করিয়াছেন। যুদ্ধ-প্রচেষ্টা চালাইতে গিয়া বর্তমানে গভর্নমেণ্ট দেশে প্রভূত অর্থ প্রদান করিয়া রাখিয়াছেন। যুদ্ধের পরে নাগরিক হিসাবে টাকার বর্তমান ক্রয়শক্তি বহুল পরিমাণে হ্রাস পাইবে, আর অর্থ প্রদান-ক্ষমতা ফলে তখন অর্থ সংকোচনের আরম্ভ সুরু হইবে। এই ডিফ্লেশনের ফলে বিভিন্ন-পক্ষের হস্ত নাগরিক নিজ নিজ ব্যবসায়ে ক্ষয় দেখা দিবে। সেখে মূলধন করিয়া আবার অর্থোৎপাদন-সমস্যা ও বেকার-সমস্যার সৃষ্টি হইবে। এই অবস্থার পরিণতি হইতে দেশকে রক্ষা করিবার জন্য মিঃ মেটা তাঁহার অভিভাষণে দুইটী পন্থা নির্দেশ করিয়াছেন। প্রথমতঃ তিনি বলিয়াছেন, নাগরিক ব্যবসায়ে হ্রাস পাওয়ার সঙ্গে সরকারী ব্যয়-নীতি বিশেষভাবে সংযত না করিয়া গভর্নমেণ্টকে মূলধন অর্থ ব্যবসায়ের নিজ-ব্যবসায়ে ঢালাইতে হইবে। Expansionist Policy অনুসারে গভর্নমেণ্ট যদি জাতি গঠনমূলক কার্য্যাদির উপর জোর দেন তবে সে উদ্দেশ্য সাধিত হইতে পারে। দ্বিতীয়তঃ যুদ্ধের পরে ডিফ্লেশন প্রতিরোধ করিতে হইলে দেশের নিয়োগকর্তা-দিগকেও মূলধন মূলধন পরিকল্পনা নিয়া ব্যবসায়-বাণিজ্য গড়িয়া তোলার দিকে মনোযোগী হইতে হইবে। তবে এদিক দিয়া প্রকৃত উন্নতি অনেক পরিমাণে গভর্নমেণ্টের মনোভাব ও আর্থনীতিক উপরই নির্ভর করিবে। নিয়োগ সমূহের প্রসারের জন্য গভর্নমেণ্টকে সামাজিক নিজ সাহায্য প্রদানে প্রস্তুত হইতে হইবে। এ বিষয়ে নিয়োগকর্তাদিগকে যথোচিত সুযোগ-সুবিধা দিতে হইবে। জন-কল্যাণ ও জন-স্বার্থে উদ্বুদ্ধ হইয়া গভর্নমেণ্ট যদি সেভাবে কাজে প্রবৃত্ত না হয় তবে নিয়োগকর্তার চেষ্টা সর্বত্র সাফল্যমণ্ডিত হওয়ার আশা কম।

যুদ্ধের পরে ডিফ্লেশন প্রতিরোধ সম্পর্কে মিঃ হি এল মেটার উপরোক্ত নির্দেশ ও মন্তব্য আমরা খুব যুক্তিযুক্ত বলিয়াই মনে করি। ডিফ্লেশনের ভয়াবহ পরিণতি হইতে দেশকে রক্ষা করার জন্য এখন হইতে গভর্নমেণ্ট ও দেশবাসীর সকলের এদিকে ঐ বিষয়ে নিয়োগকর্তা হওয়া প্রয়োজন।

বহির্বাণিজ্যের বিপর্যয়

সম্প্রতি ভারতীয় বহির্বাণিজ্যের যে হিসেবের মাসের যে বিবরণ প্রকাশিত হইয়াছে তাহা দেখিয়া আমরা আতঙ্কিত হইয়াছি। আমদানীর তুলনায় রপ্তানীর আধিক্য হওয়ার হিসেবের সহিত থাকিলেও, এতদিন প্রতি মাসেই ভারতের একটা অনুকূল উদ্বৃত্ত দেখা যাইতেছিল। কিন্তু এবার হিসেবের মাসে সেদিক দিয়া একটা ব্যতিক্রম সূচিত হইয়াছে। ঐ মাসে ভারত হইতে বিদেশে ১২ কোটী ১৯ লক্ষ টাকার মালপত্র রপ্তানী হইয়াছে, অন্যদিকে বাহির হইতে মোট ১২ কোটী ৭৪ লক্ষ টাকার নীলপত্র এদেশে আমদানী হইয়াছে। ফলে ঐ মাসে বহির্বাণিজ্যের হিসাবে ভারত-বর্ষের মোট ৫৫ লক্ষ টাকা ঘাটতি দেখা দিয়াছে। এই যুদ্ধের সময়ে অনেক দিক দিয়া অনেক বিপর্যয় ভারতের উপর দিয়া বহিয়া গিয়াছে। এক্ষণে রাজনীতিক্ষেত্রে যেরূপ যুদ্ধের গতি এবং যুদ্ধ-পরিস্থিতি যেরূপ জটিল হইয়াছে, তাহাতে বহির্বাণিজ্যের এই নূতন বিপর্যয় সম্ভাই খুব আশ্চর্য্যের বিষয়।

রপ্তানীর তুলনায় আমদানী বেশী হইলেই তাহা সব সময় দোষনীয় বিষয় হইয়া দাঁড়ায় না। দৃষ্টান্তস্বরূপ বলা যায়, যুদ্ধের সময়ে দেশে খাদ্যদ্রব্য, বস্ত্র, কাগজ ও যন্ত্রপাতির যে বেশী রকম অভাব দেখা দিয়াছে তাহাতে বাহির হইতে এই সমস্তের চালান বাড়িয়া তাহাতে বহির্বাণিজ্যের খাতে কিছু ঘাটতি দেখা দিলেও আমরা তাহা কিছুমাত্র পরিতাপের বিষয় বলিয়া মনে করিতাম না। কিন্তু সেভাবে বর্তমান ঘাটতির সূচনা হয় নাই। আলোচ্য হিসেবের মাসে ভারতবর্ষে গত বছরের মাসের তুলনায় খাদ্যশস্য ও কাপড়ের আমদানী কম হইয়াছে। যন্ত্রপাতি ও যন্ত্রের আমদানী বাড়িয়াছে; কিন্তু তাহা অতীব সামান্য পরিমাণে। হিসেবের মাসে একটা বিশেষ মূল্যবান তুলনায় উল্লেখযোগ্য হ্রাস দেখা যায়নীর বাহির হইতে আমদানী তাহা হইয়াছে। তাহা হইতেছে বিলাতী মদ। গতবছর মাসে ৩ লক্ষ টাকার মদ আসিয়াছিল। হিসেবের মাসে সেই স্থলে ১৬ লক্ষ ৬০ হাজার টাকার মদ আসিয়াছে। যাহা হউক আমদানী-বাণিজ্যের এই বৃদ্ধি সত্ত্বেও বহির্বাণিজ্যের হিসাবে এবার ঘাটতি দেখা যায় নাই। এবার ঘাটতি দেখা দিয়াছে রপ্তানী-বাণিজ্য অস্বাভাবিকভাবে সঙ্কুচিত হইয়া পড়ার জন্য। গত মার্চের মাসে ভারত হইতে বিদেশে ৫২ কোটী ৯০ লক্ষ টাকার মাল রপ্তানী হইয়াছিল। হিসেবের মাসে সেই স্থলে যায় ১২ কোটী ১৯ লক্ষ টাকার মালপত্র রপ্তানী হইয়াছে। বিভিন্ন পণ্যের দিক দিয়া রপ্তানী-বাণিজ্যের গতি আলোচনা করিলে দেখা যায়, এতদিন ভারত হইতে যে সব প্রধান প্রধান শ্রেণীর পণ্য রপ্তানী হইত এবার তাহাদের প্রায় সকলের রপ্তানীর পরিমাণই হ্রাস পাইয়াছে। গত মার্চের মাসে ভারত হইতে ৪ কোটী ১৬ লক্ষ টাকার চা, ১ কোটী ২০ লক্ষ টাকার পাট ও ৪ কোটী ১৫ লক্ষ টাকার পাটের থলে ভারত হইতে বিদেশে প্রেরিত হইয়াছিল। হিসেবের মাসে এ সমস্ত করিয়া যথাক্রমে ১ কোটী ৪৮ লক্ষ টাকা, ৪৮ লক্ষ টাকা ও ৩ কোটী ২১ লক্ষ টাকা দাঁড়াইয়াছে। প্রধান প্রধান জিনিষের আমদানী করিয়া গিয়া এইভাবে বহির্বাণিজ্যের খাতে ঘাটতি দেখা যাওয়া খুবই উদ্বেগের বিষয় সন্দেহ নাই। বহির্বাণিজ্যের এই প্রতিকূল গতি রোধ করিবার জন্য অবিলম্বে কর্তৃপক্ষের মনোযোগ বিশেষভাবে নিয়োজিত হওয়া প্রয়োজন।

সোনার বিক্রয়ের বিধিনিষেধ

নূতন সোনার বিক্রয় বিষয়ে সাধারণ বিধিনিষেধ জারী করিয়া গত মে মাসে যে অর্ডিন্যান্স জারী করা হইয়াছিল বর্তমানে কোন কোন বিষয় তাহা কার্যকরী পরিমাণে শিথিল করার কথা উঠিয়াছে। গভর্নমেণ্ট জানাইয়াছেন, যুদ্ধের পরে বাহির হইতে যন্ত্রপাতি আমদানীর সুযোগ হইবে এবং তখন নূতন করিয়া শিল্প-কারখানা গড়িয়া তোলা যাইবে। ভবিষ্যতের সেই সুযোগ-সুবিধার কথা মনে করিয়া যে সব শিল্পোদ্যোগী পূর্ব হইতে কোম্পানী গঠন ও মূলধন সংগ্রহ করিয়া রাখিতে চান গভর্নমেণ্ট তাঁহাদিগকে অল্পসময়ের সুবিধা প্রদান করিবেন। তবে সর্ত এই থাকিবে যে, শিল্পোদ্যোগীরা যে মূলধন সংগ্রহ করিতে সমর্থ হইবেন তাহা তাহা আপাততঃ তাঁহাদিগকে ভারত সরকারের নামমাত্র ঋণ-পত্র ক্রয় করিতে হইবে। যুদ্ধের পরে উপযুক্ত সময় ও সুযোগ আসিলে গভর্নমেণ্ট ঐ টাকা শিল্পোদ্যোগীদিগকে প্রত্যর্পণ করিবেন।

সোনার বিক্রয়ের বিধিনিষেধ শিথিল করা সম্পর্কে গভর্নমেণ্টের এই প্রস্তাব নিয়া গত সপ্তাহে আমরা আলোচনা করিয়াছি। শিল্পের মূলধন সংগ্রহে সাহায্যের চেয়ে নাগরিক ঋণ নিয়োগই যে গভর্নমেণ্টের এই প্রস্তাবের মূল লক্ষ্য তাহাও আমরা দেখাইয়াছি। ব্যবসায়ীমহল মিঃ হি এল মেটার বিবৃতি সংবাদ-পত্রে প্রকাশ করিয়া আন্তরিকতার সহিতই প্রস্তাবটীর বিরূপ সমালোচনা করিয়াছেন। শিল্পোদ্যোগীদের দিক হইতে বিশেষভাবে

করিয়া তিনি বর্তমান প্রস্তাবটিকে সর্বথা আপত্তিজনক বলিয়া মন্তব্য করিতেও কসুর করেন নাই। তিনি বলিয়াছেন, সর্বশেষে ভবিষ্যতে নিজ প্রতিষ্ঠান স্থাপনের উদ্দেশ্যে শিল্প-ব্যবসায়ীদিগকে মূলধন সংগ্রহ করিতে বাধিবে ও আপাতত সাময়িক ঋণ-পত্রে আদা বিক্রয় করিতে নির্দেশ দিয়াছেন। কিন্তু এই মূলধন যে ভবিষ্যতে উদ্দেশ্যমতভাবে শিল্প-ব্যবসায়ে খাটান যাইবে সে বিষয়ে সর্বশেষে নিশ্চয় করিয়া কিছুই বলিতেছেন না। ভবিষ্যতে ইতর শ্রেণীর শিল্প গড়িয়া তোলা সরকারী-ভাবে অনুমোদনযোগ্য বলিয়া গণ্য হইবে সর্বশেষে এখনও তদ্বিষয়ে কোন কিছু বলিতে পারিতেছেন না। তাহা ছাড়া বর্তমানে যাহারা মূলধন সংগ্রহ করিয়া রাখিবেন নিজের ব্যাপারে ভবিষ্যতে তাঁহাদিগকে কোন প্রাথমিক সুবিধা প্রদানের সর্বশেষে কোন নিশ্চয়তা দিতে অক্ষম। সুতরাং পরে শিল্প-ব্যবসায় সম্পর্কে যদি কোন নিয়ন্ত্রণ-নীতি প্রয়োগ করার নিদান হয় তবে পূর্বাহ্নে মূলধন সংগ্রহ করিয়া রাখা বা সাময়িক ঋণ-পত্র কিনিয়া রাখার অনুমানে সেই নিয়ন্ত্রণ-নীতির হাত হইতে নিস্তারোপায়কে অন্যায়ভাবে নিবারণ কোন কথা থাকিবে না। শিল্প-ব্যবসায়ীদের প্রদত্ত টাকা প্রত্যর্পণের সময়ও সর্বশেষে তাঁহাদের ইচ্ছামত নির্ধারণ করিবেন। এই অবস্থায় সর্বশেষের বর্তমান প্রস্তাব দেখিয়া কোন নিস্তারোপায় অনুসন্ধানে নিজেদের আগ্রহশীল হইবেন না বলিয়াই মি: বিড়লা মনে করেন। তিনি বলেন, যুদ্ধের সুরু হইতে সর্বশেষে এদেশের শিল্পোন্নতি সম্পর্কে একটা বিরূপ মনোভাব প্রদর্শন করিয়া আসিতেছেন। নানা বিভিন্নিষেধ প্রয়োগ করিয়া বর্তমানে শিল্প প্রসারের পথে বাধা সৃষ্টি করা হইতেছে। শিল্পের জন্য মূলধন সংগ্রহ করিয়া রাখিবার যে নূতন প্রস্তাব তাঁহারা উপস্থিত করিয়াছেন উহা কার্যকরী হইলে যুদ্ধোত্তর শিল্পোন্নতির পক্ষেও তাহা বিষাট অন্তরায় হইয়া দাঁড়াইবে। মি: বিড়লার এই মন্তব্য খুব সমর্থনযোগ্য ও যুক্তিযুক্ত সন্দেহ নাই।

অত্যাবশ্যকীয় জিনিষ বণ্টনে গলদ

লবণ, তিসি, কয়লা, কেরোসিন ও সরিষার তৈল প্রভৃতি অত্যাবশ্যকীয় জিনিষ সম্পর্কে বাঙ্গলার লোকের দুঃখ-দুর্দশা অবর্ণনীয় হইয়া দেখা দিয়াছে। যুদ্ধের সময় চাহিদার তুলনায়ত্রীয়ের যোগান কম হওয়ায় সর্বশেষে এগুলোর চলাচল ও ক্রয়-বিক্রয় নিয়ন্ত্রণের ভার গ্রহণ করিয়াছেন। এই সমস্ত অত্যাবশ্যকীয় জিনিষ পেট্রল পরিবহণ করা যায় তাহার সমস্তই বিভিন্ন অঞ্চলের জনসাধারণের ভিতর সমভাবে বণ্টনের ব্যবস্থা করিবেন বলিয়া তাঁহারা কথা দিয়াছিলেন। লবণ, তিসি, কয়লা ও কেরোসিন প্রভৃতি ক্রয়-বিক্রয় সম্পর্কে লাইসেন্স দেওয়ার রীতি প্রবর্তন করিয়া সর্বশেষেই ব্যক্তিবিশেষে সেই ব্যবস্থা কার্যকরী করিতে অগ্রসর হইয়াছেন সত্য, কিন্তু সাধারণ দুর্নীতির ফলে জিনিষগুলি মুষ্টিমেয়ের হাতে বিক্রয়ের বিরা বর্তমানে একটি ফেঁপে ফেলা সুরু হইয়াছে। সরকারী অফিসের ও তাঁহাদের অনুগ্রহভাজীরা অত্যাবশ্যকীয় জিনিষ বণ্টনে কড়ুত্ব ও তাগাদের সুবিধা পাইয়া মোটা মোনাফার একটা বেশী পরিমাণ অংশ অনেক স্থলে নিজেদের ব্যবহারের জন্য সংরক্ষিত রাখিতেছেন। সরকারী অফিসের ও তাঁহাদের অনুগ্রহভাজনের অপরিমিত লাভী পূরণ করিয়া যাহা অবশিষ্ট থাকে তাহাই শুধু জনসাধারণের ভিতর বণ্টনের জন্য নির্ধারিত করা হয়। ফলিকাতা ও মফঃস্বলে এই দুর্নীতি দীর্ঘকাল যাবৎ চলিয়া আসিতেছে। আর তাহার পরিণামে দেশের বহির্ভ ও অসহায় লোকেরা অত্যাবশ্যকীয় জিনিষপত্র সংগ্রহ করিতে না পারিয়া অসুস্থ ভাবে ক্ষোভ করিতেছে। সরকারী অফিসগুলির বিরুদ্ধে অভিযোগ করিবার সুবিধা জনসাধারণের কম, সহজে তাহার প্রতিকার পাওয়াও কঠিন। তাহেই ব্যাপারটি এতদিন শুধু কানাঘুষাতেই বিষয় ছিল। তার রহিমাক্ষ নারায়ণ সম্প্রতি কলীয় ব্যবস্থা পরিষদে এ সম্পর্কে একটা মুলতুবী প্রস্তাব উপস্থিত করিয়া এই জেণীর অভিযোগ সম্পর্কে সর্বশেষের আশু মনোযোগ প্রদর্শন করিয়াছেন দেখিয়া আমরা সুখী হইলাম। তিনি বলিয়াছেন, সর্বশেষে বিভিন্ন এলাকায় বণ্টনের জন্য লবণ, তিসি, কয়লা ও কেরোসিন প্রভৃতি যেসব অত্যাবশ্যকীয় জিনিষ পাঠাইতেছেন সরকারী কর্তৃপক্ষদের পক্ষপাতিত্ব ও অব্যবস্থার জন্য এই দুর্দিনে আমার বেশী অংশ অসাধু-ব্যবসায়ীরা আত্মসাৎ করিতেছে। জিনিষপত্র বণ্টনের ব্যাপারে সাধারণের তুলনায় যেসব ব্যক্তিরা, পুলিশ সুপারিন্টেণ্ডেণ্ট, মহকুমা হাকিম ও অন্য সরকারী বড় অফিসারেরা যেরূপ সুবিধা ভোগ করিতেছেন। সরকারী অফিসার ও তাঁহাদের অনুগ্রহভাজন ব্যক্তিরা অত্যাবশ্যকীয় জিনিষের একটা বেশী পরিমাণ অংশ নিজেরা গ্রহণ করিতেছেন বলিয়া উহাদের খুব কম অংশই সাধারণের কাছে পৌঁছিতেছে। ফলে মফঃস্বল অঞ্চলে লবণ, তিসি, কয়লা ও কেরোসিন প্রভৃতি অত্যাবশ্যকীয় জিনিষ দুষ্প্রাপ্য হইয়া দেখা দিয়াছে। ডাঃ নারায়ণ এই প্রসঙ্গে ফরিদপুর, নারায়ণগঞ্জ, কুমিল্লা, ময়মনসিংহ ও চট্টগ্রামের বেসরকারী লোকের দুঃখ-দুর্দশার বিষয় করিয়া উল্লেখ করেন। বাঙ্গলার সরকার কয়লা বণ্টন নিয়ন্ত্রণ সম্প্রতি যে একটি ঘটনা উল্লেখ করিয়াছিল সরকারী দুর্নীতির অন্যতম দৃষ্টান্ত হিসাবে পরিষদ-সদস্যের অভিযোগের তদন্ত তোলা স্থানীয় পত্র হইতে তাহার তিনি উদ্ধৃত করেন। রাজধানী নগরে বহু বিলম্বে সম্প্রতি এক গাড়ী কয়লা পৌঁছিয়াছিল। যে পরিমাণ কয়লা পাওয়া গিয়াছিল তাহাতে মুনাফাখোর নীতি অনুসরণ করা হইলে কালোবাজারে অন্তত দশ হাজার টাকা পাওয়া যাইতে পারিত। কিন্তু সরকারী অফিসারেরা পক্ষপাতিত্ব করিয়া উহা হইতে ২৫ মণ কয়লা পুলিশ সুপারিন্টেণ্ডেণ্টকে, ১৫ মণ জেলা ম্যাজিস্ট্রেটকে ও ১০ মণ মহকুমা হাকিমকে বিনামূল্যে দিবার নির্দেশ দেন। কয়লা-বিক্রেতা মহকুমা হাকিমকে উপরোক্ত কোটা অনুযায়ী কয়লা না দেওয়ায় সর্বশেষে হইতে তাহার লাইসেন্স বাতিল করিয়া দেওয়ার হুমকি দেওয়া হইয়াছে বলিয়া প্রকাশ। এই জেণীর ব্যাপার উল্লেখ করিয়া ডাঃ নারায়ণ সরকারী অফিসারদের দুর্নীতি-প্রবণতার সম্বন্ধে সর্বশেষের অনুযোগ আকর্ষণ করেন এবং অত্যাবশ্যকীয় জিনিষগুলি যাহাতে সকল জেণীর লোকের ভিতর সুষ্ঠুভাবে বণ্টিত হয় সেজন্য তাঁহাদিগকে অধিক মনোযোগী বিধিব্যবস্থা অবলম্বন করিতে অনুরোধ করেন।

খেলাধূলার সময় সরকার বিভাগের মন্ত্রী মি: সুরাবর্দী এই সব অভিযোগের উত্তরে বলেন যে, সর্বশেষে বিভিন্ন অঞ্চলের জন্য যে সব মাল সরবরাহ করিতেছেন সরকারী ও বেসরকারী জনসাধারণের ভিতর উহা বণ্টন সম্পর্কে কোন ব্যবস্থা করা তাঁহাদের উদ্দেশ্য নহে। জিনিষপত্র বণ্টনের ব্যাপারে যে দুর্নীতির অভিযোগ করা হইয়াছে তিনি তদন্তের জন্য অভিনব বলিয়াও করা দেন।

যুদ্ধের সময় নানা ক্ষেত্রে সরকারী অফিসারদের দুর্নীতির কথা আজ বেশী করিয়াই শুনা যাইতেছে। লোকে জানিলেও এই সবের ছোটখাট ব্যাপার আমাদের 'জনপ্রিয়' মন্ত্রীদের কানে নিত্য সাধারণতঃ পৌঁছে না, পৌঁছিলেও তৎপ্রতিকারের জন্য তাঁহারা সমুচিত বিধিব্যবস্থা অবলম্বনে বেশীই আগ্রহ দেখান না। অত্যাবশ্যকীয় দ্রব্য-সামগ্রী বণ্টন সম্পর্কে ডাঃ নারায়ণের উপস্থাপিত অভিযোগগুলি মি: সুরাবর্দী তদন্ত করিবেন শুনিয়া আমরা সুখী হইলাম। জনসাধারণ এই সব দুর্নীতির কথা শুনিয়া যেরূপ ক্ষুব্ধ হইয়া উঠিয়াছে তাহাতে ঐ তদন্তের ফলাফল বিস্তারিতভাবে সাধারণের সমক্ষে প্রকাশ করা সর্বশেষের পক্ষে এবার কর্তব্য বলিয়াই আমরা মনে করি।

রাজনৈতিক প্রসঙ্গ

অট্টলোকা সপ্তাহে যুদ্ধের বিশেষ কোন গুরুত্বপূর্ণ সংবাদ নাই। মণিপুর অঞ্চলে জাপানীরা অনেকটা হটিয়া যাইতেছে বলিয়া সংবাদ পাওয়া যাইতেছে। মধ্য ব্রহ্মে চীনা-বাহিনী বাহিনী অগ্রসর হইয়া চলিয়াছে। আকিয়াব ও প্রসাদ মহাসাগরে মিত্র-পক্ষের নৌবাহিনী আক্রমণাত্মক নেতি ধারণ করিয়াছে। চীনের যোগাযোগ ব্যবস্থার জাপানীরা আর পাইলেও অনেকটা আঘাত করিতেছে।

ইউরোপীয় রণাঙ্গনের অবস্থার কোনও উল্লেখযোগ্য কোনও পরিবর্তন ঘটে নাই। তবে ইতালীয় মিত্রশক্তি অধিকতর কর্মতৎপর হইয়াছে। ফুলমাতিনের মার্শাল ভিক্টোর বাহিনী জার্মান সৈন্যদের দুই এক স্থানে পশ্চাদপদ করিয়াছে—ইহারও বিশেষ কোনো গুরুত্ব নাই। ফ্রেঞ্চবাহিনী সেনাবাহিনীর জার্মান-ইতালিয়ান্ বাহিনীকে পশ্চাদপদ করিয়া ঐ বিখ্যাত দখলটী অধিকার করিয়া লইয়াছে। ফলস্বরূপ এখন সোভিয়েট সৈন্যবাহিনী আরও প্রবল হইয়া উঠিল এবং সোভিয়েট বাহিনীর দখলে আক্রমণের পথ পরিষ্কার হইল।

দ্বিতীয় রণাঙ্গনের জন্য ইঙ্গ-মার্কিন সৈন্যদের আড়ম্বরপূর্ণ মহড়ার সংবাদ আসিতেছে, কিন্তু দ্বিতীয় রণাঙ্গন যে কবে খোলা হইবে তাহার কোন লক্ষণ এখনও দেখা যাইতেছে না।

• • •

কোন বৎসর পূর্বে জাপান চীনকে আক্রমণ করিয়া কাবুলিয়া দখল করিয়া লয়। তাহার পাঁচ বৎসর পরে আবার চীন আক্রান্ত হয়। তখনকার যুদ্ধ আরও ভীষণ হইয়াছে। নিয়ত চীন কোন অবস্থানের উপর নির্ভর করিয়া, অসুবিধাজনক স্থিতি স্বীকার করিয়া জাপানকে প্রতিরোধ করিয়া আসিতেছে। কোন জটিল ভাষা চীনকে কেহ প্রথম হয় বৎসর কোনো সাহায্য করে নাই। ইঙ্গ-মার্কিন সাম্রাজ্যবাদীরা জাপানকেই তখন অগ্রসর হোসাই-য়াছে—চীনকে নয়। পার্ল-হারবার প্রভৃতি আক্রান্ত হওয়ার পর ইংরেজ ও মার্কিনরা জাপানকে শত্রু ঘোষণা করিলেও চীনকে বিশেষ সাহায্য করে নাই। অবশেষে চীন সরকারের প্রতিনিধি ডাঃ সেন্ বলিয়াছেন, "এত আগাগোড়ায় একবিন্দু জল বর্ষণ করে, বিশ্ব-শক্তিবর্গের কাছে চীন যতটুকু আজ সাহায্য পাইয়াছে।" ব্রহ্ম-পথ বন্ধ হওয়ার পর হইতে চীন পূর্বাঞ্চলেরও কম সাহায্য পাইয়া আসিতেছে। আজ এশিয়ার যুদ্ধে চীনের গুরুত্ব অত্যধিক। একথা বলা বাহুল্য প্রয়োজন যে, চীনেই জাপানের দেশীর ভাগ সৈন্য আটকাইয়া আছে—চীন পরাজিত হইলে এই সমস্ত সৈন্য অন্যত্র যুদ্ধের জন্য ছাড়া পাইবে।

চীনের সমস্যাসমূহের একটা দীর্ঘ—অন্ততঃগুলি জানানো যায় যাহ, সৈন্যদল আছুই রাখা চাই—চীন প্রস্তুত হইবার মত সময় চায়। এই কৌশল প্রথমিক চীনকে অসামান্য সাহায্য করিয়াছে। বর্তমানে জাপান যে নূতন আক্রমণ সুরু করিয়াছে তাহার লক্ষ্য চীনের এই কৌশল ব্যর্থ করা—চীনের সৈন্যবলকে পর্যুদস্ত করা।

ইউরোপে মিত্রশক্তিবর্গ যে সময় দ্বিতীয় রণাঙ্গনে ব্যাপৃত থাকিবে, সেই সময়ের মধ্যে জাপান যদি এই উপায়ে চীনকে পরাভূত করিতে পারে, তবে অনর্থ ঘটিবে। মিত্রপক্ষের ইউরোপীয় যুদ্ধ শেষ করিয়া প্রাচ্যদেশের সহিত চীন স্বল্প ব্যাপৃত হওয়ার নীতি একেবারে ব্যর্থ হইয়া যাইতেও পারে। চীনকে অক্ষিয়ে সাহায্য করা এইজন্যই মিত্রশক্তিবর্গের কর্তব্য।

যুদ্ধের বিষয় এতদিন পরে কুইন ও লাশিও যুদ্ধক্ষেত্রে চীনকে কল দিয়া সাহায্য করিতে অগ্রসর হইয়াছে; তবুও অনেকটা চীনের বেশী প্রয়োজন আধুনিক অস্ত্রশস্ত্রের। তাহারও ব্যবস্থা করা খুব প্রয়োজন।

• • •

মাধ্যমিক শিক্ষা বিল প্রসঙ্গে ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের ভূতপূর্ব অধ্যাপক ও ডাইরেক্টরের ডাঃ প্রমথনাথ বসুমল্লিক মহাশয় যে বিবৃতি দিয়াছেন, তাহা দেশবাসী মাত্রেরই বিশেষ অনুধাবন যোগ্য। সাম্প্রদায়িক নির্বাচন প্রথার ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা, শিক্ষক-জীবন ও ছাত্র-জীবন কিরূপ সাম্প্রদায়িকতার বিষে জর্জর হইয়া উঠিয়াছে, ডাঃ বসুমল্লিক তাহা বিস্তারিত ভাবে দেখাইয়াছেন। মাধ্যমিক শিক্ষার ব্যাপকক্ষেত্রে এই প্রথা যে কী ভীষণ হইয়া উঠিবে, তাহা কল্পনা করিলেও শিহরিয়া উঠিতে হয়।

কিন্তু বর্তমানে যাঁহারা আইন প্রণয়নের অধিকার লাভ করিয়াছেন তাঁহাদের অধিকাংশ এরূপ সাম্প্রদায়িক মনোভাবসম্পন্ন যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থার কথা বিবেচনা করিয়া তাঁহাদের চৈতন্য হওয়া অসম্ভব। যেরূপ দেখা যাইতেছে তাহাতে তাঁহারা হিন্দুসম্প্রদায়ের সর্বনাশের দায়ী হইবেন। অধিক এই আইন পাশ করিবেনই। আমরা গত সপ্তাহে বলিয়াছি যে বর্তমান মন্ত্রিমণ্ডল যদি সমস্ত দোষে এই আইন পাশ করিয়া লয় তাহা হইলে প্রত্যেক হিন্দুর পক্ষে বালক-বালিকাগণকে সরকারী ও সরকার প্রভাবিত শিক্ষা প্রতিষ্ঠান হাড়াইয়া লইতে হইবে এবং হিন্দু বালক-বালিকাদের শিক্ষার জন্য পৃথক প্রতিষ্ঠান গঠনে মনোনিবেশ করা কর্তব্য হইবে। বর্তমান অবস্থা দৃষ্টে বাঙ্গলায় একটী হিন্দু বিশ্ববিদ্যালয় গঠন করা অত্যাবশ্যক হইয়া উঠিয়াছে। যদি তাহা সম্ভবপর না হয় তবে হিন্দুসমাজকে মুসলিম ঐক্য ইসলামী বিদ্যালয় প্রতিষ্ঠা করিয়া তাহা যেমনভাবে হিন্দু বিশ্ববিদ্যালয় অথবা অন্য কোন প্রদেশের বিশ্ব-বিদ্যালয়ে এফিলিয়েটেড করিয়া লইতে হইবে। এই ভিন্ন বিদ্যা হিন্দুদের এখন হইতে সচেষ্ট হওয়া আবশ্যক।

• • •

মহাত্মাজির খাদ্য সম্বন্ধে গত সপ্তাহে আমরা যে বিবরণ প্রকাশ করিয়াছি তাহার তাঁহার খাদ্যের অবস্থার কোন অবনতি ঘটে নাই। তবে গত ১১ই মে তারিখে পুনা হইতে ডাঃ জীবরাজ মেহতা এবং বোম্বাই হইতে ডাঃ গিল্ডার ও ডাঃ সুশীলা নায়ার মহাত্মাজির খাদ্য সম্বন্ধে যে বিবৃতি দিয়াছেন তাহা পাঠ করিলে মহাত্মাজির পক্ষে সুস্থ হইয়া কার্যক্ষেত্রে অবতীর্ণ হইতে যে সময় লাগিবে তাহা বুঝা যায়। ডাঃ মেহতা বলেন, "অ্যানেমিয়ার ফলে গান্ধীজীর রক্তহীনতা দেখা দিয়াছে এবং তাঁহার হৃৎপিণ্ডের কাজ সন্তোষ-জনক হইতেছে না। তাঁহার শরীর দুর্বল এবং স্নায়ুমণ্ডলের পেশীসমূহে তেমন শক্তি নাই। মহাত্মাজি অল্পক্ষণ কথাবার্তা বলিলে অথবা কথা শুনিলে ক্লান্ত হইয়া পড়েন। অবশ্য আমি বিশ্বাস করি যে, কয়েক সপ্তাহের মধ্যে মহাত্মাজি সারিয়া উঠিবেন। তবে এখন তাঁহাকে পূর্ণ বিশ্রাম গ্রহণ করিতে হইবে।" তাঁহার পরে গত ১২ই তারিখে বোম্বাই হইতে ডাঃ গিল্ডার এবং ডাঃ সুশীলা নায়ার যে বিবৃতি দিয়াছেন, তাহাতে বলা হইয়াছে যে ১১ই তারিখে রাত্রে মহাত্মাজির নিদ্রা হইয়াছে, তবে তিনি এখনও অত্যন্ত ক্লান্ত ও অবসাদগ্রস্ত আছেন। মহাত্মাজির স্বাস্থ্যের এই অবস্থার কথা শুনিয়া দেশবাসীকে আরও কিছু দিন পর্যন্ত উৎকণ্ঠিত থাকিতে হইবে।

•

ইতিমধ্যে মহাত্মাজির কারামুক্তির ফলে দেশের রাজনীতিক অচল অবস্থার অবসান হইবে কি না তৎসম্বন্ধে জল্পনা-কল্পনার অন্ত নাই। অন্তরবাজার পত্রিকার লণ্ডনস্থিত

(১১৫ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

নানা কথা

ইংলণ্ডের অর্থসচিব সার জন এণ্ডারসন সম্প্রতি বৃটীশ পার্লামেণ্টে ১৯৪৪-৪৫ সালের বাজেট সম্পর্কে জানাইয়াছেন যে, আমেরিকার যুক্তরাষ্ট্র সরকার ও উহারা ব্যবসায় সমর সম্ভারের সরবরাহ করিবার পূর্বে ইংলণ্ডকে ১০০ কোটী পাউণ্ড মূল্যের সম্পত্তি বিক্রয় করিয়া এবং এতদতিরিক্ত আরও ২০০ কোটী পাউণ্ড ঋণ করিয়া সমর সম্ভার সংগ্রহ করিতে হইয়াছিল। এই সময়ে ইংলণ্ড যে সমস্ত সম্পত্তি বিক্রয় করে তাহার মধ্যে বিলাতের বিশ্ববিদ্যালয়ের কাছে বিশ্ববিখ্যাত এনসাইক্লোপিডিয়া বৃটানিকা পুস্তকের স্বত্বখানির বিক্রয় অন্যতম। বৃটীশ সাম্রাজ্য বলিয়া নহে এনসাইক্লোপিডিয়া বৃটানিকার মত পুস্তক ইংরাজজাতির গৌরবময় ইতিহাসের সাক্ষ্যদান করিবে। এমন পুস্তকের স্বত্বখানির হস্তান্তর ব্যাপারে শিক্ষিত ইংরাজ মাত্রই ব্যস্তমুখ হইবেন। অথচ চেম্বার্স এনসাইক্লোপিডিয়াকে মূল্যদানের প্রকাশ করিয়া এনসাইক্লোপিডিয়া বৃটানিকার স্বত্ব পুনরায় ইংলণ্ডের জন্য এখন হইতেই ইংলণ্ডে বিশেষভাবে চেষ্টা আরম্ভ হইয়াছে।

কর্মসংস্থান দিক হইতে বোম্বাই পরিকল্পনার অন্যতম বিশেষ সমালোচনা করিলেও উহার মূলনীতি অর্থাৎ কৃষি-শিল্প সমানে দেশের ধনসম্পদ বৃদ্ধি করিয়া জনসাধারণের জীবনযাত্রার মানের উন্নত করার যৌক্তিকতা সকলেই সমর্থন করিতেছেন। এমন কি কলিকাতায় মুসলিম চেম্বার অব কমার্সের সভাপতি খান বাহাদুর মি এ মোসায়ীও উহা নীতির দিক হইতে সমর্থন করিয়াছেন। কিন্তু মুসলীম লীগ এই পরিকল্পনার সম্পূর্ণ বিরোধী। উহারা নিজস্ব মুসলমানদের জন্য একটী পরিকল্পনা প্রণয়ন মনোনিবেশ করিয়াছেন। দেশের কৃষি, শিল্প ও বাণিজ্যের উন্নতির জন্য সাময়িক পরিকল্পনা বিফল হইতে পারে তাহা আমাদের দৃষ্টির অনবিদিত। যারা হউক লীগ যদি এমন কোন অর্থনীতিক কর্মপন্থার নির্দেশ দিতে পারেন যাহা দ্বারা একমাত্র মুসলমানগণই উপকৃত হইবে তাহা হইলে তাহাদের হিন্দু, শিখ, ভারতীয় খৃষ্টান, এংলো-ইণ্ডিয়ান প্রভৃতি অন্যান্য সম্প্রদায়কে নিজেদের হিতার্থে এক একটী পরিকল্পনা স্থির করিয়া তাহা বাস্তবে পরিণত করিতে হইবে না।

বর্তমান অর্থনীতিক সম্মেলনে বেঙ্গল চেম্বার্স অব কমার্সের ভাইস-প্রেসিডেণ্ট মি জে সি দাস এমন অভিমত প্রকাশ করিয়াছেন যে, বর্তমানে বাঙ্গালী পরিচালিত ব্যাঙ্কসমূহের কার্যকরী মূলধনের পরিমাণ ৫০ কোটী টাকার কম নহে। ইদানীং বিভিন্ন বাঙ্গালী পরিচালিত ব্যাঙ্কের যে সমস্ত তথ্য জানিতে প্রকাশিত হইয়াছে, তাহাতে মি: দাসের এই অনুমান বিশ্বাস করিতে মন চায় না। কয় বৎসর পূর্বে বাঙ্গালী পরিচালিত সমস্ত ব্যাঙ্কের কার্যকরী মূলধন (আদায়ী মূলধন, আদায়যোগ্য, সঞ্চয় তহবিল ইত্যাদি) ৫ কোটী টাকাও ছিল কিনা সন্দেহ। কয় বৎসরমধ্যে উহা ১০ গুণ বৃদ্ধি পাইয়াছে। সুখের কথা সন্দেহ নাই। কিন্তু ইদানীং বাঙ্গালার বাহিরের ব্যক্তিগণ যে ভাবে বাঙ্গালীর ব্যাঙ্কে টাকা আমানত রাখিতেছেন এবং বাঙ্গালী পরিচালিত ব্যাঙ্কের দেয়ার স্টক ক্রয় করিতেছেন তাহাতে ব্যাঙ্ক ব্যবসায়ে বাঙ্গালীর এই সাফল্যে শেষ পরিণতি কোথায় তাহা এখনও বলা যায় না। বাঙ্গালীর ব্যাঙ্কের বিলাসপনা খুব হইতেছে আশিয়া আমরা এতদূর অগ্রসর হইয়াছি না—সেই পর্যন্ত বাঙ্গালীর ব্যাঙ্কে বাঙ্গালীর প্রভাব কতটা থাকিবে তাহা আশিয়াই একথা বলিতেছি।

মহীশূর রাজ্যে কৃষকদের কল্যাণের জন্য যে অর্থনীতিক পরিকল্পনা গৃহীত হইয়াছে তাহা বোম্বাইয়ের সর্বজনপ্রিয় পরিকল্পনা অপেক্ষা অধিকতর আশাপ্রদ। বোম্বাইয়ের পরিকল্পনায় ১৫ বৎসর কালের মধ্যে দেশের আয় দ্বিগুণ আর দ্বিগুণ বর্ধিত করিবার আদর্শ গৃহীত হইয়াছে। কিন্তু মহীশূরের পরিকল্পনায় ৫ বৎসর কালের মধ্যে উক্ত লক্ষ্যের প্রত্যেক ব্যক্তির আয় দ্বিগুণ করিবার সঙ্কল্প প্রকাশ করা হইয়াছে। এই জন্য মহীশূর সরকার মূলধনে প্রথম বৎসরে ১০ কোটী টাকা এবং তৎপরবর্তী ৪ বৎসরের প্রত্যেক বৎসরে ২০ কোটী টাকা করিয়া মোট ১০০ কোটী টাকা ব্যয় করিবেন। মহীশূর সরকার অধিক করিয়া উক্ত রাজ্যের শিল্প বাণিজ্যের উন্নতির জন্য চেষ্টা করিতেছেন এবং বিবিধ শিল্পের উন্নতি ও প্রতিষ্ঠার জন্য উক্ত দেশের সরকারকে ৯০ কোটী টাকা অর্থ ব্যয় করিয়া বিশেষ সাহায্য অর্জন করিতেছেন। মূলতঃ উঁহারা যে অতীপ্সিত উদ্দেশ্য সাধনে সমর্থ হইবেন তাহা খুবই আশা করা যায়।

বরদার এক ভারতের প্রত্যেক রেলপথসমূহে ব্যবহারোপযোগী ইঞ্জিন প্রস্তুতের জন্য কারখানা স্থাপনের উদ্দেশ্যে টাটা কোম্পানী ও ভারত সরকারের মধ্যে পরামর্শ চলিতেছে শুনিয়া সকলেই সুখী হইবেন। এই কার্যের জন্য টাটা কোম্পানীর মত উপযুক্ত প্রতিষ্ঠান ভারতবর্ষে আর কেহ নাই। প্রকাশ যে, টাটা কোম্পানী গবর্ণমেণ্টের নিকট এইরূপ প্রতিশ্রুতি চাহিয়াছেন যে, গবর্ণমেণ্ট প্রয়োজন কালে ভারতীয় রেলপথসমূহের জন্য টাটা কোম্পানীর কারখানা হইতে নির্দিষ্ট সংখ্যক ইঞ্জিন ক্রয় করিতে প্রতিশ্রুতি দিবেন। গবর্ণমেণ্ট নির্দ্বিধা বলিয়া এদেশে রেলের ইঞ্জিন প্রস্তুতের কোন সাহায্য না করিয়া বর্তমান যুদ্ধে রেলপথে সৈন্য ও সমর সম্ভার আমদানী-রপ্তানীর ব্যাপারে যে প্রকার বিঘ্ন হইয়াছে এবং এই নির্দ্বিধার জন্য রেল ভ্রমণে ও মালপত্র আমদানী-রপ্তানীর ব্যাপারে দেশবাসীর যে প্রকার দুরবস্থা ঘটিয়াছে তাহাতে টাটা কোম্পানীকে উপরোক্ত প্রতিশ্রুতি দিয়ে তাঁহাদের কোন আপত্তির কারণ থাকিতে পারে না।

'ইউনাইটেড প্রেস' জানাইতেছেন যে, বোম্বাইয়ের সেনাপতি মি এম বেব এণ্ড কোম্পানীর মি: মাস্তাপ্পার পাইনী এবং মি: বিরেন চৌধুরীর উদ্যোগে বোম্বাইয়ে একটী জাহাজ নির্মাণের কারখানা স্থাপনের আয়োজন হইতেছে। উক্তিমধ্যেই কারখানার জন্য জমি সংগ্রহ করিয়া তাহাতে কাজ সুরু করা হইয়াছে। এই কারখানায় প্রথমে ট্রলার, মালবাহী বজরা প্রভৃতি প্রস্তুত হইবে এবং তৎপর উহাতে সমুদ্রগামী জাহাজ নির্মাণেরও ব্যবস্থা হইবে। ইতিপূর্বে মাদ্রাজের ভিজাগাপট্টমে সুপ্রসিদ্ধ শিপিয়া ব্রিদ কোম্পানীর উদ্যোগে একটী ডিপো জাহাজ নির্মাণ শালা প্রতিষ্ঠিত হইয়াছে, যদিও গবর্ণমেণ্টের সহযোগিতা না পাওয়ার জন্য উহারা এখন পর্যন্ত কার্যক্ষেত্রে অধিক দূর অগ্রসর হইতে পারেন নাই। বাঙ্গলায় এখনও এই বিষয়ে কোন আগ্রহের চেষ্টা দেখা যাইতেছে না। সুখের বিষয় মহীশূরকে বাঙ্গলার মহীশূরে ট্রিবলকের সাহায্যে বাঙ্গী ও মাল জাহাজের এক জাহাজের সহিত বাঙ্গলায় সামুদ্রিক-বাণিজ্যের প্রসার হইবে। উহার ফলে বাঙ্গলার বহু ট্রিবলক, বজরা এবং সমুদ্রগামী জাহাজের প্রয়োজন হইবে। বাঙ্গালী ব্যবসায়ী প্রধানগণ এই দিকে নজর দিতে পারেন। আমাদের মনে হয় ৫০ লক্ষ টাকা মূলধন লইয়া একটী কোম্পানীর মারফতে এই শিল্পের পত্তন করা যাইতে পারে।

কিছু দিন পূর্বে এক সংবাদে প্রকাশিত হইয়াছে যে, কলিকাতায় মোট ৭১০৬১টী বাড়ী আছে এবং উহার মধ্যে ৫২৪১৫টী বাড়ীই ভাড়াটিয়া বাড়ী। এই সংবাদে আরও প্রকাশ যে, কলিকাতায় অধি-

(১৭৩ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

আন্তর্জাতিক শ্রমিক সম্মেলন ও ভারতবর্ষ

বড় আড়ম্বরের সহিত যুক্তরাষ্ট্রের ফিলাডেলফিয়া নগরে আন্তর্জাতিক শ্রমিক-সম্মেলনের বার্ষিক অধিবেশন আরম্ভ হইয়া গেল। এবারের সম্মেলনের গুরুত্ব ছিল অপরিসীম, কারণের অন্ত নাই। মহাযুদ্ধের অব্যবহিত পরেই যে বেকার-সমস্যা দেখা দিবে, সেই সমস্যার উপযুক্ত কোন কার্যকরী পরিকল্পনা গ্রহণ করা এবারের সম্মেলনের উদ্দেশ্য ছিল। ইহা ছাড়া পরাধীন জাতিসমূহের আশা ও আকাঙ্ক্ষা এবং তাহাদের সামাজিক জীবন-যাপন লইয়াও এবারের সম্মেলনে আলোচনা হইবে বলিয়া শোনা গিয়াছিল। আন্তর্জাতিক শ্রমিক-সঙ্ঘের সভ্য হিসাবে সম্মেলনের যাহাতে প্রত্যেক জাতি যাহাতে তাহাদের শ্রমিক-সমূহের সামাজিক ও অর্থনৈতিক কল্যাণ সাধন করিবার প্রেরণা পায় এবং এই উদ্দেশ্যে সব দেশের সমর্থনযোগ্য একটী কর্মপন্থা গ্রহণ করে, তাহার জন্য সম্মেলনের উদ্যোক্তারা আগ্রহ প্রকাশ করিয়াছিলেন।

আন্তর্জাতিক শ্রমিক সঙ্ঘ তাহার সুদীর্ঘ জীবনে জাতিকে বহু ভাল কথা শুনাইয়াছে, বিশেষ করিয়া ভারতবর্ষের মত বৈদেশিক কর্তৃত্বাধীন জন্য তাহাদের মৌলিক সমবেদনার অন্ত ছিল না; কিন্তু কার্যতঃ এই প্রতিষ্ঠান ভারতের জন্য সেদ পর্যন্ত কোনদিনই মাথা ঘামায় নাই। আজ সর্বগ্রাসী মহাযুদ্ধের ফলে তাহার চাকা ঘুরিয়া গিয়াছে সত্য, বর্তমানে সেই জাতিসমূহের অধিকাংশ জাতিদিগের প্রতি সহানুভূতিশীলতাও কিছু পরিমাণ প্রকাশ হইয়া উঠিয়াছে; তবু মূলের ক্ষেত্রে এবারের মহাসম্মেলনে অধীন জাতিদিগের স্থান ও দান কেন কেন উল্লেখযোগ্য। এইরূপ আশা করিবার যথেষ্ট কারণ আছে যে যুদ্ধের পরে রাজনৈতিক পরিবর্তন যদি খুব লক্ষণীয়ভাবে নাও হয়, শক্তিমান জাতির শোষণে তাহাদের যত অসহায় বিবাট দেশ যে দুর্ভাগ্য বহন করিতে একরূপ বাধ্য হইয়াছে, সেই অবস্থার নিরসন পড়িয়া থাকিবার লাঞ্ছনা হইতে তাহার এবার মুক্তি পাইবে। শ্রমিক-সম্মেলনে এবারও যে সকল প্রস্তাব গৃহীত হইয়াছে, শ্রমিক-জীবনে আন্তর্জাতিক সমতা স্থাপনের উদ্দেশ্য সেইগুলিতে সুপরিস্ফুট। সম্মেলনের সভাপতিরূপে লিটভিনফের প্রেরিত প্রতিনিধি মিনিষ্টার মি ওয়াল্টার তাঁর অভিভাষণে, শ্রমিক সঙ্ঘের উদ্দেশ্য অধিবেশন উদ্দেশ্যসমূহের ব্যবস্থা অবলম্বন করা, যাহা অসমাধানের নৈতিক ভূমিকা করিয়া তাহাদিগকে জীবন উন্নয়নের সুযোগ দিবে। তিনি আরও বলেন, ইউরোপীয়ানের অধিকারের বাহিরে আরও অনেক জাতি, কিন্তু তাহাদের সমস্যাই শ্রেষ্ঠতম জাতি বলিয়া কিছু নাই। তাহাদিগকে তাহারা যে সুযোগ, শিক্ষা বা স্বাস্থ্য লাভ করিয়া বিশ্বে আধিপত্য বিস্তার করিয়াছে, তাহাদের যে কোন জাতি সেই সব সুবিধার অধিকারী হইলে তাহাদের সমান হইতে পারিত। এই সুবিধাগুলি পৃথিবীর সব জাতির আয়ত্তের মধ্যে আনিয়া বেকারী আন্তর্জাতিক শ্রমিক সঙ্ঘের একমাত্র লক্ষ্য। এই সম্মেলনের অনুষ্ঠান শুধু ফোজাতিসমূহের স্বার্থরক্ষার জন্য নয়, পৃথিবীর সকলের কল্যাণের জন্য।

সভাপতি মি ব্রাউনের এই বাণী ভালোপযোগী হইয়াছে সন্দেহ নাই এক আইনাতিক চার্টারের রাজনৈতিক বাক্যগুলির মত উহার অভিব্যক্তির অবোধ ভারতবাসীর মনে আশার সঞ্চার করিবার মত অনেক কথা আছে। কিন্তু শেষ পর্যন্ত যে সব দুর্বলতা কারণে আটলান্টিক চার্টারের এই সব রাজনৈতিক আদর্শ ভারতের উপর প্রয়োগ করিবার প্রয়োজন চার্টারের আক্রমণ হইয়া মি চার্চিল অস্বীকার করিয়াছেন, ঠিক সেই কারণেই বর্তমান আন্তর্জাতিক শ্রমিক-সম্মেলনের ফিলাডেলফিয়া চার্টারও ভারতের কার্যে প্রযোজ্য হইবে না।

ভারতীয় শিল্প-বাণিজ্য পরিচিতির সাধারণ সম্পাদক মি ডি পি খৈতানকার এই সম্মেলন সম্মেলন, যতদিন পর্যন্ত ভোগ হইতে জনসাধারণকে মুক্তি দিবার শুভ সংকল্প বিশ্বের সকল জাতি সৌজন্যের ভিত্তিতে নূতন সমাজ গড়িয়া না তুলিবে, ততদিন আটলান্টিক চার্টারের যথার্থ প্রয়োগ কিছুতেই সম্ভব হইবে না। অবশ্য প্রাকৃতিক সম্পদ ও দেশবাসীর প্রচুর উৎসাহ সত্ত্বেও ভারতে শিল্পোন্নতি সম্ভব হয় নাই, অথচ এই শিল্পোন্নতি না হইলে যুদ্ধের পরে দারুণ বেকারসমস্যা তীব্র বেকার সমস্যা-সমাধানের কোন উপায় থাকিবে না।

এই সম্মেলনে মি ব্রাউনকার যথার্থই বলিয়াছেন যে ভারতে জাতীয় সরকার প্রতিষ্ঠার প্রয়োজন আজ সব চেয়ে বেশী। এদেশের জাতীয় সরকারই ছাড়া এদেশবাসীর বেকার-সমস্যা সম্পূর্ণভাবে সমাধান হওয়া সম্ভব নয়। বিদেশী সরকারের অনুদার ও স্বার্থপর ব্যবস্থার জন্য ভারতবর্ষ এতকাল নিজের দিক হইতে কোন উন্নতি করিতে পারে নাই; অথচ ইংলণ্ড বা আমেরিকার চেয়ে নিম্ন প্রদেশের সুবিধা তাহার কম ছিল না। ভারতে নিম্ন প্রদেশের বাধা ছাড়াও মি ব্রাউনকার শ্রমিক-সম্মেলনে আর একটী বিশেষ প্রয়োজনীয় বিষয়ের আলোচনা করিয়াছেন। বর্তমানে ভারতকে আর্থিক সাহায্য প্রদানের জন্য আমেরিকার ও ইংলণ্ডের মধ্যে উদ্যম দেখা যাইতেছে। এই আর্থিক সাহায্য পুরোপুরি ইংলণ্ড করিয়াছিল এবং তাহার সাহায্যের পশ্চাতে ভারতের সভ্যতার কল্যাণ করিবার ইচ্ছা অপেক্ষা নিজেদের স্থায়ী আয় সৃষ্টির উদ্দেশ্যই বেশী ছিল বলিয়া ভারতবর্ষ অনেক ক্ষেত্রে বীতশ্রদ্ধ বহু আর্থিক ক্ষতি সহ্য করিয়াছে। এবার যদি যায় যেকোনই হয় তবে একথা উল্লেখ করিয়া রাখা প্রয়োজন যে, ভারতবর্ষ তাহাদের নিকট হইতে কণ এহণ করিলেও ভারতের অর্থনৈতিক বা রাজনৈতিক জীবনের উপর তাহাদের কোনরূপ অধিকার স্বীকার করিবে না এবং তাহাদের নিকট ঋণী বলিয়া ভারতবর্ষ হইতে তাহারা কোন বিশেষ সুবিধাই গ্রহণ করিতে পারিবে না।

ভারতীয় প্রতিনিধির প্রতিনিধি মি বহুরাম মেহতা ফিলাডেলফিয়া-সম্মেলনে অভিযোগ করেন যে, পরাধীন দেশসমূহ হইতে সম্মেলনাদিতে যে সকল প্রতিনিধি পাঠান হয় তাহারা জনসাধারণের মনোনীত হন না, পরন্তু বিদেশী সরকার নিজেদের স্বার্থরক্ষার বিশ্বাসী ব্যক্তিদের প্রতিনিধি করিয়া পাঠান। ইহাতে এই সব প্রতিনিধি দ্বারা কিছু করেন তাহা দ্বারা দেশের সত্যকার মঙ্গল সাধিত হয় না। সম্মেলনে প্রতিনিধি প্রেরণ ছাড়াও মি মেহতা আন্তর্জাতিক শ্রমিক সঙ্ঘ সম্বন্ধে যে মন্তব্য করিয়াছেন তাহা সর্বাংশে প্রণিধানযোগ্য। এই সঙ্ঘ ২৫ বৎসর ধরিয়া জগতের সকল শ্রমিকের স্বার্থরক্ষা চেষ্টা করিতেছেন বলিয়া শুনা যায়, কিন্তু সত্য কথা বলিতে গেলে ইহারা এই সুদীর্ঘ সময়ে এশিয়া বা আফ্রিকার জন্য বিশেষ কিছুই করে নাই। শ্রমিক-সমস্যা শত আছে, প্রতিষ্ঠা আছে, আছে শুধু আন্তর্জাতিকতা। তাহাদের বিভিন্নবিভাগের পূর্ণ প্রয়োগ সম্ভব হইলে ভারতের শ্রমিক-জীবনে লক্ষণীয় উন্নতি সাধিত হইতে পারিত। ভারতের শ্রমিকেরা আজও সপ্তাহে ৬০ ঘণ্টা কাজ করে। শিশু ও স্ত্রীলোকদের রক্ষা করিবার উপযুক্ত ব্যবস্থা এখানকার কারখানাগুলিতে আজও হয় নাই। ভারতের মত বিপুলায়তন দেশের প্রতি আন্তর্জাতিক শ্রমিক সঙ্ঘের এই অনুদার ঔদাসীন্য প্রতিষ্ঠানটীর গৌরবের পরিচায়ক নহে।

এই সম্মেলনে পরাধীন দেশসমূহের জন্য মি লিটার রোমিন নামক প্রতিনিধি অনেকগুলি সভাপতি করিয়া একটী কমিটী গঠিত

(১৭৬ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

জন-স্বাস্থ্য ও তাহার উন্নতির সমস্যা

[শ্রীঅমলকুমার চট্টোপাধ্যায়, এম-এস-সি]

শতাব্দীর পর শতাব্দী ধরে অসুখ-বিসুখকে মানুষ ভগবানের মার বলে মেনে নিয়েছে এবং রোগ হলে প্রার্থনা, মানত, ইত্যাদি করে দেবদেবীর করুণাভিক্ষা করেছে। ফলে মারাত্মক সংক্রামক ব্যাধি লাখ লাখ লোককে পঙ্গু করে দিয়েছে। সমাজের শাসকশ্রেণীর বিলাস, আরাম, আমোদ-প্রমোদ, আর্থিক সচ্ছলতা ও সুস্থিরতা বাড়াবার জন্য পাশ্চাত্যে বিজ্ঞানের প্রয়োগ যতটা হয়, জন-স্বাস্থ্যের উন্নতির জন্য প্রয়োগ হয় তার চেয়ে অনেক কম। তবু সে সব ক্ষেত্রে যেটুকু উন্নতি হয়েছে আমাদের দেশে তাও হয় নি। তার ওপরে আমাদের অশিক্ষিত জনসাধারণের মন মধ্যযুগের কুসংস্কারের মায়া আজও কাটিয়ে উঠতে পারে নি এবং সরকার বা বিভিন্ন সম্প্রদায়ের দিক থেকে সে সম্বন্ধে কোন চেষ্টাও নেই। একদিকে বন্যার ফলে অজস্র ফসলভরা অকালে প্রাণ হারায়, আর একদিকে কোলকাতার মত সহরের কুবেরও ব্যবসায়ের বাড়িকেরা না পাওয়ার মায় জানিয়ে পুজার ঘটা পরদা খরচ করে।

আমরা যে দুধে ধান জমির সে দুধের একমাত্র লক্ষ্য হচ্ছে আর্থিক উন্নতি। অন্য সব কিছু আদর্শ আর্থিক আদর্শের পরে আসতলি পেয়। জীবনের কৃতকার্যতার মাপকাঠি আমাদের টাকা। অধিকাংশ লোকের মধ্যেই দেখা যায় যে, তাঁদের আর্থিক লক্ষ্যটি যদি নিলে তাঁদের জীবন হয়ে যায় লক্ষ্যশূন্য। শাসক-শ্রেণীর এবং শাসকশ্রেণীদের অর্থলোকের উপাসনার সফলতার জন্য কোনরকম সহায় বা আত্মবলিদান থেকে শাসিত জনসাধারণ রক্ষা পায় না। তারা রৌদ্রাগ্নির জন্য পরিশ্রম করে মধু সঞ্চয় করে এই বড়লোকদের জন্য। তাদের শ্রম ভাঙিয়ে খাচ্ছেন তাঁরা আরাম করেন, খাচ্ছে টাকা জমান, শাসন-ব্যবস্থার সহায়তা দেবার অধিকার পান, কিন্তু তাদের খাদ্যের জন্য কোনদিনই তাঁরা মাথা ঘামান না। যদি বা ঘামান ঠিক ততটুকুই ঘামান যতটুকু ঘামায় সহজেরাল গরুর জন্য, পাছে গরুটার অসুখ হলে তার তাদের ক্ষতি হয়। শারিরিকালের সাধারণ জীবন-যাত্রায় লোকের রোগ ঠেকানো সম্ভব নয়। তবে যে বিশ্বব্যাপী মহাযুদ্ধের তাণ্ডব তাদেরই ফলে হয়তো প্রবাহিত হবে নতুন স্রোত, ফেরে যাবে মানুষের মূল্য। এই একটি বার ফলের জন্যই দুধের প্রয়োজন আজও এই পৃথিবীতে রয়েছে এবং যতদিন মানুষের ওপর মানুষের শোষণ সম্পূর্ণ থেকে বিলুপ্ত না হবে ততদিন দুধের প্রয়োজন থাকবে।

জনসাধারণের খাদ্যোপযোগিতার প্রধান বাধা হচ্ছে তাদের সামাজিক নিরাপত্তার অভাব। দেখা গেছে যে, অধিক সন্তানের ইচ্ছা করলেই মাতৃস্বাস্থ্যরক্ষা করতে পারেন, কিন্তু দরিদ্রদের পক্ষে ইচ্ছা থাকলেও সম্ভব হয় না। বেকার-সমস্যা প্রতি বছর বহু লোকের মৃত্যুর কারণ হয়। যে ডি বার্নাল বলেছেন যে, অধিকাংশ রোগের মূলেই রোগ অখাদ্য-প্রয়োজনীয় খাদ্য ও বসনের অভাব এবং কর্মস্থানের অস্বাস্থ্যকর আবহাওয়া। ১৯৪৮ সালের ফুটবলে খেলার ছিল ১৭,১১,০০০ জন। এদের স্বাস্থ্য-রক্ষার কোন ব্যবস্থাই ছিল না। আর যারা শ্রমিক হিসাবে কাজ করত তাদের আয়-ব্যয় যে কত কম ছিল তা একটি হিসাব দেখলেই বোঝা যাবে :—

সাপ্তাহিক হিসাব

খাদ্য	লোকসংখ্যা	লোক-সংখ্যার শতকরা হিসাব
১০ শিলিং পর্যন্ত	৪ শিলিং	৪৪০০০০০
১০-১৫ শিলিং	৬ „	১০০০০০০
১৫-২০ „	৮ „	৯
২০-৩০ „	১০ „	৩
৩০-৪৫ „	১২ „	৩
৪৫ শিলিং-এর বেশী	১৩ „	৪৪০০০০০ ১০

বয় = ৩০ শিলিং = ১ পাউণ্ড

ফুটবলের মোট লোক-সংখ্যার শতকরা ৩০ ভাগ শ্রমিক। তাদের খাদ্য পরীক্ষা করলে তাদের খাদ্যের অবস্থাটি কেন আলতাভাবেই উপলব্ধি করা যাবে :—

খাদ্য	সাপ্তাহিক খাদ্য-ব্যবস্থার
চাউল চর	৩০ পাউণ্ড
মাখন	৩০ আউন্স
মার্গারিন্	২০ „
মাংস	৩০ „
আলু	১০ „
ডিম	৩ পেন্স
তরকারী	৩০ পেন্স
দুধ	২০ পাউণ্ড
চর্বী	৩০ আউন্স

যে কয়টি খাদ্যের নাম করা হোল সবগুলিই প্রাণধারণের জন্য অপরিহার্য। খাদ্যগুলোর ব্যবহারকে শতকরা কত ভাগ অনুপাতে ধরে জনসাধারণের খাদ্য ঠিকতে পারে তারও একটা হিসাব দেওয়া যায় :—

দুধ	১০%
মাখন	১৫%
ডিম	১০%
ফল	২৫%
তরকারী	২৫%
মাংস	১৫%

অর্থাভাবের জন্য খাদ্যাভাবের ভাবও ঘটে। ফলে জনসাধারণ ভাইটামিন্ এবং প্রয়োজনীয় খাদ্য সবগুলোও পায় না ঠিকমত। এই ভাবে দেহের কর্মশক্তি ও রোগ-প্রতিরোধের শক্তি ক্রমশঃ কমে আসতে থাকে।

দুধ এবং দুগ্ধজাতীয় খেকে পাওয়া যায় ক্যালসিয়াম। আমরা দেখেছি যে, দরিদ্র জনসাধারণ এই দুটী জিনিষ খুব কম পায়, যার ফলে ছোট শিশুদের হাড় ভাল করে গড়ে উঠতে পারে না এবং ছিকেই রোগ হয়; দৈর্ঘ্যেও তারা বেশী বাড়তে পায় না। পরীক্ষা করে দেখা গেছে যে, তারা অন্ত পাঁচ বছর পর্যন্ত বেঁচে হয় বেশী সম্প্রদায়ের শিশুদের চেয়ে। ডাঃ স্পেন্স পরীক্ষা করে দেখেছেন—(১) শিশুদের মধ্যে শতকরা ৩০ ভাগের অখাদ্যের কারণ হচ্ছে পুষ্টিকর খাদ্যের অভাব। (২) অধিক সম্প্রদায়ের মধ্যে পুষ্টিকর খাদ্যের অভাব নেই, তাই রোগও কম। (৩) শিশুদের দুর্বল দেহে সহজে সংক্রামক রোগ বাসা বাঁধে এবং খারাপ পারিপার্শ্বিকে থাকার জন্য রোগগুলো পাকা হয়। খাদ্যাভাবের ফলে সহরে যে কত প্রসূতি মারা যায় তার ইয়ত্তা নেই।

শিশু-মৃত্যু সম্বন্ধেও একই কথা বলা যেতে পারে। ইংলণ্ডের দৃষ্টান্ত থেকে দেখা যায় অন্তঃসত্ত্বা মায়েকে যদি ভালভাবে প্রয়োজনীয় খাদ্য দেওয়া হয় তাহলে মাতৃমৃত্যুর হারটি শিশু-মৃত্যুর ঘটে, কিন্তু উপযুক্ত খাদ্য না দিলে সংখ্যা দাঁড়ায় ৮৪ থেকে ১২টী পর্যন্ত।

সুতরাং দেখা যাচ্ছে যে, ভাল খাদ্যের অভাব ঘটলে হাজার চেষ্টা করলেও জাতীয় স্বাস্থ্যের উন্নতি হতে পারে না। খাদ্যে যদি সকলের অধিকার থাকে তাহলে উপযুক্ত খাদ্য সরবরাহ অধিকারও তাদের আসে। টাকা থাকে তবে ওষুধপত্র এবং চিকিৎসা দেয়ে স্বাস্থ্যকে ঠিক রাখা যায় না। সেই সমস্যা বলা ভাল পুষ্টিকর খাদ্যের জন্য খরচ করা উচিত। বিশেষের সরকার জনস্বাস্থ্য বিভাগের জন্য যতটা খরচ করেন, খাদ্য ডিপার্টমেন্টের জন্য ওষুধ কিনতে তার টাকা খরচ করেন, জাতীয় খাদ্যের উন্নতি বিধানের ব্যবস্থা করতে তার চেয়ে কম টাকাই খরচ হোক। দুধ, মাখন, ঘাস, ডিম, তরিতরকারী, ফলমূল, তেল, চর্বি, মাংস ইত্যাদি খাদ্যে প্রচুর পরিমাণে অতি অল্প মূল্যে উৎপাদন এবং সরবরাহ করা যায়, সন্তায় বা বিনা পয়সায় ওষুধ বিতরণের চেয়ে আগে সেই ব্যবস্থার দরকার। আজ দুধের নামে জাতীয় পুষ্টিকর খাদ্যের

যেমন বৃটিশ সরকার নিজের হাতে নিয়েছেন, শান্তির সময়েও এই ব্যবস্থা বাঞ্ছা দরকার। খাদ্যের ব্যাপারে প্রতিযোগিতা এখন চুলায়ার অপচয়টাকে বন্ধ করা সরকারের অবশ্য কর্তব্য।

শুধু খাদ্য বিতরণ করলেই সরকারের কর্তব্য শেষ হোল না। বাড়ীর মেয়েরা, বিশেষ করে গরীব ঘরের মেয়েরা, খাদ্যের গুণাগুণ-মূল্য সম্বন্ধে বিশেষ কিছুই জানে না। তারা খাদ্য নির্বাচন করতে পারে না এবং রান্না করতে গিয়ে ভাইটামিন নষ্ট করে ফেলে। তাই এ বিষয়ে জনসাধারণকে বিশেষ করে মেয়েদের হাতেকলমে শেখানোর ব্যবস্থা সরকারের করা উচিত।

খাদ্যের উপাদান ও তার উপযুক্ত খাদ্যের পরই দরকার হচ্ছে খাদ্যাভাব নিবারণ। দরিদ্র শিশুমৃত্যুর যেখানে বাড়ছে, সেখানে ঘরভাড়ার অস্বাভাবিক অবস্থা তীব্র খুব বেশী। এর ফলে শিশু-রোগের আধিক্য গ্রামাঞ্চলেই বেশী দেখা যায়, বিশেষ করে গ্রীষ্মকালে রোগ। ইংলণ্ডের সরকারী রিপোর্টে দেখা যায় যে, সেখানে প্রতি ১০০ শিশু ১০১৫ জন লোক বাস করে সেখানে ১৯১১ থেকে ১৯৩১ সালের মধ্যে মৃত্যুর সংখ্যা বৃদ্ধি হয়েছে গড়পড়তা ৭০ জন; কিন্তু যেখানে ঐ শিশু ০'৫৫ জন লোক বা আরো কম, সেখানে মৃত্যু-সংখ্যা গড়পড়তা ২৪ জন পর্যন্ত কমে গিয়েছে।

ঘর ভাড়ার ফলে কম্বা এবং খাদ্যাভাব বাদা রোগ সকলের মধ্যে ছড়িয়ে পড়ে। তাছাড়া গরিবেরা ভালো, বাতাস, সূর্য, শান্তি কিছুই পায় না। তার ফলে শিশুদের মেরুদণ্ডের স্বাভাবিক বৃদ্ধি হতে পারে না এবং শিশু-মৃত্যুর সংখ্যা বেড়ে চলে। প্রমাণ হিসাবে ব্লাসগোর কয়েকটি কথা বলা যেতে পারে।

বাড়ীতে ঘরের সংখ্যা	হাজারকরা শিশু-মৃত্যু
১ খানি ঘর	২২'৯
২ ,, ,,	১৬'৫
৩ ,, ,,	১১'৫
৪ ,, ,,	১০'৮

কয়েক ঘরের হিসাবে	হাজারকরা
মেলা	শিশু-মৃত্যু
উইগান	৩৩
ব্যারো	৭২
সাউদ্দাম্পটন	৬৭
লেস্টার	৬৬
ব্রীস্টল	৫১
লিভার্স	৫৫
লিভারপুল	৯৯
বর্মিংহাম	৫৭

অস্বাভাবিক সময় একই কারখানায় নিযুক্ত থাকলে খাদ্যাভাব ঘটে হয়। কারখানা যদি ভারিক পরিশ্রমের হয় তাহলে মেয়েরা ক্ষতি হয়। কারখানায় যদি বেশী মজুরির প্রলোভনে হয় বা অন্য কোন রকম হয় যার জন্য সেখানে অনেক বসে থাকতে হয় তবে তাহলেও খাদ্যের ক্ষতি হয়। বড়লা-পরিচালিত বা কেন লাইন বিভাগে শ্রমিকদের দৈনিক সাড়ে সাত ঘণ্টা থেকে ১১ ঘণ্টা পর্যন্ত খাটান হয়। খাদ্যের জন্য বাদা রকম কারখানা-আইন যে নেই তা নয়, কিন্তু সঙ্গে সঙ্গে আইনকে ফাঁকি দেওয়ারও বহু উপায় আছে; যেমন বলা যেতে পারে উপরি সময় খাটানোর (overtime) ব্যবস্থা আছে। শিশু বা স্ত্রীলোকদের খাদ্যের সময় কমানোর জন্য আইন আছে, কিন্তু তাদের জন্য আরো নানা রকম। এমনকি ১২ বছরের ছেলেদেরও দিনে ২ ঘণ্টা করে কাজ করানোর অনুমতি আছে। সরকারী রিপোর্টে দেখা যায় যে, ইংলণ্ডে ১৪ বছর বয়সের ওপরের ছেলে-মেয়েদের আইনের দ্বারা এক সপ্তাহে দ্বারা অন্য দিনে ১২ ঘণ্টা করে কারখানায় রাখা হয়েছে এবং শনিবারে ৮ ঘণ্টা রাখা হয়েছে। যে সময়ে ছেলেমেয়েদের সঙ্গে স্ত্রী-পুরুষ-শিশু-বয়স্ক-নির্বিশেষে জনসাধারণের খাদ্য এই ভাবে বলি দেওয়া হচ্ছে সেই সময়ের সুফল কারা ভোগ করে? ধন-স্বাধীনতা এবং সমাধিকারকে রক্ষা করা যদি এই সময়ের লক্ষ্য হোল তাহলে জনসাধারণকে খাদ্য বলি দিয়ে এভাবে মূলধনী শাসকশ্রেণীর জন্য মধু সঞ্চয় করবার কোন মানে হয়। কারখানার কোন খাদ্যের সময় যদি সাপে এক ঘণ্টার বেশী হয় তাহলে যদি যে সব ঘণ্টা খাদ্যে সেই সময়ের মধ্যেই এই শ্রমিকদের খাদ্যাভাব ইত্যাদি গুরুত্বপূর্ণ সব কিছু করতে হবে। খুলতে হবে এবং দোকান সেরে করতে হবে। তাহলে খাদ্যের অবসর ভোগার যে, তারা একটু লাভ থেকে বাঁচবে, দুটো সুখ-দুঃখের কথা কইবে, বেড়াবে, বা পড়াশোনা করবে? কোন মালিক যদি কারখানা-আইন অমান্য করে শ্রমিকদের বেশী খাটায় তাতে তাঁর যা জরিমানা হয় তা এত কম যে সে জরিমানা দিয়েও বেশী লাভ খাটিয়ে তাঁদের মুনাফা থাকে প্রচুর। মনের ও দেহের ওপর এই নিদারুণ খাটুনীর প্রভাবে শ্রমিকদের স্বাস্থ্যহীনতা ঘটে এবং নানা রকম আকস্মিক রোগ দেখা যায়।

ইহা প্রুফপেটাস্ নহে—বোমাগাত্র।

ভারতরক্ষা আইনের ৯৪-এ ধারামতে সেন্সরসমূহ বিজ্ঞাপনের জন্য কেন্দ্রীয় সরকারের অনুমতি পাওয়া গিয়াছে। ইহা পরিষ্কারভাবে জানা আবশ্যক যে, এই অনুমতি দিয়া আদৌ সরকার উহাদের কোন পরিচালনার আর্থিক মূল্য বিষয়ে অথবা উহাদের সম্পর্কে কোন মন্তব্য করা হইলে বা কোন ব্যবসায় প্রচার করা হইলে তাহার দায়িত্ব সম্পর্কে কোন দায়িত্ব লইবেন না।

শিশুর ফুড সাপ্লাই
কর্পোরেশন লিমিটেড

রেজিষ্টার্ড অফিস—১৫নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।

আমাদের বর্ত্তমান কার্য্যাবলী ঃ—

১। কেন্দ্রীয় গভর্ণমেণ্টের মুড সাপ্লাই।

২। লবণ, চা, ডাল ও অন্যান্য খাদ্যসামগ্রীর ষ্টক রাখা এবং সরবরাহ করা।

৩। গুচরা খাদ্যদ্রব্য সরবরাহ। (Ration-Shop)

আমাদের প্রস্তাবিত কার্য্যতালিকা ঃ—

১। ডেয়ারী ফার্ম ও কৃষিকার্য্যের প্রসার।

২। যানবাহন সরবরাহ।

৩। উটজ শিল্পের সাহায্যে চিনি ও অন্যান্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রী প্রস্তুত

ফোন নং কলি ৫১৪৬

ম্যানেজিং ডিরেক্টর,
শ্রীহরেন্দ্রনারায়ণ ভট্টাচার্য্য।

আর্থিক দুনিয়ার খবরাখবর

সৌদি আরবের তৈল

'ফিউচার্স অফ দি ফিউচ' পত্রে প্রকাশ, বার্মিন সহকারী পররাষ্ট্র সচিব মিঃ এডলফাস চেইলাস সম্প্রতি মিডিল ইস্টসমূহের সফরে যে আলাপ-আলোচনা চালাইয়াছেন তাহাতে ইঙ্গ-মার্কিন তৈল-সমস্যা সমাধানের উপায় স্থির হইয়াছে। সৌদি আরবের উপর দিয়া পাইপ-লাইন নির্মাণের প্রয়োজন হইবে না, এইরূপ সিদ্ধান্ত হইয়াছে। ভূমধ্যসাগরীয় বন্দর মিডিল ও মার্সিল পর্যন্ত বিস্তার হইতে ঘোষণা করা হইবে। ইহাতে আন্তর্জাতিক তৈলের ব্যাপারে মূর্খেরার সমস্ত ব্যবস্থা বাতিল হইয়া যাইবে।

রেড়ির গাছ হইতে কাপড়

আমেরিকায় যে তাপমের অভাব দেখা দিয়াছে তাহা এক বৎসরের মধ্যে পূরণ করিবার উদ্দেশ্যে এক বিরাট কেমিক্যাল কোম্পানীর উপ-সভাপতি ডিঃ ওয়াল্টার লন্ডারি একটি পরিকল্পনা পেশ করিয়াছেন। তিনি বলেন, তিন লক্ষ একর জমিতে রেড়ির চাষ করিলে এক বৎসরের মধ্যেই উদ্দেশ্য সিদ্ধ হইবে। রেড়ির বীজ হইতে প্রচুর পরিমাণে তৈল পাওয়া যাইবে, পরন্তু খোসা ও বীজের খড় হইতে পাওয়া যাওয়ার কথা যাইতে পারিবে এবং ইহার ফল হইতে যে প্রচুর পরি-মাণ 'আলকা সেলুলোজ' পাওয়া যাইবে তাহাতে কাপড় তৈয়ার করা সম্ভব। একটি একর জমিতে রেড়ির গাছে গাছে চার টনের অধিক 'আলফা সেলুলোজ' পাওয়া যাইবে।

তুরস্কের সম্বন্ধে পররাষ্ট্রবিভাগ সমিতি

সুলতানীয় এনুসুলাই এাড্‌ভাইসরি কাউন্সিলের ইতিহাস্ লেখার পর তখন এক ইতালীর পদ হইতে তার তুর্কিলাস লি লেখা মিঃ লরেন্স ইবন পাঁয় প্রতিনিধি নিযুক্তিত হইয়াছেন।

সিংহলে ভারতীয় ব্যবসায়ীদের অসুবিধা

আগামী ১২ই মে তারিখে সিংহলের ভারতীয় অধিবাসীদের এক প্রতিনিধিদল গভর্নরের সহিত দেখা করিবেন।

সিংহলের ভারতীয়রা ব্যবসা ও অন্যান্য বিষয়ে অনেক অসুবিধা ভোগ করিতেছে। প্রকাশ, ভারত হইতে ভারতীয় ব্যবসায়ীদের সিংহলে যে মালপত্র যায়, তাহা অনেক সময় উহাদের সিংহলে পৌঁছিবার পূর্বেই বন্দর হইতে সিংহল সরকার খালাস করিয়া লইয়া যান। এই সম্পর্কে মিঃ আসে সিংহলী আধিকারিকের দৃষ্টিগোচর হয়। প্রতিনিধিদল এজন্য ভারত সরকারের কর্মচারীবৃন্দ, সিংহলস্থ বিভিন্ন সমিতির সহিত ও এবং মি বাহের সহিত সাক্ষাৎ করিবেন। পরে তাঁহারা গভর্নরের সহিত সাক্ষাৎ করিবেন।

গমনাগমনের পূর্ণাভাব

১৯৩৮-৩৯ সালের পর জনসংখ্যা যে পূর্ণাভাব প্রকাশিত হইয়াছে তাহাতে দেখা যায়, ১৯৩৯-৪০ সালের ৩ কোটি ৫১ লক্ষ ১১ হাজার এলাহের তুলনায় এই সালে ৩ কোটি ৫৯ লক্ষ ১১ হাজার এলাহে...ক্ষ...সংখ্যা হইয়াছে বলিয়া অনুমান করা হইয়াছে। অনেক অধিক পরিমাণ লবণও এই বৎসর উৎপাদিত হইয়াছে। এবার ফসল ভাল হইবে আশায় ১ কোটি ৩ লক্ষ ৫৬ হাজার টন, ১৯৪০-৪১ সালে উহার পরিমাণ ছিল ১ কোটি ৯ লক্ষ ৪৩ হাজার টন। এবার ফসল লম্বা হইবে ও তাল পর হইবে। বৃষ্টি, বিলা প্রভৃতিতে যে স্থানে লাভ অধিকার হইলেও মোটামুটি অনেক ফসল আশা হইবে মনে হয়।

বাজারে অতি-লাভ নিবারণ

লাভ-বিরোধী ও অতি-লাভ নিবারণ অভিযানে সহায়তার পথ সন্ধানের দেশে দুনিয়ার এক লাইসেন্সী পত্তির মোকাবেলা হাজা বিয়া পথ পথ হাজ-পত্তি ও বেচাকেনা-পত্তি আইন করিয়াছে। আইন হাজা-হাজারের ফলে ১৯৪২ সোনা সোনা এবং হাজার-হাজার মণের ১ হাজার লৌহ-মূল্য পাওয়া যায়। মোট মণের মূল্য টাকার বিনিময় আইন হাজা হইয়াছে। এবিষয়ে তদন্ত চলিতেছে।

বস্ত্র-মূল্য নিয়ন্ত্রণ

মোজাই-এর চট্টে যে আলিবের এক সম্মেলনে প্রকাশ, বস্ত্রের মোকাবেলার বস্ত্র তাহার মূল্য টেক্সটাইল অধিদপ্তর অধিদপ্তে অর্ডার ব্যবস্থা অবলম্বন করিতেছে বলিয়া জানা গিয়াছে। সম্প্রতি কয়েকটি মিল ও ব্যবসায়ীর উপর যে আদেশ জারী করা হইয়াছে তাহা হইতে এজাতীয় ব্যবস্থার কিছু আভাস পাওয়া যায়। ইহার পর নিম্নের আদেশসমূহ সংশোধন করা হইয়াছে। বিলগুলি ১৯৪০—৪১ ও ৪২ সালে যে সমস্ত ব্যবসায়ীর নিকট বস্ত্র বিক্রয় করিয়া উক্ত সংশোধিত ব্যবস্থা দ্বারা বেচাকেনার সেই সেই সময় ব্যবসায়ীর নিকট বস্ত্র বিক্রয় করিতে বিলগুলিকে বাধ্য করা হইবে। যে ব্যবসায়ী স্থানীয় সরকারের নিকট হইতে লাইসেন্স না লইবেন তাঁহার নিকট বস্ত্র বিক্রয় করা চলিবে না। এই সমস্ত ব্যবস্থা কার্যে পরিণত করিতে কিছু সময় লাগিবে। ইতিমধ্যে সরকার ব্যবস্থায় অবলম্বিত হইবে।

বাংলায় শাকসব্জী চাষ

বঙ্গীয় আইন পরিষদের আলোচনা হইতে জানা যায়, বেসরকার নিযুক্ত বোর্ডের উপর শাকসব্জী চাষের পরিকল্পনা দ্বারা ১৯৪৩ সালে এখন অবধি বিলাতী শাকসব্জী চাষের পরিকল্পনার ৫৫ হাজার টাকা মঞ্জুর হয়। ভারতীয় ও বিলাতী শাকসব্জীর বীজ বপন ও বিক্রয়ের জন্য আর একটি পরিকল্পনা বাবদ ২ লক্ষ ১৪ হাজার ৫১০ টাকা ব্যয় মঞ্জুর করা হয়। ১৯৪১ সালের জন্য শীতকালীন শাকসব্জী বপন ও বিক্রয়ের একটি পরিকল্পনা বাবদ ৫ হাজার ৬৯০ টাকা ব্যয় মঞ্জুর করা হইয়াছে। শীতকালীন শাকসব্জী সম্বন্ধে একটি পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

ফলস বিক্রয় করিয়া অতি লাভ করিবার ফল

বিভিন্ন মূল্য ৫৵০ আনার ফলে ১৮৲ টাকার একটী পীতাবশেষ্ ফলস বিক্রয় করার অপরাধে বাজার স্পিনস্ কোম্পানীর এ্যাসিস্ট্যান্ট ম্যানে-

"...আহা পাই কাহা তাই না"

এ-পৃথিবীতে মানুষের দৈনন্দিন জীবনযাত্রা প্রায় কথায়-কথায় অভাবই বলা চলে। আমরা যদি পাশের ঘরে আর একটা ঘর দেখতে পাই এই পৃথিবীর যেন শেষে দেখাচ্ছে, এই মহানগরীর রাজপথে আমরা খুব বেড়াই না কি? কেন খুঁজি, কিসের জন্যে? কি আমাদের উদ্দেশ্য? কি আমাদের লক্ষ্য? এসব কথার আমরা অনেকেই ঠিক উত্তর দিতে পারব না। বাজারিদের কর্মব্যস্ততার পর, ছুটোছুটি অফিসফেরির পর, বাজারাদি, কেনা-বেচা, ক্রয়-বিক্রয়ের পর সন্ধ্যাবেলা ঘরে আমরা যখন আমাদের নির্জন ঘরের কোণে ফিরে আসি, তখন প্রতিদিন না হলেও একটী দিনের কি এ-প্রশ্ন আমাদের মনে আসে না যে, কিসের জন্য এত ব্যস্ততা, এত প্রতিযোগিতা, এত কিংকিংবিমূঢ়তা মৌতাতোমি? নিশ্চয়ই আসে। কর্মব্যস্ত দেহ অবসন্ন হয়ে পড়ায় এদিকে পড়ন্তের মন তখন বাহিরের জগৎ পরিত্যাগ করে ফেলার এক ঠিক তখনই তো আমাদের মনে মনে মনে হয় যে, জীবনে যা চাইলাম তা তুল করে চাইলাম, আর যা পেলাম তা তো-চাইলাম।

জীবনের মূলে রয়েছে এই অসন্তোষ, এই অপূর্ণতা, এই অতৃপ্তির উদ্রেক। জীবনের দুর্বল পথে মানুষের নিত্যকার অভিযানের অফুরন্ত প্রেরণা —এই উদ্রেক, এই ব্যাকুলতা। যে পরিপূর্ণ জীবনে তার প্রতিষ্ঠার থাকত সত্য। দৈনিক মুহূর্তা না হলেও তার বার্ষিক মুহূর্তা পূর্তিদিনে।

এই বার্ষিক অভাবমুহূর্তা বা অভাবমুহূর্তের হাত থেকে নিষ্কৃতি কোথায়? কীভাবে এই উদ্রেক, এই অপূর্ণতা, এই পরিপূর্ণতা পাই? কীভাবে হইলে সবার আগে সেবাব্রতীকে পাই কাছে হবে। কারণ সেবার সঙ্গে মনের নিবিড় অভিযোগ সম্পর্ক রয়েছে। অথচ এ কথাটি ভুলে গিয়ে আমরা আমরা ও অন্যেরা অন্য আমরা আমরাই এই সেবা-ব্রতীকে বিদায় করে ফেলি। অকর্মণ্য, দুর্বল দেহের দুর্ভোগ নিয়ে দুর্ভাবনায়, অন্যান্যতা প্রভৃতি নানারকম উদ্দীপনা থেকে যারি যখন অনেই দুরাবোগ্য হয়ে পড়ি তখন আমরা হাল ছেড়ে দিয়ে তখন চালকে বলি, তারপর নিয়ন্ত্রণ যে?

কিন্তু তখনে তারাকে ডাকার আগে যদি একটু সাবধান হই, যদি একটু সচেতন হই, যদি নিজেকে একটু আত্মসচেতন গিয়ে তাহলেই তথা-কথিত অন্যায় নিজেকে আমরাই বাঁচাতে পারি। "আই-ব্যাঙ্কের" এ-কাজের হিসাব আমাদের তখনে।

আর মিঃ এ ও সেলস্-ট্যাক্স কমিশনার এডিশনাল সেক্রেটারি হ্যাভিল্যাণ্ড মিঃ লক্ষি বাঁ যথাক্রমে ৫০৭৲ ও ১৮৭৲ টাকা অতিরিক্ত অভিগ্রহণ করিয়াছেন। অভিযোগ অনুযায়ী মিঃ ঘোষ ৩ মাস ও কুমারী ঘোষকে ১ মাস জেল খাটিতে হইবে।

বোম্বাই ও আমেদাবাদের মিলে রাত্রিকালে শ্রমিকের সংখ্যা

১৯৪৯ সালের দ্বিতীয়ার্ধ মাসের প্রথম দিকে বোম্বাইয়ের ৬৩টি মিলে রাত্রিকালে ৮৩,৭২১ জন শ্রমিক কাজ করিত। ঐ সময় আমেদাবাদের ৩৩টি মিলের রাত্রিকালের শ্রমিকের সংখ্যা ছিল ৩১,০১৪ জন।

সৈন্যদের জন্য বস্ত্রব্যবসায়ী মাংস

রেশন-ব্যবস্থায় আমলে সমর্থনেষ্টের প্রথম চাউল ও আটা প্রভৃতি সম্পর্কে নূতন করিয়া হিসাবের দেখা দিয়াছে। প্রথম প্রথম রেশনের দোকানে যে চাউল পাওয়া যাইত তাহা কিন বেতন আদৌ খাদ্যযোগ্য বলিয়া মনে হইত। কাঁকর ও ধানের প্রচুর সন্নিবেশে উহা লোকের মনে আতঙ্ক উপস্থিত করিয়াছিল। সম্প্রতি কিছুদিন রেশনের চাউল একটু ভাল পাওয়া যাইতেছিল। সম্প্রতি আবার রেশন দোকান হইতে খারাপ শ্রেণীর আতপ চাউল দেওয়া হইতেছে। আতপ চাউল খাইতে অনেকে অভ্যস্ত নয়, অনেকের পক্ষে উহা হজমও হয় না। এ প্রসঙ্গে সরকারের আমলের কথা মনে পড়িতেছে। কিছুদিন পূর্বে সরকার জানাইয়াছিলেন, ভবিষ্যতে তাঁহারা ভাল শ্রেণীর চাউল যোগাইবার ব্যবস্থা করিবেন। কিন্তু সে আশ্বাস আজও কার্যে পরিণত হয় নাই। 'রেশনের চাউল' সম্বন্ধেও সরকার এখনও কোনো ব্যবস্থা করেন নাই। সংবাদ-পত্রের লেখালেখি হইলেও সরকার একেবারে উদাসীন রহিয়াছেন। চাউলের মূল্য সম্বন্ধেও দু'একটি কথা জানিবার আছে। এ বৎসর ধানের ফলন বেশ ভাল হইয়াছে। তাছাড়া তাহার সরকার বাংলাদেশের জন্য চাউলের মোটা বরাদ্দ বাঁধিয়া দিয়াছেন। চাউলের অভাব হইবার কথা নয়, তথাপি কলিকাতায় চাউলের দর ১৫৪৲ টাকার মধ্যে চড়া দরে বলবৎ রাখিবার তাৎপর্য কি?

শুধু চাউলের সম্বন্ধে নয়, রেশনের আটা ও চিনি সম্বন্ধেও লোকের নানা অভিযোগ। আটায় ভেজাল, চিনিতে ভেজাল। আটায় ঘুঘুী মেশানো হয় বলিয়া কেহ কেহ সন্দেহ প্রকাশ করেন। চিনির ব্যাপারে সাধারণের অভিযোগ উহার পরিমাণ লইয়া। সাধারণ সময়ে কলিকাতার মাথাপিছু মাসে ৪ সের আন্দাজ চিনি ব্যবহৃত হইত; রেশন-ব্যবস্থায় মাথাপিছু পাওয়া যাইতেছে মাত্র এক সের চিনি। তুলার কাপড়ের চিনির বরাদ্দ সম্বন্ধে অধিকতর উদারতা অবলম্বনের পরামর্শ দেওয়া সত্ত্বেও বাংলাদেশে মাথাপিছু চিনির বরাদ্দ মাসে ১ সের নির্দ্ধারিত রাখিবার কারণ কিছুই বুঝা যাইতেছে না। আমরা রেশনিং প্রথার সমর্থক—কিন্তু সরকারকে স্মরণ করাইয়া দিতে চাই, খাদ্য শুধু উদর পূর্তির জন্য নয়, খাদ্যে স্বাস্থ্যের জন্যও প্রয়োজন। খাদ্যে রেশনের খাদ্য একান্ত অপ্রতুল; পুষ্টিকর খাদ্যের পরিমাণও যথেষ্টমুক্ত হইয়া চাই।

জনসংখ্যা ও খাদ্য-সমস্যা

ভারতবর্ষের জনসংখ্যা গড়ে বৎসরে ৬৫ লক্ষ করিয়া বাড়িতেছে। অথচ এদেশে খাদ্য-দ্রব্যের উৎপাদন তদনুপাতে বৃদ্ধি পাইতেছে না। ফলে দেশের জনসংখ্যা বৃদ্ধিতে অনেকেই আজ ক্ষোভ করিতেছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের হটস্প্রিং নগরে কিছু দিন পূর্বে দুনিয়ার খাদ্য-সমস্যা সম্পর্কে একটী সম্মেলন অনুষ্ঠিত হইয়াছিল। ঐ সম্মেলনে ভারতের প্রতিনিধিরা এদেশে খাদ্যদ্রব্যের মোট প্রয়োজন ও তাহার যোগান সম্পর্কে যে বিবৃতি পেশ করিয়াছিলেন তাহা দৃষ্টে খাদ্য সম্বন্ধে এদেশের শোচনীয় অভাব ও দুরবস্থা আলাজেই বুঝা যায়। সেই বিবরণটী এই:—

খাদ্য-সামগ্রীর পরিমাণ—লক্ষ টন হিসাবে

	মোট প্রয়োজন	যোগান
খাদ্যশস্য	৪৮·০	৪৪·৫
ডাল, কলাই	৯·০	৭·৫
চিনি	৫·০	৫·০
তরিতরকারী	১৮·০	৯·০
ফল	৬·০	৬·০
চর্ব্বি ও তৈল	৪·৫	১·৩
দুধ	৬২·০	৬·৯
মাছ, মাংস, ডিম	৬·০ হইতে ৯·০	১·৫

উপরোক্ত হিসাবে দেশের উৎপাদনের সঙ্গে বাহিরের আমদানী মিলাইয়া খাদ্যদ্রব্যের মোট যোগান দেখান হইয়াছে। তথাপি এক খাদ্য-শস্য ছাড়া অন্য সকল দিক দিয়াই প্রয়োজনের তুলনায় বিভিন্নদের বেশী রকম অভাব দেখা যাইতেছে। খাদ্য-শস্যের মধ্যেও চাউলের ঘাটতি আমার খুব সাংঘাতিক হইয়া দেখা দিয়াছে। এই অভাব ও অসন্তুষ্টের উপর লোকসংখ্যা অস্বাভাবিক পরিমাণে বাড়িয়া চলিলে যে দেশে দারিদ্র্য ও দুঃখ-দুর্দ্দশা আরও বেশী করিয়া আত্মপ্রকাশ করিবে তাহাতে সন্দেহ নাই। কাজেই অনেক চিন্তাশীল ব্যক্তি বর্ত্তমানে যে দেশের জনবৃদ্ধি নিয়ন্ত্রণ করিবার কথা বলিতেছেন তাহা আমাদের অবশ্য সমর্থনযোগ্য। কিন্তু জনবৃদ্ধি নিয়ন্ত্রণ ছাড়া খাদ্য-সমস্যা সমাধানের অন্য উপায়ও রহিয়াছে। সে উপায় দেশে খাদ্য-দ্রব্যের উৎপাদন যথাসম্ভব বাড়াইবার ব্যবস্থা করা। অনুন্নত রীতিতে চাষাবাদের আজ অনেকে বলিয়া এবং অনেকের বিশ্বে ও অনেক সারতত্ত্ব বিষয়ে কোন সুব্যবস্থা নাই বলিয়াও অনেক দেশের তুলনায় এদেশে একর প্রতি ফসলের উৎপাদন কম। আর সে কারণেই জনসংখ্যা বাড়িবার সঙ্গে আমাদের দুঃখ-দুর্দ্দশাও বেশী করিয়া প্রকট হইয়া উঠিতেছে। কাজেই দেশবাসীর খাদ্য-সমস্যা সমাধান করিতে হইলে জনসংখ্যা নিয়ন্ত্রণের সঙ্গে সঙ্গে দেশে খাদ্যদ্রব্যের উৎপাদন বৃদ্ধি সম্পর্কেও আমাদিগকে বিশেষভাবে অনুসন্ধান হইতে হইবে। আধুনিক বৈজ্ঞানিক প্রণালী অনুসরণ করিয়া ভারতে খাদ্য-দ্রব্যের উৎপাদন যে বর্ত্তমানের তুলনায় অনেক পরিমাণে বৃদ্ধি করা সম্ভবপর ভারত সরকারের অনুসন্ধান কমিটির সভাপতি ডাঃ উইলিয়াম বার্ড কিছুকাল পূর্বে একটী রিপোর্টে তাহা দেখাইবার চেষ্টা করিয়াছিলেন। ডাঃ বার্ডের হিসাবটী এই:—

উৎপাদন বৃদ্ধির সম্ভবপর পরিমাণ

	সম্ভবপর	এ০ জায়
চাউল	৩	৩
গম	২০	৩
যাওয়ার	১০	৩
বজরা	২৫	৩
ঘুঘুী	২৫	৩
দুধ	৭৫	৩

চাষাবাদের ব্যাপারে উন্নত প্রণালী অনুসরণ করিয়া ভারতবর্ষে বিভিন্ন ফসলের উৎপাদন যে কিরূপ বৃদ্ধি করা যায় ও তাহাতে কত সহজে যে খাদ্য-সমস্যার সমাধান হইতে পারে তাহা বার্ডসের এই সরাসরি দৃষ্টে সকলেই জানা বুঝিতে পারিবেন বলিয়া আমরা আশা করি।

রাজনৈতিক প্রসঙ্গ

ইউরোপে দ্বিতীয় রণাঙ্গন এখনও খোলা হয় নাই, কিন্তু উহা যে শীঘ্রই খোলা হইবে তাহার বিবিধ লক্ষণ দেখা যাইতেছে। প্রথমতঃ, উত্তর-আফ্রিকা বাহিনী আক্রমণের জন্য প্রস্তুত বলিয়া সংবাদে আসিতেছে। দ্বিতীয়তঃ, সম্প্রতি মুসোলিনি, আমেরিকার যুক্তরাষ্ট্র ও রুশিয়া একযোগে জার্মানীর বিরুদ্ধাচরণের সাব্যস্ত করিয়া বিবৃতি দিয়াছে যে, তাহারা যদি জার্মানীর সহিত সংযোগ ছিন্নিত না করে তবে ভবিষ্যতে তাহাদিগকে যেরূপ দেওয়া হইবে না। তৃতীয়তঃ, আমেরিকার রাষ্ট্রবিদ্যা এ্যাণ্টনি ইডেনকে জানাইয়াছেন, শীঘ্রই সাহায্য না পাঠাইলে রুশিয়া বিরুদ্ধিবর্গের সহিত যুদ্ধ বন্ধ করি স্থাপনের পথ দেখিবেন। যুদ্ধবিরতি হইতেও রাজনৈতিক জলাঞ্জলি সংবাদ আসিতেছে। চতুর্থতঃ, ইটালীতে মিত্রশক্তি যে নূতন বড়যন্ত্রের আয়োজন চালাইয়াছে—তাহাতে আতঙ্কিত হবে তাহার কারণ নাই। জেনারেল আলেকজাণ্ডার এই আক্রমণকে দ্বিতীয় রণাঙ্গনের প্রাথমিক অঙ্গ বলিয়াই ইঙ্গিত করিয়াছেন।

ইটালীর যুদ্ধে মিত্রশক্তি জার্মানদের ভুলাইয়া দূরে টেনে করিয়া এ্যাডলফ হিটলার দ্বারের দ্বিতে অগ্রসর হইয়াছে। ঘোরতর যুদ্ধ চলিতেছে। রুশিয়ার যুদ্ধের কোনো নব সংবাদ নাই; নূতন আক্রমণের জন্য প্রস্তুতির কথা শুনা পাওয়া যাইতেছে।

এশিয়াখণ্ডের যুদ্ধের নূতন সংবাদ এই যে, চীনারা ব্রহ্মদেশ হইতে উত্তর-ব্রহ্মে প্রবেশ করিয়া জেনারেল ষ্টীলওয়েলের বাহিনীর সহিত যোগস্থাপন করিবার জন্য অগ্রসর হইতেছে। এই অভিযান সফল হইলে উত্তর-ব্রহ্মস্থ জাপানী ডিভিসনের সমূহ বিনষ্ট হইবার সম্ভাবনা। চীনের ভোলান প্রদেশে জাপানীদের অগ্রগতি আপাততঃ বন্ধ হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া যাইতেছে।

ভারত-ব্রহ্ম সীমান্তে মিত্রশক্তি ক্রমেই প্রবলতর হইয়া উঠিতেছে। কোহিমা হইতে জাপানীদিগকে বিতাড়িত করা হইয়াছে।

প্রথম মহাসমরীর যুদ্ধের বিশেষ কোনো সংবাদ নাই।

• • •

মহাত্মা গান্ধীর মুক্তি আন্দোলনের অনুকূলে হইয়াছে বলিয়া সরকার পক্ষ হইতে ঘোষণা করা হইলেও লর্ড ওয়াভেলের এই কার্যটিতে যে ভারতে গণসমাজবাদী হইতে মুক্ত করিয়া অনেকেই ভারতের আশু অবস্থা সমাধানের প্রাথমিক প্রয়াস হিসাবে গ্রহণ করিয়াছেন। গত ১৯শে মে'র সম্পাদকীয় বিবৃতিতে 'অ্যাকেডিয়ন পার্টিয়ান' ভারতমুক্ত মহাত্মাজীকে মুটেন এবার বন্ধুভাবে লাভ করিতে পারে বলিয়া অভিমত ব্যক্ত করেন। এ সম্পর্কে সাধারণ কোন আলোচনা-আন্দোলন শোনা যায় নাই। অবশ্য গান্ধীজীর মুক্তি উপলক্ষ করিয়া ভারতের আশু অবস্থা মূল্যায়নের কোন চেষ্টা পরিলক্ষিত হয় নাই এবং মহাত্মাজীর সেক্রেটারী মিঃ পিয়ারীলালের বিবৃতি পাঠ করিয়াও আমরা আশান্বিত হইবার কোন কারণ খুঁজিয়া পাই নাই। মিঃ পিয়ারীলাল বলিয়াছেন, স্বাস্থ্য লাভের পর যদি তাঁহাকে পুনরায় তাঁহার বিশ্রাম-স্থান আগাখানের বা যাইতে হয়, তাহা হইলে তিনি দেশের রাজনীতির সমস্যা পর্যালোচনা করিবেন। মিঃ আমেরিক মহাত্মাজীর সম্পর্কে পার্লামেন্টে অবস্থা বৃদ্ধির ব্যবস্থা করা হইবে বলিয়া ঘোষণা করিয়াছেন। মহাত্মা গান্ধীকে মুক্তি দেওয়ার লর্ড ওয়াভেলের রাজনৈতিক শুভবুদ্ধি লক্ষণে আমাদের মনে আশার উদ্রেক হইয়াছিল। রাজনৈতিক সীমাংসা সম্পর্কে তাঁহার পক্ষ হইতে এমনি একটা কার্যকরী চেষ্টা সুরু হইলে আমরা বিশেষ সুখী হইতাম।

মহাত্মা গান্ধীর মুক্তিতে ভারতের রাজনীতিক্ষেত্রে আশাবাদের সৃষ্টি হইয়াছে এবং পৃথিবীর অন্যান্য ভারতের ভবিষ্যৎ সম্বন্ধে আগ্রহান্বিত হইয়া উঠিয়াছে। এই বিষয়বাণী উপলক্ষ করিয়া বিশেষ করিবার জন্য লর্ড ওয়াভেলের আমেরিকার সাংবাদপত্র-প্রতিনিধিদের এক সভায় সম্প্রতি ভারত সম্বন্ধে একটী বিবৃতি দিয়াছেন। কিন্তু দুঃখের বিষয় তাঁহার এই বক্তৃতায় বিশ্বাসাধনের বদলে এক রাজনৈতিক অনুভূতিহীনতা প্রকাশ করিয়া ফেলিয়াছে যে, ভারত সম্বন্ধে অতি সাধারণ জ্ঞানসম্পন্ন ব্যক্তিও তাহা পাঠ করিয়া খুশী না হইয়া পারিবেন না। লর্ড ওয়াভেল ঘোষণা করিয়াছেন, গান্ধীজীর স্বাস্থ্যের অনুরোধে এই মুক্তিতে ভারতের রাজনৈতিক অবস্থা পরিবর্তনের কোন আশা নাই এবং তাহাদের উপর গান্ধীজীর প্রভাব এখন অত্যন্ত সামান্য। তিনি সংবাদপত্র-প্রতিনিধিদিগকে আরও জানাইয়াছেন, ১৯৪৪ সালের পার্লামেন্টের আইন অনুসারে ভারতের ১১টী প্রদেশ বার্ষিক বৃত্তরাষ্ট্রের ৫৮টী রাষ্ট্রের মত স্বাধীনতা ভোগ করিয়া থাকে। লর্ড ওয়াভেলের মতে পরোপকার-প্রবৃত্তিই উপলক্ষে ভারতে থাকিতে উদ্বুদ্ধ করিয়াছে এবং এখন হইতে ইহাও এক পরম্পরা রাজকীয় মর্যাদা হিসাবে ভোগ করেই যা, যদি ভারত সরকারের অন্যের উপর উক্ত শুভ-দায়ের জন্য লাভালাভের বহুবিধ অভিব্যক্তিই হইয়াছে। যে মহাত্মা ধর্মবিশ্বের সাধারণে সাধারণের মুক্ত জনসাধারণের তীব্র বিক্ষোভ দেখা দেয়, তাহাদের জাতীয় জীবনের উপর তাঁহার প্রভাব কোনদিন করিতে পারে এরূপ দুঃস্বপ্ন দেখা লর্ড ওয়াভেলের মত সাম্রাজ্যবাদী রাজনীতিকের পক্ষেই সম্ভব। প্রাদেশিক স্বায়ত্ত শাসনের যে পুনঃপ্রবর্তনা ভারতবর্ষে চলিতেছে, সিন্ধু, বাংলা ও পাঞ্জাবের গভর্নরদের স্বৈরাচারের পরেও তাহার উল্লেখ করিয়া আমেরিকার প্রবেশগুলির সহিত ভারতের প্রদেশগুলির তুলনা করিতে লর্ড ওয়াভেলের যে লজ্জা পাইলেন না, ইহাতেই আমরা আশ্চর্যান্বিত হইয়াছি। ভারতে প্রকৃত ব্রিটিশ ব্যবসা-প্রতিষ্ঠানের তালিকা, স্বল্পসুদে প্রদেশে ইংলণ্ডের টাকা খাটানোর হিসাব এবং মালের চালকড়া লাভ হইলেই লভ্যাংশ ফলপ্রসূ হইয়াও তাহা ভারতবাসীর তুলনায় লাভ তুলে দেখলে পাওয়াকে কথাটো ভারতের দুরবস্থার তুলনায় তুলিয়া থাওয়া উচিত নয়। লর্ড ওয়াভেলকে আজ আমরা শুধু এই কথাই জিজ্ঞাসা করি, আমেরিকাবাসী যখন অন্ত না থাকিত মত তখন তাহাদিগকে স্বাধিকার দিয়া কথা শুনাইয়া দেশ পর্যন্ত কি লাভ হইবে?

১৯৪৫ সালের ৬ই মে কারাগার হইতে মহাত্মা গান্ধী মুসলিম লীগের সভাপতি মিঃ এম এ জিন্নার নিকট যে পত্র লিখিয়াছিলেন সরকারী বিরূপ মনোভাবের জন্য সে পত্র এতদিন সাধারণের সমক্ষে প্রকাশিত হয় নাই। বাসকার মেডা আল্লানা আবুলকি যখন মহাত্মার সহিত মিঃ জিন্নার সাক্ষাতের জন্য চেষ্টা করিতেছেন, সেই সময় এই পত্রখানির প্রকাশে ভারতবাসী মাত্রেই আশান্বিত হইবেন সন্দেহ নাই। মহাত্মা গান্ধীর স্বাভাবিক অমায়িকতা, সাধুতা এবং হিন্দু-মুসলমানের মিলন ঘটাইবার আন্তরিকতা পত্রখানির প্রতি ছত্রে ফুটিয়া আছে। মহাত্মা গান্ধী মিঃ জিন্নার আলাপ আলোচনা সাক্ষাদাদাদিকে খোলাখুলি কথা বলা পছন্দ করিয়া মিঃ জিন্নাকে তাঁহার সহিত সাক্ষাতের জন্য আমন্ত্রণ করিয়াছিলেন। জাতীয় মানসিক মুক্তির সহিত সমগ্র ভারতের কল্যাণ কামনা করিয়া তিনি লিখিয়াছিলেন মুসলিম লীগের সভাপতির দায়িত্বের উপর সম্প্রদায়ের প্রয়োজনের এবং একটী কর্মপন্থা স্থির করিতে, যাহা দ্বারা সাম্প্রদায়িক ভেদনীতি ভারত হইতে চিরতরে মুছিয়া যাইবে। আমরা আশা করি, মহাত্মাজী অপেক্ষাকৃত সুস্থ হইলে মিঃ জিন্না অন্তর বিষ পরিত্যাগ

(৫০০ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

নানা কথা

বর্তমানে বাঙলায় যে খাদ্যাভাব দেখিতেছি তাহার কারণ ও প্রতিকার সম্বন্ধে অনেকের মত জানিবার জন্য বাঙলা সরকার একটী তদন্ত-কমিটি নিযুক্ত করিয়াছেন। বাঙলার বর্তমানে দুর্ভিক্ষের অবসানে দেখিতেছি বলিয়া যাঁহারা মনে করেন বাস্তব অবস্থার সহিত তাঁহাদের কোন পরিচয় নাই। এই প্রদেশে চাউলের মণ ৬৫৲ টাকা থাকার সময়েও বহু লোক অনশনে অর্ধাশনে দিন কাটাইয়া থাকে এবং আলু প্রভৃতি খাইয়া জীবনধারণ করিয়া থাকে উহা অনেকেই লক্ষ্য করিয়াছেন। বর্তমানে চাউলের মণ কোথাও ১৫।১৪ টাকার কম নহে। অধিকন্তু দরিদ্র ব্যক্তিদিগকে নিত্য না নিত্য পরিধান লবণ, কেরোসিন, মরিচার তৈল, জামাকাপড়, কাপড় ইত্যাদি ক্রয় করিতে হয়। এই সব জিনিষও বর্তমানে এত চড়া মূল্যে বিক্রয় হইতেছে। ফলে দেশের অগণিত লোক ভিন্ন ভিন্ন করিয়া মরিতেছে। এরূপ অবস্থায় অবিলম্বে বাঙলার অপরিহার্য্য খাদ্যদ্রব্য, পরিধেয় ও ঔষধের মূল্য যদি পূর্বের কার সময়ের স্তরে নামাইয়া আনা না হয় তাহা হইলে আগামী ২।৩ বৎসরকালের মধ্যে বাঙলার এক-কৃতীয়াংশ লোক নিশ্চিহ্ন হইয়া যাইবে। ভারত সরকারের নিযুক্ত কমিশন সময়ক্ষেপ না করিয়া ২।৩ মাসকালের মধ্যে যদি পণ্য-মূল্য হ্রাস এবং পণ্যের জোগান বৃদ্ধি সম্বন্ধে কার্যকরী পরামর্শ দিতে পারেন এবং ৪।৬ মাস কালের মধ্যে দেশের রাজশক্তি যদি এই সব পরামর্শমত কাজ করিতে আন্তরিকতার অভাবের দরুণ ব্যর্থ হইলেই বাঙলা দেশ রক্ষা পাইতে পারে। কিন্তু সরকারী কর্মীরা এত ঢিলাঢালি ভাবে কাজ করিবে এবং পরস্পরের সহিত তাড়াতাড়ি কার্যক্ষেত্রে অবতীর্ণ হইবেন—সেরূপ আশা দুরাশা মাত্র।

শ্রীযুক্ত সন্তোষকুমার চ্যাটার্জি এম-এ সম্প্রতি দি ইণ্ডিয়ান মিলিয়নস (অনাহার-ক্লিষ্ট লক্ষ লক্ষ ব্যক্তি) নামক একখানা পুস্তক প্রকাশ করিয়াছেন। এই পুস্তকে লার্ড উইলিংডনের জিলাতীয় অনুকরণে তিনি যে উপসর্গ-পত্র বিতরণের তালিকা বঙ্গভাষায় প্রকাশ করিয়াছেন—"১৯৪৩ সালের দুর্ভিক্ষ, যাহারা ইহার জন্য দায়ী করিয়াছে তাহাদের পক্ষে মাসে এই পুস্তক উপসর্গ করিয়াছি। যে মানিক, কানু, হাসান, মাখন এবং যে আমার ৩৫ লক্ষ দেশবাসী—তোমরা যাহারা দুর্ভিক্ষের কবলে পড়িয়া দুঃখভোগ করিতে হইয়াছ, তোমাদের প্রতি আমার আন্তরিক শ্রদ্ধার অর্ঘ্য প্রদান করিয়াছি। তোমরা ধৈর্য্যের সহিত তোমাদের দুর্বহ বেদনা সহ্য করিয়াছ, নীরবে সহিষ্ণুতা প্রদর্শন করিয়াছ এবং চক্ষুর নিমেষে যে ঘটনাবলীর ফলে তোমাদের এত মর্মান্তিক দুঃখকষ্ট উপস্থিত হইয়াছিল তাহাদিগকে ক্ষমা করিয়া যাইতেছ। সর্বোপরি তোমাদের দুঃখকষ্টের জন্য তাহারা ছাড়া আর কাহাকেও দায়ী কর নাই। দুর্ভাগ্য পূর্বে তোমরা বিস্তবান ছিলে, বেসাতিদের মহাজনের এবং আমাকে তোমাদের দুঃখ মোচনের জন্য আসিয়াছিলে। কিন্তু মানুষের সৃষ্ট এই দুর্ভিক্ষের দেবতা যে সমস্ত অনর্থকারী—যে সমস্ত ক্ষুদ্র মনুষ্যকারী, অর্থলোভী বণিক, ব্যাসক, রাজনীতিক, সামরিক তলাবেহীনদিগকে, বৈজ্ঞানিক এবং সর্বোপরি উদ্দেশ্যে উদ্ভূত যে শাসনপদ্ধতি বিদ্যমান ছিল তাহাদিগকে তোমরা জানিতে না। নর-মাংসী-বিভিষিকার আমার দেশবাসীকে আমি বলি—উঠ, জাগ, ভিখারির সমাজের হইয়া থাকিও না। বাস্তবকে উপলব্ধি কর—উহার ফলে তোমার দুঃখ, দুর্দশা, দরিদ্রতা ও দারিদ্র্যের অবসান ঘটিবে। অন্যথায় তোমাদের দুর্ভাগ্য কে এবং কি ভাবে ঘুচিয়া যাইবে তাহা নির্ণয় করা অসম্ভব।"

'ইউনাইটেড ইণ্ডিয়া' পত্রের দিল্লী সংবাদদাতা সম্প্রতি নিম্নলিখিত মন্তব্য প্রকাশ করিয়াছেন—কংগ্রেস মন্ত্রিত্ব পরিত্যাগ করিবার পর মিঃ জিন্না যখন সমগ্র ভারতে ফুলবাজারের দ্বারা 'মুক্তি দিবস' প্রতিপালন করেন, সেই সময়ে পাঞ্জাবের তদানীন্তন প্রধান মন্ত্রী সার সিকন্দর হায়াতখান মিঃ জিন্নার কংগ্রেস-বিরোধী আন্দোলনকে শক্তিশালী করিবার জন্য সার সেকেন্দার হায়াৎ খানকে মিঃ জিন্নার সহিত যোগদান করিতে পরামর্শ দেন। তদনুসারে সার সেকেন্দার হায়াৎ খান মিঃ জিন্নার সহিত একটী চুক্তি করেন যাহা বর্তমানে জিন্না-সেকেন্দার চুক্তি বলিয়া পরিচিত হইয়াছে। পরবর্তীকালে মিঃ জিন্না এই চুক্তির মূলনীতি অগ্রাহ্য করিয়া সার সেকেন্দারকে সম্পূর্ণভাবে বশে আনিবার চেষ্টা করেন এবং উহার ফলে দুইবার মিঃ জিন্নার সহিত সার সেকেন্দারের হাতাহাতি হইবার উপক্রম হয়। কিন্তু মিঃ জিন্না ও সার সেকেন্দারের মধ্যে বিরোধ ঘটিলে কংগ্রেস শক্তিশালী হইয়া উঠিবে এই ভয়ে লর্ড লিনলিথগো দুইবারই তাহা মিটমাট করিয়া দেন। এখনে মিঃ জিন্না তাঁহার উপসাম্প্রদায়িকতাকেই পুঁজি দিতেছেন এবং এই কারণেই সম্প্রতি পাঞ্জাবের ব্যাপারে তাঁহাকে পরাজিত হইতে হইয়াছে। 'ইউনাইটেড ইণ্ডিয়া-প্রেস' এই মন্তব্য হইতে ভারতীয় রাজনীতি-ক্ষেত্রের আড়ালে থাকিয়া দুষ্টীল রাজপুরুষগণ কিরূপ চক্রান্তের খেলা খেলিতেছেন তাহা অনুমান করা যায়।

পতঙ্গজী পালন দ্বারা এক একটী দেশের কি পরিমাণ আয় হয় তাহা আমাদের দেশের লোকের ধারণার মধ্যে আসে না। ইংলাণ্ড, নেদারল্যাণ্ড প্রভৃতি দেশের আয়তন ও লোক-সংখ্যা বাঙলার অনেক জেলার আয়তন ও লোক-সংখ্যা অপেক্ষা কম। কিন্তু বাঙলার পাইকারী পাট বিক্রয় করিয়া যখনে যত টাকা পায় মাখন, পনির, ডমাট দুধ ইত্যাদি বিক্রয় করিয়া এই সব দেশের লোকেরা তাহা অপেক্ষা অনেক অধিক অর্থ উপার্জন করে। অষ্ট্রেলিয়া মহাদেশের প্রধান উপার্জনের পন্থা ভেড়ার লোম, মাংস ও চর্বি বিক্রয়। পশম, চর্বি ইত্যাদিই এই দেশের প্রধান সম্পত্তি। আরও অনেক দৃষ্টান্ত দেওয়া যাইতে পারে। পতঙ্গজী পালন ভারতীয় আয় বৃদ্ধির একটী প্রধান পন্থা বলিয়া পৃথিবীর সকল দেশেই এই বিষয়ে অধিকতর গবেষণা চলিতেছে। সোভিয়েট রুষিয়াতে এই গবেষণা কার্য্য এত দূর অগ্রসর হইয়াছে যে তথায় একটী উৎকৃষ্ট রকমের ষাঁড় দ্বারা এক বৎসরের মধ্যে ১,৪৯০টী গরু এবং একটী বিশিষ্ট ঘুঘুর ভেড়া দ্বারা এক বৎসরে ১৫,৯৯২টী মেষশাবক উৎপাদন করা সম্ভবপর হইয়াছে। কিন্তু আমেরিকার যুক্তরাজ্য উহার উপরও টেক্কা দিয়াছে। উক্ত দেশের মিঃ রেমণ্ড আমেস নামক একজন পশু-প্রজনন-বিশেষজ্ঞ এমন একটী প্রক্রিয়া উদ্ভাবন করিয়াছেন যাহা দ্বারা উৎকৃষ্ট রকমের একটী ষাঁড় ও গাভীর সাহায্যে বৎসরে ১২টী যমজ-সাবক উৎপাদন করা যাইতে পারে। কথাটা সকলেরই অবিশ্বাস্য মনে হইবে। তবে যাঁহারা এই বিষয়ে অনুসন্ধিৎসু তাঁহারা ভারত সরকারের ইণ্ডিয়ান কাউন্সিল অব এগ্রিকালচারের বিনামূল্যে বিতরণ করুক প্রকাশিত মাসিকপত্র ইণ্ডিয়ান ফার্মিং-এর গত অক্টোবর মাসের সংখ্যার ৪৪২ পৃষ্ঠার প্রকাশিত বিবরণ দেখিতে পারেন।

ভারতীয় খাদ্য আইন সম্বন্ধে সর্বশেষ সংবাদ এই যে এই আইন সম্বন্ধে খাদ্যের তরফ হইতে যে বিবৃতি দৈয়ার হইয়াছে খাদ্যের কেন্দ্রীয় বোর্ড তাহা বিবেচনা করিয়াছেন এবং একটী আইন জারীর জন্য এই

(২০১ পৃষ্ঠার শেষে)

দেশীয় শিল্প-বাণিজ্য ও রিজার্ভ ব্যাঙ্ক

ভারতে রিজার্ভ ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হওয়ার পর এই দেশীয় ব্যাঙ্ক তাহা দেশে শিল্প-বাণিজ্যের সমৃদ্ধি উন্নতির পথ প্রশস্ত হইবে বলিয়া সকলে আশা করিয়াছিল। কিন্তু রিজার্ভ ব্যাঙ্কের বয়স ১ বৎসরের কার্য্যপ্রণালী দেখিয়া অনেকেই আজ সে বিষয়ে নিরাশ হইয়াছেন। দেশের স্বার্থ বুঝিয়া ভারতীয় শিল্প ও ব্যবসা-বাণিজ্যকে সাহায্য করিবার জন্য ঐ ব্যাঙ্ক আজ পর্য্যন্ত প্রয়োজনানুরূপ বিধিব্যবস্থা অবলম্বনে আগ্রহ দেখাইতেছেন না। ঐ ব্যাঙ্কের পক্ষপাতদুষ্ট কার্য্যনীতির ফলে দেশীয় শিল্প ও বাণিজ্য প্রতিষ্ঠানের স্থলে অনেক ক্ষেত্রে বিদেশী প্রতিষ্ঠানসমূহ এদেশে ব্যবসায়ের কারবারের প্রসারিত করিবার অনেকটা সুবিধা পাইতেছে। এই সব কারণে রিজার্ভ ব্যাঙ্কের বিরুদ্ধে দেশবাসীর অনেক দোষের কারণ দাঁড়াইলেও উক্ত ব্যাঙ্কের কর্তৃপক্ষের নিকট এতদিন খোলাখুলিভাবে সে সমস্ত বড় একটা উপস্থিত করা হয় নাই। ইণ্ডিয়ান মার্চেন্ট চেম্বারের সভাপতি মিঃ প্রাণলাল লেবরুভন নাবলি উক্ত চেম্বারের এক সভায় রিজার্ভ ব্যাঙ্ক সম্পর্কে দেশবাসীর অভিযোগ ও দাবী-দাওয়াগুলি সমস্তগুলি খোলাখুলিভাবে এই ব্যাঙ্কের কর্ণধার স্যার চিন্তামন দেশমুখের নিকট পেশ করিয়াছেন দেখিয়া আমরা সুখী হইলাম। পাঠকগণের অবগতির জন্য মিঃ নাবলির মন্তব্য বিষয়গুলি এই প্রবন্ধে আমরা আলোচনা করিব।

রিজার্ভ ব্যাঙ্ক সম্পর্কে অভিযোগ ও দাবী-দাওয়া উপস্থিত করিতে গিয়া মিঃ নাবলি প্রথমে এদেশের বহির্বাণিজ্য সম্পর্কে উক্ত ব্যাঙ্কের উপেক্ষা ও উদাসীনতার কথা উল্লেখ করেন। আমদানী ও রপ্তানী-বাণিজ্য বিদেশীরা বহির্বাণিজ্যের বিনিময়ে প্রতিবৎসর বাহিরের সহিত এদেশের কয়েক শত কোটী টাকার কারবার করিয়া থাকে। এইরূপ কারবারের নিয়ন্ত্রণে ব্যাঙ্কের সাহায্য অপরিহার্য্য। ভারতের বিদেশী বিনিময়-ব্যাঙ্কগুলি এই নিজ নিজ ভারতীয় ব্যবসা বাণিজ্যের উপর সরাসরি ভাবেদের কর্তৃত্ব জারি করিয়া আসিতেছে। ফলে এদেশের আমদানী ও রপ্তানী সম্পর্কে বৈদেশিকদের সুবিধার বিদেশীয় বণিকেরা সর্ব্বদাই একটা কারেন্সী সুবিধা ভোগ করিয়া আসিতেছে। বহির্বাণিজ্যের লেনদেন সহিতেসমার ব্যবস্থার লাভও বিদেশী ব্যাঙ্কারদের পকেটস্থ হইতেছে। ভারতের নিজস্ব কোন এক্সচেঞ্জ ব্যাঙ্ক নাই। বিদেশী বিনিময়-ব্যাঙ্কগুলির প্রতিযোগিতার সম্মুখে বহির্বাণিজ্যের কারবারদারের কোন অংশ গ্রহণ করা এদেশের কোন সাধারণ ব্যাঙ্কের পক্ষে সম্ভবপর নহে। রিজার্ভ ব্যাঙ্কের কার্য্য সুরু হইবার পর ঐ অসুবিধা দূরীকরণ সম্পর্কে উক্ত ব্যাঙ্ক কর্তৃপক্ষের মনোযোগ নিবদ্ধ হইবে বলিয়া আশা করা যাইতেছিল। রিজার্ভ ব্যাঙ্ক আইনের ১৭(৩) ধারার উক্ত ব্যাঙ্ককে আমদানী ও রপ্তানী সম্পর্কিত বিলের জামিনে সাময়িকভাবে টাকা কর্জ দেওয়ার (re-discounting) ক্ষমতাও যথারীতি অর্পণ করা হইয়াছিল। কিন্তু রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষ সেদিকে আজ পর্য্যন্ত কোনরূপ মনোযোগ প্রদান করিতেছেন না। ডি-ডিসকাউন্টিংয়ের বিধান অনুযায়ী তাঁহারা যদি এদেশের তালিকাভুক্ত ব্যাঙ্কগুলিকে আমদানী ও রপ্তানী বিলের জামিনে টাকা ধার দিতে প্রস্তুত হইতেন তবে তাহাদের তালিকাভুক্ত ব্যাঙ্কগুলি এদেশের বহির্বাণিজ্য নিয়ন্ত্রণে একটা উল্লেখযোগ্য স্থান গ্রহণ করিতে পারিত। আমদানী ও রপ্তানী সংক্রান্ত কারবারে দেশীয় বণিকদের প্রভাব প্রতিপত্তি তাহাতেই প্রসারিত হইত। ফলেই দেশের স্বার্থ বুঝিয়া মিঃ প্রাণলাল নাবলি রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষকে অচিরে ঐ প্রয়োজনীয় বিষয়ে একটা আন্তরিক উদ্যম দেখাইতে অনুরোধ করেন। তাঁহার এই নির্দ্দেশ আমরা সর্ব্বথা সঙ্গত ও সময়োচিত বলিয়াই মনে করি।

কেবল দেশের বহির্বাণিজ্য সম্পর্কে ডি-ডিসকাউন্টিং বা বিলের জামিনে টাকা কর্জ দেওয়ার কথাই নহে, দেশের অভ্যন্তরীণ শিল্প-বাণিজ্যের প্রয়োজনে এই নীতি অধিকতর প্রসারিত করা আজ রিজার্ভ ব্যাঙ্কের পক্ষে একান্ত দরকার হইয়া দাঁড়াইয়াছে। মিঃ নাবলি তাঁহার বক্তৃতায় এ বিষয়টীর বিশেষভাবে উল্লেখ করিয়াছেন। তিনি বলিয়াছেন, বর্ত্তমান আইনে রিজার্ভ ব্যাঙ্কের শিল্প কোম্পানীর খেয়াল বা শিল্প-ব্যবসার সংক্রান্ত বিলের জামিনে কোন ব্যাঙ্ককে টাকা কর্জ দেওয়ার অধিকার দেওয়া হয় নাই। শুধু সরকারী সিকিউরিটী, সোনা-রূপা ও কৃষি-বিল প্রভৃতির উপরই তালিকাভুক্ত ব্যাঙ্কগুলিকে সাময়িকভাবে টাকা ধার দেওয়ার ক্ষমতা দেওয়া হইয়াছে। রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষ এরূপ টাকার উপর যেরূপ দেশী পরিমাণ সুদ দাবী করিয়া আসেন এবং টাকা দিতে গিয়া সাধারণ লেন্ড ও ডিসিপ্লিনের যেরূপ বাড়াবাড়ি করা হয় তাহাতে তালিকাভুক্ত ব্যাঙ্কগুলির পক্ষে আবার উক্ত ব্যাঙ্কের নিকট হইতে টাকা লওয়ার সুবিধা অনেক সময়ই হয় না। তাহাতে আজ পর্য্যন্ত শিল্পের প্রসার ও উন্নতি বিশেষ কিছু সাধিত হয় নাই। শিল্প-কোম্পানীর খেয়াল ও শিল্প-ব্যবসার সংক্রান্ত বিলের জামিনে রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষ টাকা কর্জ দিতে প্রস্তুত না থাকায় ঐ দিক দিয়া উন্নতির অন্তরায় দেখা করিয়াই দেখা দিয়াছে। সেই সব কথা বিবেচনা করিয়া মিঃ নাবলি ডি-ডিসকাউন্টিং সম্বন্ধে রিজার্ভ ব্যাঙ্কের কার্য্যধারা এখন হইতে তালভাবে প্রসারিত করিবার নির্দ্দেশ দিয়াছেন। সেজন্য রিজার্ভ ব্যাঙ্কের আইনের বিধিবিধানও যথাযথভাবে পরিবর্ত্তিত করিয়া লওয়ার কথা তিনি বলিয়াছেন।

ডি-ডিসকাউন্টিং সম্পর্কে বিদেশ করিয়া শিল্প-বাণিজ্য সংক্রান্ত সিকিউরিটী ও বিলের জামিনে অল্প সময়ের জন্য টাকা কর্জ প্রদান সম্পর্কে রিজার্ভ ব্যাঙ্ক যে খোঁড়াখি দেখাইতেছেন আধুনিক যুগে সেই খোঁড়াখী কোন দিক দিয়াই সমর্থনযোগ্য নহে। অন্যান্য দেশের কেন্দ্রীয় ব্যাঙ্কসমূহের অপেক্ষাকৃত উদার বিধি-ব্যবস্থার কথা উল্লেখ করিয়া ইণ্ডিয়ান মার্চেন্ট চেম্বারের সভাপতি তাঁহার বক্তৃতায় তাল-ভাবেই তাহা প্রতিপন্ন করিয়াছেন। মার্কিন যুক্তরাষ্ট্রের ফেডারেল রিজার্ভ ব্যাঙ্ক সরকারী সিকিউরিটী ও সোনা-রূপা প্রভৃতির জামিনে টাকা কর্জ প্রদানের সঙ্গে সঙ্গে ব্যবসায়ে রাস্তাঘাট ও বাড়ীঘর নির্ম্মাণ সংক্রান্ত কলপত্রের জামিনে এবং ফেডারেল বিলের জামিনেও ঐরূপ সাময়িক ঋণ প্রদান করিয়া থাকে। শিল্প ও ব্যবসা-বাণিজ্যের কাজে সহায়তার জন্য সাক্ষাৎভাবে ধার প্রদানের ক্ষমতাও ঐ ব্যাঙ্কের রহিয়াছে। ইটালী ও নিউজিল্যাণ্ড প্রভৃতি দেশের কেন্দ্রীয় ব্যাঙ্ক হইতে শিল্প-ব্যবসায়ে অনুরূপ সাহায্য প্রদানের রীতি আছে। ঐ সমস্ত দৃষ্টান্ত উল্লেখ করিয়া মিঃ নাবলি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষকেও সকল দিক দিয়া ক্রেডিট প্রসারের সুযোগ সুবিধা যথোচিতভাবে বৃদ্ধি করিতে অনুরোধ করেন। এদেশে সময়োচিত অর্থের অভাবে শিল্প-ব্যবসায়ের অগ্রগতি অনেক পরিমাণে ব্যাহতপ্রাপ্ত হইতেছে। দেশের ব্যাঙ্ক প্রতিষ্ঠানসমূহ নানা কারণে সেই অসুবিধা দূরীকরণে বিশেষ কিছু সাহায্য করিতে পারিতেছে না। রিজার্ভ ব্যাঙ্ক যদি সাক্ষাৎভাবে শিল্প-ব্যবসায়ের প্রয়োজনে টাকা বিতরণ করিতে সমর্থ নাও হন তথাপি তাঁহারা অন্ততঃ শিল্প-ব্যবসায় সংক্রান্ত সিকিউরিটী ও বিল ডি-ডিসকাউন্টিংয়ের সুবিধা দিয়া তালিকাভুক্ত ব্যাঙ্কগুলিকে ঐ কার্য্যে বিশেষভাবে উৎসাহিত করিতে পারেন। মিঃ নাবলির

(৭০৯ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

উদ্ভিজ তৈল-শিল্প

(শ্রীআশুতোষ দাস)

খনিজ তৈল-সম্পদে ভারতের স্থান অতিশয় নিম্নস্তরে। ভারতের প্রয়োজনের অনুপাতে খনিজ তৈল অতি সামান্যই এদেশে উৎপন্ন হয়। কিন্তু তৈলবীজ সম্পর্কে ভারত অনেকটা স্বয়ংসম্পূর্ণ। যে সকল তৈলবীজ ভারতে পাওয়া যায় তাহার বার্ষিক উৎপাদনের পরিমাণ নূনকল্পেও ৫০ লক্ষ টন। ইহা ছাড়া অজ্ঞাতসারে প্রতি বৎসর, বৃক্ষরোপণ আবাদভূমিতে এবং অন্যান্যস্থলে কত প্রকার তৈলবীজ যে অযত্নে নষ্ট হইয়া যায় তাহার কোন হিসাব নাই। ভারতে প্রায় ৫ শত রকম তৈলবীজ পাওয়া যায়। কিন্তু ২০।২৫টী তৈলবীজের বেশী কোন কাজেই লাগান হয় না এবং এ সম্বন্ধে কোনরূপ অনুসন্ধানমূলক কার্য্যও আজ পর্য্যন্ত হয় নাই। ফলে বহু প্রয়োজনীয় তৈলবীজ অযথা নষ্ট হইয়া যায়।

ভারতে যে সকল তৈলবীজ উৎপন্ন হয় তাহার মধ্যে চীনা বাদাম, তিসি, তুলার বীজ, রেড়ির বীজ, তিল, সরগুজা প্রভৃতি অন্যতম। জলপাই এবং তালের শাঁস ভারতে খুব বেশী পাওয়া যায় না। কিন্তু মহুয়ার বীজ, নারিকেলের শাঁস ভারতে প্রচুর পরিমাণে উৎপন্ন হইয়া থাকে। পৃথিবীর বাজারে ভারত কোন্ কোন্ তৈলবীজ কত আন পরিমাণ যোগান দিয়া থাকে তাহার একটী হিসাব নিম্নে দেওয়া হইল, যথা—নারিকেল শাঁস শতকরা ৭ ভাগ, মহুয়া ১০০ ভাগ, তুলা বীজ ৩১ ভাগ, তিল ৮২ ভাগ রেড়ির বীজ ১৮ ভাগ, সরিষা ৬৫ ভাগ, চীনাবাদাম ৪৫ ভাগ, তিসি ২০ ভাগ, আফিমের দানার (পপির) বীজ ৭৮ ভাগ এবং সরগুজার বীজ শতকরা ১০০ ভাগ।

আধুনিক শিল্পের ক্রমবর্দ্ধমান প্রসারের সঙ্গে সঙ্গে বিভিন্ন শিল্প-কার্য্যে উদ্ভিজ তৈলের প্রয়োজন বিশেষভাবে বৃদ্ধি পাইতেছে। বর্ত্তমানে তিসি এবং সরিষার তৈলকে রাসায়নিক প্রক্রিয়া দ্বারা পরিষ্কৃত করিয়া তাহা হইতে 'লার্ডাইন' নামক উদ্ভিজ মাখন প্রস্তুত করা হইতেছে। সাবান প্রস্তুত করিবার জন্য বিভিন্ন তৈলবীজ হইতে চর্ব্বি উৎপাদন করা হইতেছে। এইরূপ চর্ব্বি হইতে পুনরায় উহার উপজাত গ্লিসারিন (ঔষধের মত জিনিষ) উৎপাদন করার কার্য্য চলিতেছে। সোপ-বাজার প্রস্তুত করিতে এই গ্লিসারিন-এর বিশেষ আবশ্যক হয়। ইহা ছাড়া মোমবাতি, রিবাণ-লোডের কলকব্জা এবং মহুয়াতি পরিষ্কার এবং মজুত করিবার জন্য উদ্ভিজ তৈলের চাহিদা বৃদ্ধি পাইতেছে। মার্গিন এবং এর প্রস্তুত নিমিত্ত উদ্ভিজ তৈলের প্রয়োজন। এই প্রসঙ্গে কোন্ কোন্ তৈলবীজের মধ্যে শতকরা কত ভাগ তৈলের অংশ থাকে তাহার একটী হিসাব নিম্নে প্রদত্ত হইল :—বাদাম (শাঁস) ৪০ ভাগ, ক্যাস্টর চর্ব্বি ৫০, নারিকেল শাঁস ৬৫, তুলার বীজ ১০, চীনাবাদাম ৫০, সরগুজা ৩০, তিসি ৩০, নিমুল তুলার বীজ ২০, ছুটী ৫০, মহুয়া ৬৫, সরিষা ৩০, জলপাই শাঁস ৩০, পপির বীজ ৩৫, রবারের বীজ ৩০, তিল ৫৫, সরগুজা ২০, সূর্য্যমুখী ফুলের বীজ ২৫ এবং আফিমের শাঁস ৬৫। কতকগুলি তৈল-বীজের বিভিন্ন নাম হয়, কিন্তু কতকগুলি তৈলবীজ নাম হইতেই উৎপন্ন হইয়া থাকে যথা—নারিকেল, মহুয়া, তাল, বিল, পুনাম, মহুয়া, করঞ্জা, কুসুম, জলপাই প্রভৃতি।

ব্যবহারের তৈলবীজকে সাধারণতঃ তিনটী শ্রেণীতে ভাগ করা যায়, যথা—যে সকল তৈলবীজ হইতে চর্ব্বি এবং উদ্ভিজ মাখন তৈরী করা যায়—ইহার মধ্যে নারিকেলের শাঁস, মহুয়া, তাল শাঁস এবং ক্যাস্টর বীজের তৈল-বীজ পড়ে। দ্বিতীয়তঃ যে সকল তৈল শুকায় না—তুলার বীজ, তিল, রেড়ি, সরিষা, চীনা-বাদাম, জলপাই, বাদাম তেল, সূর্য্যমুখী ফুলের বীজ তৈল এই পর্য্যায়ের মধ্যে ধরা যায়। তৃতীয়তঃ যে সকল তৈল শুকাইয়া যায়—ইহার মধ্যে তিসি, পপির বীজ, সরগুজা, সরাবীন, জলপাইয়ের বীজ, আখরোট প্রভৃতিকে ফেলা যায়।

বিভিন্ন তৈলবীজের মধ্যে তিসিই প্রথমতঃ শিল্প-কার্য্যে ব্যবহৃত হয় বেশী। খাদ্য-তৈল হিসাবে রন্ধনকার্য্যে ইহার ব্যবহার খুব কম, ঔষধ-প্রস্তুতে এবং ঔষধ-ভারতীয় বেশীর ভাগসমূহে তিসির তৈল কিছু কিছু রন্ধন-কার্য্যে লাগান হয়। কিন্তু তিসির তৈলের ভিতরে শুকাইবার উপাদান বর্ত্তমান থাকায় রন্ধন-দ্রব্য, লিথিবার কালি, রেজেতে বিছাই-বার জন্য পুরু কাপড়, কৃত্রিম চামড়া, বার্ণিশ প্রভৃতি ইহা হইতে প্রস্তুত হয়। ছিল লণ্ঠনের ব্যাপারে তিসির তৈলের পরেই চীনা-বাদাম তৈলের স্থান। চীনাবাদামের তৈল খাদ্যরূপে এবং যন্ত্রের তৈলের স্থায় ছেলের ঔষধাদি ও ঔষধপত্র প্রস্তুত করিতে প্রয়োজন হয়। জলপাই তৈলের অনুরূপ হিসাবে ইহারোপেও এই তৈলের ব্যবহার হয়। সাবান প্রস্তুত করিতে চীনাবাদাম তৈল বিশেষ কাজে লাগে।

ইহার পর ভারতে রেড়ির তৈল একটী বিশেষ স্থান অধিকার করিয়া আছে। রেড়ির তৈল খাদ্যের অন্যতম হিসাবে ভেষজোদ্ভিদ তৈলের মধ্যে সর্ব্বপ্রথম বিশেষভাবে ব্যবহৃত হইত। ইহার আলো খুব এবং ধোঁয়া। মোমবাতি, সাবান, পশমের এবং তুলাদি তৈল প্রস্তুতের জন্য ইহার প্রয়োজন খুব বেশী। মহুয়াতি পরিষ্কার এবং মজুত করিবার রেড়ির তৈলের দরকার হয়। ইহা ছাড়া মজবুতের জন্য করা ও রাস মাখিবার জন্য রেড়ির তৈল হইতে 'টার্কি রেড অয়েল' প্রস্তুত করা হইয়া থাকে। 'টার্কি রেড অয়েল' চামড়ার শিল্পি-সম্প্রতি সংরক্ষণের জন্য খুব দরকারী।

এই সকল তৈলের পরে সরিষার তৈলের একটী বিশিষ্ট স্থান আছে। রন্ধন-কার্য্যে ইহার ব্যবহার ব্যাপক। আলানী এবং মহু-প্রতি পরিষ্কার করিতেও ইহা কাজে লাগে। অন্যান্য তৈলের মধ্যে তুলার বীজ-তৈল, তিল-তৈল, নারিকেল-তৈল, মহুয়া বীজের তৈল, পপি বীজের তৈল, তাল-তৈল, রিঠা-তৈল, সরাবীন-তৈল প্রভৃতি শিল্প-কার্য্যে বিশেষভাবে কাজে লাগান হইয়া থাকে। পরিষ্কৃত তুলার বীজ-তৈল রান্নার ঘৃতের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। মহুয়াতি চালু করিতে মোম-বাতি এবং সাবানের উপাদান হিসাবে তুলার বীজ-তৈল প্রয়োজনীয়। রন্ধন-কার্য্যে ছাড়াও সুগন্ধি তৈল হিসাবে তিল-তৈলের খুব প্রচলন আছে। আলানী এবং বাতির তৈলের জন্য ইহার ব্যবহার হইতেছে। নারিকেলের শুষ্ক শাঁস হইতে ডিসাঁশি এবং সাবানের তৈল প্রস্তুত হইয়া থাকে। ইহা হইতে উদ্ভিজ ঘৃতও প্রস্তুত হয়। কেশ-তৈল হিসাবে ইহার ব্যবহার খুব বেশী। মহুয়া গাছের ফল হইতে ইহার তৈল নিষ্কাশন করা হয়। পশ্চিম-বঙ্গ, বিহার, উড়িষ্যা এবং মধ্য-ভারতে মহুয়া গাছ প্রচুর পরিমাণে পাওয়া যায়। কাপড় কাচিবার সাবানের চর্ব্বি ইহার তৈল হইতে উপজাত দ্রব্য হিসাবে পাওয়া যায়। ইহার চর্ব্বি হইতে আলানী-তৈলই বেশী উৎপন্ন হয়। পপির বীজ-তৈল বিহারে উৎপাদন হয় বেশী। মহুয়াতি মজুত করার কার্য্যে, আলানী হিসাবে, মোমবাতি, সাবান, রন্ধন-দ্রব্য প্রভৃতি তৈয়ার করিতে ইহার তৈলের আবশ্যক আছে। ইহার তৈল ঔষধি পত্রের রস হিসাবেও ব্যবহৃত হয়। তালের মোচরা হইতে যে তৈল বাহির করা হয় তাহাকেই তাল-তৈল বলা হয়। উৎকৃষ্ট রকমের সাবান প্রস্তুত করিতে এই তৈলের বিশেষ প্রয়োজন। রিঠা-তৈল হইতে শক্ত সাবান প্রস্তুত করা হয়। চর্ম্মরোগের প্রতিষেধক হিসাবে রিঠা-সাবানের প্রয়োজন খুব বেশী। সরাবীন-তৈল অতি অল্প সময়ের মধ্যে শুকাইয়া যায়। সাবান, চর্ব্বি, বার্ণিশ, রেজেতে বিছাইবার জন্য

পুরু আলকাতরা এবং অর্দ্ধেক প্রস্তুত অবস্থায় সরা-রীতি-তৈল তাদের সরবরাহ করা হয়।

যে সকল তৈলবীজের উল্লেখ করা হইয়াছে তাহা ছাড়াও অনেকগুলি গাছের বীজ হইতে আলানী-তৈল এবং সাবান প্রস্তুতের অর্দ্ধেক প্রস্তুত করা যায়। উহার মধ্যে শুশনি গাছের বীজ একটি। এই জাতীয় বৃক্ষ উড়িষ্যা এবং বাঙ্গলাদেশের মোহাবালী জিলায় বিশেষতঃ হাতীয়া-দ্বীপে প্রচুর পরিমাণে জন্মে। পূর্ব্বে এই বীজ হইতে পল্লী অঞ্চলের আলানী-তৈল বাহির করিয়া বাতির আলোর জন্য ব্যবহার করিত। উহার তৈল ঔষধি কার্য হিসাবে ব্যবহার করা চলে। ভরমা গাছের বীজের তৈল আলানী হিসাবে বাঙ্গলাদেশের সর্ব্বত্র পল্লী অঞ্চলে অল্প কিছু কাল পূর্ব্বেও ব্যাপকভাবে ব্যবহৃত হইত। ভরমা গাছগুলি খুব বৃহৎ আকারের এবং উহার একটি গাছে অনেক বীজ জন্মে। ভরমা বৃক্ষের ফল হইতেও সাবান প্রস্তুত করিবার তৈল বাহির করা যায়। উহার তৈলকে পর্ণবীজ-তৈল বলে। উহার তৈল ঔষধি কার্য্যরূপে ব্যবহৃত হয়। ভূমুর বৃক্ষের ফল হইতে সাবান প্রস্তুতের উপযোগী তৈল পাওয়া যায়। এই গাছগুলি লাল গাছের মত দীর্ঘ। পরীক্ষামূলক অনুসন্ধান দ্বারা দেখা গিয়াছে যে, হিজলী, বাদাম, শিমুল তুলার বীজ, নোনা ফলের বীজ, তালের বীজ, কেঁউল বীচি, লাল গাছের বীজ, কুসুম বীচি, পাটের বীচি, তামাকের বীজ এবং বেলের বীচি হইতেও তৈল নিষ্কাশন করিয়া সাবান প্রস্তুতের জন্য চর্ব্বি উৎপাদন করা যায়।

উদ্ভিজ্জ তৈলকে ঘৃতে পরিণত করিবার জন্য বর্ত্তমানে কতকগুলি প্রণালী আবিষ্কৃত হইয়াছে। এই শিল্পটির ব্যাপক সম্ভাবনা রহিয়াছে। উদ্ভিজ্জ ঘি এবং মাখন বনস্পতি নামে অভিহিত হয়। এতদিন এই জিনিষটি বেশীর ভাগ ইয়োরোপ হইতেই এদেশে আমদানী হইত। সাধারণতঃ চীনাবাদাম-তৈল এবং তুলার বীজ-তৈল হইতেই উদ্ভিজ্জ ঘী উৎপন্ন করা হয়। উদ্ভিজ্জ তৈল এবং উদ্ভিজ্জ ঘৃতের মধ্যে যে একটু রাসায়নিক ব্যবধান আছে তাহা হইতেছে ঘৃতের ভিতরে যে উদ্‌জান বাষ্প (হাইড্রোজেন) আছে তাহা তৈলে নাই। রাসায়নিক প্রক্রিয়া দ্বারা এই উদ্‌জানকে উদ্ভিজ্জ তৈলে প্রবেশ করাইতে পারিলেই উদ্ভিজ্জ ঘৃত পাওয়া যায়। এই উদ্‌জানকে তৈলে মিশাইতে হইলে একটি নিষ্প্রেষক (catalyst) রাসায়নিক উপকরণের প্রয়োজন। এই নিষ্প্রেষক পদার্থটী তৈলের ভিতরে উদ্‌জানকে প্রবেশ করাইতে সাহায্য করে মাত্র। তৈলের সঙ্গে তাহার নিজের কোনরূপ রাসায়নিক সম্বন্ধ সাধন বা মিশ্রণ হয় না। এইরূপ নিষ্প্রেষক বিভিন্ন হিসাবে 'নিকেল' অথবা 'প্যালাডিয়াম' মাখান যে কোন একটী ধাতুর সাহায্য লওয়া যায়। এতদ্ব্যতীত প্লেটিনাম, তামা, লোহা অথবা স্বর্ণ মাখান এইরূপ নিষ্প্রেষক উপাদানের কাজ করান যায়। কিন্তু ইহার মধ্যে নিকেলই সর্ব্বশ্রেষ্ঠ। নিষ্প্রেষক উপাদান হিসাবে উদ্ভিজ্জ-ঘী প্রস্তুত করিতে বর্ত্তমানে ইহাই ব্যাপকভাবে ব্যবহৃত হয়।

উদ্ভিজ্জ তৈল হইতে ঘী প্রস্তুত করিবার জন্য যে উদ্‌জান বাষ্পের দরকার তাহা তিনটী প্রণালীতে উৎপাদন করা যায়, যথা—ইস্পাতের উপর লৌহঘট জল করিয়া তাহার উপর দিয়া বাষ্প পরিচালিত করিলে উদ্‌জান প্রস্তুত হয়, (২) বৈদ্যুতিক প্রণালী দ্বারা জলের ভিতর কতকটা পরিমাণ 'সালফিউরিক এসিড' মিশাইয়া তাহার ভিতরে বিদ্যুৎ-তরঙ্গ প্রবাহিত করিলে জলের মৌলিক পদার্থগুলি পৃথক হইয়া পড়ে। অম্লজান (অক্সিজেন) এবং উদ্‌জান বাষ্প পরস্পর দুইভাগে বিভক্ত হইয়া যায়। এইভাবে উদ্‌জান পাওয়া যায়। তৃতীয় প্রণালী দ্বারা জলীয় বাষ্পকে তরল করিয়া তাহা হইতে উদ্‌জান উৎপন্ন করা হয়। তাহাতে দেখেক দুইটী প্রণালী গ্রহণ করাই প্রশস্ত। বিশুদ্ধ উদ্‌জান পাইতে হইলে উহার ভিতরকার সমস্তজাতীয় পদার্থ, ক্লোরিন, আর্সেনিক, ফসফরাস, হাইড্রোজেন এবং 'অক্সাইড অব কার্বন' প্রভৃতি বাহির করিয়া লইতে হয়। তৈলের সঙ্গে উদ্‌জান মিশাইতে হইলে প্রথমতঃ উহার ভিতরের আর্দ্র অংশকে রাসায়নিক প্রক্রিয়া দ্বারা বাহির করিয়া দিতে হয়। উহার পরে তৈলকে ষোলা পাত্রে অল্প উত্তাপে টক করিতে হয়। পরে তৈলকে নিষ্প্রেষক রাসায়নিক উপাদানটীর সহিত একটী আবদ্ধপাত্রে উদ্‌জান সংযোগে গরম করিতে হয়। অন্ততঃ ৪ ঘণ্টা ধরে এইরূপ উত্তাপ প্রদান করিলে উদ্‌জানের সহিত তৈলের সম্পূর্ণ মিশ্রণ সাধিত হয়। উত্তাপের মাত্রা সেন্টিগ্রেড থার্মোমিটারে ১৫০° ডিগ্রি পর্য্যন্ত হওয়া উচিত। ইহার পর আবদ্ধ পাত্রটী হইতে তৈল ঢালিয়া রাখিতে হয়। ঐ তৈল ঠাণ্ডা হইলেই উদ্ভিজ্জ ঘৃতে পরিণত হয়।

ঘৃতের জন্য খনিজ তৈলের অভাব হওয়ায় ইহার অনুকল্প হিসাবে ইয়োরোপে কয়লা, আলকাতরা, মাংসজ, সেলুলস, কাঠ, জলীয় বাষ্প অথবা গ্যেজনাযুক্ত জিনিষ হইতে আলানী-তৈল উৎপাদন করার প্রচেষ্টা চলিতেছে। এতদ্ব্যতীত উদ্ভিজ্জ চর্ব্বি হইতেও আলানী-তৈল উৎপাদন করিবার ব্যবস্থা চলিতেছে। জিঙ্ক-সোডের ফলকলা পরিষ্কার করিয়া ও 'ডিজেল' ইঞ্জিন চালাইতে উদ্ভিজ্জ তৈল বিশেষ ফলপ্রদ বলিয়া পরীক্ষা দ্বারা প্রমাণিত হইয়াছে। উদ্ভিজ্জ চর্ব্বি হইতে প্রাপ্ত আলানী-তৈল দাহ্য পদার্থ নহে। উহা ইঞ্জিনে ব্যবহার করা খনিজ তৈলের তুলনায় বেশী নিরাপদ।

ভারতে বৎসরে প্রায় ৩০ কোটী টাকা মূল্যের তৈলবীজ আবশ্যিক হইয়া থাকে। উহা ছাড়া অরণ্যজাত এবং বৃক্ষপত্রের আড়ালে কত প্রকার উদ্ভিজ্জ-বীজ যে অযত্নে ও অব্যবহারে নষ্ট হইয়া যায় তাহার ইয়ত্তা নাই। বিদেশে ভারতের তৈলবীজের বাজার বন্ধ হইয়া গেলেও উপযুক্ত গবেষণা ও মূলধন প্রয়োগ করিয়া যদি ভারতের তৈলবীজকে শিল্পকার্য্যে ব্যবহার করার ক্ষেত্র প্রস্তুত করা যায়, তাহা হইলে অনায়াসেই ভারতবর্ষের খনিজ তৈলের অভাব সম্পূর্ণরূপে মিটিয়ে পারে।

—শক্তিশালী জাতীয় প্রতিষ্ঠান—

ক্যালকাটা ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ

অথিস—১৯৩০ হেড অফিস—৩০৯, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা

ব্রাঞ্চ :—রায়বরু, চন্দন, ভাটাপারা, রায়পুর, মনোহরপুর (ফি. পি)।

প্রধান প্রধান ব্যবসাকেন্দ্রের সঙ্গে যোগাযোগ আছে।

এল এম বসু,
জেনারেল ম্যানেজার।

—শেয়ার বিক্রয়ের জন্য—

ভারত সরকারের অনুমতি পাওয়া গিয়াছে।

রাণী এণ্ড কোম্পানী লিঃ

রেজিষ্টার্ড অফিস :—১ রাজা দেউড়ী, ঢাকা

ফ্যাক্টরী :—রাজানগর, ঢাকা

(ভারত সরকার তারিখ ১৮-৪ দ্বারা এই কোম্পানীর নিকট শেয়ার বিক্রয়ের অনুমতি পাওয়া গিয়াছে। ইহা পরিষ্কারভাবে জানা আবশ্যক যে, এই অনুমতি দ্বারা ভারত সরকার উহাদের সম্পর্কে কোন বিষয় জানা হইতে বা কোন বিষয়ের প্রকাশ করা হইলে তাহার যাথার্থ সম্পর্কে কোন দায়িত্ব গ্রহণ করেন না।)

আর্থিক দুনিয়ার খবরাখবর

সরকারী কর্মচারীদের ভাতা ও ভাতা বৃদ্ধি

কলিকাতার ১৩ই মে তারিখের ইউনাইটেড প্রেসের এক সংবাদে প্রকাশ যে, যুদ্ধকালীন ব্যবস্থা হিসাবে ভালো সরকার সরকারী কর্মচারীদের ভাতা বহালের বার ও বৈতনিক ভাতা বৃদ্ধি করিয়াছেন।

বস্ত্রের মূল্য নিয়ন্ত্রণ

কলিকাতার ১৩ই মে তারিখের এক সংবাদে প্রকাশ, অসাধারণ সরবরাহ বিভাগের ডেপুটী কন্ট্রোলার জেনারেল আনাইউল্লাহ্, বস্ত্রের বিক্রয়মূল্যের সর্বোচ্চ মূল্য বাঁধিয়া দেওয়া হইয়াছে। বস্ত্রের মূল্য-সের প্রতি ৫১ পয়সা হইতে ৮/- আনার মধ্যে বাঁধিয়াছে। শ্রীযুক্তা বস্ত্রের বিক্রয়ের তালিকাভুক্ত কর্মচারীদের জ্ঞাতার্থে জানিয়া রাখা যাইতেছে যে, তাঁহারা কেহ অতিরিক্ত মূল্য আদায় না করেন।

সম্প্রতি এক জেলাসোটে বস্ত্রের মূল্য নির্দ্ধারণ বিজ্ঞপ্তি প্রকাশিত হইয়াছে। যথা প্রতি গজ ১৮০, সের ৴০ আনা।

অষ্ট্রেলিয়া হইতে খাদ্য রপ্তানী

যুদ্ধ আরম্ভ হইবার পর হইতে গত ডিসেম্বর মাস পর্য্যন্ত অষ্ট্রেলিয়া হইতে ফুটেন্ এবং ফ্রান্স প্রয়োজনের অতিরিক্ত যেসকলিতে ২১ কোটী ৯০ লক্ষ পাউণ্ড খাদ্যদ্রব্য রপ্তানী হইয়াছে।

বৃটেনের আর্থিক অবস্থা সম্বন্ধে স্যার জেম্‌স্ গ্রীণ

১৩ই মে তারিখের ফুটেনের এক সংবাদে প্রকাশ যে, তথায় বক্তৃতা প্রসঙ্গে বৃটিশ সরকার-সচিব স্যার জেম্‌স্ গ্রীণ বলিয়াছেন, "কর অথবা অতিরিক্ত ঋণের দ্বারা অর্থ সংগ্রহ করিয়া বৃটিশ সরকার যেই টাকা যদি পরিশোধ করিতে না পারেন, তাহা হইলে তাঁহাদিগকে হয় উপযুক্ত পরিমাণ অর্থ মজুত না রাখিয়া তাঁহাদের মোট ঘাটতি টাকা পূরণ করিতে হইবে, অথবা ব্যয় সংকোচের দ্বারা সমস্যাটোকিম সমাধান করিতে হইবে। তবে যাহাই সমস্যাসমাধান করুনেন অর্থ মুক্ত পরাজয়ের মুক্তি নহে।" স্যার জেম্‌স্ গ্রীণ্ আরও বলেন যে, বৃটেন ইতিমধ্যেই তাহার বিদেশস্থ অর্থ সম্পদের ব্যয় করিয়া ফেলিয়াছে। যুদ্ধের পূর্ব্বে ভারতবর্ষ বৃটেনের নিকট কত ছিল, কিন্তু যুদ্ধের সময় ভারতবর্ষ হইতে এত মাল ক্রয় করা হইয়াছে যে, তাহার জন্য ভারতবর্ষ বৃটেন হইতে যে অর্থ পাওনা ছিল তাহা বৃটেনে খরচ করিয়া ফেলিয়াছে। স্যার গ্রীণ্ বলেন যে, এই সব হইতে বুঝা যাইতেছে, যুদ্ধ শেষ হইলে স্বভাবী-বাণিজ্যের ফের সুবন্দোবস্ত করিবার জন্য বৃটেনকে বহুদিন পর্য্যন্ত সংগ্রাম করিতে হইবে।

বীমা-কোম্পানীদের অসুবিধা

অসাধারণ ১৩ই মে তারিখের এক সংবাদে প্রকাশ যে, ভারতীয় বীমা কোম্পানীগুলির কেন্দ্রীয় কর্তৃক অর্ডিন্যান্স এবং ডেপেলপমেন্ট আইন-সরকারের বাণিজ্য সচিব স্যার আজিজুল হক বলেন, বর্ত্তমানে বীমা কোম্পানীগুলি বিভিন্ন জীবন-বীমা লইয়া খুব চালাচুটেছে, অথচ এখনো সময় যে, ভবিষ্যতে ফেরের অবস্থা-বাণিজ্য ও নিম্নের আর্থিক পরিস্থিতির উপর বীমা ব্যবসায়ের নিম্নের প্রভাব পড়ি হইবে।

বীমা ডেপেলপমেন্টের ডেপুটি মিঃ এম্ এম্ সেঠ আরও বলেন, বোলাই-এর দুর্ঘটনার ফলে উদ্বুদ্ধ দাবী-সমূহের সমস্যা বীমা কোম্পানীগুলি পূরণ করিতে প্রস্তুত আছে। বীমা কোম্পানীর অন্যান্য ব্যবস্থা করিতে গিয়া তিনি বলেন যে, অতিরিক্ত খেয়ার দিতি, বন্দরগুলির নিরাপত্তা ব্যবস্থা, লাভিল ও আহত-সম্পর্কিত সম্পত্তি তাঁহারা বিশেষ অসুবিধা ভোগ করিয়া থাকেন। সময় সময় আইন সংশোধনের দুই একজন বাণিজ্য-সচিব তাঁহাদের প্রতি সহানুভূতিসম্পন্ন হইলেও বিভাগীয় কর্তৃপক্ষ কখনও তাঁহাদের অসুবিধা বুঝিতে চেষ্টা করেন নাই। অন্যতম স্যার আজিজুল হক বলেন, বীমা ব্যবসায়ী যা বীমাকারী কোনো পক্ষবিশেষের স্বার্থ রক্ষিত করা তাঁর উদ্দেশ্য নহে। তাঁহার সঙ্গে সমান হইবে না; তাঁহাদের সমস্ত ব্যবসায়ের উন্নতির দিকে লক্ষ্য রাখিতে হইবে।

যুদ্ধোত্তর পুনর্গঠন সম্বন্ধে বিলাতের অর্থনৈতিক মহল

আন্তর্জাতিক ব্যবস্থায় পুনর্গঠনের সমস্যা সমাধান করার জন্য ভারত সরকার মূলধন নিয়োগের সম্পর্কে কতকগুলি অনেকদিনের বিভিন্ন প্রতিবাদে যে নিয়ম প্রবর্তন করিয়াছেন তাহাতে লন্ডনের অর্থনৈতিক মহল ভারতের অর্থনৈতিক আত্ম-প্রতিষ্ঠার অন্তরায় বলিয়া ঘোষণা করিয়াছেন। ভারতীয় শিল্প-প্রসারের চেষ্টা ব্যাহতকরার জন্য ব্রিটিশ প্রতিনিধিবর্গ এবং বড় বড় ব্যবসায়ের হাতে মূলধন নিয়োগের তাহাদের সঙ্গে ব্যবস্থা স্থাপনের-সুবিধা যদি তাহা বেশীমাত্রায় এই নিয়ন্ত্রণের আওতায় ফেলে। এই রীতি ভারতের সমস্যাভার নিয়োগকারের সমাধান হইবে এবং যুদ্ধোত্তরীতির প্রবর্তনা দোষ করিবে বলিয়া মনে করা হইতেছে।

কৃষি-উন্নতির পরিকল্পনা

কৃষিক্ষেত্রে খাদ্য সার যোগাবার জন্য ১ কোটী টাকা ব্যয়ে ৩ লক্ষ ৬০ হাজার টন এমোনিয়াম্-সালফেট উৎপাদন করিবার সরকারী সঙ্কল্পের কথা সরবরাহ-সচিব স্যার রামস্বামী মুদালিয়ারের বিবৃতিতে জানা গিয়াছে। উৎপাদনের পরিকল্পনার জন্য ইন্ডিয়ান কেমিক্যালের সাহায্যে বিলাত হইতে অভিজ্ঞ ডালাবাদির সঙ্গে ভারতে আসিবার কথা হইয়াছে। যদি এই ভারখানা স্থাপিত হয় তাহা হইলে ১৯৪৯ সালের মার্চ্চমাসি এমোনিয়াম্-সালফেট বাজারে উপস্থিত করা যাইবে বলিয়া মনে হয়। ৩ লক্ষ ৬০ হাজার টন খাদ্য উৎপন্ন হইলে সব সরকারী জমাবাদানে উহা বিতরণের ব্যবস্থা হইবে। স্যার মুদালিয়ার বলেন যে, ভারতের কৃষিক্ষেত্রের উন্নতিসাধন করিয়া যাহাতে বড় করিতে হইলে যাহাদ সারের প্রয়োজন প্রয়োজন। ফেরের উন্নতি বিধান করিতে না পারিলে দুরাবস্থাকালে খাদ্য-সরবরাহ সমাধান হইবে না। তাহা ছাড়া, ভবিষ্যতে যাহাতে সারের ব্যবহার সম্বন্ধে নিজে নিজে হইবে এবং যাহাতে তাহারা সার ক্রয় করিবার নিমিত্ত সরকারী অর্থ সাহায্য পায়, তাহারও ব্যবস্থা করিতে হইবে।

স্বাস্থ্যীদের প্রত্যেকের প্রেসক্রিপশন করুন···

এবং রক্তাল্পতায় কি করা উচিত

সাধারণতঃ দেখিতে পাওয়া যায় যে, অল্পবয়স্ক মানুষের শরীরে প্রায় পাঁচ কোয়ার্ট পরিমাণ রক্ত থাকে। 'হিমোগ্লোবিন' নামক একপ্রকার রক্ত-বর্ণ জৈবিক পদার্থ রক্তের সহিত মিশ্রিত থাকে, সেই জন্য রক্তের রং লাল। আমরা নিঃশ্বাসের সহিত যে পরিমাণ অক্সিজেন (অক্সিজেন) শরীরের ভিতরে গ্রহণ করি তাহা উক্ত 'হিমোগ্লোবিনসমূহ' শরীরের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গের মধ্যে বহন করিয়া আমাদিগকে পুষ্ট ও সজীবিত রাখে। সুতরাং দেখা যাইতেছে যে, 'হিমোগ্লোবিন'সমূহ অক্সিজেন বহন করিয়া শরীরে রক্তের সজীবতার কারণ প্রকাশ পায়।

মানুষ প্রতিদিনই অল্পবিস্তর জীবন-সংগ্রামে ব্যাপৃত। একথা সকলেই জানেন যে, সকল সময়ই দুর্ঘটনাকে বিভিন্নরূপে করিতে হয়। তাহাতে শরীর রক্তহীন হইলে স্বভাবতঃই দুর্বল হইয়া পড়ে। ফলে সাধারণ ব্যাধি প্রবল বিক্রমে আক্রমণ করিয়া বসে। সুতরাং এক্ষেত্রে আমাদের সকলেরই বেশ উচিত জীবন-সংগ্রামে কৃতকার্য হইবার মত শক্তি তাঁহার শরীরে আছে কি না।

পূর্ব্বে রক্তাল্পতা বা 'এনিমিয়া'র চিকিৎসা তথা হইত লৌহ-ঘটিত ঔষধ দ্বারা। কিন্তু এখন দেখা গেল যে, ম্যালেরিয়া, কালাজ্বর, টাইফয়েড, ইন্‌ফ্লুয়েঞ্জা প্রভৃতি রোগে ভোগার পর সাধারণ রক্তাল্পতা ঐরূপ পদ্ধতিতে সারে না এই সকল স্থলে দ্বারা শরীরে রক্তাল্পতার প্রধান কারণ রক্তের পরিপূরক জৈবিক অঙ্গের বিনষ্টতা।

যখন বৈজ্ঞানিকগণ আবিষ্কার করিলেন যে, যকৃৎ-সার দ্বারা রক্তাল্পতা আরোগ্যলাভ করে তখন উহার চিকিৎসাপ্রণালী অনেকটা সুলভ হয়। কিন্তু তাহাতেও এক উৎপাত আছিয়া দাঁড়াল এই যে, উপযুক্ত মাত্রা সাত করিতে হইলে রোগীকে তাঁহা অধিক পান করা যকৃৎ এত অধিক পরিমাণে খাইতে হইবে যে তাহা রোগীর পক্ষে বিরক্তিকর ও অরুচি, সম্ভবপর নহে। অধিকন্তু এইরূপ প্রক্রিয়ায় পাকস্থলী সংক্রান্ত অসুখের ব্যাধি প্রকাশ পাইতে পারিল।

এই অসুবিধার দূরীভূত করার জন্য বৈজ্ঞানিকগণ অনেক চেষ্টার ও বহু উন্নত প্রণালীতে যকৃৎ-সার প্রস্তুত প্রণালী আবিষ্কার করেন। সাধারণ পরিমাণ যকৃৎ-সার দ্বারা আশ্চর্যজনক ফল পাওয়া যাইতে লাগিল। ব্যবহার-প্রণালীও অধিকতর সহজ হইল। সাধারণ পরিমাণ সেবনে অথবা ইঞ্জেকশনেই রোগীর অবস্থার বিশেষ উন্নতি লাভ হয়।

রক্তাল্পতা রোগের এইরূপ উন্নত ঔষধ যত বাহির হইয়াছে তাহার মধ্যে লিভারেক্স সর্ব্ব সময়ে অধিক কার্য্যকরী। রক্ত পরীক্ষার ব্যবস্থা যেখানে নাই এইরূপ অঞ্চলে যকৃৎ ও লৌহ সংযোগে তিনিসাদি ঘৃতবিশ্ব এক লিভারেক্স ইহা আরোগ্য প্রদান করিয়া থাকে। লিভারেক্স খাইতে সুস্বাদু এবং প্রস্তুতসময়ে রক্ত উৎপাদনে প্রধান সহায়ক।

বিভিন্ন জেলায় লবণ চালান

অসাধারণ লবণবাহ বিভাগের একটি ঘোষণা হইতে জানা যায় যে, এপ্রিল মাসের শেষ সপ্তাহে ও মে মাসের প্রথম সপ্তাহে ১ লক্ষ ৮০ হাজার মণ লবণ বিভিন্ন জেলায় চালান দেওয়া হইয়াছে। ৮ই মে তারিখ হইতে এখানে কাঁচা লবণের মোট ৩ কোটি ৬২ লক্ষ মণ লবণ পাওয়া যাইবে।

বাংলার লবণ আবশ্যক

এখানে, এপ্রিল মাসের শেষার্ধে ইহাদি আমদানি প্রায় ১৩ হাজার ৩ শত টন লবণ অসাধারণ আমদানী হইয়াছে। সুদূরের আমদানী ১৮ হাজার টনের সহিত এই পরিমাণ যোগে ইহাদি বাংলার লবণের আবশ্যক অনেকটা মিটিয়া যাইবে বলিয়া আশা করা যায়। কেন্দ্রীয় সরকারী কর্তৃপক্ষদিগের বলেন, বর্তমান মাসে আরও অধিক পরিমাণ লবণ কলিকাতায় আসিয়া পৌঁছাইবে।

উল্টা-প্লেন ইজারা ব্যবস্থায় ভারত

আমেরিকার কংগ্রেস ইকনমিক এ্যাসিস্টেন্স বা বৈদেশিক অর্থনৈতিক বিকাশ ঘোষণা করিয়াছেন যে, ভারতকে মার্কিনযুক্তরাষ্ট্রের ১৯৫৩ সালের প্রথম ত্রৈমাসে উল্টা-প্লেন-ইজারা ব্যবস্থায় ৩ কোটি ৫০ লক্ষ ডলার মূল্যের দ্রব্যসামগ্রী পাইয়াছে। ইহার অর্থেক ইইতেছে পেট্রোলজাত দ্রব্যসামগ্রীর জিনিষ। ১৯৫৩ সালের দুই মাসে প্রাপ্ত দ্রব্যসামগ্রীর পরিমাণ ১৯৫২ সালের সমস্ত বৎসরে প্রাপ্ত পরিমাণের অর্ধেক। এই হিসাবের মধ্যে ভারতীয় বে-সামরিক লোকের নিকট আমেরিকানরা যে সব জাহাজ পাইয়াছে তাহার পরিমাণ ধরা হয় নাই।

কেরোসিন বণ্টন নিয়ন্ত্রণ

বাংলা সরকারের এক বিজ্ঞপ্তিতে প্রকাশ, বাংলার কেরোসিন বণ্টন নিয়ন্ত্রণ সম্পর্কে সরকার এক অভিনব আদেশ করিয়াছেন। ইহা দ্বারা অসামরিক সরবরাহ বিভাগের ডিরেক্টর ও জেলা ম্যাজিস্ট্রেটদের হাতে অতিরিক্ত ক্ষমতা দেওয়া হইয়াছে। তাঁহারা বিভিন্ন তৈল কোম্পানীর এজেন্ট, ব্যবসায়ী ও কেরিওয়ালাদের উপর অধিকতর কড়াকড়ি করিতে পারিবেন। এই আদেশ অনুসারে কলিকাতা ও হাওড়ার এজেন্ট, ব্যবসায়ী ও কেরিওয়ালাদের লাইসেন্স লইতে হইবে। জাহাজে করিয়া তৈল দেওয়া হইল ব্যবসায়ী বা কেরিওয়ালাকে তাহার হিসাব রাখিতে হইবে। আবশ্যক হইলে সরকার ঐ হিসাব পরীক্ষা করিতে পারিবেন। লাইসেন্সের নিয়মকানুন না মানিলে লাইসেন্স বাতিল করা হইবে। ১৬ই মে তারিখ হইতে কলিকাতার এ আদেশ কার্যকরী হইল, বিভিন্ন জেলায় ১৫ই জুন হইতে উহা কার্যকরী হইবে। কলিকাতা হইতে বাহিরে তৈল লইয়া যাওয়া বিধিত করিয়া এক আদেশ জারী করা হইয়াছে।

খুচরা সোডার ক্ষতি

অসামরিক বিমানের ইন্সপেক্টর জেনারেল সার হরমারী রাজারাম ১৬ই মে তারিখের ষ্টেইসম্যান পত্রিকায় এক পত্রে জানাইয়াছেন যে, জাহাজে যে পরিমাণ লোহা আমদানী হিসাবে খালাস হয় তাহা বিভা এদেশের সমস্ত বন্দরে অসামরিক সরকারী পদস্থ তাহার সমান হইবে। ইন্সপেক্টর সার হরমারী-এর হিসাবে আমদানী হিসাবে মোট ৫৩ কোটী টন লোহা খুয়াইয়া দেওয়া হয়। সার হরমারী রাজারামের পূর্বোক্তরূপ মতে উহার পরিমাণ অনেক কম—২৫ কোটী টন। (১৯ কোটী টনের অধিক আমদানির অধিক পরিমাণ ১০ বছরে সার হরমারী করেন।) আমদানী হিসাবে বড় লোহার পরিমাণ সম্বন্ধে তার হরমারী-এর মোট সিদ্ধান্ত এই যে, উহার পরিমাণ ২৫ কোটির অনেকটা অধিক হইবে।

সৌদি আরবে তৈলের পরিমাণ

মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য বিভাগের মুখপত্র "অয়েল ফাইন্ড" পত্রে প্রকাশ যে, ইউ এস আরবিয়ান অয়েল কোম্পানী সৌদি আরবে একটি উৎপাদনোন্নয়ন কার্যক্রম গ্রহণের পরিকল্পনা করিয়াছেন। ঐ কোম্পানীর এক হাজার বাহের করিয়া তৈল প্রতিদিন পোষণ করা যাইবে। বর্তমানে মাত্র ১৪ হাজার বাহের তৈল ঐ উৎসমুখে উৎপাদিত হইতেছে।

লণ্ডনের কটকা বাজারে রবার-সেয়ারের দর

লেভাদেশের অব ফ্রিডম রবার এণ্ড এক্সপোর্টার্স ব্যাহ্যুক্যাক্চারার্স এসোসিয়েশন সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে বলেন, যুক্তরাষ্ট্রে সকল বা লিমিটেড রবার-এর নিম্ন দরের উপরি করিলেও মূলের পর মার্কিনের রবারের প্রয়োজন মিটাইতে—পরিমাণে বরং আরও বেশী লাগিবে। এই বিজ্ঞপ্তির ফলে এখন বাজার ও ব্যবসায়ী পাঁচাই মূলধন মূলীন অধিকারে আসিবে এই ভরসায় লণ্ডনের কটকা বাজারে রবার-সেয়ারের দর হঠাৎ খুব চড়িয়া গিয়াছে। রবার-বাগানমালিক জাপানীদের হাতে চলিয়া যাওয়ায় পূর্বে সমস্ত রবার-সেয়ারের দর এত অধিক নাই।

ভারতের খাদ্য-সমস্যা এবং দুর্ভিক্ষ-সমস্যা সম্পর্কে রয়াল কমিশন

দিল্লীতে হইতে সংবাদ আসিয়াছে যে, সেখানে ওয়াশিংটনের বন্দরের কর্মচারী হইতে খুলা যায়, ভারতের খাদ্য ও দুর্ভিক্ষ-সমস্যা সম্বন্ধে অনুসন্ধান করিবার জন্য একটি রয়াল কমিশন নিয়োগের সিদ্ধান্ত এখন গ্রহণ করা হইয়াছে। ঐ কমিশনে ভারতীয় ও ব্রিটিশের এ সম্বন্ধে বিশেষ ও মতামতের মধ্যে আলোচনা চলিতেছে। খাদ্যের দুর্ভিক্ষের কারণ সম্বন্ধে অনুসন্ধান করিবার জন্য জনসাধারণ যে দাবী করিতেছে তাহা অযৌক্তিক এই কমিশন নিযুক্ত হইবে। তথাপি মনে হয়, ইহার অনুসন্ধানের ক্ষেত্র উহারই মধ্যে সীমাবদ্ধ থাকিবে না। সমগ্র ভারতের খাদ্যসমস্যা ও দুর্ভিক্ষের সমস্যা সম্বন্ধে এক সাধারণ অর্থনৈতিক অবস্থা এই কমিশন আলোচনা করিবেন।

সাবান প্রস্তুতের

যাবতীয় জিনিষ—সিলিকেট সোডা • সোডাষ্টোন পাউডার • কষ্টিক সোডা • রজন • সিক্রোলো অয়েল • সুগ • হাইড্রোসালফাইট • প্রভৃতি পাইবেন।

ফোন :—
বড়বাজার :— ১৩৫৭ অফিস
" :— ১৫৯২ ষ্টোরস
টেলিগ্রাম—"সীমাবাসী"

কলিকাতা মিনারেল সাপ্লাই কোং লিঃ
৩১, ক্যাকলস লেন, কলিকাতা

ইণ্ডিয়ান ষ্ট্যাণ্ডার্ড ব্যাঙ্ক লিঃ

স্থাপিত—১৯২৮

হেড অফিস—৩৯ ব্যাণ্ডো লেন, কলিকাতা।

শাখাসমূহ

ময়মনসিংহ, নেত্রকোণা, সেরপুর ও জঙ্গীপুর (মুর্শিদাবাদ)

ম্যানেজিং ডিরেক্টর :—এস কে রায়।

সস্তায়, সুন্দর ও টেকসই ধুতী ও শাড়ী পরিধান করিয়া তৃপ্তিলাভ করুন।

বঙ্গশ্রী কটন মিলস্ লিঃ

সেক্রেটারিয়েট এণ্ড এজেন্ট্স

সাহা চৌধুরী এণ্ড কোং লিঃ

২৩নং বহুবাজার ষ্ট্রিট, হাটখোলা, কলিকাতা।

খাদ্যশস্য আমদানির প্রয়োজনীয়তা

কেন্দ্রীয় খাদ্য ও কৃষি মন্ত্রী শ্রী ফকরুদ্দিন আলী আহমদ এক বিবৃতিতে বলেছেন যে, খাদ্যশস্য সম্পর্কে নীতি নির্ধারক সমিতির সুপারিশক্রমে গত ফেব্রুয়ারি মাসে ৫ লক্ষ টন খাদ্যশস্য আমদানির ব্যবস্থা করা হয়েছিল। ঐ সমিতি ৫ লক্ষ টনের অতিরিক্ত ১০ লক্ষ টন খাদ্যশস্য আমদানির সুপারিশ করেছিল। কিন্তু ঐ সুপারিশ কার্যকর করা হয় নাই। ঐ সমিতির নির্দেশ অনুযায়ী ১০ লক্ষ টন খাদ্যশস্য আমদানি করা হইলে দেশে খাদ্যশস্যের মজুত পরিস্থিতি আরও ভাল হইত।

কেন্দ্রীয় মন্ত্রী বলেন, খাদ্যশস্য আমদানির ব্যাপারে কোনও বিলম্ব হয় নাই। ১৯৬৮ সালের ডিসেম্বর মাসে খাদ্যশস্য আমদানির সিদ্ধান্ত গৃহীত হয়। ১৯৬৯ সালের জানুয়ারি মাসে ঐ সিদ্ধান্ত কার্যকর করার ব্যবস্থা করা হয়। ফেব্রুয়ারি মাসে ৫ লক্ষ টন খাদ্যশস্য আমদানির ব্যবস্থা করা হয়। ঐ সময় ১০ লক্ষ টন খাদ্যশস্য আমদানির সুপারিশ করা হইলে তাহা কার্যকর করা সম্ভব হইত।

কেন্দ্রীয় মন্ত্রী বলেন, খাদ্যশস্য আমদানির ব্যাপারে কোনও বিলম্ব হয় নাই। ১৯৬৮ সালের ডিসেম্বর মাসে খাদ্যশস্য আমদানির সিদ্ধান্ত গৃহীত হয়। ১৯৬৯ সালের জানুয়ারি মাসে ঐ সিদ্ধান্ত কার্যকর করার ব্যবস্থা করা হয়। ফেব্রুয়ারি মাসে ৫ লক্ষ টন খাদ্যশস্য আমদানির ব্যবস্থা করা হয়। ঐ সময় ১০ লক্ষ টন খাদ্যশস্য আমদানির সুপারিশ করা হইলে তাহা কার্যকর করা সম্ভব হইত।

দক্ষিণ ভারতের বৈদেশিক সম্পত্তি

কিনিয়া লইবার প্রস্তাব

আফ্রিকার প্রেইরি রিপাবলিক যাহা অবশ্য ভারতের কাছে অপরিচিত, ও কবি বাস করে আছে। অইক ভারতীয় ব্যবসায়ী এই সম্পত্তি ২৫ লক্ষ টাকা মূল্যে কিনিয়া লইতে চাহিয়া প্রস্তাব করিয়াছেন। ভারত সরকার ও প্রথম বিবেচনার বাণিজ্যদপ্তরের অনুমতিসাপেক্ষ প্রস্তাবটির গ্রহণের জন্য প্রস্তাবকারীর নিকট হইতে পঞ্চাশ ১০ টাকা অগ্রিম হিসাবে গ্রহণ করিয়াছেন।

বস্ত্র-মূল্য নিয়ন্ত্রণের সুফল

প্রকাশ, বস্ত্র-মূল্য নিয়ন্ত্রণের ফলে বিগত এক বৎসরে পূর্ববর্তী বৎসরের তুলনায় আমদানির বস্ত্র-ব্যবহারকারিগণকে ১৩০ কোটি টাকা কম দাম দিতে হইয়াছে। আগামের পর আরও কমিবার সম্ভাবনা থাকায় যে মহলে যে হিসাবে পূর্ব হইতে সেই মহলের বস্ত্র-ব্যবহারকারিগণ অধিকতর লাভবান হইবেন বলিয়া আশা করা যায়।

পণ্য-ব্যবহারকারী সমিতি

ব্যবসায়ী সম্প্রদায়ের মূল্য নিয়ন্ত্রণ, সরবরাহ, মজুত প্রভৃতি বিষয়ে তীব্রভাবে সজাগ দৃষ্টি রাখার জন্য ভারত সরকার যে পণ্য-ব্যবহারকারী সমিতি প্রতিষ্ঠিত করিয়াছেন, তাহাতে কনফেডারেশনের যেন্দুই চিফ এক্সিকিউটিভ অফিসার মি: এন এম ইরানীকে আহ্বায়ক নিযুক্ত করা হইয়াছে। এই সমিতি ২৫ জন সরকারী ও বেসরকারী সদস্য লইয়া গঠিত।

কোন্‌টি আগে চাই ?

কষ্টকর ভ্রমণ
অথবা জ্বালানী,
পরিধেয়
খাদ্য ?

রেলের এখন কাজের চাপ আজকাল এত বেড়ে গিয়েছে যে যদি যুদ্ধের পূর্বকার মত যাত্রী বহন করতে হয় তাহলে তাদের পক্ষে আর মোদের প্রয়োজনে অতি প্রয়োজনীয় অত্যাবশ্যক পণ্য-দ্রব্য বহনের ব্যবস্থা করা সম্ভব হবে না।

দেশবাসীরা ইচ্ছামত এক-কোনো একটি পেতে পারেন — একসঙ্গে দুটিতেই পাওয়া আর আজ সম্ভব নয়। অবশ্য একথা বলা বাহুল্য যে বর্তমান অবস্থায় যাত্রী বহন করার চেয়ে রেলের পক্ষে খাদ্য, পরিধেয়, জ্বালানী এবং জীবনরক্ষার অন্যান্য প্রয়োজনীয় সামগ্রীগুলি বহন করাই অধিক প্রয়োজনীয়। যে অবস্থায় খাদ্য পণ্যের ঘাটতি হচ্ছে এমন স্থানে যদি আপনি বাস করেন তা হলে আপনার জানতে বাকি থাকবে না যে কেন রাজ্যে রাজ্যে মন্ত্রীরা বহন করে আনাগোনা-গুলি সেই কৃষার জন্যদের নিকট উপস্থিত হয় তখন তাদের প্রাণে কি চঞ্চলতার সঞ্চার হয়। যাত্রী বহনের চেয়ে খাদ্যশস্য বেশি আজকাল অধিক প্রয়োজনীয় বলেই যাত্রীবাহী লাইনের চেয়ে মালগাড়ী লাইনেই প্রাধান্য দেওয়া হচ্ছে। এই জন্যই লাইনের এত ভীড় এবং প্রস্থানের এত ভীড়। সুতরাং রেলের এই গুরুতর সমস্যার সমাধান প্রচেষ্টায় রেলকে সাহায্য করতে হলে ভ্রমণ বন্ধ রাখুন।

ভ্রমণ কমান

AAA 682

সৌর-শিল্পের অভিজ্ঞতিনের দাবী

নিম্নলিখিত ১৯৪ নং ধারার প্রকাশ, এসোসিয়েটেড চেম্বারস অফ কমার্স" এবং ইণ্ডিয়ান চেম্বার্স অফ কমার্স" ইউনিয়ন জোকেন্দ্র মিল মোসাইটিগুলি কোম্পানী আইন অভিজ্ঞতিনের নিকট হইতে তাহাদের সমস্ত মিল কারখানার অভিজ্ঞতিনের জন্য প্রতি বৎসরে ২২ সপ্তাহের ছেলন বিধান অভিজ্ঞতি দাবী করিয়াছেন।

ইউনিয়নের মুখপত্র মেসার্স লিমিটেড এক প্রকাশ হইয়াছে, অভিনের তাজ করিবার অধিকার ও ছেলার ফোন ব্যক্তিগত সমস্যার উপর মুখবার্তা বিধান ইচ্ছা ইউনিয়নের নাই। এই দাবীর আন্তর্জাতিক মজুরী হারের সমস্ত ইউনিয়নের নীতির অনুযায়ক করা হইয়াছে।

বৈশাখী লাক্ষা উৎপাদনের আনুমানিক হিসাব

এপ্রিল হইতে মুখ সমস্ত মধ্যে লাক্ষা পাওয়া হইতে লাগান হয়। আবহাওয়ার হিসাব দৃষ্টে জানা যায় যে, এবৎসর আনুমানিক ৭ লক্ষ ১৮ হাজার ২৫০ মন লাক্ষা উৎপন্ন হইবে। গত বৎসর এই উৎপাদনের পরিমাণ ছিল ৩ লক্ষ ৭২ হাজার মন। সুতরাং প্রায় ১০০ ভাগ পরিমাণ বৃদ্ধি হইলেও গত বৎসরের তুলনায় এবৎসরের লাক্ষা অধিক উচ্চ শ্রেণীর হইবে বলিয়া অনুমান করা হইয়াছে। গত এপ্রিলের উৎপন্ন লাক্ষা ১৯৩৮-৩৯ সালের সাধারণ উৎপাদনের ছেয়ে প্রায় এক লক্ষ মন কম হইবে। ১৯৩২ সালে তাহাতে ১০ লক্ষ ৩৮ হাজার ২৫০ মন লাক্ষা উৎপন্ন হইয়াছিল।

অডিট এণ্ড এ্যাকাউণ্টস্ পরীক্ষায় ফল

১৯৩৮ সালের আন্তর্জাতিক অডিট এণ্ড এ্যাকাউণ্টস্ সার্টিফিকেট পরীক্ষার উত্তীর্ণ প্রার্থীর ২০ জনের নাম :—

হরিসুন্দর বসু, কে ঐশ্বিনাথ চক্রবর্তী, আর চৌধুরী, কে মহাপাত্র, ঐ নাথ, কে আর ভাইবাদি, আবদুল হাফিজ, আর অন্নদাপ্রসাদ, বি সি ব্যানার্জি, পাহ মাহবুব মুখার্জি, বি কে মাহেশ্বরী, ডি কে ভাদুড়ীয়া আয়ার, এস এস আনুর, মুরারিজ চন্দ্র, অমরীশ-প্রসাদ আগেরর, কি এ আয়ার, মহম্মদ অমরর, ঐ আর নরহরি, কে এস নারায়ণ আয়ার, জ্যোতিস্বরূপ গুপ্ত, এস আনন্দীরাম, বালসুব্রহ্মণ্যম, নরীরাজ, ভগবানকুমার লাল, বিভিন্নচন্দ্র চক্রবর্তী, রমেশচন্দ্র বিশ্বেশ্বরী, জ্ঞানিক বাজোরা, অমরীশ-নারায়ণ ঝোরলা, এস সি মুকর্জী, কি নরসিংহ আয়ার, এম কে ভেঙ্কটেশ্বর, কি মহাদেবন, ভেঙ্কেশ্বর বাসান, ইমামুদ্দিন আহমদ শেখ, কি এস রেড্ডিয়ারী, কি এস নিয়ে, সি এস মহাদেবন আয়ার, এস রামকৃষ্ণন, কি নরসিংহি, কে রামাচারি, সি সি ঐশ্বিনাথ, এস আর নরসিংহ, এস কে ইয়ার, এ বালসুব্রহ্মণিয়ন, সুরেন্দ্র নারায়ণ, কে এস বিশ্বাস, রবিবিনন্দন আহীর, সুন্দরম ফোনী, এস এ বাবলু, ঐ ভেঙ্কটেশ্বর আয়ার, কে এস পাণ্ডারিজি ও ঐ সি শ্রীনিবাসন।

বাংলার জনস্বাস্থ্য

বাংলার জনস্বাস্থ্য সম্বন্ধে যেসব পারিপার্শ্বিক বিষয়, এসোসিয়েশন এক হিসাব প্রকাশ করিয়াছেন। সরকারী হিসাবে দেখা যায় অনেকদিন মৃত্যু-সংখ্যা পূর্ববর্তী যে কোনো বৎসরের সংখ্যা ছাড়াইয়া গিয়াছে। গত বৎসর মাসে মৃত্যুসংখ্যা সমস্ত বাংলায় সমস্ত ও অনেকে ফোনে যথাক্রমে ৩৩ হাজার ২ শত ৪৭ ও ৩ হাজার ৮ শত ৯৪ জন আক্রান্ত হইয়াছে। গত অক্টোবর মাসে অনেকের আক্রান্ত রোগীর সংখ্যা সর্বাপেক্ষা বেশী হয়—ঐ মাসে মোট ৩১ হাজার ৩ শত ৫৩ জনের অনেকে হইয়াছে।

বা মোহনের বন্যা প্রতিরোধের পরিকল্পনা

১৯ই মে তারিখের অমৃতবাজার এক সংবাদে প্রকাশ যে, বাহাদের মহান বন্যা প্রতিরোধ কমিটির উদ্যোগে এক পরিকল্পনা প্রস্তুত-করা হইয়াছে। এই সম্পর্কে খুব মাসের প্রথম দিকে এক সম্মেলন আহ্বান করা হইয়াছে। অনুমানটির শাসন পরিষদের প্রয়োজন তা আবেদনের এবং আসন সরকার ও আশা সরকারের সেচ বিভাগের বিশেষজ্ঞগণ উহাতে যোগদান করিবেন। সকল ধারিতে পারে যে, আসন সরকার বাহাদুরের বীর সাহসের উদ্যোগে গত বৎসর কিছু কম বাংলা সরকারের ৩৩ এক কোটি টাকা খরচ করেন।

সস্তা ছাপানী কাই আমদানীর ব্যবস্থা

বাংলা সরকারের এক ঘোষণাতে প্রকাশ, এপ্রিল মাসের শেষার্ধে যে পরিমাণ সস্তা ছাপানী কাই আমদানীর ব্যবস্থা হইয়াছে তাহা সন্তোষজনক। বেহিসী-পুর জেলা হইতে সস্তা ছাপানী কাই আমদানীর ব্যবস্থা প্রায় সম্পূর্ণ হইয়াছে। এজন্যেতে প্রতি মাসে ৫০টি ভাগাবের সংখ্যাবস্থা করা হইয়াছে। বর্তমানে ছাপানী কাইয়ের দাম প্রতি মণ ৩০ হইতে ৪ টাকার মধ্যে। যে সস্তা ছাপানী কাই আমদানী করা হইবে তাহা আমদানীকারের নিকট ১।০ দরে বিক্রয় করা হইবে এবং সাধারণ ক্রেতার নিকট ১৫/০ দরে বিক্রয় করা হইবে।

বাংলার দুর্ভিক্ষ সম্বন্ধে তদন্ত

গত বৎসর বাজারদর সম্বন্ধে আলোচনার সময় আইনসভার বাজেট পরিষদে যে প্রস্তাব গৃহীত হয় তদনুসারে আসন সরকার বাংলার দুর্ভিক্ষ সম্পর্কে তদন্ত করিবার জন্য এক কমিশন গঠনের ব্যবস্থা করিতেছেন বলিয়া জানা গিয়াছে। প্রস্তাবটিকে আইনের দাবাভাব এক বিশেষ করিয়া বাংলার দুর্ভিক্ষ সম্পর্কে তদন্ত করার জন্য উপযুক্ত সময়ে এমনটি তদন্ত কমিটি গঠন করার কথা ছিল। প্রস্তাবে

মাইকা ও মাইকানাইট।

এমেলের মতলব অঞ্চলে যে সব ছোটখাটো ব্যাঙ্ক ও মহাজনী-প্রতিষ্ঠান টাকা লেনদেনের কাজ করিতেছে রিজার্ভ ব্যাঙ্ক প্রতিষ্ঠার পর হইতে তাহাদিগকে ঐ ব্যাঙ্কের আওতায় আনিয়া উহাদিগকে সকল রকমে শক্তিশালী করিবার কথা উঠিয়াছে। রিজার্ভ ব্যাঙ্কের সহিত যুক্ত থাকিয়া উহাদের পরামর্শ ও নির্দেশ অনুযায়ী যদি উহারা উহাদের কার্যধারা সংযত করিবার সুযোগ পায় তবে প্রাচীন যুগের ঐ সব ব্যাঙ্কিং প্রতিষ্ঠান হইতে ক্রমান্বয়ে ক্রেডিট প্রতিষ্ঠানের সুযোগ হইতে পারে। কিন্তু রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষ ঐ রকমের প্রস্তাব কার্যকরী করা সম্পর্কে আজ পর্যন্ত কোন আগ্রহ দেখাইতেছেন না। মিঃ বানর্জি তাঁহার বক্তৃতায় অতীত ক্ষেত্রের সহিত সে বিষয়টির উল্লেখ করিয়াছেন। তিনি বলিয়াছেন, কি ভাবে মফস্বল অঞ্চলের ছোটখাট ব্যাঙ্ক ও মহাজনী প্রতিষ্ঠানসমূহকে রিজার্ভ ব্যাঙ্কের আওতায় আনা যায় তদ্বিষয়ে ঐ ব্যাঙ্ক কয়েক বৎসর পূর্বে একটি রিপোর্ট প্রকাশ করিয়াছিলেন সত্য, কিন্তু উহাতে যে সব সর্ত করা হইয়াছিল তাহা অনেক প্রতিষ্ঠানের পক্ষেই যথাযথ মানিয়া লওয়া সম্ভব হইতেছে না। রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষ জানাইয়াছিলেন যে, কেন্দ্রীয় ব্যাঙ্কের সহিত যুক্ত হইয়া দেশে টাকা লেনদেনের কাজ চালাইতে হইলে সাধের শ্রেণীর প্রতিষ্ঠানসমূহকে অনুমিত প্রণালীতে হিসাব-নিকাশ রক্ষা করিতে হইবে, মূলধারী কারকারবার বন্ধ করিতে হইবে এবং অন্য কোন রকমের কারকারবার যাহাতে পৃথকভাবে রক্ষা করিতে হইবে। হিসাব-নিকাশ রক্ষা ও মূলধারী কারবার পরিহার করার নির্দেশ কোন দিক দিয়া অসঙ্গত নহে, শ্রেণীর প্রতিষ্ঠানসমূহ তাহা যথাসময় মানিয়া লইতেও প্রস্তুত আছে। কিন্তু অসুবিধা দাঁড়াইয়াছে যাহাতে তাহা তাহাদের হিসাবনিকাশ অন্যান্য ব্যবসা পরিহার করিবার কথা লইয়া। শ্রেণীর ব্যাঙ্ক প্রতিষ্ঠানসমূহের মধ্যে অনেকে স্পষ্টভাবে জানাইয়াছে যে, রিজার্ভ ব্যাঙ্কের আওতায় আসিবার জন্য তাহারা তাহাদের ব্যাঙ্কি লাইসেন্স কাজকারবার পৃথক করিয়া দেখাইতে প্রস্তুত আছে। তবে সেজন্য অন্যান্য রকমের কাজকারবার অবিলম্বে তাহারা একেবারে পরিহার করিতে পারে না। এই রকমের দাবী অসঙ্গত নহে, কিন্তু রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষ তাহা, মানিয়া লইতে প্রস্তুত নহেন। তাহাতেই মফস্বল অঞ্চলের ছোটখাট ব্যাঙ্ক ও মহাজনী-প্রতিষ্ঠানসমূহকে রিজার্ভ ব্যাঙ্কের আওতায় আনিবার প্রস্তাব এখন পর্যন্ত কার্যকরী হইতেছে না। মিঃ বানর্জি রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষের এই শ্রেণীর মনোভাব সর্বথা আপত্তিকর বলিয়া মন্তব্য করেন এবং অবিলম্বে সৌজন্যমূলি পরিহার করিয়া দেশের কল্যাণের জন্য তাঁহাদিগকে সত্বর উপযোক্ত বিষয়ে একটা সুব্যবস্থা করিতে অনুরোধ করেন। মিঃ বানর্জির এই সমস্ত যুক্তিযুক্ত মন্তব্য ও নির্দেশ রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃপক্ষের পক্ষে আমরা সর্বথা বিবেচনার যোগ্য বলিয়াই মনে করি।

বিউগ্লোলাতে খাদ্য-অভাবের ঘর

১৯৪৩ সালের ফেব্রুয়ারী মাসে প্রকাশিত 'বিউগ্লোলা ডেলি নিউজ' পত্রে প্রকাশ যে, তখন আমি এমন অনেক আত্মীয়-স্বজনের ঘর দেখে আসছি যেখানে দিন, সেইদিনই আছে। ঐ আমাদের খাদ্য হইতেছে—চা, আটা, মাখন, পনীর, দুধ, ডিম, ফলমূল এবং মাংস।

সেভিংসের হার হ্রাসের প্রশ্ন

১৯৪২ সে তারিখে অনুষ্ঠিত সভায় মিঃ আবেদকর প্রশ্ন করা হয় যে, সরকারী কর্মচারীদের সেভিংসের হার বৃদ্ধির জন্য কোন সভায় যে সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে, সে সম্বন্ধে তিনি ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া তাহাদের অনুরোধ জানান প্রয়োজন করার সুপারিশ করিয়াছেন কি না। ইহার উত্তরে মিঃ আমেরি জানান যে, তিনি এ বিষয়ে ভারত সরকারের সহিত আলাপ-আলোচনা চালাইতেছেন।

ক্ষত চিকিৎসার নূতন ঔষধ

ঔষধ আবিষ্কার যুদ্ধ আরম্ভের পর হইতেই বিভিন্ন দেশবাসীদের নিকট হইতে একটী বৃহত্তর ঔষধ আসিয়াছে। আমরা যাহা প্রথম আলোচনা ঔষধ দেখাইতে বিলম্ব হইয়াছে, সেখানে 'সালফিনিল' নামক আমাদের ঔষধটী আসিয়াছে। অবশ্য পুঁজ জন্মানোর এই ঔষধ ভাল নয়; ইহার বীজাণু-মারক ক্ষমতার অভাবই নাই। ইহা প্রয়োগে আশু ফোড় হয় না। অতি মৃদু মানুষদের পক্ষে ইহা ভাল। মেথিলিন ব্লীউ ইহা মুসলমান ঔষধারী অতি সামান্য ঔষধ; কিন্তু সালফিনিলের মত উহা প্রচুর পরিমাণে ও সহজে প্রস্তুত করা সম্ভব নয়।

কেরোসিন ও কয়লা

কেরোসিন সরবরাহের কোনো ব্যবস্থা এখনও না হওয়ায় বাংলাদেশে পরিষদ সমিতি অসামরিক সরবরাহ বিভাগের নিকট মত প্রকাশ করিয়াছেন যে, পাইকারীভাবে মুনাফার মত কেরোসিনের অতিরিক্ত মূল্য-ব্যবস্থা প্রবর্তন করা উচিত। ফোক কয়লার সরবরাহের অভাব সমিতি ঐরূপ ব্যবস্থা করিতে বলেন। সমিতি সরকারকে জানাইয়াছেন, পাম্পিং কিরোসিন তৈলের সমস্ত ভাগ যেন কৃষি সমস্ত ব্যবহার করেন না—তাঁহাদের মধ্যে ভাগে; এই সব তৈলের সমস্ত অভাবে তাঁহাদিগকে বিশেষ অগ্রাধিকার ভোগ করিতে হইতেছে। সমিতি বলেন, সরকারের তৈলের সমস্ত অনুযায়ীর ব্যবস্থা করা উচিত।

যুদ্ধপ্রচেষ্টার গুরু

'বিহার হেরাল্ড' পত্রে প্রকাশ, যুদ্ধপ্রচেষ্টে ৮৯ লক্ষ মণ কয়লা ও অন্যান্য উৎপাদকদের নিকট অতিরিক্ত অবস্থায় পড়িয়া রহিয়াছে।

কলিকাতা ২২৩০ (৭ই মাইল)

আপনার জন্য আমরা কি কি করিতে পারি—

- যেকোনো হিসাব খোলা আমরা;
  কোম্পানীর কাগজ, শেয়ার ইত্যাদি ক্রয়-বিক্রয়;
  দানপত্রাদি খালাস করা, আদায়ের ব্যবস্থা করা, ডাকাদি বেতরা এবং ঐরূপ কাজের ভারও গ্রহণ করা;
  ইনসিওর্ড, টেলিফোন, খাদ, ট্রাস্ট ইত্যাদির বিল প্রতিমাসে দেওয়া;
  যুদ্ধ-সম্পর্কিত ইত্যাদির (এজেন্সী এগুলি) ব্যবস্থাদান করা;
  মূল্যবান্ দ্রব্যাদি, অলঙ্কারাদি হিসাবে রেখে দেওয়ার ব্যবস্থা;
  অর্থ, দুর্ঘটনা, জীবন-বীমা ইত্যাদি সম্পর্কে পরামর্শ দেওয়া;
  বিদেশিকভাবে টাকা পাঠানোর ব্যবস্থা করা;
  ব্যবসা-বাণিজ্যাদি সম্পর্কে পরামর্শ ও সৌজন্যমূলক দেওয়া;
- ৫৲ টাকা জমা দিয়াই সেভিং ব্যাঙ্কের হিসাব খোলা যায় (চেক টাকা উঠান যায়)।
- মাত্র ১০০৲ টাকা জমা দিয়াই চলতি হিসাব খোলা যায়।

হুগলী ব্যাঙ্ক লিমিটেড
১নং রয়েল এক্সচেঞ্জ প্লেস
হেড অফিস :—৩৩নং ধর্মতলা ষ্ট্রীট, কলিকাতা।

ক্যালকাটা কম্যার্শিয়াল ব্যাঙ্ক লিঃ

১৫, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা।
উপার্জন করা সহজ কিন্তু সঞ্চয় করা কঠিন
আপনি যদি নিয়মিত মাসিক ১০০ টাকা হইতে ১০০৲ টাকা জমা রেখে, তবে আমরা আপনাকে ভাল রকম সুদের সঙ্গে সাহায্য করিতে পারি। আপনার এই জমা অর্থ নানান হইতেছে পর পর পাঁচ বছর পরে আপনার এই পাঁচ বছরের পরিমাণ টাকার চেয়ে এক হাজার টাকা বেশি পাবেন।
সঞ্চয়ের ভার আমাদের। সেই আনন্দ পরিমাণ মূলধনে আপনাকে আমরা সর্বপ্রকারে সাহায্য করিতে প্রস্তুত আছি।
অধিক অর্থই প্রকৃত অধিক অর্থ
ম্যানেজিং ডিরেক্টর।—এই কথা।

৫০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন অভিজ্ঞ প্রতিষ্ঠান

অক্ষয় কুমার লাহা

১৯৮, ধর্মতলা ষ্ট্রীট, কলিকাতা

কন্টিনেন্টাল ব্যাঙ্ক

অফ এশিয়া লিঃ

হেড অফিস—১২, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা

ফোন : ক্যাল ৪৮৯৭

পৃষ্ঠপোষক—আচার্য্য প্রফুল্লচন্দ্র রায়

শাখাসমূহ

বাগীহাট, (কলিকাতা), ঢাকা, মিরকাদিম, লৌহজঙ্গ, নারায়ণগঞ্জ, গোপালদি (ডাক), নলছড়িয়া, বাগেরহাট (খুলনা), খুলনাসহর (ষ্ট্রীট), শিলং, (আসাম), চট্টগ্রাম (বন্দর) ও ডেলো (দার্জিলিং)।

ব্যাঙ্ক সংক্রান্ত সর্বপ্রকার কাজকারবার করা হয়।

রঙীন কল্পনা

আজিকার এই উন্নত বিজ্ঞানের যুগে বিদেশ হ'তে আমাদের অনেকেই এমন কোনো স্থায়ীর চরমার আশা দুরাশা, কাল একটিও কিনে দেখলে খুব আমাদের পোষাই আসেনি।

কিন্তু আমাদের যে সব সৈনিক আজও হ'য়ে পড়ে আছে, যারা শত্রুর হাতে বন্দী হ'য়ে নিদারুণ দুর্বিষহ জীবন কাটাচ্ছে, তারা কোন্ আশা নিয়ে বেঁচে থাকবে?

তাছাড়াও এই সব লোকদের সর্বদাই যুদ্ধ ক্ষেত্রে থাকতে হয়তবিন না তারা নিজের নিজের বাড়ীতে আপনজনের কাছে ফিরে যেতে পারে।

এই সেবাকার্য্য চালাবার জন্য যে প্রচুর অর্থের প্রয়োজন আপনারা তার সাহায্যার্থে মুক্ত হস্তে দান করুন; সমুদ্রের পারে সৈনিকদের জন্য আমাদের সহস্র আমাকাপড়, আহার্য্য ও হাসপাতালের সরঞ্জাম পাঠিয়ে চলতেই হবে।

দয়া করে আপনার নিয়মিত সাহায্য নিম্ন ঠিকানায় পাঠান:

আঞ্চলিক কোষাধ্যক্ষ, ভারতীয় রেডক্রশ,

ইম্পিরিয়াল ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া,

ষ্ট্রাণ্ড রোড, কলিকাতা।

ভারতীয় রেডক্রশ

বাংলার প্রতি আবেদন

আর্থিক জগতের নিয়মাবলী

(১) 'আর্থিক জগৎ' প্রতি সোমবার প্রকাশিত হয়।

(২) ইহার প্রতি সংখ্যার মূল্য তিন আনা, বার্ষিক মূল্য ডাকমাশুল সহ ৯৲ টাকা এবং ষাণ্মাসিক মূল্য সডাক ৪৷৷০ আনা। ছয় মাসের কম গ্রাহক করা হয় না। কোন সংখ্যা না পাইলে ১৫ দিনের মধ্যে জানাইতে হইবে, নতুবা আর পাওয়া যাইবে না।

(৩) গ্রাহকগণ কোন বিশেষ তারিখ নির্দ্দেশ না করিলে যে সপ্তাহে পত্রিকার মূল্য পাওয়া যায় সেই সপ্তাহ হইতে কাগজ পাঠান হয়।

(৪) নমুনা চাহিয়া পাঠাইলে তাহা বিনামূল্যে প্রেরিত হয়।

(৫) সম্পাদকীয় বিভাগ ব্যতীত টাকাকড়ি এবং অন্য সমস্ত বিষয়ের ব্যবস্থার জন্য, 'আর্থিক জগৎ', ১২১৷১ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা এই ঠিকানায় প্রেরিতব্য।

নিবেদক—
ব্যবস্থাপক,
আর্থিক জগৎ।

ফোন—কলিকাতা ৩৪৮২ ১২১৷১ বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

আদর করেই কি কর্ত্তব্য শেষ হোল?

ছেলের শিক্ষা, মেয়ের বিবাহ, সংসারের অনটন, আপনার প্রিয়জনের ভবিষ্যতের সুখ ও শান্তি—এ সবের কি উপায় করেছেন? সুখের সংসার হঠাৎ দুঃখের হ'লে আজই তার ব্যবস্থা করুন। আমরা এ সম্বন্ধে বিশেষই আপনাকে সাহায্য করতে পারি।

ন্যাশন্যাল

ইন্সিওরেন্স কোম্পানী লিমিটেড

নং ক্যাসিল ষ্ট্রীট, কলিকাতা।

ফোন : ক্যাল : ৫৭২৬ N.I.T.I

আমাদের তৈরী

রবারের ব্রাশ
হট ওয়াটার ব্যাগ
আইস ব্যাগ
এয়ার রিং ও কুশন
স্যাওয়া ডয়া বালিস
আসরী বস্তমা ও এপ্রন ইত্যাদি

আমাদের তৈরী

ডাক্‌ব্যাক্

ওয়াটারপ্রুফের মতই
অন্যের সর্বত্র সমাদৃত

বেঙ্গল ওয়াটারপ্রুফ
ওয়ার্কস (১৯৪০) লিমিটেড

ঠিক যেমনটি চান

এম. বি. সরকার এণ্ড সন্স

লিলি বিস্কুট কোং কলিকাতা

শিশু ও রোগীর একাধারে পথ্য ও পানীয়।

সংবাদ আষাঢ়, কলিকাতা—আশ্বিন ১৩৫৮ হইতে শ্রীবসন্তকুমার ভট্টাচার্য্য কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

আর্থিক জগৎ

ARTHIK JAGAT

ব্যবসা-বাণিজ্য-শিল্প-অর্থনীতি বিষয়ক সাপ্তাহিক

সপ্তম বর্ষ] Monday, 29th May, 1944 সোমবার, ১৫ই জ্যৈষ্ঠ, ১৩৫১ [৫ম সংখ্যা

আয় ও আয়ু

অর্থের আয়ু লইয়া কেহ কখনও মাথা ঘামায় নাই,—আয়ের অনিশ্চয়তা মানুষের চিন্তিত রাখে না, আয়ের পরিমাণ চিন্তাকর্ষীও নয়। তাহাই আয় ও আয়ু বাড়িলেই অধিকাংশের অর্থ সম্বন্ধে চিন্তা প্রায়শঃই কর্তব্যে; জীবন বীমা দ্বারা এই সমস্যা সমাধান যেমন সুবিধাজনক, তেমনি লাভজনকও বটে।

এই কর্তব্য সম্পাদনে সহায়তা করিবার জন্য হিন্দুস্থানের অভিজ্ঞ কর্মীরা আপনার নির্দেশের অপেক্ষায় আছে। কোন অফিসে পত্র লিখিলে বা দেখা করিলে আপনার উপযুক্ত বীমাসম্বন্ধে পরামর্শ পাইবেন।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটি লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস : কলিকাতা

দাশ ব্যাঙ্ক লিমিটেড্

১-১, ক্লাইভ ঘাট, কলিকাতা।

নোয়াখালী ইউনিয়ন ব্যাঙ্ক লিঃ

হেড অফিস :—১০, ক্লাইভ ঘাট, কলিকাতা

অন্যান্য কলিকাতা অফিস—

মানীগঞ্জ, ভবানীপুর, বড়বাজার ও শ্যামবাজার

অন্যান্য শাখাসমূহ

ঢাকা, বিক্রমপুর, নারায়ণগঞ্জ, নোয়াখালী, নোয়াপুর, চৌমুহনী, চাঁদপুর, পুরানবাজার, বেলী, ফুলতলা, বরদাখাদুর, তলসাইডিহি, বর্দ্ধমান, রিয়াসত, গৌরডাঙ্গা, পুর্বিয়া, পাটনা, মোজফর, আরা, রাঁচী, ভাগলপুর, জামসেদপুর।

লণ্ডন শাখা খোলা হইয়াছে।

কার্য্যকরী তহবিল—১,৫০,০০,০০০৲ এক কোটি টাকার উপর

এজেন্সী ভারতের সর্ব্বত্র বড় বড় ব্যবসাকেন্দ্রে

ম্যানেজিং ডিরেক্টর :—মিঃ এস সি পাল।

দি হিন্দুস্থান সল্ট ওয়ার্কস লিমিটেড

কলিকাতা

হেড অফিস—৩১ আমহার্ষ্ট রো।

ফ্যাক্টরী—ডায়মণ্ডহার্বার, মুন্সরহাট।

শ্রীসুরেশ্বর ঘোষ

ম্যানেজিং এজেন্টস্,

মেসার্স—ঘোষ্লার্স এজেন্সী।

উন্নতিশীল বীমা কোম্পানী

আর্য্যস্থানে

বীমা করিয়া

ব্যবসায়ে লাভের টাকার সংস্থিতি ও আয়করের গুরুভার লাঘব করুন।

হেড অফিস

আর্য্যস্থান ইনসিওরেন্স বিল্ডিং

১৮, চিত্তরঞ্জন এভিনিউ

কলিকাতা।

এম্পায়ার অব্ ইণ্ডিয়া লাইফ

এসিওরেন্স কোম্পানী লিমিটেড

স্থাপিত—১৮৮৩ সাল

●

—উন্নতির পরিচয়—

সম্পত্তির পরিমাণ	৬,৩০,০০,০০০৲ টাকার উপর
চলতি বীমার পরিমাণ	১৩,৪৯,০০,০০০৲ টাকার উপর
দাবী শোধ	৮,৩৮,৫০,০০০৲ টাকার উপর

বর্ত্তমান অতিরিক্তকর সময়ে জীবন বীমার পলিসি ক্রয় করা আপনার পক্ষে অত্যাবশ্যক, কারণ পরিবর্ত্তনশীল জগতের বহুবিধ দুঃখ দুর্দ্দশায় ইহাই আপনাকে একমাত্র রক্ষা করিতে পারে।

ডি, এম, দাস এণ্ড সন্স লিঃ

হেড এজেন্টস্

বাংলা, বিহার, উড়িষ্যা ও আসাম

১৮, ডালহৌসি স্কোয়ার, কলিকাতা।

সাদার্ণ ব্যাঙ্ক লিঃ

হেড অফিস :—১৫, ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতা। ফোন কলি: ৪৯৮৮

ব্রাঞ্চ—বড়বাজার, ভবানীপুর, শ্যামবাজার, বালিগঞ্জ, বেলেঘাটা, খুলনা।

পাটনা ব্রাঞ্চ :—সোনার রোড, বাঁকীপুর।

সুদের হার

কারেণ্ট—১% সেভিংস—২%

ফিক্সড ডিপোজিট—৩% হইতে ৪% পর্য্যন্ত

সুবিধাজনক সর্ত্তে টাকা ধার দেওয়া হয় ও সকল প্রকার ব্যাঙ্কিং কার্য্য করা হয়।

ডাঃ অমলকুমার রায়চৌধুরী, এম-ডি, ম্যানেজিং ডিরেক্টর।

একটী জাতীয় প্রতিষ্ঠান

দি সিন্ধিয়া ষ্টিম নেভিগেশন

কোং · লিঃ

ভারতের জাহাজ শিল্পে, মাল ও যাত্রী বহনকার্য্যে,

ভারতের উপকূল বাণিজ্যে এই প্রতিষ্ঠানই অগ্রণী।

ভাড়া ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়ের জন্য

নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন—

কলিকাতা ম্যানেজার,

৭, ওয়েলেসলী প্লেস, কলিকাতা।

বাংলার বস্ত্র শিল্পের

অগ্রদূত

মোহিনী মিলস্ লিঃ

এই মিলের

বস্ত্রাদির জনপ্রিয়তার কারণ

ব্যবহারেই বোধগম্য হইবে।

১নং মিল	২নং মিল
কুষ্টিয়া (নদীয়া)	বেলঘরিয়া (২৪ পরগণা)

ম্যানেজিং এজেন্টস্ :—

চক্রবর্ত্তী সন্স এণ্ড কোং

পোঃ কুষ্টিয়া বাজার (নদীয়া)

টেলিগ্রাম "প্রবর্ত্তক" স্থাপিত—১৯২৯ ফোন: বি, বি ৪১৮

প্রবর্ত্তক ব্যাঙ্ক লিঃ

চেয়ারম্যান—শ্রীযতিলাল রায় (প্রবর্ত্তক সঙ্ঘ প্রতিষ্ঠাতা)

হেড অফিস—৬১, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

শাখা :—চন্দননগর, চট্টগ্রাম, সিরাজগঞ্জ ও রাজসাহী।

চলতি ও সেভিংস হিসাবে সুদ যথাক্রমে ।৷০ আনা ও ২৷৷০ টাকা।

ক্যাশ সার্টিফিকেট—প্রতি ২১৷০, ৪০৲, ৮৩৲ ও ৮৩০৲ টাকায় তিন বৎসরে যথাক্রমে ২৫৲, ৫০৲, ১০০৲ ও ১০০০৲ টাকা পাওয়া যায়।

স্থায়ী আমানত, প্রভিডেণ্ট ফাণ্ড, ওভারড্রাফ্ট ও লোন সম্বন্ধে বিবরণ পত্র লিখিলেই জানান হয়।

সুবিধাজনক সর্ত্তে সেয়ার ও কোম্পানীর কাগজ ক্রয়বিক্রয় করা হয়।



ফোন—কলিকাতা ৩৪৩৭ পূর্বাভাস—১২১ নং ধর্মতলা ষ্ট্রীট

আর্থিক জগৎ

ARTHIK JAGAT

ব্যবসা-বাণিজ্য-শিল্প-অর্থনীতি বিষয়ক

সাপ্তাহিক পত্রিকা

সম্পাদক—শ্রীযতীন্দ্রনাথ ভট্টাচার্য্য

পঞ্চম বর্ষ | কলিকাতা, ১৯শে মে, সোমবার, ১৯৪৪ | ৫ম সংখ্যা

বিষয় সূচী

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
সাময়িক প্রসঙ্গ	২০৫—৫	আর্থিক দুনিয়ার খবরাখবর	২১০—১০
রাজনৈতিক প্রসঙ্গ	২০৬	পুস্তক পরিচয়	২১১
উদ্বৃত্ত ষ্টার্লিং ও তাহার তবিষ্যৎ	২০৭	কোম্পানী প্রসঙ্গ	২১১
ভারত চীনের ব্যাঙ্ক	২০৮	বাজারের রাজকাজ	২১২-১০

সাময়িক প্রসঙ্গ

আন্তর্জাতিক মুদ্রানীতির নূতন পরিকল্পনা

বৃটেন ও আমেরিকার বিশেষজ্ঞরা সম্প্রতি যুক্তভাবে আন্তর্জাতিক মুদ্রানীতির যে নূতন পরিকল্পনা উপস্থিত করিয়াছেন ইতিপূর্ব্বে আমরা তৎসম্পর্কে মোটামুটিভাবে আলোচনা করিয়াছি। যুদ্ধোত্তর পুনর্গঠন সম্পর্কে ভারতীয় অর্থনীতিবিদদের যে পরামর্শ সমিতি গঠিত হইয়াছে সম্প্রতি সেই সমিতির এক বৈঠকে এই পরিকল্পনা লিয়া আলোচনা হইয়াছে। ভারত সরকারের অস্থায়ী অর্থসচিব মিঃ সি ই জোন্স উহাতে এক বক্তৃতায় নূতন পরিকল্পনাটির বিশেষত্ব বর্ণনা করিয়াছেন। তিনি বলেন, সকল প্রকার অবান্তর ও অবাঞ্ছিত বিষয় বাদ দিয়া নূতন পরিকল্পনাটিকে যথাসম্ভব simple বা সরল করিয়া তোলা হইয়াছে। আন্তর্জাতিক মুদ্রা-বিনিময় ও লেনা-পাওনা সুনিয়ন্ত্রণের মূল উদ্দেশ্য সাধনের পক্ষে যে সব বিধি-নিষেধ একান্ত প্রয়োজন কেবল সেই সমস্ত প্রবর্ত্তন করার উপরই জোর দেওয়া হইয়াছে। ফলে আন্তর্জাতিক লগ্নি (International investment) নিয়ন্ত্রণ ও বিভিন্ন দেশের বৃহৎকালীন উদ্বৃত্ত (war balances) বিষয় সম্পর্কে পূর্ব্বে যে সব বিধিব্যবস্থার কথা উঠিয়াছিল বর্ত্তমান পরিকল্পনা হইতে তাহা একেবারে বাদ দেওয়া হইয়াছে। মিঃ সি ই জোন্স বলিয়াছেন, বর্ত্তমান তীব্রতর যুদ্ধের বিভিন্ন দেশের পক্ষে এরূপ ব্যবস্থা হয় সেরূপ উহার উদ্যোক্তারা নানা বিষয়ে অনেকগুলি বিশেষ সুযোগ-সুবিধা প্রদানের সঙ্কল্প করিয়াছেন। উহা বর্ত্তমান পরিকল্পনাটির দ্বিতীয় বিশেষত্ব বলা চলে। দৃষ্টান্তস্বরূপ তিনি বিভিন্ন দেশকে বাট্টার হার পরিবর্ত্তন সম্পর্কে শতকরা ১০ ভাগ পরিমাণে সুবিধা প্রদানের কথা, সংঘবদ্ধ জোটভুক্ত দেশ-সমূহের পক্ষে মেয়াদ তিনমাস মাত্র সতকরা ২৫ ভাগ স্বর্ণ দিয়া পরিশোধ করিবার কথা এবং বিভিন্ন দেশের সামাজিক, রাজনৈতিক ও আভ্যন্তরীণ নীতির উপর কোনরূপ হস্তক্ষেপ না করার কথা উল্লেখ করেন। মিঃ সি ই জোন্সের মতে আন্তর্জাতিক মুদ্রানীতির বর্ত্তমান তীব্রতর অবাস্তব বিশেষত্ব হইতেছে উহাতে যোগদান করার ও উহাকে ত্যাগ করিবার স্বাধীনতা।

অস্থায়ী অর্থসচিব মিঃ সি ই জোন্স আন্তর্জাতিক মুদ্রানীতির নূতন পরিকল্পনার বিশেষত্ব প্রদর্শন করিতে গিয়া প্রকারান্তরে উহার প্রশংসা করিয়া ফেলিয়াছেন। তিনি যে ভাবে তীব্রতা বিশ্লেষণ করিয়াছেন তাহাতে simplicity, elasticity and freedom-এর জন্য তিনি তীব্রতাকে সর্ব্বথা সুচিন্তিত বলিয়া মনে করেন বলিয়া মনে হইতেছে। আমরা কিন্তু আন্তর্জাতিক মুদ্রানীতির নূতন পরিকল্পনা পাঠ করিয়া উহাকে সেরূপ সুচিন্তিত বা প্রশংসার্হ বলিয়া মনে করিতে পারি নাই। যে simplicity, elasticity and freedom মিঃ সি ই জোন্সের মতে তীব্রতার প্রধান বিশেষত্ব আমাদের মতে তাহাই হইতেছে উহার বড় অসুবিধা। প্রথমতঃ আন্তর্জাতিক লগ্নি নিয়ন্ত্রণ ও বৃহৎকালীন লেনা-পাওনা মিটাইবার সুব্যবস্থা না করিয়া আন্তর্জাতিক লেন-দেন ও মুদ্রানীতির সমস্যা স্বাধীনভাবে সমাধান করিতে গেলে কোন আশা আমরা দেখিতে পাই না। দ্বিতীয়তঃ মুদ্রা-নীতি ও বিনিময়-নীতি প্রভৃতি সম্পর্কে যে জাতিসঙ্ঘ স্বাধীনতা ও স্বাধীনতা সর্ব্বপ্রযত্নে করিয়া চলার কথা বলা হইতেছে তাহা যথার্থ কথা বলিয়া আন্তর্জাতিক পরিকল্পনার প্রধান উদ্দেশ্য কার্য্যতঃ কতদূর সাধিত হইবে সে বিষয়েও আমাদের মনে যথেষ্ট সন্দেহের অবকাশ আছে। দুনিয়ার বিভিন্ন দেশের রাজনৈতিক স্বাধীনতা ও আর্থিক লাভালাভের মাত্রা সমান নহে, আর তাহারই সুযোগে অধিকতর শক্তিশালী দেশসমূহ ব্যবসা-বাণিজ্যের ব্যাপারে অন্যদের নানাভাবে প্রতারিত করিয়া থাকে। কাজেই এদিক দিয়া জাতিসঙ্ঘের স্বাধীনতা ও স্বাধীনতা প্রয়োজনমত খর্ব্ব করিয়া সকলকে একটা সুনিয়ন্ত্রিত নিয়ন্ত্রণ-নীতির আওতায় না আনিতে পারিলে দুনিয়ার সকল জাতির সর্ব্বাঙ্গীণ কল্যাণের পথ প্রশস্ত করা

কঠিন। অথচ বর্তমান পরিস্থিতিতে উৎপাদিত অতিরিক্ত দুধের যাতে কোন অপচয় না হয় সেদিকে দৃষ্টি দেওয়া একান্ত প্রয়োজন। এ সম্পর্কে কোন চেষ্টা করা হয় নাই। অথচ এই পরিস্থিতির প্রতিকার করা খুব কঠিন নয়, একটু বুদ্ধি খরচ করিলেই হয়।

খাদ্য-শিল্পের জন্য বোর্ড গঠনের প্রস্তাব

এদেশের প্রায়ই সুলভমূল্য শিল্পগুলির মধ্যে খাদ্য-শিল্প অন্যতম। সাধারণ লোকে এই শিল্প দ্বারা দেশে সাক্ষাৎভাবে এক কোটী লোকের জীবিকা নির্ব্বাহ হইত। দুঃখের বিষয় নানা দুর্ব্বিপাকে দেশ দাঁড়াইয়া এই শিল্প আজ অনেক পরিমাণে লোপ পাইয়া পরিণত হইয়াছে। দেশের খাদ্য পরিস্থিতিতে উৎসাহী দৃষ্টি পাইতেছে না। প্রয়োজনীয় দ্রব্য সম্ভার অভাব দিন দিন কঠিন হইয়া পড়িতেছে। অথচ দেশে এই সমস্ত শিল্পের যথেষ্ট সম্ভাবনা আছেই। ফলে গ্রামাঞ্চলে খাদ্য-শিল্পের কাজ পরিচালনা আজ বিপদ্ধ হইয়াই হইয়া দাঁড়াইয়াছে। একটী সুপ্রাচীন ও সুপ্রতিষ্ঠিত শিল্পের এই বিপর্যয় নানা দিক দিয়া দেশবাসীর পরিণতি ডাকিয়া আনিয়াছে। বহু লোক বেকার-দশায় উপনীত হইয়াছে। এই দুর্দিনে খাদ্য-শিল্পের উৎপাদন হ্রাস পাইয়া দেশে খাদ্যের দুষ্প্রাপ্যতা বাড়িয়াছে। এই অবস্থা বেশিদিন চলিতে দেওয়া যায় না। সম্প্রতি ভারত গবর্ণমেণ্ট এবিষয়ে খাদ্য-শিল্পের দুর্দ্দশা দূরীকরণে সচেষ্ট হন নাই। বাস্তবিক পক্ষে, সম্প্রতি ঐ বিষয়ে ভারত গবর্ণমেণ্টের মনোযোগ আকৃষ্ট হইয়াছে এবং তাঁহারা খাদ্য-শিল্পের উন্নতিকল্পে একটী কেন্দ্রীয় খাদ্য-শিল্প বোর্ড (সিমিল ফুড ইণ্ডাষ্ট্রিজ বোর্ড) গঠন করিবার সিদ্ধান্ত করিয়াছেন। ভারতবর্ষে যে কার্পাস তুলা প্রস্তুত হয় তাহার কি পরিমাণ দেশ প্রয়োজনের তুলনায় অধিক বা কম হইবে উক্ত বোর্ড তাহা স্থির করিবেন। তদ্ভিন্ন তাহারা যাহাতে রং, ঔষধ ও অন্যান্য উপকরণ সহজে ও যথোপযুক্ত পরিমাণে পায় সে বিষয়ে বিধিব্যবস্থা অবলম্বন করিবার জন্য উক্ত বোর্ড গবর্ণমেণ্টকে পরামর্শ দিবেন। অধিকন্তু খাদ্য-শিল্পের উৎপন্ন বৃদ্ধি করে উঁহারা পরিকল্পনা চালাইবেন। এই বোর্ড গঠন সম্পর্কে প্রাদেশিক গবর্ণমেণ্টসমূহের ও বণিক প্রতিষ্ঠানসমূহের মতামত আহ্বান করিয়া গবর্ণমেণ্ট সম্প্রতি এক ইস্তাহার প্রচার করিয়াছেন। ঐ মতামত পাওয়া গেলে খাদ্য-সচিব সভব বোর্ডটী গঠন করা হইবে বলিয়া প্রকাশ।

খাদ্য-শিল্প সম্পর্কে ভারত সরকারের এত অল্প দুই তিন বৎসর পূর্ব্বে গবর্ণমেণ্ট একটী তদন্ত কমিটী নিয়োগ করিয়াছিলেন। বহু-পূর্ব্বে ঐ কমিটী তাঁহাদের রিপোর্ট পেশ করিলেও গবর্ণমেণ্ট তাঁহাদের সুপারিশ অনুযায়ী খাদ্য-শিল্পের সঙ্কট দূর করিবার জন্য কোন ব্যবস্থা অবলম্বনে আজও সচেষ্ট হন নাই। এই বিষয়ে বহিরাগত কোন সংস্থাকে উঁহারা এ বিষয়ে সহায়তা করিবার এখন একটী বিশিষ্ট ভারত খাদ্য-শিল্প বোর্ড গঠন করিয়া তাহার মারফতে খাদ্য-শিল্পের উন্নতি বিধানের সঙ্কল্প করিয়াছেন, ইহা সুখের বিষয়।

দুগ্ধ-সমস্যা

কলিকাতার দুগ্ধ-সমস্যা সম্পর্কে অর্থনীতিবিদ্ দেশের অধিবাসী ডাঃ এস ইউ আমেদ সম্প্রতি যে বিবৃতি বিতরণ করিয়াছেন তাহা বাস্তবিক বিশেষ আশঙ্কাজনক বলা চলে। মানুষের জীবন-ধারণের পক্ষে দুধ একটী অত্যাবশ্যকীয় খাদ্য। শিশু ও রোগীদের পক্ষে উহা একটী মূল্য অবলম্বন। কিন্তু কলিকাতা সহরে এই জিনিষটীর অভাবই দেখা যাইতেছে। ডাঃ আমেদ তাঁহার বিবৃতিতে বলিয়াছেন, কলিকাতা সহরের লোকসংখ্যা যেরূপ অধিক তাহাতে এই সহরে লোকের পারীবারিক পুষ্টির জন্য অন্ততঃ প্রতিদিন ২০ হাজার মণ দুধের যোগান প্রয়োজন। কিন্তু এই সহরে সাধারণ সময়ে ৫।৬ হাজার মণের বেশী দুধের যোগান পাওয়া যায় না। এই দুধের অধিকাংশ বিকটবর্ত্তী অঞ্চল হইতে আসে। বাকী অর্দ্ধেক সহরেই উৎপন্ন হয়। যে অল্প পরিমাণ দুধ পাওয়া যায় তাহা যদি খাঁটী হইত তবুও দুধের অভাব অনেকটা পরিপূরিত হইত। কিন্তু বর্তমানে সেদিক দিয়াও একটা বিশেষ গলদ হইয়াছে। ডাঃ আমেদ বলিয়াছেন, গত ১৯৪১-৪৩ সালে কলিকাতার সরবরাহকৃত দুধের ১১২ নমুনা পরীক্ষা করিয়া দেখা হইয়াছিল। তার অধিকাংশ নমুনায় ৩৫ ভাগ ফেটেই দুধ ভেজাল বলিয়া প্রমাণিত হইয়াছিল। এতে কম যোগান, তাহার উপর ভেজালের এই অত্যাচার। তাহেই দুধের মত একটী প্রধান খাদ্য সম্বন্ধে কলিকাতাবাসীর দুরবস্থা যে কিরূপ ভয়ানক হইয়া দাঁড়াইয়াছে ইহা হইতে তাহা ভালরূপেই বুঝা যাইতেছে।

বর্তমান সমস্যার প্রতিকারের উপায় কি হইতে পারে ডাঃ আমেদ তাঁহার বিবৃতিতে তাহা বিস্তৃত আলোচনা করিয়াছেন। তিনি বলিয়াছেন, সহরে দুধের যোগান কম বলিয়া উহাতে ভেজালের পরিমাণ বেশী, উহার মূল্যও খুব চড়া। তাহেই দুধ-সমস্যার সমাধান করিতে হইলে প্রথমে উহার যোগান বৃদ্ধির ব্যবস্থা করিতে হইবে। মিউনিসিপ্যাল, মফঃস্বলীয়, সাধারণের ও মুরগিখামারে দুধ খুব প্রচুর পরিমাণে পাওয়া যায়। দামও সাধারণতঃ বেশ সস্তা। কলিকাতার দুধের সরবরাহ বাড়াইতে হইলে ঐ সব ক্ষেত্র হইতে মটর ট্রাকের ব্যবস্থা করিয়া প্রতিদিন উহা আমাইবার বন্দোবস্ত করা দরকার। উপযুক্ত ফার্মে সংরক্ষণ করিয়া এই দুধ ভেজাল করিতে হইবে। দুধের দুষ্প্রাপ্যতার দিনেও বর্তমানে উহা বহুল পরিমাণে বিক্রয়ের ব্যবস্থা ও আইনসঙ্গত প্রভৃতি প্রতিরোধ ব্যবস্থা করিতে হইবে। সাধারণে যাহাতে ব্যবহারের জন্য অধিক দুধ পাইতে পারে সেজন্য বিক্রয়ের ব্যবস্থার বিভিন্ন করা, অন্ততঃ অপরাহ্নে বিক্রয় করা, প্রয়োজন। দুধের যোগান বৃদ্ধি করার সঙ্গে সঙ্গে ডাঃ আমেদ দুধের ভেজাল দূর করা ও বণ্টন-ব্যবস্থার উন্নতি সাধন করার বিশেষ প্রয়োজনীয়তার কথা বলেন। তিনি বলেন, দুধের ভেজাল পরীক্ষার জন্য উপযুক্তসংখ্যক বিশেষজ্ঞ নিয়া কলিকাতা কর্পোরেশনের অধীনে একটী কেমিক্যাল স্থাপন করিতে হইবে। দুধ বিক্রয়ের জন্য সহরে একটী কেন্দ্রীয় বিক্রয়-কেন্দ্র প্রতিষ্ঠিত করিতে হইবে। তাহা ছাড়া এই সমস্ত সমস্যার প্রকার দুধ সরবরাহের ব্যাপক ব্যবস্থাও অবলম্বন করিতে হইবে। ডাঃ আমেদের এই সব নির্দ্দেশ আমরা খুব প্রণিধানযোগ্য বলিয়াই মনে করি। দুধের অভাব ও দুর্মূল্যতার জন্য এই সহরের লোকেরা যে অপরিসীম দুঃখ-দুর্দ্দশা ভোগ করিতেছে তাহার কথা স্মরণ করিয়া গবর্ণমেণ্ট ও কর্পোরেশন কর্তৃপক্ষ ঐ সব উপায় অবলম্বনে অবিলম্বে সচেষ্ট হইবেন বলিয়া আমরা আশা করি।

ভারতে রাসায়নিক সার প্রস্তুতের উদ্যোগ

ভারতে জমির উৎপাদিকা শক্তি অন্য বলিয়া অন্যান্য দেশের তুলনায় এদেশে একর প্রতি ফসলের উৎপাদন কম। এই ফলপ্রদ ফসলের জন্য এদেশের কৃষি এদেশের লোকের পক্ষে কোন লাভজনক হইয়া দাঁড়াইতেছে না। প্রয়োজনীয় খাদ্য-ফসলের দিক দিয়া দেশকে অনেক পরিমাণে পরনির্ভরশীল থাকিতে হইতেছে। এদেশে জমির উৎপাদিকা শক্তি বৃদ্ধি সম্বন্ধে প্রধান প্রতিবন্ধক অনুর্বরতার অসুবিধা ও উপযুক্ত সারের অভাব। ওজনের উপযোগিতা বেশীমূল্যে জমিতে প্রয়োজনীয় সার প্রয়োগের রীতি খুবই প্রচলিত, আর তাহাতে ফসলের ফলনও হয় বেশী। আমাদের দেশে এমোনিয়াম সালফেট প্রভৃতি রাসায়নিক সারের ব্যবহার এখনও মোটেই কিছু প্রচলন লাভ করে নাই। চা, কফি ও ইক্ষু প্রভৃতি উৎপাদনেই শুধু উহা কিছু পরিমাণে ব্যবহৃত হয়। অথচ জমির উৎপাদন শক্তি বাড়াইয়া সাধারণভাবে কৃষি-ফসলের ফলন বৃদ্ধি করিতে হইলে ঐ শ্রেণীর সার ব্যাপকভাবে এদেশের জমিতে প্রয়োগের ব্যবস্থা করা দরকার। এদেশের লোক ও এদেশের গবর্ণমেণ্ট কৃষি ও উন্নতি সম্পর্কে এপর্যন্ত কোন পরিকল্পনা প্রণয়ন করে নাই। যুদ্ধের সময়ে দেশে খাদ্যাভাব সমস্যা জটিল

হইয়া দেখা দেওয়ায় সর্বসম্মতে বিষয়টি পড়িয়া ঐ বিষয়ে সদস্যদের মনোযোগ আকৃষ্ট হইয়াছে। সর্বসম্মতে যেসব বাস্তু-সমস্যা সৃষ্টির এক আন্দোলন সুরু করিতে দাবী হইয়াছেন। ফলে কমিটিকে ঢালাওভাবে নূতন প্রয়োজনের কথাও ব্যাপকভাবে আলোচনা করিতে হইয়াছে। তাহাতে বর্তমানে ঢালাওভাবে নূতন উৎপাদন শুরু সাধারণ, অথচ এই বিরাট যেসব উৎপাদন অপেক্ষা ১০ লক্ষ টন ঢালাওভাবে নূতন ব্যবস্থার করা প্রয়োজন। এই অবস্থায় এখনে ঢালাওভাবে নূতন প্রয়োজনের সুযোগ-সম্ভাবনা বিবেচনা করিবার জন্য ভারত সর্বসম্মতে কিছুকাল পূর্বে এক কমিটি নিয়োগ করেন। এই কমিটি এখনে কিলমুর হইতে ব্যাপকভাবে এমোনিয়াম সালফেট তৈয়ার করা সম্ভবপর বলিয়া মন্তব্য করেন। কমিটির সুপারিশ অনুসারে সর্বসম্মতে বর্তমানে ১ কোটি টাকা ব্যয়ে ৩ লক্ষ ৫০ হাজার টন ঢালাওভাবে নূতন উৎপাদনের উপযোগী কারখানা স্থাপনের সিদ্ধান্ত করিয়াছেন। এ সম্পর্কে উপযুক্ত বিধিব্যবস্থা নির্দেশ দেওয়ার জন্য মুটন হইতে পাঁচজন বিশেষজ্ঞ আনয়ন করা হইবে। ইঁহারা এই বৎসর মধ্যেই এখনে আসিয়া কারখানা স্থাপনের স্থান নির্বাচন করিবেন এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সম্বন্ধে সদস্যসচিব নির্দেশ দিবেন। কারখানার স্থান সম্পর্কে বিভিন্ন প্রদেশের দিক হইতে দাবীদাওয়া হইবে। কিন্তু কারখানা পরিচালনার জন্য প্রচুর জলের দরকার। সে হিসাবে বিহার ও বাঙ্গলার জলের প্রাচুর্য অন্যান্য প্রদেশ অপেক্ষা দাবীই অগ্রগণ্য হইবে সন্দেহ নাই। সর্বসম্মতে যে পরিকল্পনা গ্রহণ করিয়াছেন তাহাতে বিভিন্ন প্রদেশের জন্য একটা নির্দিষ্ট পরিমাণ স্থির করিয়া দিয়া উৎপন্ন ঢালাওভাবে সার বণ্টন করা হইবে। ঐ সারের প্রয়োজনীয়তা ও ব্যবহার সম্পর্কে কৃষকদিগের মধ্যে প্রচার-কার্য চালানোর ব্যবস্থা হইবে। ঢালাওভাবে সার উৎপাদন ও প্রয়োগ সম্পর্কে সর্বসম্মতের এই উদ্যোগ আমরা প্রশংসনীয় বলিয়াই মনে করি। তবে সর্বসম্মতে উপরে হইতে বিশেষজ্ঞ আনাইয়া যে ভাবে ধীরে সুস্থে কর্মধারা পরিকল্পনাটি কার্যে পরিণত করিতে চাহিতেছেন তাহাতে ১৯৫৩ সালের পূর্বে ঢালাওভাবে সার পাওয়ার সুবিধা হইবে না। কৃষি-উন্নতি ও বাস্তু-সমস্যা সমাধানের জন্য এ বিষয়ে আরও দ্রুত বিধি-ব্যবস্থা অবলম্বন দরকার।

কাগজ-সঙ্কট

যুদ্ধের সময়ে বাহির হইতে কাগজের আমদানী বিলাত বন্ধ হইলেও এতদিন দেশে উহার উৎপাদন ক্রমে বাড়িয়া চলিয়াছিল। কিন্তু সম্প্রতি দেশে উহার উৎপাদন কমিয়া আসিতে আরম্ভ করায় ঐ বিষয় নিয়া আবার নূতন সঙ্কটের সৃষ্টি হইয়াছে। ১৯৩৩-৪১ সালে ও ১৯৪১-৪২ সালে ভারতে যথাক্রমে ১৭ লক্ষ ৩৪ হাজার টনের ও ১৭ লক্ষ ৮২ হাজার টনের কাগজ প্রস্তুত হইয়াছিল। কিন্তু ১৯৪২-৪৩ সালে উৎপাদিত কাগজের পরিমাণ দাঁড়াইয়াছে মাত্র ১২ লক্ষ ২৬ হাজার টনের। বর্তমান বৎসরে এক লক্ষ টন কাগজ প্রস্তুত করা হইবে বলিয়া স্থির করা হইয়াছিল। কিন্তু এখন জানা গিয়াছে যে উহার অন্তত ৩০ ভাগ অর্থাৎ তিন হাজার টন কাগজ প্রস্তুত করা সম্ভব হইবে না এবং সর্বসম্মতে শীঘ্রই কাগজ ব্যবহার নিয়ন্ত্রণের জন্য একটি অর্ডিন্যান্স জারী করিবেন। কাগজ ব্যবহার নিয়ন্ত্রণ আইন কার্যকরী করিবার জন্য কলিকাতায় সদর অফিস স্থাপন করিয়া এতদ্ভুক্ত কাগজ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিযুক্ত করা হইবে বলিয়াও জানা গিয়াছে। এক কথায় এই বৎসরে ভারতবর্ষে কাগজ-সঙ্কট আরও নিদারুণ হইয়া দাঁড়াইবে। বর্তমান ব্যবস্থা অনুযায়ী "মোট উৎপন্ন কাগজের শতকরা ৭০ ভাগ সর্বসম্মতে এবং শতকরা ৩০ ভাগ জনসাধারণ পাইয়া থাকেন। এবার কাগজের যে ঘাটতি পড়িবে তাহা সর্বসম্মতে ও জনসাধারণের মধ্যে ঐ অনুপাতে বাঁটিয়া লইবার কথা হইয়াছে। তবে অ-সামরিক সরবরাহ বিভাগ আশা করিতেছেন যে সরকারের ও জনসাধারণের অংশে যাহাতে সমানভাবে ঢালাইয়া দিয়া আরও ১৫ হাজার টন কাগজ তৈয়ার করা যায় তাহার ব্যবস্থা করিবেন। এইরূপ সিদ্ধান্ত জনসাধারণের পক্ষে অত্যন্ত ক্ষতিকর হইবে। মোট উৎপন্ন কাগজের মাত্র ৩০ ভাগ জনসাধারণ পাইয়া থাকে, তাহার উপর যদি ঘাটতির ভাগও জনসাধারণের ঘাড়ে সমানভাবে ঢালাইয়া দিয়া আরও ১৫ হাজার টন কাগজ তৈয়ার করা হয় তাহা হইলে কাগজের বাজারে আগুন লাগিয়া যাইবে এবং ফোয়ারাজাতের প্রকাশ বিদ্যা জনসাধারণের শিক্ষা ও সাংস্কৃতিকের পথ রুদ্ধ করা হইবে। ভারত সরকার ঘাটতি পূরণের জন্য মার্কিন যুক্তরাষ্ট্র হইতে ১০ হাজার টন কাগজ আমদানী করিবার চেষ্টা করিতেছেন বলিয়া প্রকাশ। জনসাধারণের জন্য ইতিমধ্যেই যে পরিমাণ কাগজ নির্দিষ্ট হইয়াছে তাহা যথেষ্ট নহে, কাজেই সেই নির্দিষ্ট পরিমাণ কাগজ হইতে আর কাগজ না তৈয়ারীর দাবি হইতে কাগজ আমদানী করাই সর্বসম্মতের কর্তব্য।

এ ছাড়া কাগজ ব্যবহার সঙ্কোচনের ব্যাপারে যদি কাগজ নিয়ন্ত্রণ শুরু হয় তাহা হইলে সরকার কোনই সমাধান হইবে না। প্রকাশ-প্রস্তুত করার অজুহাতে কাগজের কলগুলি (একমাত্র যে গুরুত্বপূর্ণ শিল্পপ্রতিষ্ঠানগুলি) অচল হইয়া পড়িয়াছে। ইহার উপর নির্দিষ্ট-ভোগী ক্রিকারাদেরা যেখানে যে কাগজ নির্দিষ্ট পাওয়ার কাগজের মত প্রস্তুত করার জন্য উপযুক্ত পরিমাণ কাঁচা মিশ্রণ কলওয়ালাদের পক্ষে অসম্ভব হইয়া উঠিয়াছে। কাগজ ও কাঁচা সমস্যার সমাধান করিয়া কাগজের উৎপাদন বাড়াইবার ব্যবস্থা না করিতে পারিলে নূতন নূতন কন্ট্রোলারী নিয়ন্ত্রণ ও আইন জারী করিয়া সমস্যা সমাধান করা যাইবে না। আমরা সেই বিষয়ে সর্বসম্মতের অধিকে মনোযোগী হইতে অনুরোধ করি।

বাঙ্গলায় 'রবিন' তৈয়ারের দিন

সম্প্রতি 'রিবিন' নাম রবিন প্রস্তুতকারী সমিতি' ভারত সরকারের নিকট যে আবেদন করিয়াছেন, তাহা নানা কারণে খুবই প্রণিধানযোগ্য। ভারতে কলকারখানার প্রয়োজন মাল প্রস্তুত হয় বটে, কিন্তু ঐ কারখানা সমূহের যন্ত্রপাতি ও লাভলাভাদি এখনো প্রস্তুত হয় না। বিদেশ হইতে আসে। ভারতে বিদেশ হইতে ইহা আমদানি অত্যন্ত অসুবিধার। ভারতে যে কারখানায় যন্ত্রপাতি প্রস্তুত করা যায় না এমন নহে, তবে সরকারের শিল্প সম্পর্কিত নীতিই এখন অনেকটা দায়ী।

যুদ্ধের পূর্বে বহু-বিদেশের নানা সমস্ত যন্ত্রপাতি ও লাভলাভাদির জন্য বণিক নির্ভর হইতে আমদানী হইত। গত তিন বৎসর যুদ্ধের দরুন আমদানীর অসুবিধা ঘটায় আলোচনের রবিন নির্মাণ করিবার অনেকটি কারখানা গড়িয়া উঠে। এই-গুলিতে প্রস্তুত রবিন বিলুপ্তাল আলোচনের সমস্ত পাট-কলের চাহিদা মিটাইতেছিল। মুদ্রাস্ফীতির দরুন চাহিদা-জোগানগুলির পক্ষে নিয়ন্ত্রণ উঠিয়া গেলে পাটকলগুলি পুরনো বিদেশী 'রবিন' আমদানী করিতে সুরু করিয়াছে। ফলে এখনকার রবিন কারখানা-গুলিতে প্রচুর মাল অবিক্রিত থাকিতে আরম্ভ করিয়াছে। ভারত সরকারের বিভিন্ন প্রাদেশিক এজেন্সীগুলি এতদ্ভুক্ত প্যাসেল ডক-বোর্ডগুলি এবং রেলওয়ে ইন্ডিয়ান ডিপার্টমেন্ট যে ভাবে রবিনের মত বাঁধিয়া দিয়াছেন, তাহাতে রবিন তৈয়ার করিয়া কোন লাভই থাকে না। শুধু তাহাই নহে, সরকার কিছেন ক্রমশঃ অনুসারে এক আদেশ জারী করিয়া বাঙ্গলার সরকারের বিভাগের বিভিন্ন বা কর্তৃপক্ষের লাইসেন্স ছাড়া রবিনের সর্বপ্রকার ক্রয়-বিক্রয় নিষিদ্ধ করিয়া দিয়াছেন। মজার কথা এই যে, এ পর্যন্ত বাঙ্গলার কোন 'রবিন' নির্মাতা লাইসেন্স সংগ্রহ করিতে পারেন নাই। সংগ্রহ করিতে পারিলেও তাঁহাদের পক্ষে বিদেশী প্রতিযোগিতায় রবিন নির্মাতাদের সঙ্গে প্রতিযোগিতা করা সম্ভব হইবে কি না সন্দেহ। তাহার ফল দেশীয় রবিন নির্মাতাদের খুব চড়া দর দিতে হয়। এ সম্পর্কে তাঁহারা ইতিপূর্বে প্রাদেশিক এসিস্ট্যান্ট এজেন্সীগুলি প্যাসেলের দৃষ্টির আলোচনা চালাইয়া বর্তমানে রব।

দেশীয় রবিন নির্মাতারা ভারত সরকারের নিকট আবেদন করিয়াছেন, বিদেশ হইতে রবিন আমদানী কেন বন্ধ করা হয়। তাঁহাদের এই দাবী আমরা সর্বথা সঙ্গত ও সময়োচিত বলিয়াই মনে করি। দেশে কোন জিনিষ পাওয়ার সুবিধা হইলে দেশের টাকা বিদেশে পাঠাইয়া বাহির হইতে তাহা সংগ্রহ করিতে যাওয়া অনুচিত। তাহা ছাড়া দেশের একটি নূতন শিল্প দেশের বিদেশী প্রতিযোগিতার সম্মুখে সরকারী পৃষ্ঠপোষকতা দাবী করিতেছে সেখানে তাহার দাবী উপেক্ষা করা সর্বসম্মতের পক্ষে খুবই অন্যায় হইবে। অধিকন্তু এই যুদ্ধের সময়ে রবিন আমদানীর ব্যাপারে জাহাজে স্থান সঙ্কুলানের সমস্যাও আছে। জাহাজের অভাবে অনেক প্রয়োজনীয় জিনিষ দরকারমত বাহির হইতে আনয়ন করা যাইতেছে না; এতদিন রবিনের আমদানীও বন্ধ ছিল। কিন্তু বাঙ্গলার এই শিল্প গড়িয়া উঠিতে দেখিয়া কতিপয় ব্যক্তি রাতারাতি ধনপতি হইয়াছেন। অনেক সরকারী ডিপার্টমেন্ট আমদানী সম্ভবপর না হইলেও বাঙ্গলার রবিন-শিল্প ধ্বংস করিবার জন্য তাঁহারা কতিপয় রবিন আমদানীর জন্য তাঁহাদের স্থান সঙ্কুলান করিয়াছেন। অবিলম্বে এই আমদানী বন্ধ করিয়া তাহার সর্বসম্মতের পক্ষে দেশীয় শিল্পের বিরুদ্ধে কতিপয় ব্যক্তির স্বার্থ রক্ষা উচিত।

রাজনৈতিক প্রসঙ্গ

ব্রিটিশরা এখনও ব্রিটেনের-অভিমুখে উড়োজাহাজে আক্রমণ সুরু করে নাই। উহার পক্ষের প্রচুর আয়োজনেরই মূলে মূলে সংবাদ আসিতেছে। প্যারিস রেডিওর সামরিক টীকাকার বলেন, নিরপেক্ষ রাষ্ট্রে সংগৃহীত খবরে মনে হয় যে জেনারেল আইসেনহাওয়ারের অধীন ইংলণ্ডে ৪০ ডিভিসন বাহিনী এবং ৮০ হাজার প্যারাসুটে সৈন্য অবতরণের জন্য প্রস্তুত রাখিয়াছেন। ব্রিটিশের মার্শাল চার্চিল এই আক্রমণ প্রতিরোধ করিবার জন্য বিপুল হইয়াছেন। তিনি: তুলোনীয় উপকূল রক্ষা ব্যবস্থা সম্পূর্ণ করিয়াছেন বলিয়া মনে হয়।

ইউরোপীয় অভিযানের পূর্বসূচনা হিসাবে ইতালীতে যে নূতন আক্রমণ ব্রিটিশরা সুরু করিয়াছেন, তাহা অনেকটা সফল হইয়াছে। প্রয়োজনীয় উপকূলে অবতরণকারী মার্কিন সৈন্যরা মূল ব্রিটিশবাহিনীর সহিত যোগাযোগ স্থাপন করিয়াছে; রিমিনীর ব্যূহ ভেদ করা হইয়াছে। সেতু দখল করা হইয়াছে। এখন রোম দখল করা সহজ হইতে পারে। জার্মানরা অন্য স্থানের হইতে নূতন সৈন্য আনাইয়া এখনও প্রচণ্ডভাবে প্রতিরোধ করিতেছে। ভলটার্ণ দখলের ছোট-খাট আক্রমণ প্রতি-আক্রমণ মাত্র চলিয়াছে; অন্য কোনো সংবাদ নাই।

ইউরোপে দ্বিতীয় আক্রমণ চলিবার সময় এখনও মহাযাযাবেও কি সুরু করিয়া উঠিবে? ঐ সময় ব্রিটিশরা জার্মানদের যে ভড়াইয়া লইবার অবকাশ দিবে না তাহার আভাস পাওয়া যাইতেছে। সম্প্রতি সুলাবাহার উপর যে আক্রমণ হয় তাহা দেখিয়া এশিয়াস্থত ব্রিটিশ-সৈন্যের নৌ ও বিমান বহরের কর্মতৎপরতা ক্রমেই বৃদ্ধি পাইতেছে বলিয়া মনে হয়। জেনারেল উইনগেটের চীনা-মার্কিন বাহিনী উহার ব্রহ্মের প্রবাস নগর মিচিনার বিমান-ক্ষেত্র দখল করিয়া নগরের উপর আক্রমণ চালাইয়াছে। এই নগর দখল হইলে বর্মা-চীন সুরু করার প্রথম পর্ব শেষ হইবে। ইউনান হইতে যে চীনা বাহিনী সম্প্রতীম রণী অভিমুখে করিয়া ব্রহ্মে প্রবেশ করিয়াছে উহা তাহার হইতে অভিযানকারী চীনা-মার্কিন বাহিনীর সহিত একযোগ যোগস্থাপন করিতে পারিলে পুরাতন ব্রহ্ম-পথ পুনরুদ্ধার চীনে মুদ্রোপকরণ পাঠাইবার জন্য সুরু হইয়া যাইবে। জেনারেল চেনল্ট-এর বিমান প্রতি-আক্রমণ সুরু করিয়াছে। সামরিক দিক হইতে গুরুত্বপূর্ণ হোয়াং নদীর এখনও জাপানীরা দখল করিতে পারে নাই। মণিপুর রণাঙ্গনের সংবাদে বোঝা যায়, জাপানীরা ইরা আলিবার পূর্বেই প্রাণপণ করিয়া ইম্ফল দখল করিয়া লইতে চায়। কোহিমা অভিযান ব্যর্থ হইলেও জাপানীরা ইম্ফল অঞ্চলে আরও সৈন্যবল আমাইয়া পুনঃ পুনঃ আক্রমণ করিতেছে। এই সব আক্রমণ এ পর্যন্ত ব্যর্থই হইতেছে। ইরা এবার আসিয়া গিয়াছে, তাল করিয়া ইরা বাহিলে মণিপুর অঞ্চলের যুদ্ধের ছোঁ করিয়া যাইবে বলিয়াই মনে হয়।

ভারতের বড়লাট আমাদের রাজনৈতিক গান্ধী-জিন্না সাক্ষাৎকারের আনুষ্ঠানিক প্রচেষ্টা শেষ পর্যন্ত ব্যর্থ হইতে চলিয়াছে। ভারতরক্ষা হইতে মিঃ জিন্নার লিখিত পত্রাবলির প্রত্যুত্তর লইয়া রাজধানীতে ফিরিয়া আসিয়াছেন। কিন্তু লীগ নেতাদের সহিত আলোচনার পর তিনি মুসলিম লীগের পক্ষ হইতে তাঁহার কোন উপযুক্ত প্রতিশ্রুতি মিলিল না। লীগের মুখপত্র 'ডন' পত্রিকা এই পত্রাবলির প্রতি ছত্রে পরিপূর্ণ গান্ধীজীর সাম্প্রদায়িক সমস্যা সমাধানের আকুল আগ্রহ মুসলিম স্বার্থসিদ্ধির মিথ্যা অজুহাতে উপেক্ষা করিয়াছে। ১৯৪২ সালের আগষ্ট মাসে কারা-মুক্তির পূর্বে মাত্র দুই বৎসরের মধ্যে মহাত্মাজীই তৃতীয়বার মিঃ জিন্নার সহিত বাক্তিগত সাক্ষাৎ করিয়াছেন, কিন্তু লীগ নেতাদের অহেতুক ও অযৌক্তিক জিদের ফলে কোনবারই তাঁহার আসল উদ্দেশ্য সফল হয় নাই। বারবার এইভাবে ব্যর্থতায় বিদ্ধ হইয়াও গান্ধীজীর পক্ষে মিঃ জিন্নার সহিত সাক্ষাৎ করিবার চেষ্টা হইতে তাঁহার সর্বজনবিদিত মহানুভবতার পরিচায়ক, কিন্তু মুসলিম লীগ যে এইভাবে তাঁহাকে পুনঃপুনঃ ব্যর্থকাম করিয়া ভারতের জাতীয়তাবাদী মুসলমান সমাজের আশা ধ্বংসাইতে বসিয়াছেন, ইহা কি প্রতিশ্রুতি হিসাবে তাঁহাদের পক্ষে ক্ষতির কথা নহে? শুনা যাইতেছে, স্যার তেজবাহাদুর সপ্রু মিঃ জিন্নাকে মহাত্মাজীর সহিত সাক্ষাৎ করিতে রাজী করিবার জন্য কাশ্মীর গিয়াছেন। কিন্তু মহাত্মার আহ্বানে যাঁহারা সাড়া দিলেন না, তাঁহাকে যুক্তি দিয়া স্যার তেজবাহাদুর সপ্রু যে রাজী করিতে পারিবেন এরূপ আশা করা আজ খুবই কঠিন। তবু এই মহতী প্রচেষ্টার পরিণতি দেখিবার জন্য সারাদেশ আগ্রহের সহিত অপেক্ষা করিবে।

গান্ধীজীর মুক্তিতে লিবারেল্যাণ্ডের প্রধান মন্ত্রী মিঃ লিটার জেলার হইতে সুরু করিয়া পৃথিবীর অনেক রাজনীতিবিদই আশা করিয়াছিলেন, হয়তো এইবার ভারতের অচল অবস্থা সমাধানের জন্য ব্রিটিশ গভর্নমেণ্ট আগ্রহশীল হইয়া উঠিয়াছেন। ভারতবর্ষেও ইহা লইয়া জল্পনা-কল্পনার শেষ ছিল না। কিন্তু বৃটিশ পার্লামেণ্টের মিঃ উইলিয়াম ডবি প্রমুখ ১১ এমারজন সদস্য গান্ধীজীর মুক্তির পরে অন্তরীণ ভারতীয় নেতাদের তাড়াতাড়ি আনা করিয়া মিঃ আমেরির কাছে যে পত্র লিখিয়াছিলেন তাহার উত্তরে ভারত-সচিব প্রদত্ত বিবৃতি পাঠে এ সম্বন্ধে সকল আশা শেষ পর্যন্ত ব্যর্থতায় পর্যবসিত হইয়াছে। মিঃ আমেরির মতে ভারতের এখনও আসন্ন প্রস্তাব ব্রিটিশরা না লওয়ার কারণের সম্বন্ধে গভর্নমেণ্টের নীতি আগাগোড়াই রহিয়াছে এবং নিজের বাক্যের অনুরোধে গান্ধীজীর এই মুক্তির সহিত অন্তরীণ বা বন্দীর ভারতবাসীদের মুক্তির কোন প্রশ্ন উঠিতে পারে না। বলা বাহুল্য, মহাত্মাজী বৃটিশ শাসকসম্প্রদায়ের এই মনোভাব আগেই অনুমান করিয়াছিলেন এবং সেইজন্য তাঁহার মুক্তি উপলক্ষে সুদূর সৌধ পরিষদে দেশবাসীকে তিনি নিরস্ত করিয়াছেন। পরাধীন ভারতবর্ষেই তিনি বন্দিশালা মনে করেন, রোগমুক্তির পর পুনরায় কারাগারে ফিরিয়া যাইতে তাঁহার দ্বিরুক্তি না হওয়াই স্বাভাবিক, কিন্তু ভারতের যে লক্ষ লক্ষ নরনারী তাঁহার মুক্তিতে ভারতীয় রাজনৈতিক পরিস্থিতির উন্নতিরই মুখ্য, পরিবর্তনের স্বপ্ন দেখিতেছিল, এই আশাভঙ্গের জন্য তাহারা অবশ্যই বেদনা অনুভব করিবে। ওয়ার্ধাতে মুক্তিনিবাসের উপর আমাদের মধ্যে ভরসা আছে, আমরা এখনও আশা করি ভারত-সচিবের অনুমানশিতার যুক্তি বহনে বিশ্বের বাসনাকালকে কলঙ্কিত করিবার ব্যবস্থা না করিয়া লর্ড ওয়াভেল গান্ধীজীর মুক্তির পরে যে ঘনাই হিসাবে তাঁহার কর্তব্য সম্পাদনে অবিলম্বে উদ্যোগী হইবেন।

ইংলণ্ডের প্রসিদ্ধ সংবাদপত্র নিউজ ক্রনিকেলের কর্তৃপক্ষ ভারতের রাজনৈতিক পরিস্থিতি সম্বন্ধে মহাত্মাজীর অভিমত জানিতে চাহিয়া গান্ধীজীর সেক্রেটারী মিঃ পিয়ারীলালের নিকট তার করিয়াছিলেন। সেজন্য তাঁহার বিবৃতির কোন অংশ বাদ যাইবে না, ভারত সরকারের নিকট হইতে এই অর্থে প্রতিশ্রুতি পাইলে মহাত্মাজী নিউজ ক্রনিকেলের অনুরোধ রক্ষা করিবার ইচ্ছা প্রকাশ করিয়াছিলেন। দুঃখের বিষয়, ভারত-সরকার গান্ধীজীকে এরূপ কোন প্রতিশ্রুতি দিতে অস্বীকার করিয়াছেন। দুঃখের সঙ্গে বলা যায় যে, যাহাতে গোপনীয় সংবাদ জানিতে না পারে এরূপ সেন্সার ব্যবস্থার কড়াকড়ির প্রয়োজন আমরা অস্বীকার করি না। কিন্তু মহাত্মাজীর এই বিবৃতি ভারতের রাজনৈতিক অচল অবস্থার সমাধানে কতখানি সাহায্য করিতে পারিত তাহা বিবেচনা করা ভারত-সরকারের অবশ্যই উচিত ছিল। গান্ধীজীর মত মহাত্মাজনের সততায় উপর বিশ্বাস করিয়া গভর্নমেণ্ট যদি প্রতিশ্রুতি দিতেন, আমাদের মনে হয়, তাহাতে তাঁহাদের কোন ক্ষতিই হইত না।

ঢাকার সম্প্রতি হিন্দু-মুসলমানে যে দাঙ্গা সুরু হইয়াছে, তাহা নিবারণকল্পে গভর্নমেণ্ট উপযুক্ত অফলগুলিতে পাইকারী জরিমানা আদায়ের ব্যবস্থা করিয়াছেন। সরকারী মুখপাত্রের আশঙ্কার যে বিদ্বেষ সাম্প্রদায়িক মনোবৃত্তি সাম্প্রদায়েশে সৃষ্টীভূত হইয়া উঠিয়াছে, আজ আসন্নবাধ্যবাধ্যের গলদ দূর করিবার চেষ্টা না করিয়া পাইকারী জরিমানা আদায় করিলেই সেই সমস্যার সমাধান হইবে না। পাইকারী জরিমানা যাঁহারা দিবেন, তাঁহারা

(২০০ পৃষ্ঠার পর)

উদ্বৃত্ত স্টার্লিং ও তাহার ভবিষ্যৎ

বৃটিশ গবর্ণমেণ্ট ভারত সরকারের মারফতে এদেশ হইতে বিস্তর পরিমাণ সমর-সরঞ্জাম ক্রয় করিতেছেন এবং তাহারিনে ভারতবর্ষকে শুধু ষ্টার্লিং প্রদান করিতেছেন। ঐ ষ্টার্লিং রিজার্ভ ব্যাঙ্কের হিসাবে এদেশের ব্যাঙ্কে জমা হইতেছে। ইংলণ্ডের নিকট হইতে উপযুক্ত পরিমাণ স্বর্ণ কিংবা প্রয়োজনীয় জিনিষপত্র আমদানী না করিয়া ভারতীয় মাল-পত্রের মূল্য হিসাবে ক্রমাগত ষ্টার্লিং গ্রহণ করিবার এই রীতি এদেশবাসীর নিকট অভিনব বলিয়াই মনে হইতেছে। এমনও আশঙ্কা উঠিয়াছে যে, বৃটিশ গবর্ণমেণ্টের নিকট ক্রমাগত অনুরোধ জানাইতেছে। কিন্তু গবর্ণমেণ্ট সে অনুরোধ সম্পর্কে কর্ণপাত করিতেছেন না। ভারতীয় মালপত্রের বিনিময়ে বৃটেনের নিকট হইতে যে ষ্টার্লিং পাওনা দাঁড়াইতেছে এদেশের বিভিন্ন ব্যাঙ্ক বুঝিয়া তাহার সমস্তই যদি পরিপূরণ সরবরাহ করা হইত তবে হয়ত এ সম্পর্কে লোকের বিশেষ ক্ষোভের কারণ দাঁড়াইত না। কিন্তু উদ্বৃত্ত ষ্টার্লিং এদেশবাসীর আর্থিক সম্পদ হইলেও তাহা বিনিয়োগ সম্পর্কে এদেশের জনসাধারণের দাবীদাওয়ার কোন মূল্য নাই। ভারত গবর্ণমেণ্ট রিজার্ভ ব্যাঙ্কের উদ্বৃত্ত ষ্টার্লিং দ্বারা প্রথম কয় বৎসর ভারতের বিদেশী ঋণ পরিশোধ করিয়া দেওয়ার একটা কার্য্যনীতি অনুসরণ করিয়াছিলেন। উহার ফলে ইংলণ্ডের পাওনা হিসাবে গৃহীত ভারতের ঋণ প্রায় সমস্তই পরিশোধিত হইয়াছে। জনসাধারণ দাবী করিয়াছিল—এইভাবে বিদেশী ঋণ পরিশোধ করিয়া দেওয়ার পর রিজার্ভ ব্যাঙ্কের হাতে যে বিপুল পরিমাণ ষ্টার্লিং অবশিষ্ট রহিয়াছে তাহার কতকাংশ দ্বারা ভারতের বিভিন্ন প্রতিষ্ঠানের ও শিল্প-ব্যবসায়ে নিয়োজিত বৃটিশ মূলধন কিনিয়া নেওয়া হউক। এদেশের পোর্টব্লায়ার, মিউনিসি-প্যালিটি, ট্রাম কোম্পানী ও বৈদ্যুতিক প্রতি-ষ্ঠান প্রভৃতিতে বৃটিশ বণিকেরা প্রচুর অর্থ লাভন করিয়া রাখিয়াছেন। সেই মূলধনের উপর মোট সুদ ও মুনাফার বাবদ প্রতি বৎসর বিস্তর টাকা বাহির হইয়া যাইতেছে। গবর্ণমেণ্ট উদ্বৃত্ত ষ্টার্লিংয়ের কতকাংশ নিয়োগ করিয়া যদি এইসব বিদেশী মূলধন কিনিয়া নেওয়ার ব্যবস্থা করিতেন তবে একটা কাজের মত কাজ হইত। এই রীতি অনুযায়ী ব্যবস্থা অবলম্বিত হইলে স্বল্পকালের মধ্যে ইহা দ্বারা ইনফ্লেশন সমস্যারও কতকটা প্রতিকার সম্ভবপর হইত। বৃটেনের লোকেরা ভারতীয় মালপত্রের বিনিময়ে যখন বর্তমানে এদেশকে উপযুক্ত পরিমাণ স্বর্ণ বা মালপত্র যোগাইতে সমর্থ নহে তখন ভারতের এদেশস্থ সম্পত্তি কিনাইয়া নিয়া সেই পাওনা পরিশোধ করার প্রস্তাব কিছুমাত্র অযৌক্তিক নহে। তা ও ইহারা আইন প্রবর্তিত হওয়ার পূর্বেই এই-ভাবে বৃটেনের লোকদিগকে মার্কিন যুক্ত-রাষ্ট্রস্থিত সম্পত্তি কার্য্যতঃ দেওয়াইতেও হইয়াছে। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রের পাওনা মিটাইতে গিয়া বৃটিশ গবর্ণমেণ্টকে যে নীতি মানিয়া লইতে হইয়াছিল ভারতের ক্ষেত্রে সেরূপ নীতি কাঁধারা মানিয়া লইতে বাধ্য হয়েন। অধিকন্তু ভারতের কাঁধারাদের আলো-চ্যমান গবর্ণমেণ্ট সেরূপ কার্য্যনীতি অনুসরণ করিয়া ইংলণ্ডকে বিপর্য্যস্ত অবস্থায় ফেলিতে চান না। এদেশে বিনিময়ের দুষ্প্রাপ্য ও দুর্মূল্য করিয়া এই যুদ্ধের সময়ে তাঁহারা ষ্টার্লিং এক্সচেঞ্জের বিনিময়ে বিপুল পরিমাণে তাহা বৃটিশ গবর্ণ-মেণ্টকে সরবরাহ করিতেছেন। বৃটেনকে সাহায্য করিবার আগ্রহাতিশয্যে তাঁহারা ঐ পাওনা আদায় করিবার সম্বন্ধে সম্পর্কে পর্য্যন্ত তাঁহারা কোন হিসাবনিকাশ করিতেছেন না। যুদ্ধের পরে রিজার্ভ ব্যাঙ্কের উদ্বৃত্ত ষ্টার্লিং নিয়োগ করিয়া এদেশের শিল্পোন্নতির জন্য ইংলণ্ড হইতে প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম আনা হইবে বলিয়া। আশা দেওয়া হইতেছে সত্য, কিন্তু যুদ্ধের পরে কতদিন অথবা ইংলণ্ড এইভাবে যে ভারতের পাওনা পরি-শোধ করিতে পারিবে তাহার নিশ্চয়তা কিছুই দেখা যাইতেছে না। পক্ষ বৎসরান্তের পর ইংলণ্ডের নিকট ভারতের পাওনা প্রায় সমস্তই মজুত করিয়া দেওয়া হইয়াছিল। যুদ্ধের পরে সেই শ্রেণীর কারসাজি অবলম্বন করিয়া এবারের বাবতীয় পাওনার যে সেভাবে মজুত করিয়া দেওয়া হইবে না তাহারই বা নিশ্চয়তা কোথায়? তাহাই সমস্ত দিক বিবেচনা করিয়া উদ্বৃত্ত ষ্টার্লিংয়ের ভবিষ্যৎ সম্বন্ধে এদেশবাসীর মনে আজ সত্যই একটা আশঙ্কার ভাব জাগ্রত হইয়াছে।

যুদ্ধোত্তর পুনর্গঠন সম্পর্কে ভারতীয় অর্থ-নীতিবিদদের নিয়া যে একটী পরামর্শ সমিতি গঠন করা হইয়াছে সম্প্রতি ঐ সমিতির বৈঠকে এক বক্তৃতায় ভারত সরকারের মাল সরবরাহ সচিব স্যার রামস্বামী মুদালিয়র সেই আশঙ্কার কথা নিয়াই আলোচনা করিয়াছেন। বক্তৃতায় খুব সতর্কতার সঙ্গে তিনি উদ্বৃত্ত ষ্টার্লিং সম্পর্কে এদেশবাসীর দুর্ভাবনা দূর করিবার চেষ্টা করিয়াছেন। তিনি বলিয়াছেন, "যুদ্ধের সময়ে ইংলণ্ডের নিকট ভারতের পাওনা যেভাবে দাঁড়িয়েছে তাহাতে খুব সেরে উহা মোট ১ হাজার ষ্টার্লিংয়ে দাঁড়াইবার সম্ভাবনা আছে। এই ষ্টার্লিং পাওনা হইতে ভারতবর্ষ কতদিনে মুক্তি হইবে বলিয়া যে কথা উঠিয়াছে তাহার মূল সত্য নাই। আমরা স্থির বিশ্বাসে বলিয়া রাখিতেছি যে, এই পাওনা ইংলণ্ড সময়ই পরিশোধ করিয়া দিবে। কেবল কি ভাবে উহা ইংলণ্ড আমাদিগকে পরিশোধ করিতে পারে এবং কি ভাবে উহা আদায় করা ভারতের পক্ষে সুবিধাজনক হইবে তাহাই হইতেছে বর্তমানের একমাত্র বিবেচ্য বিষয়।"

যুদ্ধের পরে ভারতের পাওনা ইংলণ্ড সময়ই পরিশোধ করিয়া দিবে বলিয়া তাঁর রামস্বামী যে উক্তি করিয়াছেন তাহাতে উদ্বৃত্ত ষ্টার্লিংয়ের ভবিষ্যৎ সম্পর্কে এদেশবাসীর আশঙ্কা দূর হইবে বলিয়া মনে হয় না। তাঁহার গবর্ণমেণ্টের হইয়া তিনি ঐ ষ্টার্লিং মকুব করিয়া দেওয়া হইবে না বলিয়া কোন কথা বলেন নাই। যুদ্ধের পরে ঐ পাওনা পরিশোধ সম্পর্কে ইংলণ্ডের প্রকৃত সঙ্গতি কতদূর দাঁড়াবে তাহার তিনি বিশ্লেষণ করিয়া দেখান নাই। যুদ্ধকালীন দেনা মিটান সম্পর্কে বৃটিশ গবর্ণমেণ্টের কোন সিদ্ধান্তের কথাও তিনি প্রকাশ করিতে পারেন নাই। শুধু বাবদীয় পাওনা আদায় হইয়া আসিবে বলিয়া তিনি তাঁহার বক্তৃতায় স্থির বিশ্বাস জ্ঞাপন করিয়া-ছেন। কিন্তু এই ভোলাই কথার উদ্বৃত্ত ষ্টার্লিংয়ের ভবিষ্যৎ সম্পর্কে এদেশবাসীর আশঙ্কা কি ভাবে দূর হইবে তাহা আমরা বুঝি না।

ষ্টার্লিং পাওনা আদায়ের একটী বিশিষ্ট পন্থা এদেশস্থ বৃটিশ মূলধন উহার বিনিময়ে মিটাইয়া দেওয়ার ব্যবস্থা করা এবং উপরে আমরা তাহা উল্লেখ করিয়াছি। কিন্তু সেই পন্থা বৃটিশ বণিকদের পক্ষে আপত্তিকর জানিয়া তাঁর রামস্বামী ভারত সরকারের পক্ষ হইতে সেই পন্থা অনুসরণের কোন অভিপ্রায় জ্ঞাপন করেন নাই। যুদ্ধকালীন পাওনা আদায় করিবার কথা বলিতে গিয়া বৃটেনের পক্ষে যে ব্যবস্থা সব চেয়ে সুবিধাজনক হইবে বৃটিশ সরকারের দায়িত্বশীল রাজনীতিক হিসাবে তিনি তাঁহার বক্তৃতায় তাহা নিয়াই আলোচনা করিয়াছেন। তিনি বলিয়াছেন, যুদ্ধের পরে ইংলণ্ডের সহিত ভারতের বাণিজ্য কমাইয়া অন্যান্য দেশের সহিত তাহা বিশেষভাবে প্রসারিত করিবার কথা উঠিয়াছে। কিন্তু এই বৎসরের সরঞ্জাম ও মালপত্র অনুচিকীর্ষা যুদ্ধের সময়ে ইংলণ্ডের নিকট ভারতের যে পাওনা দাঁড়াইয়াছে তাহা যতদিন পর্য্যন্ত আদায় না হয় ততদিন পর্য্যন্ত এদেশবাসীর প্রয়োজনীয় জিনিষপত্র অন্যান্য দেশ হইতে না কিনিয়া যথা-সম্ভব ইংলণ্ড হইতেই সংগ্রহ করা কর্তব্য। যদি এই রীতি অনুসৃত হয় তবে অল্পকাল মধ্যে বৎসর বৎসর ইংলণ্ডের পক্ষে তাহার

(২০ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

চীনের ব্যাঙ্ক

শ্রীবিমলা দত্তরায়

ছোট বোট ব্যাঙ্ক বাদ দিলে চীনে চারিটী বড় ব্যাঙ্ক বর্ত্তমান—যাহারা বর্ত্তমানকালে মূল-ধন চীনের এক দেশের যাবতীয় প্রকারের কাজে সাহায্য করিয়া থাকে। এই চারিটী ব্যাঙ্কের নাম, যথাক্রমে ব্যাঙ্ক অব চায়না (Bank of China), ব্যাঙ্ক অব কম্যুনিকেশান্স (Bank of Communications), ফার্ম্মার্স ব্যাঙ্ক (Farmers Bank) এবং সেণ্ট্রাল ব্যাঙ্ক অব চায়না (Central Bank of China)। ইহারা চীনের ব্যবসা-বাণিজ্য, ব্যবসাবাণিজ্য, কৃষি-শিল্প এবং অর্থ সংক্রান্ত নির্দ্ধারণ করিয়া থাকে। ইহা ছাড়া পোষ্টাফিসের সেভিংস্ ব্যাঙ্ক, কো-অপারেটীভ ব্যাঙ্ক ইত্যাদির চীনদেশে আফিস কার্য্য করিয়া থাকে। ১৯০৭ সালের ১৩ই আগষ্ট চীনে-জাপানে লড়াই সুরু হয়। ১৯৩৮ সালে চীনের প্রধান আমী অর্থ ব্যাঙ্কার মিঃ কুং তৎকালীন অর্থ-সচিব ডাঃ এইচ এইচ কুংয়ের সভাপতিত্বে এক সভা করে। সেই সভায় ইঁহারা স্থির করেন যে, যুদ্ধের সময় ইঁহারা সমরোপকরণ প্রস্তুত করিতে দেশ-বাসীকে অর্থসাহায্য করিবেন। উক্ত অর্থ সাহায্যের পর যে অর্থ 'উদ্বৃত্ত' পড়িয়া থাকিবে তাহা প্রয়োজনে পল্লী-সংস্কারের জন্য ব্যয়িত হইবে। সোনা-রূপা, পশু এবং অন্যান্য বন্ধক রাখিয়া টাকা ধার দেওয়া চলিবে। কো-অপারেটিভ ঋণ, বীজ, সার, সেচ-কার্য্য এবং কৃষি-যন্ত্রাদি ক্রয়ের জন্য টাকা ধার দেওয়া হইবে। যে সমস্ত শিল্প ও ব্যবসা পল্লীর দিকে প্রসারিত ও স্থানান্তরিত হইতে চায়, তাহাদিগকে সাহায্য করা হইবে। সেভিংস্ ব্যাঙ্কের নিয়মাবলী এত সহজ ও সরল করা হইবে যাহাতে সাধারণের মনে সঞ্চয়-বৃদ্ধি জাগিয়া উঠে।

১৯৩৯ সালে দেখা যায় যে, চীনের ব্যাঙ্ক-সমূহ অত্যন্তভাবে তাহাদের কর্ত্তব্য নির্দ্ধারণ করিয়াছে। সেই সময় তাহারা স্থির করে যে, ব্যাঙ্কসমূহ এখন হইতে শাখা-প্রশাখা ও এজেন্সী বিস্তার করিতে মনোনিবেশ করিবে। 'উদ্বৃত্ত' অংশ অর্থ সংগঠন-কার্য্যে ব্যয়িত হইবে। বিদেশে যে সব টাকা আছে তাহা-দিগকে দেশান্তরে আনিবার সুবিধা দেওয়া হইবে। উদ্বৃত্ত পশ্যাদি যাহাতে শত্রুদলে পড়িতে না পারে তাহার ব্যবস্থা করিতে হইবে এবং সরকারের কার্য্যের জন্য অর্থ-যোগান সহজ-সাধ্য আয়ত্তে করিতে হইবে। এই সালেই বড় বড় চীনা ব্যাঙ্কের একটী সম্মিলিত অফিস চুংকিং নগরে স্থাপিত হয়। ঐ অফিসের সভাপতি হইলেন সেনাপতি,—চিয়াং-কাই-শেক্। ১৯৪০ সাল হইতে চীনের বড় বড় ব্যাঙ্কগুলি একযোগে দেশের ও দশের কার্য্যাদি নির্ব্বাহ করিয়া আসিতেছে।

সেণ্ট্রাল ব্যাঙ্কিং চায়না শুধু সেণ্ট্রাল ব্যাঙ্ক নামেই চীনে পরিচিত, ইহার জন্ম হয় ১৯২৪ সালে। তখন চীনের জাতীয় সরকার কুওমিন্‌তাং দলীয়দের ছিল। ১৯২৮ সালে যখন জাতীয় সরকার রাজধানী নিজের প্রাদেশে স্থাপন করে তখন সেণ্ট্রাল ব্যাঙ্কও সেখানে স্থানান্তরিত হয় এবং ইহার কার্য্যাদি সুরু হয়। ইহার প্রথম মূলধন ছিল দুই কোটী ডলার। এই টাকাটা জাতীয় সরকার সর-কারী খাজানী-খানা হইতে দিয়া দেন। কিন্তু ইহার কাজ যখন অনন্তরূপে বাড়িয়া যায়, তখন ইহার মূলধন ১০ কোটী ডলারে বৃদ্ধি পায়। যদিও ইহার নাম সেণ্ট্রাল ব্যাঙ্ক, তথাপি ইহা সাধারণ ব্যাঙ্কের মত ব্যবসা ও বিনিময়ের অর্থ দাদন করিয়া থাকে। চীন দেশের ছোট বড় সহরে ইহার ৭৫টী শাখা ও বড় বড় বন্দরে ৩টী এজেন্সী বর্ত্তমান। এডিন্বরা, লণ্ডন, নিউইয়র্কে ইহার প্রতিনিধি আছে।

ব্যাঙ্ক অব চায়না চীনের বড় চারিটী ব্যাঙ্কের মধ্যে সর্ব্বাপেক্ষা পুরাতন। মাঞ্চুরাজ যুগ যখন চীনদেশে রাজত্ব করিত তখন মিং ব্যাঙ্ক (Tching Bank) নামে একটী ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয়। ১৯১২ সালে যখন চীনে সাধারণ-তন্ত্র প্রতিষ্ঠিত হয় তখন ঐ মিং ব্যাঙ্কের স্থানে ব্যাঙ্ক অব চায়নার জন্ম হয়। ইহাকেও সরকারী ব্যাঙ্ক বলা চলে। ইহার মূলধন দুই কোটী ডলার। ১৯২৭ সাল হইতে ইহা আন্তর্জ্জাতিক ব্যবসায় নিয়ন্ত্রণ করে বলিয়া ইহার মূলধন আরও ৫০ লক্ষ ডলার বৃদ্ধি করা হইয়াছে। ১৯৩৫ সালে ইহার মূলধন চার কোটী ডলারে বৃদ্ধি করা হয় এবং সরকার দুই কোটী ডলারের অংশ গচ্ছিত করেন। চীনদেশে ইহার ২০০ শাখা আছে। ইহা ছাড়া অন্যান্য দেশেও ইহার এজেন্সী আছে।

ব্যাঙ্ক অব্ কম্যুনিকেশান্স মাঞ্চুরাজ বংশের কীর্ত্তি। ইহারও সৃষ্টি হয় ১৯০৭ সালে। প্রথমে ইহার মূলধন ছিল ৫০ লক্ষ ডলার, তাহারও ৪০ লক্ষ ডলার মাঞ্চুরাজ বংশ হইতে দেওয়া হয় এবং বাকী টাকাটা আসে সাধারণের নিকট হইতে। ইহার প্রধান কাজ রেলওয়ে, জাহাজ, পোষ্ট ও টেলিগ্রাফ ইত্যাদির জন্য আবশ্যকীয় পুঁজী যোগান দেওয়া। ১৯৩৫ সালে ইহার মূলধন দুই কোটী ডলারে বৃদ্ধি করা হয় এবং সরকার এক কোটী বিশ লক্ষ ডলার দাদন করেন। চীনদেশে ইহার প্রায় ১০০ শাখা আছে এবং ইউরোপ ও আমেরিকার বড় বড় সহরে ইহার এজেন্সী আছে।

ফার্ম্মার্স্ ব্যাঙ্ক-এর জন্ম হয়-১৯৩৩ সালে। ইহার মূল্য কৃষি-সূচী ছিল ১৯৩৩-৩৪ শ্রেণীর কৃষকদিগকে সাহায্য করা এবং রক্ষা করা। ১৯৩৫ সালের পূর্ব্বে ইহার মূলধন ৫০ লক্ষ ডলারের উপরে উঠে নাই। ১৯৩৫ সালের পর হইতে সরকার ইহার অংশীদার হন এবং মূলধনও এক কোটী ডলার করা হয়। চীনের ছোট বড় সহরে ইহার প্রায় ৮০টী শাখা-প্রশাখা আছে।

১৯৪১ সালে শেষোক্ত তিনটী ব্যাঙ্কের মূলধন ছাই কোটী ডলারে স্থগিত হয়: ঐ সময় হইতে প্রথম চারিটী ব্যাঙ্ক তাহাদের খাস্তি কর্ম্মসূচী ছাড়াও অন্যান্য কাজ করিতে সুরু করে। সেণ্ট্রাল ব্যাঙ্ক নোট সৃষ্টি করিবার অধিকার প্রাপ্ত হয় এবং ব্যাঙ্কারদের ব্যাঙ্কে পরিণত হয়। ব্যাঙ্ক অব্ চায়নাকে শুধু আন্ত-র্জ্জাতিক ব্যবসা-বাণিজ্য এবং আন্তর্জ্জাতিক মুদ্রা-বিনিময় লইয়া ব্যাপৃত রাখা হয়। এছাড়িয়ে যে সব ব্যবসায়ে বৈদেশিক বাণিজ্যের সম্পর্ক হয়, সেই সব বাণিজ্যে অর্থ সাহায্য করাও ইহার কর্ম্মসূচীর মধ্যে ধরা হয়। ব্যাঙ্ক অব্ কম্যুনিকেশান্স চীনের শিল্পোন্নতি ও অর্থনৈতিক উন্নতির দিকে মনোনিবেশ করে। ফার্ম্মার্স ব্যাঙ্ক শুধু কৃষি ও কৃষকদেরই অর্থ সাহায্য করে এবং পল্লীর উন্নতির জন্য অর্থ দাদন করিয়া থাকে।

১৯৩৭ সালে চীনে সাধারণ শ্রেণী ব্যাঙ্কের সংখ্যা ছিল প্রায় ১২টী এবং সরকার-পরিচিত ব্যাঙ্কের সংখ্যা ছিল মাত্র ১৭টী। ১৯৪২ সালের মার্চ্চ মাসে দেখা যায় যে, চীনে ব্যাঙ্কের সংখ্যা প্রায় ৩০০টী দাঁড়াইয়াছে। যুদ্ধের প্রারম্ভে সরকার-পরিচিত বড় চারটী ব্যাঙ্ক যোগ অধিক অংশ হইতে দেশবাসীর ও জনসাধারণকে স্থানান্তরে যাইতে সাহায্য করিবার জন্য ২০ লক্ষ ডলার আলাদা করিয়া রাখে এবং আরও ১০ লক্ষ ডলার আলাদা করিয়া রাখে পল্লী-অঞ্চলে নূতন গৃহ এবং আস্তানাস্থান নির্ম্মাণের জন্য। এইভাবে বহু ঔদার্য্য করা হয় এবং বহু সম্পত্তি রক্ষা পায়। ফার্ম্মার্স ব্যাঙ্ক এইভাবে বহু কৃষককে টাকা ধার দিয়া নিরাপদ স্থানে গিয়া আস্তানা গড়িতে এবং কৃষির উন্নতি বিধান করিতে সাহায্য করে। এইভাবে যুদ্ধের সময়ে কো-অপারেটীভ ব্যাঙ্কও যথেষ্ট উন্নতি দেখাইয়াছে এবং উহাদের নিকট হইতে নানাদিক দিয়া প্রচুর সাহায্য পাওয়া গিয়াছে। চীনদেশে তিন প্রকার কো-অপারেটীভ ব্যাঙ্ক দেখা যায়,—জাতীয়, প্রাদেশিক ও স্থানীয়। স্থানীয় কো-অপারেটীভ ব্যাঙ্কগুলির সভ্য-সংখ্যা দশ হইতে তিন শত। যে সমস্ত কো-অপারেটীভ ব্যাঙ্কের সভ্য-সংখ্যা ১৫ তাহারাই কো-অপারেটীভ সোসাইটীর সভ্য হইতে পারে। এই সমস্ত সোসাইটী কৃষককে ঋণ দান করিয়া থাকে।

(উদ্ধৃত টীকার ও তাহার অনুবাদ—২০৮ পৃষ্ঠার পর)

দেওয়া পরিশোধ করিয়া দেওয়া সম্ভব হইবে। আর তাহা ভারতের পক্ষেও সুবিধার কথা হইবে। অর্থাৎ ন্যায় রামস্বামীর মতে যুদ্ধের সময়ে ইংলণ্ডকে টীনি প্রতিরক্ষার বিনিময়ে মাল দিয়া পরে সেই পাওনা আদায়ের জন্য ইংলণ্ড হইতেই এদেশের প্রয়োজনীয় মাল আমদানী করিতে হইবে। স্বাধীনভাবে ব্যবস্থা করিয়া যে কোন দেশ হইতে মাল আমদানীর বদলে ইংলণ্ডের নিকট হইতে তাহাদের দাবী মত মূল্য দিয়া উহা সংগ্রহ করিতে হইবে। যেন যুদ্ধের সময়ে ঘুষ দেওয়া ও পরে ঘুষের সুবিধাভোগীকে তাহা আদায়ের চেষ্টা করা ভারতেরই স্বার্থ। বৃটিশ গবর্ণমেণ্ট ভারতবর্ষকে আর্থিক ব্যাপারে যে কিরূপ স্বাধীনতা ও স্বাধীনতা দিয়াছেন এবং ভারত গবর্ণমেণ্টের মত কর্ত্তারা যে কি ভাবে তাহার মর্য্যাদা লঙ্ঘন করিয়া চলিয়াছেন ইহা তাহারই পরিচায়ক নয় কি?

যুদ্ধের পরে এদেশের নিত্যপ্রয়োজনীয় প্রয়োজনে খাদির হইতে প্রচুর পরিমাণ যন্ত্রপাতি আমদানি করিতে হইবে। ইংলণ্ড যদি এদেশের প্রয়োজনীয় আবশ্যক যন্ত্রপাতি সরবরাহ করিতে পারিত তবে উহা টীনি আদায়ের পক্ষে ভারতের একটা সুবিধা হইত। কিন্তু যুদ্ধের সময়ে ইংলণ্ডের লোকেরা নানা ভাবে যেরূপ বিপর্য্যস্ত হইয়াছে তাহাতে যুদ্ধের পরে অচিরেই তাহারা সেরূপ বেশী পরিমাণে এদেশে যন্ত্রপাতি রপ্তানী করিতে পারিবে না। সেই কথা বুঝিতে পারিয়া ন্যায় রামস্বামী তাঁহার বক্তৃতায় এ সম্পর্কেও ইংলণ্ডকে নানারূপ সুবিধা দেওয়ার প্রস্তাব করিয়াছেন। তাঁহার কথা এই যে, যুদ্ধের পরে অল্প সময় মধ্যে ইংলণ্ড হইতে যন্ত্রপাতি সরবরাহ দাবী না করিয়া বৎসর বৎসর কিছু কিছু করিয়া ঐ দেশ হইতে তাহা সংগ্রহ করিতে হইবে। তাহা ছাড়া টীনি পাওনার বিনিময়ে কেবল যন্ত্রপাতি আমদানির উপর জোর না দিয়া তিনি ভারতের প্রয়োজনে ইংলণ্ড হইতে বিবিধ প্রকার ভোগ্যদ্রব্যও যথাসম্ভব আমদানী করিবার জন্য পুনঃপুনঃ করিয়াছেন। তিনি বলিয়াছেন, লোহিয়েই বাণিজ্য আমার নিত্যপ্রয়োজনীয় পরিকল্পনা কার্য্যকরী করিতে গিয়া প্রথম প্রথম শুধু খাদির হইতে যন্ত্রপাতি আমদানীর উপর জোর দিয়াছিল। দেশের লোকের জন্য ভোগ্যদ্রব্য আমদানী করার যে একান্ত প্রয়োজন ঐ দেশ তাহা প্রথমে উপলব্ধি করে নাই। ফলে ভোগ্যদ্রব্যের নিতান্ত অভাব ঘটিয়া ঐদেশে লোকের বেশী রকম দুঃখ-দুর্দ্দশা দেখা দিয়াছিল। কেননা যন্ত্রপাতি আমদানীর উপর জোর দিয়া বাণিজ্যের মত লোকে একটা মারাত্মক ভুল করিয়া বসা ভারতের পক্ষে অসম্ভব।

টীনি পাওনা আদায়ের সঙ্গে সঙ্গেই ইংলণ্ডকে এদেশে নানা শ্রেণীর তৈয়ারী পণ্য বিক্রয়ের অবাধ সুবিধা দেওয়া হইবেকে। ভবিষ্যতের সে সুবিধা প্রসঙ্গে ভারত গবর্ণমেণ্ট কোন আপত্তি করিবেন না আশা। কিন্তু বাণিজ্যের দৃষ্টান্ত আবহাওয়ায় সে বিষয়ে একটা যৌক্তিকতা প্রদর্শন করিতে যাওয়া ন্যায় রামস্বামীর পক্ষে নিতান্ত বাস্তবের প্রয়োগ ছাড়া আর কিছু নহে। লোহিয়েই বাণিজ্য ভোগ্যদ্রব্যই তৈয়ারের সিদ্ধান্তে উপেক্ষা করিয়া প্রথম প্রথম বিশেষভাবে কেবল মূলধন যোগিক শিল্প গড়িয়া তোলার উপর জোর দিয়াছিল। তাহার ফলে ভোগ্যদ্রব্যের উৎপাদন করিয়া এদেশে কোন কোন দিক দিয়া জনসাধারণের দুঃখ-দুর্দ্দশা বেড়া দিয়াছিল। পরে ভোগ্যদ্রব্যের উৎপাদন বাড়াইবার ব্যবস্থা করিয়া লোহিয়েই বাণিজ্য সে ভুল ভালভাবেই সংশোধন করিয়াছে। খাদির হইতে সে সময় আমদানীর প্রশ্ন বাণিজ্যের সম্বন্ধে তোলাই হয়তো যায়, সে প্রয়োজনীয়তা তাহার ছিলও না। তাহাতে নানা শ্রেণীর ভোগ্যদ্রব্য প্রচুর পরিমাণে উৎপাদন করিবার সুযোগ রহিয়াছে। এদেশে বিভিন্ন যৌগিক শিল্প গড়িয়া তোলার জন্য খাদির হইতে যন্ত্রপাতি আমদান করাই বর্ত্তমানে বেশী প্রয়োজন। ভোগ্যদ্রব্যের উৎপাদনের দিক দিয়া মৌলিক অভাব অভিযোগে উপযুক্ত যন্ত্রপাতি পাইলে অল্প সময়ের তারা পূরণ করার এদেশের পক্ষে সম্ভবপর। এই অবস্থায় যুদ্ধের পরে খাদির হইতে প্রয়োজনীয় যন্ত্রপাতি আমদানীর উপরই আমাদিগকে বিশেষভাবে জোর দিতে হইবে। ইংলণ্ডের সুবিধা বুঝিয়া ঐ দেশ হইতে বেশী পরিমাণ ভোগ্যদ্রব্য আমদানী করিবার কোন গরজ তাহাদের নাই। যদি টীনি পাওনা আদায়ের খাতিরে যুদ্ধের পরে এই শ্রেণীর জিনিষ ইংলণ্ড হইতে ব্যাপকভাবে আমাইবার ব্যবস্থা হয় তাহাতে তাহাদের বেশীর শিল্পের সদ্যুদ্ধিত উন্নতির পথ শোচনীয়ভাবে ব্যাহত হইবে। কাজেই তাঁর রামস্বামীর বক্তৃতা পাঠ করিয়া টীনি পাওনা আদায়ের কোন সুচিন্তিত পন্থার নির্দ্দেশ আমরা পাই নাই। যুদ্ধের সময়ে ভারতের ক্ষতি করিয়া এই পাওনা টাকা করার হইয়াছে। যুদ্ধের পরের এই পাওনা আদায় সম্পর্কে আর দুর্ভোগ ভারতকে ভোগ করিতে হইবে।

—যে সকল তথ্য আপনার আস্থা আনিবে—

ত্রয়োবিংশতিতম বৈবার্ষিক হিসাব নিকাশে দেখা যায়

উদ্বৃত্তের সুষ্ঠুর বায়—

এবং বাজের জায় ক্লেম পাইয়াছে।

পরমায়ু ৬৫ টাকা মূল্যের জীবে কোম্পানীর দেয়াপাওনার হিসাব করিয়াও আলোচ্য তিন বৎসরে নেট লাভের পরিমাণ ১,৫০,৮৮,০৯২৲ টাকা। তদ্ব্যতীত বীমাকারীদের তহবিলে বাড়িয়াছে আরও ৫৪ লাখ টাকা।

